Vol. 95 No—III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Ninety Fifth Session

(March to May, 1990)

(The 7th, 8th, 10th, 11th, 12th, 14th, 15th, 16th, 17th & 18th May, 1990)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

rice Rs. 222/-

Vol. 95 No—III

Assembly Proceedings

OFFICIAL REPORT

West Bengal Legislative Assembly

Ninety Fifth Session

(March to May, 1990)

(The 7th, 8th, 10th, 11th, 12th, 14th, 15th, 16th, 17th & 18th May, 1990)

Published by authority of the Assembly under Rule 353 of the
Rules of procedure and Conduct of Business in the
West Bengal Legislative Assembly

GOVERNMENT OF WEST BENGAL

Governor

PROF. SAIYID NURUAL HASAN

Members of the Council of Ministers.

1. **Shri Jyoti Basu,** Chief Minister and Minister-in-charge of Home Department (excluding Jails Branch, Parliamentary Affairs Branch and matters relating to Minorities Affairs and Haz), Hill Affairs Branch and matters relating to Science and Technology of Department of Development and Planning, Department of Public Undertakings (excluding matters connected with West Bengal Agro-Industries Corporation Limited), Department of Commerce and Industries, Department of Housing, Department of Industrial Reconstruction and Department of Eduction (excluding Primary and Secondary Education Branches, Madrasah Education, Non-formal Education, Adult Education, Audio Visual Education and Education of the Handicapped, Social Welfare Homes, all matters relating to District Social Education Officers and Extension Officers (Social Education), Library Service and Book Fairs not relating to Higher Education.

2. **Shri Benoy Krishna Chowdhury,** Minister-in-charge of Department of Land and Reforms, Department of Panchayats and Community Development and Department of Rural Development.

3. **Shri Buddhabed Bhattacharjee,** Minister-in-charge of Deparment of Information and Cultural Affairs, Department of Local Government and Urban Development and Metropolitan Development Department.

4. **Dr. Ashim Kumar Dasgupta,** Minister-in-charge of Department of Finance, Department of Excise and Department of Development and Planning (excluding Hill Affairs Branch, Sundarbans Affairs Branch, Jhargram Affairs Branch and matters relating to Science and Technology).

5. **Shri Prasanta Kumar Sur,** Minister-in-charge of Department of Health and Family welfare (excluding Urban Water Supply and Sanitation and Rural Water Supply and Sanitation) and Department of Refugee Relief and Rehabilitation.

26. **Shri Prabhas Phodikar,** Minister of State-in-charge of Animal Husbandry and Veterinary Services Department.

27. **Shri Maheswar Murmu,** Minister of State for Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch Department of Development and Planning under Minister-in-charge of Scheduled Castes and Tribes Welfare Department and Jhargram Affairs Branch of Department of Development and Planning.

28. **Shrimati Chhaya Bera,** Minister of State-in-charge of Relief Branch of Relief and Welfare Department.

29. **Shri Banamali Roy,** Minister-of-State of Department of Environment and Department of Forests under Minister-in-charge of Department of Environment and Department of Forests.

30. **Shri Abdur Razzak Molla,** Minister of State-in-charge of Sunderbans Affairs Branch of Department of Development and Planning.

31. **Shri Ramanikanta Deb Sharma,** Minister of State for Department of Land and Land Reforms, Department of Panchayats and Community Development and Department of Rural Development under the Minister-in-charge of the Department of Land and land Reforms, Department of Panchayats and Community Development and Department of Rural Development.

32. **Shri Saral Deb,** Minister of State-in-charge of Library Service, in the Department of Mass Education Extention and Book Fairs, other than those relating to Higher Education in the Department of Education.

WEST BENGAL LEGISLATIVE ASSEMBLY
PRINCIPAL OFFICERS & OFFICIALS

Speaker : Shri Hashim Abdul Halim

Deputy Speaker : Shri Anil Mukherjee

SECRETARIAT

Secretary : Shri S. R. Chattopadhyay.

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—

1. A.K.M. Hassan Uzzaman, Shri (92 - Deganga - North 24 Parganas)
2. Abdul Bari, Shri Md. (60 - Domkal - Mushridabad)
3. Abdul Quiyom Molla, Shri (119 - Diamond Harbour - South 24 - Parganas)
4. Abdur Razzak Molla, Shri (106 - Canning East - South 24 Parganas)
5. Abdul Razzak Molla, Dr. (107-Bhangar—South 24-Parganas)
6. Abdus Sattar, Shri (55 - Lalgola - Murshidabad)
7. Abdus Sobahan Gazi, Shri (120-Magrahat West—South 24 Parganas)
8. Abul Basar, Shri (115-Maheshtola—South 24-Parganas)
9. Abul Hasnat Khan, Shri (50 - Farakka - Murshidabad)
10. Abul Mansur Habibullah, Shri Syed (277 - Nadanghat - Burdwan)
11. Adak, Shri Gourhari (172-Shyampur—Howrah)
12. Adak, Shri Kashinath (111-Bishnupur West—South 24 Parganas)
13. Adak, Shri Nitai Charan (174 - Kalyanpur - Howrah)
14. Adhikari, Dr. Tarun (129-Naihati—North 24- Parganas)
15. Anisur Biswas, Shri (93-Swarupnagar—North 24 Parganas)
16. Atahar Rahaman, Shri (59 - Jalangi - Murshidabad)
17. Bagchi, Shri Surajit Swaran(202-Tamluk—Midnapore)
18. Bagdi, Shri Bijoy [287-Rajnagar (S.C.)—Birbhum]
19. Bagdi, Shri Lakhan [263--Ukhra (S.C.)—Burdwan]
20. Bagdi, Shri Natabar [241-Raghunathpur (S.C)—Purulia]
21. Bal, Shri Saktiprasad (206-Nandigram—Midnapore)
22. Bandyopadhyay, Shri Debabrata (63 - Berhampore - Murshidabad)
23. Bandyopadhyay, Shri Sudip (145-Bowbazar—Calcutta)
24. Banerjee, Shri Amar (171-Uluberia South—Howrah)
25. Banerjee, Shri Ambica (163-Howrah Central—Howrah)
26. Banerjee, Shri Balai (184-Haripal—Hooghly)
27. Banerjee, Shri Mrityunjoy (164-Howrah South—Howrah)
28. Banerjee, Shri Radhika Ranjan (136 - Kamarhati - North 24-Parganas)
29. Bapuli, Shri Satya Ranjan, (123 - Mathurapur - South 24-Parganas)
30. Barma, Shri Manindra Nath [9 - Tufanganj (S.C.) - Cooch Behar]
31. Basu, Shri Bimal Kanti (5-Cooch Behar West—Cooch Behar)
32. Basu, Dr. Hoimi (149-Rashbehari Avenue—Calcutta)
33. Basu, Shri Jyoti (117 - Satgachia - South 24-Parganas)
34. Basu, Shri Sibaram (201-Panskura East—Midnapore)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

35. Basu, Shri Subhas (82-Chakdah—Nadia)
36. Basu, Shri Supriya (161-Bally—Howrah)
37. Basumallik, Shri Suhrid (259-Hirapur—Burdwan)
38. Bauri, Shri Gobinda [240 - Para (S.C.) - Purulia]
39. Bauri, Shri Haradhan [256-Sonamukhi (S.C.)—Bankura]
40. Bauri, Shri Madan [247-Indpur (S.C.) - Bankura]
41. Bauri, Shri Nabani [249-Gangajalghati (S.C.) - Bankura]
42. Bera, Shri Bishnupada (192-Purshurah—Hooghly)
43. Bera, Shri Shrimati Chhaya (199-Nandanpur—Midnapore)
44. Bera, Shri Pulin (203- Moyna—Midnapore)
45. Bhattacharjee, Shri Buddhadeb (108- Jadavpur—South 24-Parganas)
46. Bhattacharjee, Shri Gopal Krishna (135-Panihati - North 24-Parganas)
47. Bhattacharyya, Shri Satya Pada (68 - Bharatpur - Murshidabad)
48. Bhunia, Dr. Manas (216-Sabong—Midnapore)
49. Biswas, Shri Binoy Krishna [80-Ranaghat East (S.C.)— Nadia]
50. Biswas, Shri Chittaranjan (69-Karimpur—Nadia)
51. Biswas, Shri Jayanta Kumar (61 - Naoda - Murshidabad)
52. Biswas, Shri Kanti (86-Gaighata—North 24 Parganas)
53. Biswas, Shri Kumud Ranjan (98-Sandeshkhali (S.C.)—South 24 Parganas)
54. Bora, Shri Badan [255 - Indas (S.C.) - Bankura]
55. Bose, Shri Nihar (131-Jagatdal - North 24- Parganas)
56. Bose, Shri Nirmal Kumar (20 - Jalpaiguri - Jalpaiguri)
57. Chaki Shri. Swadesh (34-Itahar—West Dinajpore)
58. Chakraborti, Shri Gour (25-Siliguri—Darjeeling)
59. Chakraborti, Shri Surya (204-Mahishadal—Midnapore)
60. Chakraborty, Shri Deb Narayan (189 - Pandua - Hooghly)
61. Chakraborti, Shri Jatin (151-Dhakuria—Calcutta)
62. Chakraborty, Shri Shyamal (159-Manicktola—Calcutta)
63. Chakraborti, Shri Subhas (139-Belgachia East—Calcutta)
64. Chakraborty, Shri Umapati (196-Chandrakona—Midnapore)
65. Chanda, Dr. Dipak (140-Cossipur—Calcutta)
66. Chatterjee, Shri Anjan (280-Katwa—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

67. Chatterjee, Shri Dhirendra Nath (273-Raina—Burdwan)
68. Chatterjee, Shrimati Nirupama (173 - Bagnan - Howrah)
69. Chatterjee, Shrimati Shanti (185-Tarakeshwar—Hooghly)
70. Chatterjee, Shri Tarun (265 - Durgapur II - Burdwan)
71. Chattopadhyay, Shri Sadan (75-Krishnagar East—Nadia)
72. Chattopadhyay, Shrimati Sandhya (182-Chandernagore—Hooghly)
73. Chattopadhyay, Shri Santasri (179 - Uttarpara - Hooghly)
74. Chowdhury, Shri Biswanath (38 - Balurghat - West Dinajpur)
75. Choudhury, Shri Bansa Gopal (261-Raniganj—Burdwan)
76. Chowdhury, Shri Benoy Krishna (270 - Burdwan North - Burdwan)
77. Chowdhury, Shri Bikash (262 - Jamuria - Burdwan)
78. Chowdhury, Shri Humayun (48-Sujapur—Malda)
79. Chowdhury, Shri Sibendra Narayan (8 - Natabari - Cooch Behar)
80. Chowdhury, Shri Subodh (47-Manickchak—Malda)
81. Chowdhury, Shri Subhendu [45 - Malda (S.C.) - Malda]
82. Dakua, Shri Dinesh Chandra [3 - Mathabhanga (S.C.) - Cooch Behar]
83. Das, Shri Ananda Gopal [283-Nanoor (S.C.)—Birbhum]
84. Das, Shri Benode(194-Arambagh—Hooghly)
85. Das, Shri Bidyut Kumar (183-Singur—Hooghly)
86. Das, Shri Jagadish Chandra (128 - Bijpur - North 24 Parganas)
87. Das, Shri Nirmal (12-Alipurduar - Jalpaiguri)
88. Das, Shri Paresh Nath [53-Sagardighi (S.C.)—Murshidabad]
89. Das Gupta, Shrimati Arati (128-Falta—South 24-Parganas)
90. Dasgupta, Dr. Ashim Kumar (134-Khardah—North 24 Parganas)
91. Das Mahapatra, Shri Kamakhyanandan (215-Patashpur—Midnapore)
92. De, Shri Bibhuti Bhusan (227-Narayangarh—Midnapore)
93. De, Shri Partha (251-Bankura—Bankura)
94. De, Shri Sunil (230-Gopiballavpur—Midnapore)
95. Deb, Shri Goutam (96-Hasnabad—North 24-Parganas)
96. Deb, Shri Saral (90-Barasat—North 24-Parganas)
97. Deb Sharma, Shri Ramani Kanta [32-Kaliaganj (S.C.)—West Dinajpur]
98. Dey, Shri Lakshmi Kanta (157-Vidyasagar—Calcutta)
99. Dey, Shri Narendra Nath (186-Chinsurah—Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

100. Doloi, Shri Siba Prasad [272-Khandaghosh (S.C.)—Burdwan]
101. Duley, Shri Krishnaprasad [221-Garbeta West (S.C.)—Midnapore]
102. Dutta, Dr. Gouri Pada (254-Kotulpur—Bankura)
103. Fazle Azim Molla, Shri (114-Garden Reach—South 24-Parganas)
104. Ganguly, Shri Santi Ranjan (141-Shampukur - Calcutta)
105. Ghatak, Shri Santi Ranjan (138-Dum Dum—North 24-Parganas)
106. Ghosh, Shri Asok (162-Howrah North—Howrah)
107. Chosh, Shri Deb Saran (72- Kaliganj - Nadia)
108. Ghosh, Shri Kamakhya Charan (223-Midnapore—Midnapore)
109. Ghosh, Shri Malin (178-Chanditala—Hooghly)
110. Ghosh, Shrimati Minati (35-Gangarampur—South Dinajpur)
111. Ghosh, Shri Satyendra Nath (165-Shibpur—Howrah)
112. Ghosh, Shri Susanta (220-Garbeta East—Midnapore)
113. Ghosh, Shri Tarapada (284-Bolpur—Birbhum)
114. Goppi, Shrimati Aparajita (4-Cooch Behar North—Cooch Behar)
115. Goswami, Shri Arun Kumar (180-Serampore—Hooghly)
116. Goswami, Shri Subhas (248- Chhatna—Bankura)
117. Guha, Shri Kamal Kanti (7-Dinhata—Cooch Behar)
118. Gyan Singh Sohanpal, Shri (224-Kharagpur Town—Midnapore)
119. Habib Mustafa, Shri (44-Ariadanga—Malda).
120. Habibur Rahman, Shri (54-Jangipur—Murshidabad)
121. Hajra, Shri Sachindra Nath [193-Khanakul (S.C.)—Hooghly]
122. Haldar, Shri Krishna Chandra [266-Kanksa (S.C.)—Burdwan]
123. Haldar, Shri Krishnadhan [124-Kulpi (S.C.)—South 24-Parganas]
124. Hashim Abdul Halim, Shri (89-Amdanga—North 24-Parganas)
125. Hazra, Shri Haran [169-Sankrail (S.C.)—Howrah]
126. Hazra, Shri Sundar (222-Salboni—Midnapore)
127. Hira, Shri Sumanta Kumar [154-Taltola (S.C.)—Calcutta]
128. Jahangir Karim, Shri Sk. (218-Debra—Midnapore)
129. Jana, Shri Haripada (217-Pingla—Midnapore)
130. Jana, Shri Manindra Nath (177-Jangipara—Hooghly)
131. Joardar, Shri Dinesh (49-Kaliachak—Malda)
132. Kar, Shrimati Anju (276-Kalna—Burdwan)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

133. Kar, Shri Nani (88-Ashokenagar—North 24-Parganas)
134. Kar, Shri Ram Sankar (210-Contai North—Midnapore)
135. Khaitan, Shri Rajesh (144-Barabazar—Calcutta)
136. Kisku, Shri Lakshi Ram [233-Banduan (S.T.)—Purulia]
137. Kisku, Shri Upen [245-Raipur (S.T.)—Bankura]
138. Koley, Shri Barindra Nath (175-Amta—Howrah)
139. Konar, Shrimati Maharani (275-Memari—Burdwan)
140. Kujur, Shri Sushil [14-Madarihat (S.T.)—Jalpaiguri]
141. Kumar, Shri Pandab (236-Arsa—Purulia)
142. Kumar, Shri Himansu [219-Keshpur (S.C.)—Midnapore]
143. Kundu, Shri Gour Chandra (81-Ranaghat West—Nadia)
144. Laha, Shri Prabuddha (260-Asansol—Burdwan)
145. Lama, Shri Dawa (23-Darjeeling—Darjeeling)
146. Let, Shri Dhirendra Nath [290-Mayureswar (S.C.)—Birbhum]
147. M. Ansaruddin, Shri (167-Jagatballavpur—Howrah)
158. Mahamuddin, Shri (27-Chopra—West Dinajpur)
149. Mahato, Shri Kamala Kanta (234-Manbazar—Purulia)
150. Mahato, Shri Bindeswar (238-Jaipur—Purulia)
151. Mahato, Shri Satya Ranjan (237-Jhalda—Purulia)
152. Maity, Shri Gunadhar (215-Patharpratima—Sourth 24-Parganas)
153. Maity, Shri Hrishikesh (126-Kakdwip—South 24-Parganas)
154. Maity, Shri Sukhendu (211-Contai South—Midnapore)
155. Majhi, Shri Raicharan [282-Ketugram (S.C.)—Burdwan]
156. Majhi, Shri Surendra Nath [242-Kashipur (S.T.)—Purulia]
157. Majhi, Shri Pannalal (176-Udaynarayanpur—Howrah)
158. Majumdar, Shri Apurbalal [84-Bagdaha (S.C.)—North 24-Parganas]
159. Majumdar, Shri Sunil Kumar (285-Labhpur—Birbhum)
160. Mal, Shri Asit Kumar [292-Hansan (S.C.)—Birbhum]
161. Malakar, Shri Nani Gopal (83-Haringhata—Nadia)
162. Malick, Shri Shiba Prasad [195-Goghat (S.C.)—Hooghly]
163. Malik, Shri Sreedhar [267-Ausgram (S.C.)—Burdwan]
164. Mamtaz Begum, Shrimati (43-Ratua—Malda)
165. Mandal, Shri Bhakti Bhusan (286-Dubrajpur—Birbhum)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

166. Mandal, Shri Prabhanjan Kumar (127-Sagar—South 24- Parganas)
167. Mandal, Shri Rabindra Nath [91-Rajarhat (S.C)—North 24-Parganas]
168. Mandal, Shri Sukumar [79-Hanskhali (S.C.)—Nadia]
169. Mandi, Shri Rampada [246-Ranibandh (S.T.)—Bankura]
170. Mannan Hossain, Shri (58-Murshidabad—Murshidabad)
171. Mazumdar, Shri Dilip Kumar (264-Durgapur-I—Burdwan)
172. Md. Faruque Azam, Shri (28-Islampur—West Dinajpur)
173. Md. Shelim, Shri (94-Baduria—North 24- Parganas)
174. Minz, Shri Prakash [26-Phansidewa (S.T.)—Darjeeling]
175. Mitra, Shri Biswanath (77-Nabadwip—Nadia)
176. Mitra, Shrimati Jayasree (250-Barjora—Bankura)
177. Mitra, Shri Ranajit (85-Bangaon—North 24-Parganas)
178. Mitra, Shri Somendra Nath (156-Sealdah—Calcutta)
179. Mohammad Ramzan Ali, Shri (29-Goalpokhar—West Dinajpur)
180. Maitra Shri Birendra Kumar (42-Harishchandrapur—Malda)
181. Mojumdar, Shri Hemen (104-Baruipur—South 24- Parganas)
182. Mondal, Shri Bhadreswar [109-Sonarpur (S.C.)—South 24- Parganas]
183. Mondal, Shri Biswanath [66-Khargram (S.C)—Murshidabad]
184. Mondal, Shri Ganesh Chandra [100-Gosaba (S.C)—South 24- Parganas]
185. Mondal, Shri Kshiti Ranjan [97-Haroa (S.C)—North 24- Parganas]
186. Mondal, Shri Mirquasem (73-Chapra—Nadia)
187. Mondal, Shri Raj Kumar [170-Uluberia North (S.C)—Howrah]
188. Mondal, Shri Sailendranath (168-Panchla—Howrah)
189. Mondal, Shri Sasanka Sekhar (291-Rampurhat—Birbhum)
190. Mondal, Shri Sudhanshu [99-Hingalganj (S.C.)—North 24-Parganas]
191. Motahar Hossain, Dr. (294-Murarai—Birbhum)
192. Mozammel Haque, Shri (62-Hariharpara—Murshidabad)
193. Mukherjee, Shri Amritendu (76-Krishnanagar West—Nadia)
194. Mukherjee, Shri Anil (252-Onda—Bankura)
195. Mukherjee, Shri Bimalananda (78-Sanitpur—Nadia)
196. Mukherjee, Shri Joykesh (166-Domjur—Howrah)
197. Mukherjee, Shrimati Mamta (239-Purulia—Purulia)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd.*

198. Mukherjee, Shri Manabendra (155-Beliaghata—Calcutta)
199. Mukherjee, Shri Narayan (95-Basirhat—North 24-Parganas)
200. Mukherjee, Shri Niranjan (112-Behala East—South 24-Parganas)
201. Mukherjee, Shri Rabin (113-Behala West —South 24-Parganas)
202. Mukherjee, Shri Subrata (142-Jorabagan—Calcutta)
203. Mukhopadhyay, Dr. Ambarish (243-Hura—Purulia)
204. Murmu, Shri Maheshwar [226-Keshiari (S.T.)—Midnapore]
205. Murmu, Shri Sarkar [39-Habibpur (S.T.)—Malda]
206. Murmu, Shri Sufal [40-Gazole (S.T.)—Malda]
207. Nanda, Shri Kiranmoy (214-Mugberia—Midnapore)
208. Naskar, Shri Gabinda Chandra [105-Canning West (S.C.)—South 24-Parganas]
209. Naskar, Shri Subhas [101-Basanti (S.C.)—South 24-Parganas]
210. Naskar, Shri Sundar [110-Bishnupur East (S.C.)—South 24-Parganas]
211. Nath, Shri Manoranjan (279-Purbasthali—Burdwan)
212. Nazmul Haque, Shri (41-Kharba—Malda)
213. Nazmul Haque, Shri (225-Kharagpur-Rural—Midnapore)
214. Neogy, Shri Brajo Gopal (190-Polba—Hooghly)
215. Nurul Islam Chowdhury, Shri (64-Beldanga—Murshidabad)
216. Omar Ali, Dr. (200-Panskura West—Midnapore)
217. Oraon, Shri Mohan Lal [18-Mal (S.T.)—Jalpaiguri]
218. Oraon, Shri Sukra [16-Nagrakata (S.T.)—Jalpaiguri]
219. O'Brien, Shri Neil Aloysius (Nominated)
220. Pahan, Shri Khudiram [11-Kalchini (S.T.)—Jalpaiguri]
221. Paik, Shri Sunirmal [209-Khajuri (S.C.)—Midnapore]
222. Pakhira, Shri Ratan Chandra [197-Ghatal (S.C.)—Midnapore]
223. Pande, Shri Sadhan (158-Burtola—Calcutta)
224. Patra, Shri Amiya (244-Taldangra—Bankura)
225. Phodikar, Shri Prabhas Chandra (198-Daspur—Midnapore)
226. Poddar, Shri Deokinandan (143-Jorasanko—Calcutta)
227. Pradhan, Shri Prasanta (208-Bhagabanpur—Midnapore)
228. Pramanik, Shri Abinash [188-Balagarh (S.C.)—Hooghly]
229. Pramanik, Shri Sudhir [2-Sitalkuchi (S.C)—Cooch Behar]

230. Purkait, Shri Prabodh [102-Kultali (S.C.)—South 24-Parganas]
231. Rai, Shri Harka Bahadur (24-Kurseong—Darjeeling)
232. Rai, Shri Mohan Sing (22-Kalimpong—Darjeeling)
233. Raha, Shri Sudhan (19-Kranti—Jalpaiguri)
234. Ram, Shri Ram Pyare (147-Kabitirth—Calcutta)
235. Ray, Shri Achintya Krishna (253-Vishnupur—Bankura)
236. Ray, Shri Birendra Naryan (57-Nabagram—Murshidabad)
237. Ray, Shri Direndra Nath [21-Rajganj (S.C.)—Jalpaiguri]
238. Ray, Shri Dwijendra Nath (37-Kumarganj—West Dinajpur)
239. Ray, Shri Matish (137-Baranagar—North 24-Parganas)
240. Ray, Shri Subhas [122-Mandirbazar (S.C.)—South 24- Parganas]
241. Ray, Shri Tapan (288-Suri—Birbhum)
242. Roy, Shri Amalendra (67-Barwan—Murshidabad)
243. Roy, Shri Banamali [15-Dhupguri (S.C.)—Jalpaiguri]
244. Roy, Shri Hemanta (278-Manteshwar—Burdwan)
245. Roy, Shri Mrinal Kanti (212-Ramnagar - Midnapore)
246. Roy, Shri Narmada [33-Kushmadi (S.C.)—West Dinajpur]
247. Roy, Shri Sadakanta [1-Mekliganj (S.C.)—Cooch Behar]
248. Roy, Shri Sattik Kumar (293-Nalhati—Birbhum)
249. Roy, Shri Saugata (148-Alipore—Calcutta)
250. Roy, Dr. Sudipto (160-Belgachia West —Calcutta)
251. Roy, Shri Tarak Bandhu [17-Mainaguri (S.C.)—Jalpaiguri]
252. Roy Barman, Shri Kshitibhusan (116-Budge Budge—South 24-Parganas) -
253. Saha, Shri Jamini Bhusan (132- Noapara - North 24 Parganas)
254. Saha, Shri Kripa Sindhu [191-Dhaniakhali (S.C.)—Hooghly]
255. Samanta, Shri Tuhin (257-Kulti—Burdwan)
256. Santra, Shri Sunil [274-Jamalpur (S.C.)—Burdwan]
257. Sar, Shri Nikhilananda (281-Mangalkote—Burdwan)
258. Saren, Shri Ananta [229-Nayagram (S.T.)—Midnapore]
259. Sarkar, Shri Deba Prasad (103-Joynagar—South 24-Parganas)
260. Sarkar, Shri Nayan Chandra [74-Krishnaganj (S.C.)—Nadia]
261. Sarkar, Shri Sailen (46-Englishbazar—Malda)
262. Sarkar, Shri Sunil (181-Champdani—Hooghly)

Alphabetical List of Names of Members of the West Bengal Legislative Assembly—*Contd*

263. Satpathy, Shri Abanibhusan (231-Jhargram—Midnapore)
264. Sayed Md. Masih, Shri (268-Bhatar - Burdwan)
265. Syed Nawab Jane Meerza, Shri (56-Bhagabangola—Murshidabad)
266. Sen, Shri Deb Ranjan (269-Galsi—Burdwan)
267. Sen, Shri Dhiren (289-Mahammad Bazar—Birbhum)
268. Sen, Shri Nirupam (271-Burdwan South—Burdwan)
269. Sen, Shri Sachin (152-Ballygange—Calcutta)
270. Sengupta, Shri Dipak (6-Sitai—Cooch Behar)
271. Sengupta (Bose), Shrimati Kamal (87-Habra—North-24 Parganas)
272. Sengupta, Shri Prabir (187-Bansberia—Hooghly)
273. Seth, Shri Lakshman Chandra [205-Sutahata (S.C.)—Midnapore]
274. Sha, Shri Ganga Prosad (133-Titagarh—North-24-Parganas)
275. Shish Mohammad, Shri (52-Suti—Murshidabad)
276. Singh, Shri Satyanarayan (130-Bhatpara—North 24-Parganas)
277. Singha, Shri Suresh (30-Karandighi—West Dinajpur)
278. Singha Roy, Shri Jogendra Nath [13-Falakata (S.C.)—Jalpaiguri]
279. Sinha, Shri Khagendra Nath [31-Raiganj (S.C.)—West Dinajpore]
280. Sinha, Shri Nirmal [121- Magrahat East (S.C.) - South 24-Parganas]
281. Sinha, Shri Prabodh Chandra (213-Egra—Midnapore)
282. Sinha, Shri Santosh Kumar (71-Nakashipara—Nadia)
283. Soren, Shri Khara [36-Tapan (S.T.)—West Dinajpur]
284. Sultan Ahmed, Shri (153-Entally—Calcutta)
285. Sur, Shri Prasanta Kumar (150-Tollygunge—Calcutta)
186. Touab Ali, Shri (51-Aurangabad—Murshidabad)
287. Toppo, Shri Salib [10-Kumargram (S.T.)—Jalpaiguri]
288. Tudu, Shri Bikram [235-Balarampur (S.T.)—Purulia]
289. Tudu, Shri Durga [232-Binpur (S.T.)—Midnapore]
290. Upadhyay, Shri Manik (258-Barabani—Burdwan)
291. Wahed Reza, Shri Syed (65-Kandi—Murshidabad)
292. Vacant (70-Palashipara - Nadia)
293. Vacanat (207-Narghat - Mindapore)
294. Vacant (146-Chowringhee - Calcutta)

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Monday, the 7th May, 1990 at 1.00 P.M.

P R E S E N T

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 6 Ministers, 4 Ministers of State and 106 Members.

[1-00—1-10 P.M.]

Held over Starred Questions
(to which oral answers were given)

তিনশত বর্ষপূর্তি উপলক্ষ্যে কলিকাতা শহরে নিরক্ষরতা দূরীকরণ প্রকল্প

* ৩২০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৪) **শ্রী লক্ষ্মীকান্ত দে** : জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, কলকাতা শহরের তিনশত বর্ষপূর্তি উপলক্ষ্যে রাজ্য সরকারের উদ্যোগে কলকাতা পুরসভা এবং বঙ্গীয় সাক্ষরতা প্রসার সমিতি দ্বারা কলকাতা শহরে নিরক্ষরতা দূরীকরণ প্রকল্পের অগ্রগতি কিরূপ?

শ্রী মহম্মদ আবদুল বারি :

কমিটি গঠন — (১) প্রকল্পটিকে বাস্তবায়িত করার জন্যে একটি কেন্দ্রীয় কমিটি ও স্টিয়ারিং কমিটি গঠন করা ছাড়া ও কলকাতার ১৪১টি ওয়ার্ডের মধ্যে ২৭টিতে ওয়ার্ড কমিটি গঠিত হয়েছে। আরও ১০-১৫টি ওয়ার্ড কমিটি এপ্রিলের মধ্যে গঠিত হয়ে যাবে বলে আশা করা যায়।

ওয়ার্ড কনভেনশন — (২) ইতিমধ্যে ৫০টি ওয়ার্ডে সাক্ষরতা আন্দোলনের সপক্ষে গণ কনভেনশন অনুষ্ঠিত হয়েছে। এই কনভেনশনগুলিতে বিশিষ্ট নাগরিক, সমাজসেবী সংস্থা বিদ্যালয় গ্রন্থাগার ও ক্লাবসহ জনপ্রতিনিধি ও পৌরপ্রতিনিধিরা অংশগ্রহণ করেন। এপ্রিলের মধ্যে আরও ১০-১৫টি কনভেন্শন অনুষ্ঠিত হবে বলে আশা করা যাচ্ছে।

সভা পদযাত্রা — (৩) বিভিন্ন স্তরে বস্তিসভা, পথসভা ও কর্মীসভাসহ ছোটবড় প্রায় ১৫২টি সভা অনুষ্ঠিত হয়েছে। নানা রকমের ১৪টি সুসজ্জিত পদযাত্রা সংগঠিত হয়েছে।

লিফলেট পোস্টার — (৪) ইতিমধ্যে বাংলা, হিন্দি ও উর্দু ভাষায় লিখিত ৫০,০০০ লিফলেট ও ৫০,০০০ পোস্টার বিতরণ করা হয়েছে।

সমীক্ষা (৫) ৩৮টি ওয়ার্ডে নিরক্ষর মানুষের সংখ্যা নিরুপণ করার জন্য সমীক্ষার কাজ চলেছে। এই কাজের জন্য সমীক্ষকদের হাতে হিন্দী, উর্দ্দু ও বাংলা ভাষায় লেখা সমীক্ষা পত্র দেওয়া হয়েছে।

প্রশিক্ষণ শিবির (৬) (ক) বেহালা ও মধ্য কলকাতায় দুটি সুবৃহৎ শিবির এবং ছোট ছোট কম করে আরও দশটি শিক্ষক প্রশিক্ষণ শিবির অনুষ্ঠিত হয়েছে।

(খ) বর্তমানে শিক্ষণ প্রাপ্ত প্রশিক্ষক সংগঠকের সংখ্যা দাঁড়িয়েছে ৪৩০-এ।

(গ) এছাড়া ১২০ জন স্বেচ্ছাসেবকের নামও নথিভুক্ত করা হয়েছে।

পাঠ্যপুস্তক (৭) উপকরণ (ক) বাংলা, হিন্দী ও উর্দ্দু ভাষায় শিক্ষার্থীদের জন্য একটি করে মূল পাঠ্যপুস্তক ও তিনটি করে বই নিয়ে চারটি বইয়ের এক একটি সেট ছাপানো হচ্ছে বা হয়েছে।

ইতিমধ্যে বাংলায় ৩০,০০০ সেট ছাপানো হয়েছে। হিন্দীতে ২০,০০০ সেট ও উর্দ্দুতে ২০,০০০ সেট ছাপানো হচ্ছে।

(খ) ইতিমধ্যে বাংলা হিন্দী ও উর্দ্দুতে, দশ হাজার চার্ট ছাপানো হয়েছে পাঠ্য উপকরণ হিসেবে।

(গ) প্রশিক্ষক সংগঠকদের জন্য দুরকমের পাঁচ হাজার করে মোট দশ হাজার বই ছাপানো হয়েছে।

চালু (৮) বর্তমানে চালু কেন্দ্রের সংখ্যা মোট কুড়িটি। এপ্রিলের মধ্যে আরও ২৫টি কেন্দ্র চালু করা যাবে বলে আশা করা যায়।

শ্রী সুমন্তকুমার হীরা ঃ এই নিরক্ষরতা দূরীকরণ প্রকল্পে রাজ্য সরকার কি পরিমাণ অর্থ ইতিমধ্যে খরচ করতে সক্ষম হয়েছে, জানাবেন?

শ্রী মহম্মদ আবদুল বারি ঃ পশ্চিমবঙ্গের এই প্রকল্পটি সারা ভারতবর্ষের মধ্যে একটি নতুন নজির সৃষ্টি করেছে। যারা শিক্ষাদান করবেন তাদের কোনও পারিশ্রমিক বা সাম্মানিক কোনও পয়সা আমরা দেব না। এইরকম ৫ হাজার স্বেচ্ছাসেবী কর্মী যারা আদর্শে উদ্বুদ্ধ হয়ে কাজ করবেন। আমাদের বইপত্র, চার্ট ইত্যাদি দেবার জন্য এই প্রকল্পটি রচিত হয়েছে, ৬০ লক্ষ টাকা খরচ হবে ২ বছরে, কলকাতার ৩ লক্ষ ৪০ হাজার নিরক্ষর মানুষকে সাক্ষর-যুক্ত করার পরিকল্পনা নিয়ে। ইতিমধ্যে ২০ লক্ষ টাকা স্যাংশন্ড করা হয়েছে গত বাজেটে—১৯৮৯/৯০ সালে। এর পরে কাজ দেখে আমরা বাদ বাকি টাকা দেব।

শ্রী সুমন্তকুমার হীরা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ২০ লক্ষ টাকা কলকাতা কর্পোরেশনকে দিয়েছেন। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই টাকাটা তারা কি কি প্রকল্পে খরচ করতে শুরু করেছেন?

শ্রী মহম্মদ আবদুল বারি ঃ মোটামুটি ভাবে আমার উত্তরমালার মধ্যেই আমি সেকথা বলেছি। এর মধ্যে আছে বই ছাপানো, পোস্টার, সভাসমিতি ইত্যাদিতে তারা খরচ করতে

শুরু করেছেন।

শ্রী সুমন্তকুমার হীরা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এর মধ্যে কতজনকে সাক্ষরতার আওতায় আনা গিয়েছে?

শ্রী মহম্মদ আবদুল বারি ঃ বিষয়টি একটি দীর্ঘস্থায়ী ব্যাপার। প্রথমে আমাদের মোটিভেশনের কাজ চলছে। আমি বলেছি, বর্তমানে চালু কেন্দ্রের সংখ্যা মোট ২০টি, কিছুদিনের মধ্যে আরও ২৫টি কেন্দ্রের কাজ চালু করা যাবে বলে আশা করা যায়।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জনশিক্ষা প্রসার দপ্তরের উদ্যোগে কলকাতায় সাক্ষরতার কর্মসূচি নেওয়া হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এ ব্যাপারে কোনও সার্ভে করা হয়েছে কি যে কত নিরক্ষর আছেন এবং তারা কতদিনের মধ্যে সাক্ষর হবেন? টার্গেটটা কি?

শ্রী মহম্মদ আবদুল বারি ঃ আমাদের টার্গেট হচ্ছে দু' বছরের। এখানে লোক গণনার যে হিসাব সে অনুযায়ী ৩ লক্ষ ৪০ হাজার, ১৫ থেকে ২৫ বছরের মধ্যে। সমীক্ষকদের হাতে সমীক্ষাপত্র দেওয়া হয়েছে, তারা বাড়ি বাড়ি যাচ্ছেন, সার্ভে করছেন এবং আমরা আশা করছি যে ২/৩ মাসের মধ্যে সার্ভের কাজ কমপ্লিট হয়ে যাবে।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কতকগুলি ওয়ার্ডে কমিটি হয়েছে এবং কিছু জায়গায় হয়নি। মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, এই কমিটি গঠনের প্রক্রিয়াটা কি? গ্রামাঞ্চলের লোক আমরা যারা নিরক্ষরতা দূরীকরণের ব্যাপারে সাহায্য বা সহযোগিতা করতে চাই আমরা কিভাবে সাহায্য করতে পারি? গ্রামাঞ্চলে কমিটি করার কোনও পরিকল্পনা সরকারের আছে কি না?

শ্রী মহম্মদ আবদুল বারি ঃ এই প্রশ্নের সঙ্গে গ্রামাঞ্চলের প্রশ্নটা আসে না। সেটা আলাদা প্রশ্ন। গ্রামে যে সমস্ত প্রকল্প আছে সরকারের সেগুলি মোটামুটি ভাবে পঞ্চায়েতের মাধ্যমে করছি। সেখানে সেইভাবে নির্দেশ দেওয়া হয়েছে। গ্রামের পঞ্চায়েত প্রধান, জব অ্যাসিস্টেন্ট, সেক্রেটারি এবং শিক্ষানুরাগী ব্যক্তিদের নিয়ে প্রত্যেক গ্রামপঞ্চায়েতে কমিটি করা হয়েছে।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন, কলকাতা কর্পোরেশন এলাকায় কি ভাবে হচ্ছে?

শ্রী মহম্মদ আবদুল বারি ঃ তারও নির্দেশ দেওয়া হয়েছে যে কি ভাবে হবে। সেখানে এম.এল.এ., কাউনসিলার, শিক্ষানুরাগী ব্যক্তিরা আছেন। কর্পোরেশনের অধীনে যে স্টিয়ারিং কমিটি করা হয়েছে সেই স্টিয়ারিং কমিটির সিদ্ধান্ত অনুসারে হবে।

শ্রী নটবর বাগদী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে বিভিন্ন ভাষায় বই ছাপানো হয়েছে। আমি জানতে চাচ্ছি যে এর মধ্যে 'অলচিকী' ভাষায় কত বই ছাপানো হয়েছে?

শ্রী মহঃ আবদুল বারি ঃ কলকাতায় যে বই ছাপানো হয়েছে তাতে 'অলচিকী' ভাষায় ছাপানোর ব্যাপার আসেনা।

পশ্চিমবঙ্গে বয়স্ক শিক্ষা কেন্দ্র

*** ৩২৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৮৯।) ডাঃ মানস ভুঁইয়া ঃ** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কত সংখ্যক বয়স্ক শিক্ষা কেন্দ্র আছে;

(খ) কত সংখ্যক ছাত্র-ছাত্রী এতে উপকৃত হচ্ছেন:

(গ) কত সংখ্যক শিক্ষক-শিক্ষিকা এই শিক্ষা কেন্দ্রের সঙ্গে যুক্ত আছেন;

(ঘ) উক্ত শিক্ষা কেন্দ্রের সঙ্গে যুক্ত কত সংখ্যক সুপারভাইজার রয়েছেন; এবং

(ঙ) সুপারভাইজারদের সংশোধিত বেতনহার চালু করার জন্য সরকার চিন্তাভাবনা করছেন কি না?

শ্রী মহঃ আবদুল বারি ঃ

(ক) ১৭,২৩৪টি।

(খ) ৪,৫৭,৬৭৪ জন।

(গ) ১৭,২৩৪ জন স্বেচ্ছাসেবী প্রশিক্ষক ও প্রশিক্ষিকা আছেন। এই কেন্দ্রের সঙ্গে যে সমস্ত স্বেচ্ছাসেবক যুক্ত আছেন তাদের শিক্ষক বা শিক্ষিকা বলে না।

(ঘ) ৩৫০ জন (আনুমানিক)।

(ঙ) বয়স্ক শিক্ষা কেন্দ্রের সুপারভাইজরগণ আংশিক সময়ের জন্য নিযুক্ত স্বেচ্ছাসেবক। কেন্দ্রীয় সরকারের স্কীম অনুযায়ী তারা মাসিক থোক ৫০০ টাকা ভাতা পান। যেহেতু তাহারা নির্দিষ্ট বেতনক্রমের অধিকারী নন। সেই কারণে তাদের ক্ষেত্রে সংশোধিত বেতনক্রম চালু করার প্রশ্ন ওঠে না। বিষয়টি বর্তমানে বিচারাধীন আছে।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি 'ক' প্রশ্নের উত্তরে বললেন, ১৭,২৩৪টি। এর মধ্যে ২৪ পরগনায় কত আছে, এর কোনও ব্রেক আপ বলতে পারবেন কি?

শ্রী মহঃ আবদুল বারি ঃ আপনি নোটিশ দিলে আমি ব্রেক আপ বলে দেব।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি ঐ সুপারভাইজরদের বেতন হার সম্পর্কে বললেন। তারা এখন মাসে কত টাকা পায় সেটা জানাবেন কি?

শ্রী মহঃ আবদুল বারি ঃ ৫ শত টাকা করে ভাতা পায়।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন, এই সুপারভাইজরদের নিয়োগ পদ্ধতি কি?

শ্রী মহঃ আবদুল বারি ঃ এই বিষয়ে যে স্কীমটা আছে সেটা হচ্ছে রুর‍্যাল ফাংশানিং লিটারেসি প্রোগ্রাম। ১৯৭৭ সালে যখন জনতা সরকারের শিক্ষামন্ত্রী ছিলেন ডঃ প্রতাপ চন্দ্র চন্দ্র তখন তিনি এটা চালু করেছিলেন। এর দুটো দিক আছে। একটা অ্যাডমিনিস্ট্রেটিভ. অন্যটা ফিল্ড স্টাফ। অ্যাডমিনিস্ট্রেটিভ দিকে কতগুলি অফিসার থাকবেন যেমন,—প্রোজেক্ট অফিসার. অ্যাসিস্ট্যান্ট প্রোজেক্ট অফিসার। আর অন্যটা ফিল্ড স্টাফ থাকবে। কতকগুলি সুপারভাইজর ৩০টি করে সেন্টার দেখবে। পঞ্চায়েতের মাধ্যমে কিছু নাম নিয়ে স্বেচ্ছাসেবী হিসাবে নিয়োগ করার কথা। এই বিষয়ে কিছু ত্রুটি হওয়ার ফলে তারা কোর্টে যায়। তাদের অ্যাপয়েন্টমেন্ট করার ক্ষেত্রে একটা নিয়ম ছিল। সেই নিয়মের যে পদ্ধতি মেনটেন করা হয়েছে তার ফলে তাদের ৫ শত টাকা এককালীন বেতন দিয়ে অ্যাপয়েন্টমেন্ট করা হয়েছিল ১৯৭৯-৮০ সালে। তার ফলে তারা কোর্টে গেছে তাদের বেতনক্রমের বিষয়ে। এটা এখন বিচারাধীন অবস্থায় পড়ে আছে।

শ্রী ধীরেন সেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বোধ হয় জানেন, সুপারভাইজাররা মাইনে বাবদ ৫০০ শত টাকা এবং ৬০ টাকা অ্যালাউয়েন্স পান এবং এই প্রকল্পে যে ক্লাস হয় তা রাত্রে হয় এবং এক একজন সুপারভাইজারকে ৩০টা করে সেন্টার দেখতে হয়, অনেক মহিলা সুপারভাইজারও আছেন। সুতরাং প্রত্যেক প্রোজেক্টে যদি একটি করে জীপ থাকে তাহলে তাদের কাজের সুবিধা হয় আপনি সেটা বিবেচনা করবেন কি?

শ্রী মহঃ আবদুল বারি ঃ গাড়ি প্রোজেক্টে কিছু কিছু আছে। তবে এই কেন্দ্রগুলিকে গাড়ি নিয়ে যদি দেখতে যেতে হয়, হয়ত এটা সম্ভব হবে না, কারণ এটা এমন একটা কনসেপ্ট নিয়ে দেখতে হবে, এই প্রকল্পটা প্রশাসনিক স্তরে দেখা সম্ভব নয়, এই কাজটা করার জন্য প্রয়োজন হয়েছে স্বেচ্ছাসেবক প্রশিক্ষকের, সেই জন্য তাকে অ্যালাউয়েন্স অনারারিয়াম দেওয়া হয়, সেই কাজ করার জন্য তাদের গাড়ি দেওয়া সম্ভব নয়।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, জানাবেন কি প্রায় চার লক্ষের উপর এই শিক্ষার জন্য সুযোগ পাচ্ছে। কিন্তু তারা প্রকৃত শিক্ষা পাচ্ছে কি না, এই ফিড ব্যাক—আপনার কাছে দেখার জন্য মনিটারিং করার মতো কোনও মেশিনারি আছে কি না? যদি থাকে বলুন, এই চার লক্ষের মধ্যে কতজন প্রকৃতপক্ষে উপকৃত হচ্ছে?

শ্রী মহঃ আবদুল বারি ঃ প্রশ্নটা খুব সঠিক প্রশ্ন। বিষয়টাকে দেখাশুনা করার জন্য আমি আগেই বলেছি প্রশাসনিক স্তরে দেখাশুনা করা সম্ভব নয়। যারা প্রশিক্ষক, প্রশিক্ষিকা, তারা ঠিকমতো কাজ করছে কি না, সেটা আমাদের পঞ্চায়েত বা কোনও ভলানটারি অর্গানাইজেশনের মাধ্যমে হয়, ওদের দায়িত্ব দেওয়া হয়েছে যে ওরা ঠিকমতো কাজ করছে কি না তা দেখার জন্য। যাদের আপনারা ছাত্র মনে করছেন, তারা রেগুলার স্কুলের মতো ছাত্র নয়। তারা কাজ কর্ম সেরে রাত্রে পড়াশুনা করতে আসে। সুতরাং যাদের জন্য প্রকল্প তারা সঠিক ভাবে

মোটিভেটেড না হলে কিছু হবে না। সেই জন্য আমাদের সেই এলাকার মানুষের সহযোগিতা দরকার। এই সব কাজে সমন্বয় করার জন্য পঞ্চায়েত সমিতি এবং প্রত্যেক গ্রাম পঞ্চায়েত থেকে একটা কমিটি করে এইগুলো দেখা শুনার ভার দেওয়া হয়েছে, এবং প্রশিক্ষক যারা আছেন তারা ঠিকমতো কাজ করছেন কি না, সেই কমিটি থেকে সার্টিফিকেট দিয়ে তবেই সেই প্রশিক্ষক মাইনে ভাতা পাবেন, সেই কমিটি রেকমেন্ড না করলে তারা সেই মাইনে ভাতা পাবেন না।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ নিরক্ষরতা দূরীকরণের সঙ্গে বিষয়টা রিলেটেড, এই জন্য সাপলিমেন্টারি করছি, এটার সংখ্যা বললেন ১৭ হাজার ২৩৪। গত ১৩ বছরে এই সংখ্যাটা কত হয়েছে, এর একটা কমপারেটিভ স্টাডি টেবল রেডি আছে কি এটা আমার জানার আগ্রহ আছে।

শ্রী মহঃ আবদুল বারি ঃ এইরকম ভাবে হিসাব এখন নেই, পরে জানাতে পারি যদি আপনি একটা নোটিশ দেন।

শ্রী নিতাইচন্দ্র আদক ঃ মাননীয় মন্ত্রী মহাশয় আপনি জানাবেন কি, এই যে আর.এফ.এল.পি.'র যারা সুপারভাইজার আছেন, তাদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে এসেছে, তারা ভাতা পায় মাত্র ৫০০ টাকা, তার ফলে তাদের জীবন যাপন ঠিকভাবে সম্ভব হয় না, এবং এই কাজ পাবার পর তাদের নাম এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে কাটা যায়। সুতরাং এই ভাতাটা বাড়াবার কোনও পরিকল্পনা আপনাদের আছে কি ?

শ্রী মহঃ আবদুল বারি ঃ এটা কেন্দ্রীয় সরকারের প্রকল্প। কেন্দ্র এবং রাজ্য যৌথ ভাবে এই প্রকল্প চালায় এবং ৫০০ টাকার বেশি দেবার কোনও ব্যবস্থা নেই। ওরা হাইকোর্টে গেছে, সুপ্রিমকোর্টে গেছে, আইন ওদের নাম দিলেও কেন্দ্রীয় সরকারের বিরাটভাবে বিরোধিতার জন্য এখন পর্যন্ত আমরা কিছু করতে পারি নি। সুতরাং এখনও বিষয়টি আলোচনার স্তরে রয়েছে।

হজ কার্যালয়ে নিযুক্ত কর্মী

* ৩৩০। (অনুমোদিত প্রশ্ন নং *১৪৫২।) **শ্রী শীশ মহম্মদ ঃ** সংখ্যালঘু সংক্রান্ত এবং হজ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) হজ কার্যালয়ে মোট কতজন কর্মী নিযুক্ত আছেন;

(খ) তন্মধ্যে অস্থায়ী কর্মীর সংখ্যা কত;

(গ) স্থায়ী কর্মী নিয়োগ না করার কারণ কি; এবং

(ঘ) উক্ত অস্থায়ী কর্মীদের স্থায়ীকরণের কথা সরকার ভাবছেন কি না?

শ্রী মহম্মদ আবদুল বারি ঃ

(ক) পাঁচজন

(খ) কেউই অস্থায়ী কালের জন্য নিযুক্ত নন।

(গ) প্রশ্ন ওঠে না।

(ঘ) প্রশ্ন ওঠে না।

[1-20—1-30 P.M.]

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে আর একবার 'খ' প্রশ্নের উত্তরটি বলুন।

শ্রী মহঃ আবদুল বারি ঃ কেউই অস্থায়ী কাজের জন্য নিযুক্ত নন।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, তাহলে কি সকলেই স্থায়ী?

শ্রী মহঃ আবদুল বারি ঃ যে পাঁচ-জন আছেন, তাঁরা সকলেই স্থায়ী। আপনি হজ কমিটির মেম্বার, আপনি সবই জানেন।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি বললেন যে, স্থায়ী কর্মচারীর সংখ্যা পাঁচ। সেটা হোম ডিপার্টমেন্ট থেকে ডেপুটেশনে যাঁরা আছেন তাঁদের ধরে, না তাঁদের বাদ দিয়ে?

শ্রী মহঃ আবদুল বারি ঃ তাঁদের বাদ দিয়ে।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ তাঁদের ধরে সংখ্যাটা কত?

শ্রী মহঃ আবদুল বারি ঃ সেটা জেনে বলতে হবে।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ হোম ডিপার্টমেন্ট থেকে যাদের ডেপুটেশনে আনা হয়েছে, তাদের আর না এনে হজ কমিটির নিজস্ব কর্মী তাদের জায়গায় নিয়োগ করার কথা কি আপনি ভাবনা চিন্তা করছেন?

শ্রী মহঃ আবদুল বারি ঃ এতে তো আমাদের সুবিধাই হচ্ছে, অন্য ডিপার্টমেন্টের কর্মীরা বেতন সেখান থেকেই পাচ্ছেন, অথচ তাঁরা আমাদের কাজে লাগছেন। এতে তো আমাদের সুবিধাই হচ্ছে।

মেদিনীপুর জেলার শালবনীতে সোশ্যাল ফরেস্ট্রী স্কীম

*৩৪২। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯৭।) **শ্রী সুন্দর হাজরা ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার শালবনীতে সোশ্যাল ফরেস্ট্রী স্কীম-এ মোট কত (১) চারাগাছ ও (২) সার প্রদান করা হয়েছে; এবং

(খ) উপকৃত পরিবারের সংখ্যা কত?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ

(ক) গতবছর (১৯৮৯ সালে) শালবনী পঞ্চায়েত সমিতি এলাকায় ৮,৩১,৫০০ চারাগাছ বিতরণ করা হইয়াছে। সার প্রদান করা হয় নাই।

(খ) ১৮৩০

শ্রী শেখ জাহাঙ্গীর করিমঃ উপকৃত পরিবারের যে সংখ্যা বললেন, তার মধ্যে আদিবাসী পরিবারের সংখ্যা কত?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায়ঃ এই তথ্য আপনাকে লিখিতভাবে জানিয়ে দেব। এখনই এখানে বলতে পারছি না।

মুসলিম গার্লস হোস্টেল

*৩৯০। (অনুমোদিত প্রশ্ন নং *২৬।) **শ্রী এ কে এম হাসানুজ্জামান ঃ** স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে জানাবেন কি—

(ক) কলকাতা ও বহরমপুরের মুসলিম গার্লস হোস্টেল নির্মাণের কাজ কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়;

(খ) উক্ত হোস্টেল নির্মাণের জন্য রাজ্য সরকার কত টাকা বরাদ্দ করেছেন: এবং

(গ) অন্য কোনও জেলায় মুসলিম গার্লস হোস্টেল স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কি না?

শ্রী মহম্মদ আবদুল বারিঃ

(ক) কলিকাতা মুসলিম গার্লস হোস্টেলের প্রথম পর্যায়ের কাজ শেষ হইয়াছে এবং ১০ই মার্চ ১৯৯০ তারিখে মাননীয় রাজ্যপাল এই হোস্টেলটির উদ্বোধন করিয়াছেন। বাকি পর্যায়ের কাজ শীঘ্র শেষ হইবে।

বহরমপুর মুসলিম গার্লস হোস্টেলের নির্মাণের কাজও শীঘ্রই শেষ হইবে।

(খ) রাজ্য সরকার এ পর্যন্ত কলিকাতা মুসলিম গার্লস হোস্টেলের জন্য ৩৩.২৫ (তেত্রিশ দশমিক দুই পাঁচ) লক্ষ টাকা এবং বহরমপুর মুসলিম গার্লস হোস্টেলের জন্য ১১ (এগারো) লক্ষ টাকা বরাদ্দ করেছেন।

(গ) হ্যাঁ, আছে।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামানঃ কলকাতার মুসলিম গার্লস হোস্টেলের উদ্বোধন হয়ে গেছে। বহরমপুর গার্লস হোস্টেল কতদিনে শেষ হবে, কতদিন নাগাদ উদ্বোধন হতে পারে?

শ্রী মহঃ আবদুল বারিঃ ঘর তৈরির কাজ প্রায় শেষ হয়ে এসেছে। ইলেকট্রিক এবং জল ইত্যাদির ব্যাপারটা হলে অল্পদিনের মধ্যেই উদ্বোধন করতে পারি এবং এই সেশনেই এই হোস্টেলে মেয়েরা যাতে থাকতে পারে তার ব্যবস্থা প্রায় হয়ে যাবে।

শ্রী এ. এক. এম. হাসানুজ্জামান ঃ অন্য জেলায় হোস্টেল নির্মাণের পরিকল্পনা এই সরকারের আছে। এর মধ্যে উত্তর-২৪ পরগনা জেলার বারাসাতে হোস্টেল নির্মাণ কিংবা দক্ষিণ ২৪-পরগনা জেলার ডায়মন্ডহারবারে হোস্টেল নির্মাণ করার কোনও পরিকল্পনা আছে কি?

শ্রী মহঃ আবদুল বারি ঃ আমরা এই কাজ পর্যায়ক্রমে করছি, একসঙ্গে সব করতে পারব না। যেসব জেলাগুলিতে বেশি বেশি মুসলিম জনসংখ্যা সেগুলি আগে ধরেছি, যেমন, কলকাতায় হয়ে গেছে। বর্ধমানে হয়ে গেছে। মুর্শিদাবাদে হতে চলেছে, প্রায় শেষের দিকে। মালদায় কাজ চলছে। পশ্চিমদিনাজপুরে জায়গা দেখার চেষ্টা করছি। বীরভূমে হয়ে গেছে, কমপ্লিট হয়েছে, উদ্বোধন হয়েছে। মেদিনীপুরে দেখা হচ্ছে। এটা একটা মোটামুটি জায়গায় এসেছে, ওয়াকফের জায়গা, আমরা খোঁজ পেয়েছি। নদীয়াতে ওয়াকফের বাড়ি খোঁজ করা হয়েছে। ওয়াকফ কোতোয়ালী বাড়িটি দিতে চেয়েছেন, প্রশাসনিক স্তরে সেটা দেখাশুনার কাজ চলছে। এরপর ২৪-পরগনা বা অন্যান্য জেলাগুলি দেখব।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ আপনি উত্তর ২৪-পরগনার যে উত্তর দিলেন তাতে আমি বলছি, আমি জেলাপরিষদের কাছ থেকে খবর নিয়েছিলাম বারাসাতের জন্য কিছু টাকা স্যাংশন্ড হয়েছে ঐ গার্লস হোস্টেল করার জন্য। জায়গা পাওয়া যায়নি সেটা ঠিক নয় এবং অনুরূপভাবে মেদিনীপুর জেলার ব্যাপারে ডি. এম. অফিস থেকে জানলাম, কিছু টাকা অ্যালটমেন্ট করা হয়েছে। সেখানে জায়গা পাওয়া যাচ্ছে না বলে হচ্ছে না এটা কতদূর সত্য?

শ্রী মহঃ আবদুল বারি ঃ বারাসাত সম্পর্কে আমাদের দপ্তরে কোনও রিপোর্ট আসেনি, মেদিনীপুর সম্পর্কে আমরা মোটামুটি ভাবে জায়গা পাব বলে আশা করছি। মেদিনীপুর শহরে ওয়াকফের কিছু সম্মতি আছে, সেখানে এটা আমরা করতে পারব।

শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ আপনি বললেন, মুসলিম মেজরিটি জেলাগুলি আগে ধরা হয়েছে মুসলিম গার্লস হোস্টেলের জন্য। কিন্তু নদীয়া জেলাতে যত মুসলমান বাস করেন তার চাইতে উত্তর-২৪-পরগনা জেলায় বেশি মুসলমান বাস করেন। সুতরাং বারাসাতে মুসলিম গার্লস হোস্টেল হবে না কেন? এই ব্যাপারে কেন আপনি চিন্তা করবেন না?

মিঃ স্পিকার ঃ না, না, এটা হল না।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন বিভিন্ন জেলাতে মুসলিম মহিলা হোস্টেল নির্মাণ হবে পর্যায়ক্রমে। কিন্তু দেখা যাচ্ছে, যে সমস্ত বিশাল জেলা আছে, যেমন, মেদিনীপুর জেলা, এই সমস্ত জেলাতে বিভিন্ন ব্লকে বা মহকুমায় যেখানে মুসলিম অধ্যুষিত এলাকা সেইসব এলাকায় ধরে আপনি মুসলিম গার্লস হোস্টেল নির্মাণের জন্য ভবিষ্যতে কোনও পরিকল্পনা করেছেন কি না?

শ্রী মহঃ আবদুল বারি ঃ আমরা যে দৃষ্টিভঙ্গিতে নিয়েছি সেটা হচ্ছে মুসলিম মহিলাদের উচ্চ শিক্ষার সুযোগ করে দেবার জন্য এই জেলা কেন্দ্রের প্রয়োজন। গ্রাম এলাকার ভিত্তিতে যে প্রতিষ্ঠান আছে মাদ্রাসা, সাধারণভাবে যে শিক্ষা সেই শিক্ষার ক্ষেত্রে যারা যাওয়া-আসা

করেন কোনও জায়গা থেকে—এটা আমাদের কাছে সমস্যা বলে মনে হয় না। আমাদের মনে হচ্ছে যেটা সেটা হচ্ছে, উচ্চ শিক্ষা পাওয়ার ক্ষেত্রে যে জেলা কেন্দ্রগুলি আছে, হোস্টেলে থাকার যে অসুবিধা হচ্ছে সেটা দূর করার জন্য এই উদ্যোগ নিয়েছি।

শ্রী মান্নান হোসেন ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন, যেখানে মুসলিম জনসংখ্যা বেশি সেখানে মুসলিম গার্লস হোস্টেল নির্মাণের ক্ষেত্রে প্রাওরিটি দেওয়া হচ্ছে। কিন্তু আমি জানি, পশ্চিমবাংলার মধ্যে একটি মাত্র জেলা মুর্শিদাবাদ যেখানে মুসলিম জনসংখ্যা অন্যান্য জেলার তুলনায় বেশি। কিন্তু আমরা দেখলাম যে, কলকাতায় মুসলিম গার্লস হোস্টেল উদ্বোধন হয়ে গেল, বর্ধমানেও হল, মুর্শিদাবাদে কাজ আরম্ভ হয়েছে, শেষ হয় নি। মুর্শিদাবাদ জেলায় মুসলিম জনসংখ্যা এবং মুসলিম ছাত্রী বেশি থাকা সত্ত্বেও বিলম্বের কারণটা বলবেন কি?

[1-30—1-40 P.M.]

শ্রী মহঃ আবদুল বারি ঃ এই প্রশ্নের ব্যাপারটা বলছি। বহরমপুরে প্রথম এই বছরের মধ্যেই যে অবস্থা দাঁড়িয়েছে তাতে আমরা মনে করছি যে, যে সমস্ত ছাত্র ছাত্রীরা কলেজে পড়ছেন তারা সুযোগ পাবেন।

শ্রী ধীরেন সেন ঃ এই হোস্টেলগুলিতে কলেজের ছাত্রী ছাড়া মাধ্যমিক ছাত্রীরা থাকতে পারবেন কি না মন্ত্রী মহাশয় সে বিষয়ে একটু জানাবেন কি?

শ্রী মহঃ আবদুল বারি ঃ আমরা যেটা ঠিক করেছি সেটা হল উচ্চ মাধ্যমিক থেকেই শুরু হবে।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ মাননীয় মন্ত্রী মহাশয়কে ধন্যবাদ যে মাননীয় হাসানুজ্জামান মহাশয়ের দৃষ্টিভঙ্গির সঙ্গে তিনি একমত হন নি। সরকারি দৃষ্টিভঙ্গিই সঠিক। অর্থাৎ উচ্চ শিক্ষার মূল যে সব জায়গা সেইসব গুরুত্বপূর্ণ জেলা কেন্দ্রিক আমাদের উত্তর ২৪ পরগনা জেলা, তার মধ্যে বারাসাত সমস্তটিকে আকর্ষণ করে। তাই ভবিষ্যতে বারাসাত কেন্দ্রিক ভাবনা চিন্তা করবেন কি না সেটাই জিজ্ঞাসা করছি?

মিঃ স্পিকার ঃ রবীনবাবু, যখন এই স্কীম আরম্ভ হয়েছিল তখন আমি মন্ত্রী ছিলাম। মাননীয় হাসানুজ্জামান সাহেব যা বললেন তাতে সমস্যা হচ্ছে ওয়াকফ ডিপার্টমেন্টে খুবই টাকার প্রবলেম। ওয়াকফ সম্পত্তি অ্যাভেলেবল হলে সেই সম্পত্তির উপর এগুলি করা যায়। বারাসাতে যদি কোনও ওয়াকফ সম্পত্তি পাওয়া যায় তাহলে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন।

গঙ্গা দূষণ প্রকল্পের কাজ

* ৪৮৪। (অনুমোদিত প্রশ্ন নং *২৭৩।) **শ্রী অশোক ঘোষ ঃ** পরিবেশ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) গঙ্গা দূষণ প্রকল্পে রাজ্য সরকার এ পর্যন্ত কতগুলি প্রকল্পের কাজ সম্পন্ন করেছেন;

(খ) কেন্দ্রীয় সরকার থেকে এ বাবদ কত টাকা পেয়েছেন;

(গ) মোট কতগুলি প্রকল্পের কাজ ঘোষণা করা হয়েছিল; এবং

(ঘ) হাওড়া জেলায় এর মধ্যে কটি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ

(ক) ১৯৯০ সালের মার্চ পর্যন্ত ৫১টি প্রকল্পের কাজ সম্পন্ন হয়েছে।

(খ) ১৯৯০ সালের ৩১শে মার্চ পর্যন্ত টাকা ৭৫৩৪.৭৪ লাখ টাকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া গিয়েছে।

(গ) মোট ১১১টি প্রকল্পের কাজ কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছিলেন।

(ঘ) ১১টি।

শ্রী অশোক ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আমি দেখছি সম্প্রতি কেন্দ্র থেকে যে র্যবেক্ষক দল এসেছিলেন তাঁদের সঙ্গে এই প্রকল্পের কাজ নিয়ে তাঁরা দ্বিমত পোষণ করেন। ্রই প্রকল্পের কাজের হিসাবের ব্যাপারে চিফ সেক্রেটারি শ্রী তরুণ দত্ত মহাশয়ের হিসাব মলছে না। কেন্দ্রীয় সরকার থেকে ৫১টি প্রকল্পের কাজ শেষ করতে যে টাকাটা দেওয়া য়েছে তার কোনও সময় সীমা বেঁধে হয়েছিল কি না এবং বাকি ৭টি কাজ কবে নাগাদ শষ হবে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ প্রথমত চিফ সেক্রেটারির সঙ্গে আমার বিরোধের কথা ংবাদপত্রে বলা হয়েছিল। আমাকে আউট অফ কনটেক্সট করা হয়েছিল, সেজন্য আমি ংবাদপত্রের সঙ্গে করা বলেছি। আমরা যে সময় সীমার কথা বলেছিলাম এবং যে হিসাব য়েছিলাম দিল্লিকে, চিফ সেক্রেটারি মাঝখানে অথবা শেষ দিকে সময় বেঁধে দিয়ে প্রশ্নের ত্তর দিয়েছিলেন। এর মধ্যে কোনও বিরোধ ছিল না। বিরোধ যেটা ছিল, সংবাদপত্রে আপনি দখেছেন, তাতে সময়সীমা যা বলেছিলাম ১২ মাসের ৩০ পর্যন্ত সেই কথায় ফিরে গিয়েছিলাম এবং তার জনাই ডিফারেন্সটা এসেছে। সংবাদপত্রেও সেটা বলেছি। দ্বিতীয়ত, আমাদের ম্বন্ধে দিল্লি কোনরূপ মন্তব্য করেছেন এটা আমার জানা নেই। আপনি লক্ষ্য করে থাকবেন, দ্ধদেব ভট্টাচার্য মহাশয়ের একটি স্টেটমেন্ট খবরের কাগজে বেরিয়েছিল। আমরা এক্ষেত্রে তদূর করার করেছি। প্রশ্নটা জটিল, কারণ এত সহজে এটা করা যায় না। দীর্ঘ দিনের গঙ্গা ষণ রাতারাতি রোধ করা যায় না। আমরা লক্ষ্য করে দেখেছি, গভর্নমেন্ট যেভাবে ১৯৮৫/৮৬ াল থেকে ইয়ারওয়াইজ টাকা-পয়সা দিয়েছেন সেইভাবেই আমরা কাজ করতে পেরেছি, ময়ের খুব বেশি তারতম্য হয়নি। ৫৮টি প্রোজেক্ট যা আমরা শেষ করেছি তার তালিকা মামার কাছে আছে। তালিকাটা লম্বা। এই প্রসঙ্গে বলা ভাল যে, কিছু কিছু প্রোজেক্টের জন্য মামরা রিভাইজড এস্টিমেট পাঠিয়েছি। রিভাইজড এস্টিমেট এই জন্য পাঠানো হয়েছে যে, ইতিমধ্যে তার শিডিউল চেঞ্জ হয়ে গেছে এবং জিনিসের দামও বেড়েছে। সেগুলো এখন ওঁদের বিবেচনাধীন রয়েছে। এই কারণেও কিছু বিলম্ব হয়ে যেতে পারে এবং তার জন্য এই

মুহূর্তে ডেফিনিট টাইম দিতে পারছি না। আমরা টাকাটা পেয়েছিলাম ১৯৯০ সাল পর্যন্ত এবং সেটা আমরা খরচ করতে পেরেছি। আমরা ৫১টি যে স্কীম করেছি তার পারফর্মেন্স ভালই হয়েছে। এছাড়া প্রথমেই বলেছি যে, ১১১টি যা ওঁরা অনুমোদন করেছিলেন তার মধ্যে ৫১টি আমরা করেছি এবং কতগুলোর জন্য রিভাইজড এস্টিমেট পাঠিয়েছি। যেমন বহরমপুরের কাজটা সেখানকার চেয়ারম্যান করতে পারছেন না ঠিকমতো এবং তার মূল কারণ হচ্ছে, জনসাধারণ সেখানে বসতবাটি করেছেন, কিছু কিছু আনঅথরাইজড ইল্লিগ্যাল অকুপেশনও সেখানে আছে। এইসব মিলিয়ে অবস্থাটা জটিল হয়ে যায়। তবু আপনি সন্তুষ্ট হবেন যে, আমরা সময়সীমার মধ্যেই কাজটা করেছি, দিল্লি আমাদের বিরুদ্ধে কোনও বিরূপ মন্তব্য করেননি।

শ্রী অশোক ঘোষ ঃ মাননীয় মন্ত্রীর কাছে আমি জানতে চাইছি, কেন্দ্রীয় সরকার যে টাকাটা দিয়েছেন সেই টাকাটা খরচ করবার ক্ষেত্রে তাঁরা কোনও সময়সীমা বেঁধে দিয়েছিলেন কি না? এটাই আমার সাপ্লিমেন্টারি। দ্বিতীয়ত হাওড়া জেলায় ১১টি স্কীমের কাজ করছেন, কিন্তু সেগুলো কোথায় হবে বা কিভাবে হবে, গঙ্গার কোন ঘাট বাঁধানো হবে, এসব ব্যাপারে স্থানীয় বিধায়করা কিছুই জানতে পারছেন না। দেখা যাচ্ছে, কোনও স্কীমের কাজ করতে গিয়ে হঠাৎ করে রাস্তা খোঁড়াখুঁড়ি হয়ে গেছে।

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমাদের একটি প্রোজেক্ট আছে, সেখানে আমরা গঙ্গা অ্যাকশন প্ল্যানের স্কীম সাবমিট করি। হাওড়ায় কি কি কাজ হচ্ছে সে ব্যাপারে আপনার ইনফর্মেশন গ্যাপ হয়েছে। কাজগুলি হল—ইন্টারসেপশন অ্যান্ড ডাইভারশন নর্থ হাওড়ায়, ইন্টারসেপশন অ্যান্ড ডাইভারশন, হাওড়া, পাম্পিং স্টেশন অ্যান্ড রাইজিং—এটা বালি এবং হাওড়ায়. রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট—২টো বালিতে, ৯টি হাওড়ায়, রিভার ফ্রন্ট ডেভেলপমেন্ট—বেলুড়মঠ, ইলেকটিক ক্রিমেটোরিয়াম—বালি ...

শ্রী অশোক ঘোষ ঃ এসব জানতে চাইছি না। আমি জানতে চাইছি—কোন এজেন্সির মাধ্যমে কাজ করছেন; তার জন্য কোনও কমিটি আছে কি না? কারণ এম.এল.এদের ইনভলভমেন্ট না থাকায় কোথায় কি কাজ হচ্ছে তাঁরা কিছুই জানতে পারছেন না। আরও জানতে চেয়েছিলাম, কেন্দ্রীয় সরকার যে টাকা দিয়েছেন সেটা খরচের ব্যাপারে সময়সীমা বেঁধে দিয়েছিলেন কি না?

[1-40—1-50 P.M.]

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ ছোট উত্তর হয়না। প্রশ্নটি বড়, উত্তরটিও বড় হবে। এর মধ্যে রিজিড কিছু কোনও সময়েই নেই। আমাদের গঙ্গা অ্যাকশন প্ল্যান করতে হবেই। আমরা সেটা করছি, ইট উইল কন্টিনিউ। আমরা মনিটারিং করার কাজ করছি, তবে আমরা যা চেয়েছিলাম তা হয়নি। কারণ বিষয়টি অত্যন্ত জটিল। গঙ্গা যেদিন দূষণমুক্ত হবে সেদিন তো অনেক সমস্যার সমাধান হয়ে যাবে। গঙ্গা অ্যাকশন প্ল্যানিংয়ে অনেকগুলি কমিটি আছে, এগুলি আপনাকে জানিয়ে দেব। তাঁদের অধিকারের প্রশ্ন আছে। দিল্লির সঙ্গে পরামর্শ করে সব করা হয়েছে। আমরা নিজেরা কোনও কাজ করিনা। এটা কোনও জায়গায় পি.এইচ.সি.,

কোনও জায়গায় সি.এম.ডি.এ., কোনও জায়গায় মিউনিসিপ্যাল অথরিটি কাজ করেন। এইভাবেই আমাদের কাজগুলো হয়। তাঁরাই কাজ করেন। এটা আপনার জানা উচিত ছিল। যাই হোক. আমি আপনাকে পরে জানিয়ে দেব।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহোদয়, আপনি আর্যাবর্তের প্রসঙ্গ টেনেছেন, আমি এই পান্ডববর্জিত দেশে কোথায় কোথায় প্রকল্প নেওয়া হয়েছে, বিশেষ করে মুর্শিদাবাদের বহরমপুর শহর অন্তর্ভুক্ত আছে কি না সেটা জানতে চাইছি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ যে স্কীমগুলো আমরা কমপ্লিট করেছি তার তালিকা যেমন বড়. তেমনি আমরা যে স্কীমগুলোকে নিয়েছি তার তালিকা ততোধিক বড়। বহরমপুরে গঙ্গা দূষণ মুক্ত করার জন্য মিউনিসিপ্যালিটি এরিয়াতে আমরা মিটিং করেছি, আলোচনা করেছি। কিন্তু এটা একটা নির্মম সত্য. বহরমপুরের মিউনিসিপ্যালিটি তাঁরাই এই প্রকল্পটি রূপায়িত করেছেন। এটি ওঁরা দিল্লি থেকে সরাসরি গিফট্ হিসাবে পেয়েছিলেন রাজীব জমানায়। আমি ওদের উৎসাহিত করছি. সাহায্য করার চেষ্টা করছি। এটাকে ইস্যু হিসাবে গ্রহণ করিনি। ওদের কতকগুলো ডিফিকাল্টি আছে সরাবার ব্যাপারে। সেখানে বামফ্রন্টের যে দলগুলি আছেন তারা মিলেমিশে কাজ করছেন বলে আমার কাছে খবর আছে। গতি যদিও শ্লথ তবুও কাজ চলছে।

শ্রী তোয়াব আলি ঃ মন্ত্রী মহাশয় জানালেন যে গঙ্গা অ্যাকশন প্ল্যানের যে কাজগুলো রূপায়িত হচ্ছে, যেটি বহরমপুর মিউনিসিপ্যালিটি করছেন। এই কার্যসূচি রূপায়নের কোনও কমিটি গভর্নমেন্টের পক্ষ থেকে বা আপনার ডিপার্টমেন্টের পক্ষ থেকে ছিল কি. কোনও নমিনি ছিল কি?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমাদের গঙ্গার ব্যাপারে দিল্লিতে আছে, এখানেও আছে। মিউনিসিপ্যালিটি একটি নির্বাচিত সংস্থা। তাঁরা এই কাজটি করেন এবং এটি দেখার জন্য আমরা আছি। এটি মিলেমিশে করতে বলা হয়েছে। কম্পার্টমেন্ট ওয়াইজ করে কিছু করা যাবে না। এটা দেখাশোনা করার জন্য মিউনিসিপ্যালিটির ইঞ্জিনীয়ারিং ডিপার্টমেন্ট আছে। আমরাও দেখাশোনা করছি. স্থানীয় পঞ্চায়েত দেখছে এবং এছাড়া বিধায়কও ওখানে আছেন এবং পার্লামেন্টের সংসদ তাঁরাও দেখাশোনা করছেন, সুতরাং কোনও অসুবিধা নেই।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, হাওড়ায় গঙ্গার ধারে কতগুলি ইলেকট্রিক ক্রিমাটরিয়ামের কথা বললেন তার মধ্যে কতটা চালু হয়েছে এবং কতখানিতে এখনও পর্যন্ত হাত দেওয়া হয় নি। তবে আমি জানতে পারলাম যে, শিবপুরে ক্রিমাটরিয়াম চালু করা হয়েছিল কিন্তু কয়েকদিন পরেই বন্ধ হয়ে গেছে। এটা চালু করার ব্যাপারে এবং বাঁশতলা ঘাটে যে ক্রিমাটরিয়াম চালু করার কথা, সেটায় এখনও পর্যন্ত হাত পড়ল না কেন এর কারণ কি এবং এগুলো যাতে তাড়াতাড়ি হয় সেই ব্যাপারে কি ব্যবস্থা নিয়েছেন?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ সব ঠিক দিতে পারিনি, একটা টিচিং ট্রাবল হয়েছে এবং ওটাও আমরা দেখছি।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, গভর্নমেন্ট অফ ইন্ডিয়া গঙ্গা অ্যাকশন প্ল্যান্টের মধ্যে হলদিয়াকে যুক্ত করার সুপারিশ করেছিলেন এবং এই গঙ্গা অ্যাকশন প্ল্যান্টের জন্য একটা টেকনিক্যাল কমিটি সুপারিশ করেছিল। আমার প্রশ্ন রাজ্য সরকারের পক্ষ থেকে হলদিয়াকে গঙ্গা অ্যাকশন প্ল্যান্টের সঙ্গে যুক্ত করার কোনও সুপারিশ করেছে কি না, করলে কি ব্যবস্থা নিয়েছে?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে, হলদিয়া সম্পর্কে আমরা খুবই আগ্রহধীন। আমরা শুরুতেই যখন হলদিয়া প্রকল্পের প্রোজেক্ট দাখিল করি দিল্লিতে রাজীব গান্ধীর কাছে তখনই আমরা হলদিয়া কি হতে পারে এবং তার উপরে ভিত্তি করেই প্রকল্প রচনা করেছিলাম। তাতে কি পলিউশন লোড আছে এবং কি পপুলেশন লোড ইত্যাদি সব জানানো হয়। তাতে কেন্দ্রীয় সরকার বলেন যে, হলদিয়া যতটুকু আছে তার উপরেই করতে হবে। আমরা কিন্তু এতে রাজি হতে পারিনি। আজকে হলদিয়ার যে জনসংখ্যা তার উপরে যদি করা যায় তাহলে মিউনিসিপ্যালিটির স্যানেটেশন ইত্যাদি নানা ব্যাপারে অসুবিধা সৃষ্টি হবে। পরবর্তীকালে কারখানাটা তৈরি হলে আবার অ্যাবান্ডান্ড হয়ে যাবে। আমরা তখন এই প্রোপোজাল রাখবার চেষ্টা করি। যদিও এটা একটা বড় প্রোপোজাল, ভাবনা-চিন্তার মধ্যে দিয়ে এটা রচনা করি। যাতে এটা মাল্টিপ্লাই, ম্যাগনিফাই করতে পারি এবং আরও বেশি লোক নিতে পারি। এতসব করা সত্ত্বেও ওঁদের আইস গলল না। এরপরে একটা কমিটি করে কেন্দ্রীয় সরকার, সেই কমিটির রিপোর্ট আমরা পাইনি। তবে এর মাঝখানে একটা কথা উঠেছিল যে, এক্ষেত্রে ১০-১২ কোটি টাকা অন্য জায়গায় ড্রাইভার্ট করা যায় কি না। আমরা কিন্তু এতে আপত্তি জানিয়েছিলাম। আমরা বলেছিলাম হলদিয়া আমাদের স্বপ্ন, সুতরাং আমরা তা করতে দেব না। অবশ্য এই সরকারের আমলে নতুন করে একটা কমিটি করা হয়েছে। এই কমিটির রিপোর্টের তথ্য প্রোজেক্টের উপর ভিত্তি করে। এর স্যাংশন যাতে হয় তার জন্য আমরা প্রচেষ্টা চালাচ্ছি এবং সদস্যর অবগতির জন্য জানাচ্ছি যে, এই প্রোজেক্টকে আমরা কোনওদিন ছেড়ে দেব না। এর জন্য আমরা নিরন্তর প্রয়াস চালাচ্ছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই যে, বহরমপুরে গঙ্গা দূষণ সম্বন্ধে যে সমস্ত অভিযোগ উঠেছে সেই ব্যাপারে তদন্ত হয়েছে কি না এবং তদন্ত যদি না হয়ে থাকে তাহলে কি ব্যবস্থা নিয়েছেন?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ আমার কাছে কিছু খবর এসেছে। আমি সেই অভিযোগগুলো প্রাথমিকভাবে দেখবার চেষ্টা করছি এবং প্রাইমা ফেসি কিছু দেখতে চাই। ইরেগুলারেটিস কিছু আছে, সেগুলো দেখছি।

ডাঃ সুদীপ্ত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি কলকাতা শহরকে দূষণমুক্ত করতে গঙ্গা অ্যাকশন প্ল্যানের কতকগুলি পরিকল্পনা নেওয়া হয় এবং কতকগুলি পরিকল্পনার কাজ ইতিমধ্যে শেষ করে দিয়েছেন তার জন্য কত টাকা সরকার খরচ করেছেন?

ডাঃ অম্বরীশ মুখোপাধ্যায় ঃ এটা আমি আগেই বলেছি, এখনি এই ধরনের কোনও ব্রেক আপ নিয়ে আসেনি, আমি আপনাকে পারসোনালি চিঠি দিয়ে জানিয়ে দেব।

বিশেষ মর্যাদাদত্ত গ্রন্থাগার

*** ৪৮৫।** (অনুমোদিত প্রশ্ন নং *৩৭০।) **শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ** জনশিক্ষা প্রসার (গ্রন্থাগার) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার রাজ্যের কয়েকটি গ্রন্থাগারকে বিশেষ মর্যাদা (স্পেশ্যাল স্ট্যাটাস) দানের বিষয়ে বিবেচনা করছেন; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কোন কোন গ্রন্থাগার সম্পর্কে এই ধরনের বিবেচনা করা হচ্ছে?

শ্রী সরল দেব ঃ

(ক) এরূপ কোনও প্রস্তাব এখনই বিবেচনাধীন নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

[1-50—2-00 P.M.]

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ রাজ্য সরকারের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে উত্তরপাড়া জয়কৃষ্ণ পাবলিক গ্রন্থাগার সম্পর্কে—যখন এটি গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান—এটিকে জাতীয় গ্রন্থাগারের স্বীকৃতি দেবার ব্যাপারে কোনও আবেদন করা হয়েছিল কি না?

শ্রী সরল দেব ঃ অতীতে একটা আবেদন করা হয়েছিল এবং তারা একটা কমিটিও করেছিলেন ডাঃ অসীম দাশগুপ্ত; ডিরেকটার, ন্যাশনাল লাইব্রেরিকে দিয়ে, তিনি একটা রিপোর্টও দিয়েছেন, সেই রিপোর্ট এখন আমাদের বিবেচনাধীন আছে।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় ঃ এই সম্পর্কে কেন্দ্রীয় সরকারের সঙ্গে আর কোনও কথাবার্তা হয়েছে কি না?

শ্রী সরল দেব ঃ না।

শ্রী রবীন্দ্রনাথ মন্ডল ঃ রাজ্য সরকারের পক্ষ থেকে কতকগুলি গ্রন্থাগারকে এইরকম স্পেশ্যাল স্ট্যাটাস দেবার জন্য আবেদন করা হয়েছে, আপনার দপ্তরে এইরকম কোনও ইনফর্মেশন আছে কি?

শ্রী সরল দেব ঃ আমি আগেই বলেছি এই ধরনের প্রশ্ন বিবেচনাধীন, সুতরাং কতকগুলি প্রশ্ন ওঠে না, অ্যাট অল।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় দয়া করে জানাবেন কি, জয়কৃষ্ণ পাবলিক লাইব্রেরি—উত্তরপাড়ায়, যেটি ১০০ বছরের পুরনো তার ব্যাপারে রাজ্য সরকার কোনও চিন্তা করছেন কি, তার ঐতিহাসিক মূল্যবোধের কথা স্মরণ করে? বিশেষ করে বঙ্গীয় সাহিত্য পরিষদ এবং জয়কৃষ্ণ পাবলিক লাইব্রেরি—এই দুটোর ক্ষেত্রেই আলাদাভাবে কোনও বিবেচনা করবেন কি?

শ্রী সরল দেব ঃ মাননীয় সদস্যর অবগতির জন্য জানাচ্ছি, বঙ্গীয় সাহিত্য পরিষদ একটি বেসরকারি প্রতিষ্ঠান এবং এই প্রতিষ্ঠানটি বিগত ৪৩ বছর ধরে মাত্র ১১ হাজার টাকা পেয়েছেন, তাও আমরা আসার পরে। '৮৮-৮৯ সালে তাদের প্রথমে সাড়ে ৬ লক্ষ টাকার উপর দিয়েছি, এই বছরেও প্রস্তাব ছিল ওদের ৯ লক্ষ টাকা অনুদান দেব। এটি বেসরকারি প্রতিষ্ঠান ইতিমধ্যে ওরা নিজেরা মামলা মোকদ্দমা করে রেসট্রেইন্ড করে দিয়েছেন, সেখানে আমাদের সরকারের কিছু করার নেই। আর উত্তরপাড়ার জয়কৃষ্ণ পাবলিক লাইব্রেরিটি ঐতিহ্যমন্ডিত পাঠাগার এবং এর সম্প্রসারণের জন্য আমরা ইতিমধ্যে ৮ লক্ষ ৭১ হাজার টাকার উপর দিয়ে ১ একর জমি অধিগ্রহণ করেছি। এবং আমি বলেছি আগামী দিনে ১০ তারিখে বাজেট অধিবেশনের আগে আমরা এখানে কি করব সেটা এখনি বলতে পারব না। মাননীয় সদস্য শান্তশ্রী চট্টোপাধ্যায় যে প্রশ্ন করেছেন, এই প্রশ্ন এর আগেও বিধানসভা থেকে উঠেছিল এবং মাননীয় সদস্য চিঠি দেওয়ার পরে সেই চিঠির উপর মাননীয় মুখ্যমন্ত্রী লিখেছেন এবং তার পরে কেন্দ্রীয় সরকার একটা কমিটি করেছিলেন—ডাঃ অসীম দাশগুপ্ত কমিটি—এবং সেই কমিটি একটা সুপারিশ করেছিল, কিন্তু সেই কমিটির সুপারিশ আমাদের রাজ্য সরকারের পক্ষ থেকে গ্রহণযোগ্য হয়নি। তাই এখানে পরবর্তী স্তরে এটা মুখ্যমন্ত্রীর সঙ্গে আলোচনার স্তরে আছে। এই ব্যাপারে একটা উদ্বেগ আছে, সেটা আমিও বহন করছি এবং এটা আপনাদের উদ্বেগের জন্য জানালাম।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, বহরমপুরে যে ঐতিহ্যপূর্ণ জেলা গ্রন্থাগার রয়েছে এবং অন্যান্য গ্রন্থাগার সহ আপনার দপ্তরের আমলাদের কৃতিত্বে গোটা পশ্চিমবাংলায় ওই ধরনের পুরোনো লাইব্রেরি বন্ধ হয়ে গেছে চিরতরে, এই সংখ্যাটা কত?

শ্রী সরল দেব ঃ এটা কিন্তু এটার সঙ্গে রিলেটেড নয়, নোটিশ দিলে বলতে পারব। বহরমপুরের ব্যাপারটা যেহেতু মাননীয় সদস্য মুর্শিদাবাদের মানুষ সেজন্য বলছি। ১৯৮২ সালে ওই লাইব্রেরিটাকে পি.ডবলু.ডি. কনডেমড ঘোষণা করেছে। ১৯৮২ সাল থেকে পাঠাগারটি বন্ধ। আমি কিছুদিন আগে গিয়েছিলাম তখন মাননীয় সদস্যকে ওখানে থাকতে বলেছিলাম, মাননীয় সদস্য কমিটির একজন সদস্য। ২ জন মন্ত্রীকেও বলেছিলাম। বিচার-বিভাগীয় মন্ত্রীর জন্য ওখানে জমি পেয়েছিলাম, উনি সহযোগিতা করেছিলেন। ক্যালকাটা হাইকোর্ট থেকে জাজের পরিত্যক্ত বাড়ি পেয়েছি, ফরমাল ট্রান্সফারের কাজ হয়ে গেলে কাজ শুরু করতে পারি এবং এর জন্য গত ৩।৪ বছর ধরে অফিসারদের নিয়ে মিটিং করেছি। আর এটা তো অটনোমাস বডি। লাইব্রেরি কমিটির মিটিং হচ্ছে কি না এটা রাইটার্স বিল্ডিং থেকে বসে করা যাবে না। মাননীয় সদস্য দুর্ভাগ্যবশত সেদিন থাকতে পারেন নি।

শ্রী সুহৃদ বসু মল্লিক ঃ মাননীয় মন্ত্রী মহোদয় জানাবেন কি, আসানসোলে যে পাবলিক লাইব্রেরি আছে সেটার বিল্ডিং এর অবস্থা খুব খারাপ এবং জমি সেখানে ধসে যাচ্ছে। এই ব্যাপারে কোনও চিন্তা-ভাবনা করেছেন কি না এবং নতুন কোনও পাবলিক লাইব্রেরি করবার জন্য জায়গা নির্বাচন করেছেন কি না?

শ্রী সরল দেব ঃ আমরা দুর্গাপুর ইঞ্জিনীয়ারিং কলেজকে দিয়ে সয়েল টেস্ট করিয়েছি, তবে বাড়িটা ক্র্যাক হয়ে গেছে। আমি দেখে এসেছি, আপনি দেখেছেন কি না জানিনা। দু'

লক্ষ টাকা মঞ্জুর করেছি এবং কাজ তড়িৎ গতিতে করবার জন্য আমরা নির্দেশ পাঠিয়েছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, যে কুচবিহারের স্টেট লাইব্রেরি যেটা আছে সেটা মহারাজার আমলে। সেই লাইব্রেরিতে অনেক পুরানো পুঁথি আছে, বাংলা সাহিত্যের অনেক মূল্যবান পুঁথি আছে, সেগুলোর অবস্থা ভগ্নদশা এবং জরাজীর্ণ অবস্থায় রয়েছে। এর পাশাপাশি পরিচালন ব্যবস্থাও অত্যন্ত দুর্বল। এই ব্যাপারে সরকারের কোনও উদ্যোগ আছে কি না এবং লাইব্রেরির সামনে ক্ষুদিরামের একটি মূর্তি আছে, যেটা বেসরকারি উদ্যোগে হয়েছে। কিন্তু উত্তরবাংলার জেলাবাসীর দাবি যে প্রফুল্ল চাকীর একটি আবক্ষ মূর্তি এই দপ্তর থেকে বসানো যায় কি না? এর ব্যবস্থা মন্ত্রী মহোদয় নিশ্চয় করবেন।

শ্রী সরল দেব ঃ মাননীয় সদস্যের অবগতির জন্য বলছি, এটা এর সঙ্গে রিলেটেড নয়। ক্ষুদিরামের মূর্তির জন্য যাঁরা অনুমোদন চেয়েছিলেন, সঙ্গে সঙ্গে অনুমোদন দিয়ে দেওয়া হয়েছে। জেলা বাসীর পক্ষ থেকে যে দাবি করা হয়েছে এটাতো গ্রন্থাগার দপ্তরের কাজ নয়, এটা পি.ডবলু.ডির কাজ। তবু তাঁরা যদি চান, যদি জায়গা থাকে তাহলে বিবেচনা করা যাবে। কারণ প্রফুল্ল চাকীর প্রতি আমাদের সকলেরই শ্রদ্ধা আছে। আর তা ছাড়া স্টেট লাইব্রেরির মূল বিল্ডিং এর জন্য আমরা কিছু টাকা মঞ্জুর করেছি, আমরা হিসাব পাঠাতে বলেছি, আরও টাকা লাগলে দেওয়া হবে।

[2-00—2-10 P.M.]

শ্রী ননী কর ঃ প্রশ্ন যেটা ছিল মন্ত্রী মহাশয় যেহেতু তার বাইরে জবাব দিচ্ছিলেন সেজন্য আমি একটা প্রশ্ন করছি বহরমপুর পাঠাগার ১৯৮২ সাল থেকে বন্ধ, তার কর্মচারী আছে, তারা কোথায় গেল এবং বইগুলিই বা কোথায় গেল? বড় লাইব্রেরি আরও কিছু এইরকম বন্ধ আছে কি না এবং থাকলে তার জন্য কি কি কাজ করছেন জানাবেন কি?

শ্রী সরল দেব ঃ মাননীয় সদস্যদের অবগতির জন্য বলছি অন্য কোনও লাইব্রেরি বন্ধ আছে বলে আমাদের কাছে খবর নেই। আমি নিজে সেখানে চার বার গেছি, যাতে বইগুলো নষ্ট না হয় তার জন্য প্যাকিং করে যত্ন করে রেখেছি। কর্মচারিরা বসে বসে বেতন নিচ্ছে না, বিভিন্ন লাইব্রেরিতে যেখানে স্টাফ দিতে পারিনি সেখানে কিছু দিয়েছি এবং ডি এল ও র অফিস আছে সেখানে যুক্ত করে দিয়েছি, বসে কাউকে বেতন দিচ্ছি না।

Starred Questions
(to which written answers were laid on the Table)

কৃষি-জোতের মালিক জোতদারদের সংখ্যা

* ৪৮৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬২৬।) **শ্রী মান্নান হোসেন ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে সর্বোচ্চ তিন বিঘা পর্যন্ত কৃষি-জোতের (অর্থাৎ যে জমিতে বর্গা আছে) মালিক জোতদার কত জন আছেন;

(খ) উক্ত মালিক জোতদারগণ যাহাতে ন্যায্য মূল্যে ঐ জমি বিক্রি করিতে পারেন সে বিষয়ে সহায়তা করিবার কোনও সরকারি পরিকল্পনা আছে কি না; এবং

(গ) 'খ' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হইলে পরিকল্পনাটি কিরূপ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এই সম্পর্কিত কোনও পরিসংখ্যান এই দপ্তরে নেই।

(খ) পশ্চিমবঙ্গ ভূমি সংস্কার আইন, ১৯৫৫ এর ২১গ ধারা অনুসারে ব্যান্ড কর্পোরেশন গঠনের প্রস্তাব সরকারের বিবেচনাধীন।

(গ) এই পরিকল্পনা অনুসারে বর্গাদারেরা এবং সরকারে ন্যস্ত জমি পাওয়ার উপযুক্ত ব্যক্তিরা যাতে বর্গাচাষের জমি মালিক জোতদারদের থেকে ন্যায্য মূল্যে ক্রয় করতে পারেন, সেই জন্য তাদের সরকারি ঋণ দেওয়া হবে। তবে পরিকল্পনাটি এখনও চূড়ান্ত হয়নি।

হাওড়া জেলায় নৈশ মাধ্যমিক বয়স্ক শিক্ষাকেন্দ্রে শিক্ষক ও অশিক্ষক কর্মীদের বেতন

* ৪৮৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৪৭।) **শ্রী রাজকুমার মন্ডল ঃ** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) হাওড়া জেলায় নৈশ মাধ্যমিক বয়স্ক শিক্ষাকেন্দ্রের শিক্ষক এবং অশিক্ষক কর্মীদের বেতন বৃদ্ধির কোনও পরিকল্পনা সরকারের আছে কি না; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উহা কার্যকর হবে বলে আশা করা যায়?

জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) নৈশ উচ্চ বিদ্যালয়ের শিক্ষকরা কেউই বেতন পান না। তাঁরা সাম্মানিক পায়। বয়স্কদের জন্য নৈশ উচ্চবিদ্যালয়ের কার্যকারিতা ও প্রয়োজনীয়তা থাকে কি না দেখা হচ্ছে?

(খ) এ বিষয়ে সুনির্দিষ্টভাবে এখনই কিছু বলা সম্ভব নয়।

Entrance fee of the Alipore Zoo

***488.** (Admitted question No. *1963.) **Dr. Sudipto Roy :** Will the Minister-in-charge of the Environment Department be pleased to state—

(a) the number of persons who visited Alipore Zoo during 1987-88, 1988-89 and 1989-90;

(b) the amount received as entrance fee at old rates during 1987-88 and 1988-89 and at enhanced rates in 1989-90; and

(c) whether the State Government has any proposal to further increase the entrance fee to the Zoo or enclosures therein?

Minister-in-charge of the Environment Department:

(a)

Years	No. of visitors
1987-88	22,48,644
1988-89	22,83,603
1989-90	21,25,083

(b)

	Receipts (Rs.)	Rate of entrance Fee
1987-88	22,48,644.00	at Rs. 1.00
1988-89	22,83,603.00	-do-
1989-90	31,82,312.00	at Rs. 1.50

(c) The entry fee after installation of mechanised arrangement may have to be studied do move when some rescheduling is not ruled out.

জয়পুর-কড়কড়া রাস্তা

* ৪৮৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৪১।) **শ্রী বিন্দেশ্বর মাহাতো ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পুরুলিয়া জেলা পরিষদ ১৯৯০-৯১ বৎসরে জয়পুর থানার জয়পুর-কড়কড়া রাস্তাটি পাকা রাস্তায় পরিণত করার কোনও পরিকল্পনা গ্রহণ করেছেন কি না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে, কবে নাগাদ রাস্তাটির কাজ আরম্ভ হবে বলে আশা করা যায়; এবং

(গ) রাস্তাটি নির্মাণের জন্য কত টাকা ব্যয় বরাদ্দ ধরা হয়েছে?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পুরুলিয়া জেলা পরিষদ এরকম কোনও পরিকল্পনা গ্রহণ করেন নি।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) প্রশ্ন ওঠে না।

প্রথাবহির্ভূত শিক্ষক/শিক্ষিকাদের বেতন

* ৪৯০। (অনুমোদিত প্রশ্ন নং *১৫৯০।) **ডাঃ মানস ভূঁইয়া ঃ** জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে প্রথাবহির্ভূত শিক্ষা কেন্দ্রগুলির শিক্ষক/শিক্ষিকাগণ ১৯৮৯ সালের মার্চ মাস থেকে বেতন পাননি;

(খ) সত্য হলে, না পাবার কারণ কি;

(গ) পশ্চিমবঙ্গে কত সংখ্যক প্রথাবহির্ভূত স্কুল আছে; এবং

(ঘ) উক্ত স্কুলে শিক্ষক/শিক্ষিকাদের সংখ্যা কত?

জনশিক্ষা প্রসার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) প্রথা বহির্ভূত শিক্ষাকেন্দ্রগুলিতে যারা শিক্ষা প্রদান করেন, তাদের প্রশিক্ষক করা দরকার। তারা কাজের দিনগুলিতে অনধিক দু' ঘন্টা শ্রমের জন্য মাসিক ১৩৫ টাকা হারে সম্মান দক্ষিণা পেয়ে থাকেন সম্মান অর্থের কাজটিকে খতিয়ে দেখে, যারা উক্ত দু'ঘন্টা কাজের প্রমাণ দিতে পারেনি তাদের সাম্মানিক দেওয়া হয়নি।

(খ) এ প্রশ্নের উত্তর 'ক'-তে দেওয়া হল।

(গ) প্রথাবহির্ভূত শিক্ষা পরিচালনার জন্য সাধারণ অর্থে যে স্কুল বোঝায় সেরকম কোনও স্কুল নাই।

(ঘ) প্রথা বহির্ভূত শিক্ষা কেন্দ্রের জন্য শিক্ষক থাকে না, কিছু স্বেচ্ছাসেবক কর্মী থাকে। তাদের বলা হয় প্রশিক্ষক ও প্রশিক্ষিকা। বর্তমানে কর্মরত প্রশিক্ষক ও প্রশিক্ষিকার সংখ্যা এখনই বলা যাবে না।

নদীয়া জেলায় ইটখোলার সংখ্যা

*** ৪৯১।** (অনুমোদিত প্রশ্ন নং *১৩৪৩।) **শ্রী মাধবেন্দু মোহান্ত ঃ** ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) নদীয়া জেলায় কতগুলি ইটখোলা আছে; এবং

(খ) তন্মধ্যে (১) লাইসেন্স প্রাপ্ত, (২) লাইসেন্স বিহীন কয়টি ইটখোলা চালু আছে?

ভূমি ও ভূমি-সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ২০৬টি।

(খ) (১) লাইসেন্স প্রাপ্ত ১৮১টি।

(২) লাইসেন্স বিহীন ২৫টি।

বন সংরক্ষণের জমির পরিমাণ

*** ৪৯৫।** (অনুমোদিত প্রশ্ন নং *২১৫৮।) **শ্রী লক্ষ্মীরাম কিস্কু ঃ** বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, সরকার এবং জনগণের উদ্যোগে বন সংরক্ষণের জমির পরিমাণ কত (জেলা ভিত্তিক)?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

মেদিনীপর	—	৭০,০০০	হেক্টর
বাঁকুড়া	—	৬২,০০০	”
পুরুলিয়া	—	৩৮,৫০০	”
বর্ধমান	—	২,৪০০	”
বীরভূম	—	১,৩৭২	”
	মোট ঃ	১,৭৪,২৭২	”
	বা	১,৭৪,২৭২	বর্গ কিমি

বর্গা জমির ওপর বর্গাদারের অধিকার ত্যাগ

* ৪৯৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৭।) **শ্রী পুলিন বেরা ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কিছু কিছু ক্ষেত্রে কিছু টাকা নিয়ে বা ২/৪ অংশ / ২/৩ অংশ জমি নিয়ে বর্গাদার বর্গা জমির মালিককে বর্গার দাবি ছেড়ে দিচ্ছে; এবং

(খ) সত্য হ'লে উক্ত ব্যাপারে রাজ্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণের কথা চিন্তা করছেন কি না?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এই ধরনের কোনও ঘটনা সরকারের নজরে নেই।

(খ) প্রশ্ন ওঠে না।

শিলিগুড়িতে কলকাতা হাইকোর্টের বেঞ্চ গঠনের পরিকল্পনা

* ৪৯৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৩৮।) **শ্রী দিলীপকুমার মজুমদার ঃ** আইন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) উত্তরবঙ্গের মানুষের সুবিধার জন্য শিলিগুড়িতে কলকাতা হাইকোর্টের একটি বেঞ্চ গঠনের কোনও পরিকল্পনা রাজ্য সরকারের বিবেচনাধীন আছে কি;

(খ) থাকলে, কবে নাগাদ ঐ পরিকল্পনা কার্যকর হবে বলে আশা করা যায়; এবং

(গ) উক্ত কারণে কতজন বিচারপতির প্রয়োজন হবে?

আইন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) উত্তরবঙ্গে আছে। কিন্তু নির্দিষ্ট শিলিগুড়ি বা অন্য স্থানের উপর প্রস্তাব নাই।

(খ) কাজে পরিণত করার জন্য স্থান নির্দিষ্ট করার ব্যাপারে কলিকাতা হাইকোর্টকে

জানানো হইয়াছে।

(গ) এখনই বলা সম্ভব নয়।

সেটেলমেন্ট অপারেশন রেকর্ডে নাম লিপিবদ্ধকরণ

* ৪৯৮। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৯৬।) **শ্রী মোজাম্মেল হকঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্যের বিভিন্ন জেলায় বিগত আর এস রেকর্ডে ভুলবশত বা অজ্ঞতাবশত একাংশের মানুষ তাদের প্রকৃত জমির অংশ সত্ত্ব হিসাবে পুরুষাণুক্রমে ভোগ দখল সত্ত্বেও চলতি সেটেলমেন্ট অপারেশন তাদের নাম রেকর্ডে লিপিবদ্ধ হচ্ছে না;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হ'লে, কোনও বিশেষ ব্যবস্থার মাধ্যমে তাদের নাম চলতি সেটেলমেন্ট অপারেশন রেকর্ডে লিপিবদ্ধকরণের বিকল্প ব্যবস্থা আছে কি না; এবং

(গ) থাকলে, উক্ত ব্যবস্থা কিরূপ?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) এ ধরনের কিছু কিছু ঘটনা সরকারের নজরে এসেছে।

(খ) আছে।

(গ) জমির স্বত্বলিপি প্রস্তুতির কাজ কতগুলি পর্যায়ে হয়ে থাকে। কোন পর্যায়ে কোন রায়তের নাম বা সত্ব লিপিবদ্ধ না হলে পরবর্তী পর্যায়ে তা লিপিবদ্ধ করা যায়।

জওহর রোজগার যোজনা

* ৪৯৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮২।) **শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ১৯৮৯-৯০ আর্থিক বৎসরে জওহর রোজগার যোজনায় পশ্চিমবঙ্গের জন্য কত টাকা পাওয়া গেছে;

(খ) তন্মধ্যে মার্চ, ১৯৯০ সাল পর্যন্ত কত টাকার কাজ হয়েছে; এবং

(গ) কোনও গ্রামপঞ্চায়েতের দুর্নীতির কোনও অভিযোগ আছে কি?

গ্রামীণ উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) জওহর রোজগার যোজনায় উক্ত বৎসরে কেন্দ্র ও রাজ্য সরকারের দেয় অংশ নিয়ে খাদ্যশস্যের মূল্য সহ ২১৬ কোটি ১০ লক্ষ ১৬ হাজার টাকা জেলাগুলিকে মঞ্জুর করা হয়েছে। এছাড়া অসরবরাহকৃত খাদ্যশস্যের দরুন ১৪ কোটি ৪ লক্ষ ১৫ হাজার টাকা কেন্দ্রীয় সরকার জেলাগুলিকে মঞ্জুর করেছেন।

(খ) এ পর্যন্ত পাওয়া হিসেব অনুসারে মোট ১৯৯ কোটি ৭৫ লক্ষ টাকা খরচের হিসেব পাওয়া গেছে। কয়েকটি জেলার মার্চের চূড়ান্ত হিসেব এখনও পাওয়া যায়নি। সুতরাং খরচের পরিমাণ আরও বাড়তে পারে।

(গ) রাজ্য সরকারের কাছে প্রকল্প রূপায়ণের বিভিন্ন দিক নিয়ে কয়েকটি অভিযোগ এসেছে। সেগুলি খতিয়ে দেখা হচ্ছে। এখনও পর্যন্ত কোনও অভিযোগ প্রমাণিত হয়নি।

বর্গাজমির শর্ত

* ৫০৫। (অনুমোদিত প্রশ্ন নং *১৮৭৮।) **শ্রী পুলিন বেরা ঃ** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) একই জমিতে একাধিক বর্গাদার থাকে কি না;

(খ) থাকলে জমির মালিকের ন্যায্য প্রাপ্য পাওয়ার নিশ্চয়তা থাকবে কি না; এবং

(গ) কোন কোন ফসলের জমি বর্গাজমি বলে গণ্য হয়?

ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না।

(গ) যে কোনও চাষযোগ্য ফসলের জমিতে বর্গাদার থাকলে ঐ জমি বর্গাজমি হিসেবে গণ্য হবে।

বন সম্পদ সংরক্ষণ

* ৫০৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৯৮০।) **শ্রী উপেন কিসকু ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকার বন সম্পদ সংরক্ষণের জন্য বন এলাকা সন্নিহিত এলাকার আদিবাসীদের যুক্ত করে বন সংরক্ষণ সমিতি গঠন করেছেন;

(খ) যদি সত্য হয় তাহলে, (১) উক্ত আদিবাসী ছাড়া আর কারা কারা সদস্য থাকবেন; এবং (২) উক্ত কমিটির অধিকারগুলি কি কি?

বন বিভাগের মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) ১। বন সন্নিহিত এলাকার অর্থনৈতিক দিক থেকে অনগ্রসর অন্যান্য অধিবাসীরা।

২। অধিকারগুলি হল ঃ-

— বনভূমির কোনও ক্ষতিসাধন না করে ফল এবং পাতা ঝরে পড়া ডালপালা ও বীজ সংরক্ষণের পূর্ণ অধিকার।

— ক্ষয়িষ্ণু বনের পুনরুদ্ধারের জন্য 'রোপিত' করা জঙ্গল থেকে মধ্যবর্তী ফলস্বরূপ প্রাপ্ত বনজ দ্রব্যের শতক ২৫ ভাগ।

— কাজ বিক্রয় বাবদ প্রাপ্ত নীট বিক্রয় মুল্যের শতকরা পঁচিশ ভাগ।

— শালবীজ ও কেন্দুপাতা সংগ্রহ করে LAMPS-এ জমা দেবার অধিকার

— দশ বৎসর বাদে পরিপূর্ণতা প্রাপ্তির বিক্রীত বনজ দ্রব্যের নীট বিক্রয় মূল্য শতকরা পঁচিশ ভাগ।

গ্রাম পঞ্চায়েতের কর্ম সহায়কদের পদ পূরণের ব্যবস্থা

***৫০৮**। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৮৩।) **শ্রী গণেশচন্দ্র মন্ডল ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে কতগুলি গ্রাম পঞ্চায়েতের কর্ম সহায়কদের পদ খালি আছে (জেলাওয়ারী হিসাব); এবং

(খ) ঐ পদগুলি পূরণ করার জন্য সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) বর্তমানে মোট ৩৫টি পদ শূন্য আছে। জেলাওয়ারী শূন্য পদের সংখ্যা এরকম—

জেলা	শূন্য পদের সংখ্যা
দার্জিলিং	১
জলপাইগুড়ি	১
পশ্চিমদিনাজপুর	২
মুর্শিদাবাদ	৫
নদীয়া	৩
বর্ধমান	৪
পুরুলিয়া	৮
বাঁকুড়া	১
মেদিনীপুর	৫
দক্ষিণ ২৪ পরগনা	১
উত্তর ২৪ পরগনা	৪

(খ) ব্লকভিত্তিক নির্বাচন কমিটির মাধ্যমে নির্ধারিত পদ্ধতিতে প্রার্থী নির্বাচন করে পদগুলি পূরণ করা হচ্ছে।

[2-00—2-10 P.M.]

Adjournment Motion

Mr. Speaker : To-day I have received one notice of adjournment motion from Shri Ambica Banerjee on the subject of alleged clash between R.S.P. and B.J.P. in Howrah Civil By-election. The subject matter of the motion relates to action taken by the authorities in due administration of Law. Moreover, the member may call the attention of the Minister concerned through Calling Attention, Mention, Question etc. I, therefore, withhold my consent to the motion.

The member may, however, read out the text of the motion.

Shri Ambica Banerjee : This Assembly do now adjourn its business to discuss a definite matter of urgent public importance and of recent occurrence, namely :

At least 20 people including a policeman were injured as supporters of B.J.P. and R.S.P. clashed during by-election in ward No. 29 of Howrah Municipal Corporation Election on the 6th May, 1990. Police resorted to lathi charge.

Calling Attention

Mr. Speaker : I have received 5 notices of calling attention, namely :

1. Reported cease-work observed by the Judges and Sub-Judges on 7th May, 1990	:	Shri Lakshman Chandra Seth
2. Reported clashes in Howrah Civic by-election	:	Dr. Sudipto Roy
3. Allaged snatching of Rs. one lakh from a businessmen by a Sergeant of Calcutta police	:	Shri Gobinda Chandra Naskar
4. Alleged incident of taking bribe for awarding first class to the student by the Head of the Deptt. of Education, Calcutta University	:	Dr. Manas Bhunia

5. Reported out-break of enteric fever in Calcutta : Shri Sultan Ahmed

I have selected the notice of Shri Gobinda Chandra Naskar on the subject of alleged snatching of Rupees. one lakh from a businessman by a Sergeant of Calcutta Police.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Abdul Quiyom Molla : On the 10th, Sir.

Mention Cases

ডাঃ মানস ভুঁইয়া ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে বিদ্যুৎ মন্ত্রী এবং বিশেষ করে মুখ্যমন্ত্রীর একটা অত্যন্ত বেদনাদায়ক ঘটনার প্রতি দৃষ্টি আকর্ষণ করছি। দিব্যেন্দু ঘোষ পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের একজন অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার প্ল্যানিং অ্যান্ড ডিজাইনের, তিনি ১৯৮১ সাল থেকে বিনা চার্জ সিটে বিনা সাসপেনশনে আছেন, তিনি তাঁর অফিসে ঢুকতে পারছেন না, তার কি কারণ তাঁকে জানানো হচ্ছে না। ১৯৮১ সাল থেকে ১৯৮০ সাল পর্যন্ত তাঁকে বেতন দেওয়া হচ্ছে না। তিনি একজন কিড্‌নি ডিজিজের রোগি, সারা ভারতবর্ষের বিভিন্ন হাসপাতালে এমনকি লন্ডনের বিভিন্ন হাসপাতালে চিকিৎসা করিয়েছেন দিনের পর দিন। তাঁর দুটো কিডনিই ড্যামেজড হয়ে গেছে, তিনি মৃত্যু পথ যাত্রী। সেইরকম একজন ব্রিলিয়েন্ট ইঞ্জিনিয়ারের চিকিৎসার প্রেসক্রিপশনকে পশ্চিমবঙ্গ বিদ্যুৎ পর্ষদের কর্তৃপক্ষ আটকে রেখে দিয়েছে। তাঁর দোষ ছিল তদানীন্তন ডব্লু এস ই বি কর্তৃপক্ষের বড় বড় ইঞ্জিনিয়াররা তাঁকে ৪০০ কে. ভি ট্রান্সমিশন লাইনের টেকনিক্যাল পার্ট মডিফাই করতে দিয়েছিল অ্যাকর্ডিং টু দেয়ার ডিজায়ার যাতে করে তাদের পরিকল্পনা মাফিক বাইরে থেকে জিনিসগুলি কেনার সময় কিছু কাট মানি নেওয়া যায়। তাতে তিনি রাজি হননি।

কিন্তু সেই প্রথিতযশা ব্রিলিয়ান্ট ইয়ং ইঞ্জিনিয়ারের সেই নির্দেশ মানলেন না এবং বিনা নোটিশে, বিনা চার্জশিটে, বিনা সাসপেনশনে অতি ভৌতিক ভাবে আজ অবধী, টিল ডেথ তার চিকিৎসার সমস্ত কাগজ আটকে রেখে দেওয়া হয়েছে। তাকে জানানো হচ্ছে না কি তার অপরাধ, কেন বেতন পাচ্ছে না, কেন ঢুকতে পারছেন না। বিনা বিচারে তিনি রাস্তায় রাস্তায় ঘুরে বেড়াচ্ছেন। তিনি মুখ্যমন্ত্রীকে বার বার চিঠি লিখছেন, কিছুই হচ্ছে না। কলকাতার প্রথিতযশা সমস্ত ডাক্তার ইনক্লুডিং ডাঃ দিলীপ রায় হেড অব দি ডিপার্টমেন্ট অব সার্জারি, ক্যালকাটা মেডিক্যাল কলেজ, আমাদেরও মাস্টার মশাই, ইনক্লুডিং আদার টপমোস্ট মেডিক্যাল পারসোনাল, তারাও মুখ্যমন্ত্রীকে চিঠি লিখেছেন, বাইরের যে ডাক্তাররা চিকিৎসা করেছিল তারাও [illegible] থেকে মুখ্যমন্ত্রীকে টেলিগ্রাম করে ব্যাপারটি জানিয়েছেন। কিন্তু দুর্ভাগ্যের বিষয় হল এই, ইঞ্জিনিয়ার জানল না কি তার অঁপরাধ, কেন তার চিকিৎসা হচ্ছে না, কেন বেতন পাচ্ছে না, বিচার পাচ্ছে না মানবিকতার দিক থেকে আমি আপনার কাছে এই প্রশ্নটি রাখছি যে, এর বিচার হওয়া উচিত এবং তার চিকিৎসার জন্য যাতে বেতন পায় সেটা দেখা উচিত।

মিঃ স্পিকার ঃ সুরজিতবাবু, আপনার এই মেনশনটা অনেকবার হয়ে গেছে। বাজেট স্পিচেও এটা হয়ে গেছে, আজকে আবার হচ্ছে। ভবিষ্যতে আমি আর অ্যালাউ করব না। একটা ইস্যুকে বার বার অ্যালাউ করব না।

শ্রী সুরজিত শ্মরণ বাগচী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, ইতিপূর্বে বিধানসভার এই অধিবেশনে রাজ্যের প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষকদের অবসর গ্রহণের বিতর্কিত সিদ্ধান্তে শিক্ষকদের ন্যায়সংগত ক্ষোভ সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, আজ আবার করছি। আমরা দেখেছি ৫ই মে তারিখে কয়েক হাজার শিক্ষক এটা নিয়ে কলকাতায় বিক্ষোভ প্রদর্শন করেছেন। আজ ৭ই মে তারিখে আবার কয়েক হাজার শিক্ষক তাদের অর্জিত অধিকার রক্ষায় সুবোধ মল্লিক স্কোয়ার থেকে সিধু কানুহ ডহরে এসে আইন অমান্য করবেন। আগামীকাল ৮ই মে তারিখে আরও কয়েক হাজার শিক্ষক কাট অফ ইয়ারের বিরুদ্ধে প্রতিবাদ জানাতে অবস্থান, বিক্ষোভ, ধর্মঘট করবেন বলে মনস্থির করেছেন। আমি তাই মাননীয় শিক্ষামন্ত্রী এবং মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে, এই প্রশ্নটিকে মর্যাদার প্রশ্নে পরিণত না করে বিক্ষুব্ধ শিক্ষক প্রতিনিধিদের সাথে আলোচনার বাতাবরণ তৈরি করবার জন্য এবং শিক্ষকদের ন্যায়সংগত বিক্ষোভকে কিছুটা প্রশমিত করার পথ গ্রহণ করার জন্য আমি মাননীয় মন্ত্রীদ্বয়ের কাছে আবেদন জানাচ্ছি।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা অত্যন্ত বিচলিত। কারণ, আমরা দেখতে পাচ্ছি যে, আজকে বিচ্ছিন্নতাবাদ এবং সাম্প্রদায়িকতাবাদীরা বিদেশি মদতে সারা ভারতবর্ষে গন্ডগোল সৃষ্টি করার জন্য একটা চক্রান্ত করে চলেছে এবং তার জন্য ভারতবর্ষের প্রধানমন্ত্রী সমস্ত মুখ্যমন্ত্রীদের হুঁশিয়ারি দিয়েছেন। আমাদের বিধানসভা চলছে। আমাদের মুখ্যমন্ত্রীকে ভি.পি.সিং কি পত্র দিয়েছেন, তার ভিতরে কি আছে এবং কিভাবে এই চক্রান্ত চলেছে, কিভাবে সন্ত্রাসবাদী, বিচ্ছিন্নতাবাদীরা ভারতবর্ষের ক্ষতি করার চেষ্টা করছে সেটা আমাদের জানা দরকার এবং সেই চিঠি আমাদের হাউসে রাখা হোক। আমরা এই বিষয়ে আলোচনা করতে চাই। আমরা এটা জানতে চাই যে, ভি.পি.সিং যা বলেছেন সেটা ঠিক, না, এর পিছনে কোনও প্রচ্ছন্ন উদ্দেশ্য, চক্রান্ত আছে। সেই জন্য আমি আপনার মাধ্যমে মুখ্যমন্ত্রীকে বলব যে, হাউস চলাকালীন তিনি হাউসে একটা বিবৃতি দিন। তিনি এখানে বলুন যে, ভি.পি.সিং কি বলেছেন এবং চিঠির ভিতরে কি আছে এবং এ সম্বন্ধে কি কি বিষয়ে অ্যালার্ট হতে বলেছেন এবং কি কি অ্যাকশন নেবার জন্য বলেছেন। আপনি মুখ্যমন্ত্রীকে ডেকে পাঠান। তিনি চিঠিটি হাউসের সামনে রাখুন, আলোচনায় অংশ গ্রহণ করুন, আমাদের জবাব দিন। হাউস চলছে, সমস্ত মেম্বারদের ব্যাপারটি জানান। পশ্চিমবাংলার মানুষ জানুক ব্যাপারটা যে, সত্যিই কি হয়েছে। আপনি অনুগ্রহ করে মুখ্যমন্ত্রীকে হাউসে ডেকে একটা বিবৃতি দিতে বলুন এবং হাউসে চিঠিটি রাখতে বলুন। পশ্চিমবাংলার জনসাধারণের স্বার্থে, পশ্চিমবাংলার স্বার্থে সাধারণ মানুষের স্বার্থে আমরা এটা দেখতে চাই এবং আলোচনা করতে চাই।

[2-10—2-20 P.M.]

শ্রী রাজকুমার মন্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি

আপনার মাধ্যমে কেন্দ্রের মাননীয় রেলমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, হাওড়া স্টেশনে রেলওয়ে হকারদের উঁপর আর.পি.এফ বাহিনী অকথ্য অত্যাচার চালাচ্ছে। তারা হকারদের ধরছে, বেদম প্রহার করছে এবং তাদের জিনিসপত্র ও টাকাপয়সা উধাও করে দিচ্ছে। তাদের ২৪ ঘন্টা ধরে লক আপে রেখে দিচ্ছে। সেখানে জামিন চাইতে গেলে তাদের জামিন দিচ্ছে না, পরে তাদের কোর্টে পাঠিয়ে দিচ্ছে এবং সেখানে তাদের ২০০/২৫০ টাকা করে ফাইন করা হচ্ছে। স্যার, আপনি নিশ্চয় জানেন যে এই রেলওয়ে হকাররা বেশিরভাগই হচ্ছে বেকার যুবক। কোনও জায়গায় চাকরি না পেয়ে তারা এই হকারের কাজে নিযুক্ত হয়েছে। স্যার, আপনার মাধ্যমে কেন্দ্রীয় রেলমন্ত্রীর কাছে আমার আবেদন, অবিলম্বে হাওড়া স্টেশনে রেলওয়ে হকারদের উপর আর.পি.এফ বাহিনীর অত্যাচার বন্ধ করা হোক।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন যে খাদ্য দপ্তরের নিষ্ক্রিয়তার ফলে আজ পশ্চিমবঙ্গ কালোবাজারি এবং মুনাফাখোর, মজুতদারদের স্বর্গরাজ্যে পর্যবসিত হয়েছে। চাল, ডাল, চিনি, ভোজ্য তেল, কেরোসিন প্রভৃতি নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের এখানে ভয়াবহ কালোবাজারি দেখা দিয়েছে। অপর দিকে রেশন ব্যবস্থা সম্পূর্ণ বিপর্যান্ত। মাননীয় খাদ্য মন্ত্রী অস্বীকার করলেও আমরা দেখছি গত কয়েক মাস ধরে রেশনে কোনও দ্রব্য ঠিকমতো পাওয়া যাচ্ছে না অপর দিকে দেখছি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে লেভিমুক্ত চিনি বাজারে ছাড়া সত্ত্বেও চিনির দাম কমানোর ক্ষেত্রে বা নিয়ন্ত্রণ করার ক্ষেত্রে খাদ্য দপ্তর চূড়ান্তভাবে ব্যর্থ। বি.এস.এফ সূত্রের সংবাদ যে ভিন রাজ্য থেকে এ রাজ্যে গম, আটা, ময়দা, ভোজ্যতেল, কেরোসিন ইত্যাদি যা আসে তার বিরাট একটা অংশ বাংলাদেশের সীমান্ত দিয়ে পাচার হয়ে যাচ্ছে। এ ব্যাপারে রাজ্য সরকার কোনও স্টেপ নিচ্ছেন না। গতকাল এখানে কেন্দ্রীয় পেট্রোল ও রসায়ন মন্ত্রী মাননীয় মুখ্যমন্ত্রীর মুখের উপর বলে গেলেন যে কেন্দ্র ঠিকমতন কেরোসিন তেল সরবরাহ করছে কিন্তু রাজ্য সরকারের তাদের বন্টন ব্যবস্থার ক্ষেত্রে ত্রুটির জন্য বা গোলমালের জন্য এই সমস্যা দেখা দিয়েছে। মাননীয় মুখ্যমন্ত্রী এই অভিযোগের প্রতিবাদে কিছু বলতে পারেন নি। স্যার, এই অবস্থা চলেছে। একদিকে এই রাজ্যে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের কালোবাজারি চলছে অপর দিকে রেশন ব্যবস্থা বিপর্যস্ত। মাননীয় খাদ্যমন্ত্রীর এ ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করেও কোনও লাভ হয়নি, রাজ্যবাসী আজ সব দিক থেকে আর্টিস্ট হয়ে উঠেছেন। রাজ্য সরকার সব দেখেও এ ব্যাপারে নির্বাক দর্শকের ভূমিকা পালন করে চলেছেন। স্যার, অল্প কয়েকদিনের মধ্যে হাউস বন্ধ হয়ে যাবে তাই আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়ের কাছে আমার দাবি, মাননীয় মুখ্যমন্ত্রী এ ব্যাপারে অবিলম্বে হাউসে একটি বিবৃতি দিন।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা সংবাদপত্রে দেখলাম যে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় রামকৃষ্ণ মিশনের কার্যকলাপ সম্পর্কে প্রশংসা করেছেন। রামকৃষ্ণ মিশন সম্পর্কে কোনও বিতর্ক নেই, তারা আমাদের ভাল প্রতিষ্ঠানগুলির মধ্যে অন্যতম। সমাজসেবা এবং শিক্ষার ক্ষেত্রে তারা একটি বিরাট ভূমিকা পালন করে চলেছেন। এই প্রসঙ্গে আমি স্যার, আপনার মাধ্যমে ভারত সেবাশ্রম সংঘের কথাটা একটু বলতে চাই। তারাও সেবামূলক কাজের সঙ্গে জড়িত কিন্তু এই সেবামূলক কাজের অন্তরালে তারা একটি নির্দিষ্ট

নীতি নিয়ে কিছু কাজ করছে যেটা আমি উল্লেখ করতে চাই। পশ্চিমবঙ্গের বিশেষ করে সীমান্ত অঞ্চলে তারা যেভাবে একটার পর একটা হিন্দু মিলন মন্দির গড়ে তুলছে এবং তাতে যেভাবে প্ররোচনামূলক কাজ হচ্ছে তাতে সীমান্ত অঞ্চলে সাম্প্রদায়িক সম্প্রীতি বিঘ্নিত হচ্ছে। তার পাশাপাশি পাল্টা অন্য মৌলবাদী শক্তিগুলি মাথাচাড়া দিচ্ছে। আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আবেদন জানাব, সমাজসেবামূলক এই প্রতিষ্ঠান, তারা সেবার কাজ করছেন, তাদের শুধু বহিরাঙ্গটা না দেখে তারা যে কাজ করতে তৎপর সামাজিক শান্তি বিঘ্নিত করার জন্য, তারা যে প্রচেষ্টা চালাচ্ছে তার বিরুদ্ধে স্বরাষ্ট্র দপ্তরের নজর রাখা দরকার। তা না হলে যে কোনও একটা মারাত্মক অবস্থা তৈরি হতে পারে। কাজেই আমি আপনার মাধ্যমে এই বিষয়ে স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী অম্বিকা ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মিউনিসিপ্যাল মিনিস্টার এবং স্বাস্থ্য মন্ত্রীর একটা গুরুত্বপূর্ণ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করছি। হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনে যে মর্গ আছে তার পরিস্থিতি অত্যন্ত ভয়াবহ হয়ে উঠেছে। সেখানকার মানুষ আতঙ্কিত হয়ে পড়েছে। ৫০টির উপরে আনক্লেম বডি যা আজকে ৩/৪ মাস ধরে মর্গে পড়ে আছে। সেখানে সেই লাশগুলি গলে গিয়ে হাড় বেরিয়ে পড়েছে। সেগুলি বাইরের কুকুর, কাকে খাচ্ছে এবং বাইরে সেগুলি ছড়িয়ে পড়ছে। সেই মর্গের আশেপাশে সংলগ্ন জেলখানা রয়েছে। কাজেই কি ভয়ানক পরিস্থিতির মধ্যে তারা রয়েছে সেটা আপনি অনুমান করতে পারেন। মর্গের চারিপাশে ঘনবসতিপূর্ণ এলাকা। আমার কাছে খবর এসেছিল এবং আমি সেখানে গিয়ে দেখেছি। সেখানে এমন একটা পরিস্থিতির উদ্ভব হয়েছে যাতে তারা সেখানে টিকতে পারছে না। এই বিষয়ে জেলা শাসকের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে কিন্তু আজ পর্যন্ত কোনও ব্যবস্থা হয়নি। এমন কি ৫/৭ মাস আগেকার বডিও সেখানে পড়ে আছে। কাজেই ইমিডিয়েট যদি এগুলি সৎকার করা না হয় তাহলে চারিদিকে রোগ ছড়াবে এবং একটা মড়কের আকার ধারণ করতে পারে। কাজেই আমি এই বিষয়ে আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়-এর দৃষ্টি আকর্ষণ করছি যাতে অবিলম্বে ব্যবস্থা গ্রহণ করা হয়।

শ্রী শক্তিপ্রসাদ বল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং উচ্চশিক্ষা মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে। আপনি জানেন যে কলেজগুলিতে এখন দীর্ঘদিন ধরে স্থায়ী শিক্ষকের পদ একেবারে বন্ধ হয়ে গেছে। শুধু শিক্ষকের পদ বন্ধ হয়েছে তাই নয়, একটা অদ্ভুত সিস্টেম চালু হয়েছে। আমরা জানি যে ইন্ডাস্ট্রি কনস্ট্রাকশনের জন্য ক্যাজুয়াল প্রথা চালু ছিল। আজকাল কলেজগুলিতে ক্যাজুয়াল সিস্টেম এতে শিক্ষক নিয়োগ হচ্ছে। আজকে শিক্ষকদের বেতন মিনিমাম ৩ থেকে ৫ হাজার টাকা হয়েছে। সেখানে পার্ট টাইম শিক্ষক নিয়োগ করা হচ্ছে ১২৫ টাকা থেকে ১৫০ টাকায়। এটা একটা সাংঘাতিক ব্যাপার। ক্যালকাটা ইউনিভার্সিটির মতো জায়গায় এইরকম পার্ট টাইম শিক্ষক নিয়োগ করায় শিক্ষা জগতে একটা সাংঘাতিক নৈরাজ্য সৃষ্টি করেছে। ঠিকা প্রথায় শিক্ষক নিয়োগ শিক্ষা জগতে সাংঘাতিক ভাবে একটা নৈরাজ্যের সৃষ্টি করেছে। আমি উচ্চ শিক্ষা মন্ত্রীর এই বিষয়ে হস্তক্ষেপ দাবি করছি এবং অবিলম্বে কলেজগুলিতে স্থায়ী শিক্ষকের যে পদগুলি খালি আছে সেগুলি পূরণ করার জন্য ব্যবস্থা করুন। তা না হলে আগামীদিনে অত্যন্ত খারাপ অবস্থার সৃষ্টি হবে। এই কথা বলে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। একদিকে ক্রমবর্ধমান দ্রব্যমূল্য বৃদ্ধি, এবং তার উর্ধগতি, অপর দিকে রেশনের দোকান থেকে নিম্ন মানের চাল, গম সরবরাহ করা হচ্ছে যা সম্পূর্ণ ভাবে গুণগত মানের দিক থেকে অস্বাস্থ্যকর এবং খাবারের অযোগ্য। মানুষ আজকে অসহায় পরিস্থিতির কাছে আত্মসমর্পণ করেছে। তাদের প্রতিবাদ করার কোনও ভাষা নেই। আমি মুচি পাড়ার একটা রেশন দোকানের থেকে কিছু স্যাম্পেল নিয়ে এসেছি। তারা আতঙ্কিত হয়েছে যে এই চাল, গমের কথা যদি রিপোর্ট হয়ে যায় তাহলে পরবর্তীকালে হয়ত তার দোকানের লাইসেন্স বাতিল হয়ে যাবে। আমি আপনার কাছে সেটা উপস্থিত করব খাদ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করার জন্য। মানুষ আজকে সমস্ত পরিস্থিতির কাছে আত্ম সমর্পণ করেছে। তারা প্রতিবাদের জায়গা খুঁজে পাচ্ছে না যে কোথায় প্রতিবাদ করবে। খাদ্যমন্ত্রী বিবৃতি দিচ্ছেন এবং কালোবাজারি, মুনাফাখোরদের মোকাবিলা করতে সম্পূর্ণ ব্যর্থ হয়েছেন। এই পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে গেছে। আমি আপনার কাছে রেশনের দোকানে যে চাল, গম সরবরাহ করা হয়েছে তার বিস্তৃত বিবরণ উপস্থিত করতে চাই। রেশনের দোকানের নম্বর ইত্যাদি আমি আপনাকে দিতে দেব, আপনি এই বিষয়ে যথাযথ ব্যবস্থা নেবেন এই প্রতিশ্রুতি চাচ্ছি। এবং এইটুকু আবেদন করব মাননীয় খাদ্যমন্ত্রীর কাছে এইটুকু আবেদন করব, কারণ হাউস শেষ হয়ে যাচ্ছে, আমরা ন্যূনতম আর সমালোচনা করতে পারব না হাউসে এবং পরিস্থিতি সম্পূর্ণ ভাবে তাঁর নিয়ন্ত্রণের বাইরে চলে যাবার আগে তিনি যেন বিষয়টি হস্তক্ষেপ করেন।

[2-20—2-30 P.M.]

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি উত্তরবঙ্গের কিছু সমস্যা সম্পর্কে। আসামের ডিসটার্ববেন্সের ফলে রেল চলাচল ব্যাহত হয়েছে, ফলে উত্তরবঙ্গের রেশন দোকানগুলোতে নিত্য প্রয়োজনীয় দ্রব্যের অভাব দেখা দিয়েছে। বিশেষ করে আইয়োডিন যুক্ত লবন এর সমস্যা উত্তরবঙ্গের বিভিন্ন গ্রামাঞ্চলে দেখা দিয়েছে। ধুপগুড়ি, ময়নাগুড়ি, আলিপুরদুয়ার এই রকম বিভিন্ন জায়গায় চা বাগিচা অঞ্চল এবং ফরেস্ট ভিলেজগুলোতে আইয়োডিন যুক্ত লবন পাওয়া যাচ্ছে না। সুতরাং অবিলম্বে বর্ষা আসার আগে সেই সব অঞ্চলে নিত্য প্রয়োজনীয় দ্রব্য এবং আইয়োডিন যুক্ত লবন ব্যাপকভাবে যাতে উত্তরবঙ্গের মানুষ পায়, সেটা যেন দেখা হয়। বৃষ্টির আগে প্রত্যেকটি জেলায় প্রয়োজনীয় দ্রব্য সামগ্রী পাঠানোর দরকার আছে। আর মুখ্যমন্ত্রীর কাছে একটি আবেদন, আলিপুর দুয়ার জংশন থেকে দ্রুতগামী রেল চলাচল করানোর জন্য যেন তিনি ব্যবস্থা গ্রহণ করেন।

শ্রী অশোক ঘোষ ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গতকাল হাওড়া কর্পোরেশনের ২৯ নং ওয়ার্ডে নির্বাচন হয়ে গেল। এই উপলক্ষে আপনি লক্ষ করেছেন সেই ওয়ার্ডে যে ধরনের বোমা বাজি হয়েছে বি.জে.পি. এবং সি.পি.এম এর মধ্যে যার ফলে সাধারণ মানুষ সেখানে ভোট দিতে যেতে পারেনি, মাত্র ৩৪ পারসেন্ট ভোট সেখানে পোলড হয়েছে। হাওড়ার একটা ওয়ার্ডে নির্বাচন হচ্ছে, ওখানে পুলিশ অ্যাডমিনিস্ট্রেশন সাধারণ মানুষ যাতে ভোট দিতে পারে,

তার জন্য নিরাপত্তা দিতে পারল না। এই ওয়ার্ডের নির্বাচনে কংগ্রেস কোনওদিন হারে নি এমন কি ১৯৬৭ সালে নির্বাচনেও হারে নি। গত নির্বাচনে দু' হাজার ভোটে জিতেছিল কংগ্রেস। গতকাল মানুষ সেখানে ভোট দিতে যেতে পারেনি কারণ পুলিশ ফেল করেছে। সুতরাং ২৭ তারিখে যে পৌর নির্বাচন আছে এবং ১৭ই জুন কলকাতা কর্পোরেশনের নির্বাচনে পুলিশ যদি এই ভূমিকা নেয়, তাহলে নির্বাচনটা প্রহসনে পরিণত হবে. সেই জন্য আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি, এইভাবে ভোট করবেন না, তার চেয়ে বরং ভোট বন্ধ করে দিন। সাধারণ মানুষকে বলবেন ভোট দিতে আসতে, আর বি.জে.পি. বোমাবাজি করবে, সি.পি.এম. বোমাবাজি করবে আর.এস.পি. বোমাবাজি করবে। এটা চলতে পারে না। গতকাল যাদের অ্যারেস্ট করা হয়েছিল, সি.পি.এম. এর ছেলেদের ছেড়ে দেওয়া হয়েছে, আর.এস.পি.'র ছেলেদের ছেড়ে দেওয়া হয়েছে, বি.জে.পি.'র কয়েকজন এখনও আটক আছে। বি.জে.পি. এবং সি.পি.এম. পরিকল্পনা মাফিক নির্বাচনটাকে প্রহসনে পরিণত করল। আমরা জানি না কি রেজাল্ট হবে, আজকে গণনা হচ্ছে। সেখানে মাত্র ৩৪% মানুষ ভোট দেবার সুযোগ পেয়েছেন। এর থেকেই বোঝা যাচ্ছে যে, সেখানে কি ধরনের সন্ত্রাস কায়েম করা হয়েছিল। এই হচ্ছে একটা উপনির্বাচনের চিত্র। নির্বাচনের নামে প্রহসন হচ্ছে। ইতিপূর্বে আমরা বিগত লোকসভা নির্বাচনের সময়েও এই জিনিস দেখেছি। প্রাক্তন কেন্দ্রীয় মন্ত্রী প্রিয়রঞ্জন দাস মুন্সির নির্বাচনে বোমাবাজি করা হয়েছিল, সন্ত্রাস কায়েম করা হয়েছিল এবং সে সময়ও নির্বাচন প্রহসনে পরিণত হয়েছিল। তাই আমি পুলিশমন্ত্রীকে অনুরোধ করছি, প্রশাসনিক সাহায্যে নির্বাচন বার বার প্রহসনে পরিণত করবেন না।

শ্রী নটবর বাগদী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি জরুরি বিষয়ের প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের বিভিন্ন মফস্বল জেলাগুলিতে বর্তমানে অ্যান্টি-র‍্যাবিস ইঞ্জেকশন একদম পাওয়া যাচ্ছে না। আবার কলকাতার পাস্তুর ইন্সটিটিউট থেকে ঐ ওষুধের ফুল কোর্স দেওয়া হচ্ছে না, অর্ধেক কোর্স পাঠিয়ে দেওয়া হচ্ছে এবং যেটুকু যাচ্ছে সেটুকুও রাখার উপযুক্ত ব্যবস্থা না থাকার জন্য নস্ট হয়ে যাচ্ছে। ফলে আমাদের পুরুলিয়া জেলার এবং উত্তরবঙ্গের বেশ কিছু জেলার কুকুরে কামড়ানো রুগিরা ওষুধ পাচ্ছে না, তাদের চিকিৎসা হচ্ছে না। তাই আমি আপনার মাধ্যমে বিষয়টির প্রতি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। তিনি অবিলম্বে দূরের—মফস্বলের—জেলাগুলিতে অ্যান্টি-র‍্যাবিস ভ্যাকসিন পর্যাপ্ত পরিমাণে পাঠাবার ব্যবস্থা করুন।

শ্রী সৌগত রায় : স্যার, এই বিধানসভায় এর আগে দূরদর্শনের সেকেন্ড চ্যানেল চাই, দূরদর্শনের প্রোগ্রামে রাজীব দর্শন হচ্ছে ইত্যাদি কথা বলে শাসক দলের সদস্যারা অনেক অভিযোগ করেছেন। আমরা সেগুলি শুনেছি। আজকে কেন্দ্রে শাসক দলের বন্ধু সরকারের আমলে দূরদর্শনে কি অবস্থা হয়ে দাঁড়িয়েছে সে ব্যাপারে আমি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সেদিন আমাদের তথ্য মন্ত্রী বুদ্ধদেববাবু বলেছেন যে, তিনি দূরদর্শন এবং এ আই আর-এর নিউজ-সংশ্লিষ্ট মাঝে মাঝে চেয়ে পাঠান। আমি আশা করব তিনি আবার চেয়ে পাঠাবেন এবং বিষয়টির প্রতি কেন্দ্রীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করবেন। স্যার, কলকাতা দূরদর্শন কেন্দ্রের যিনি সব চেয়ে পুরনো সংবাদ-পাঠিকা, শ্রীমতী ছন্দা সেন—যে ঐতিহাসিক দিনে, বিধানসভার ইতিহাসে প্রথম যেদিন বিধানসভার অধিবেশন লাইভ টেলিকাস্ট হয়েছে সেদিন

যিনি কমেনট্রিতে ছিলেন—তাঁকে নিউজ পাঠ থেকে বাদ দেওয়া হয়েছে। তাঁর সঙ্গে ওখানে একজন অফিসার, নিউজ এডিটরের মতের মিল হচ্ছে না বলেই নাকি তাঁকে বাদ দেওয়া হচ্ছে। দীর্ঘ দিনের একজন অভিজ্ঞ সংবাদ-পাঠিকাকে বাদ দেওয়া হচ্ছে। এ নিয়ে সংবাদপত্রেও লেখা হয়েছে। তারপর আমরা লক্ষ করছি যে, অধিকাংশ দিনই কলকাতা দূরদর্শনের দ্বারা পশ্চিমবঙ্গ বিধানসভার প্রোসিডিংস ঠিকভাবে রিফ্লেকটেড হয় না। অথচ কলকাতা দূরদর্শনের স্থানীয় সংবাদে পশ্চিমবঙ্গ বিধানসভার প্রোসিডিংস রিফ্লেকটেড হওয়া উচিত। আমি উদাহরণ হিসাবে এখানে উল্লেখ করতে পারি যে, যেদিন মুখ্যমন্ত্রী হাউসে হলদিয়ার ব্যাপারে অ্যানাউন্সমেন্ট করলেন—খুবই গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ঘোষণা করলেন—সেদিন দূরদর্শনের নিউজ বুলেটিনে সেটা ব্রডকাস্ট করা হয় নি। তারপর ধরুন যে দিন নতুন মন্ত্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র শপথ নিলেন, সেদিন সেটাও দূরদর্শনের নিউজ বুলেটিনে কভার করা হ'ল না। আবার আপনি স্যার, এই বিধানসভার ভেতরে ক্যামেরা অ্যালাউ করেছেন, অথচ যেদিন আমাদের এখানে পুলিশ বাজেট ছিল, যেটা সব চেয়ে গুরুত্বপূর্ণ আলোচনার দিন, সেদিন বিধানসভার ভেতরে এসে তাঁরা ছবি নিলেন না।

মিঃ স্পিকার ঃ আমি সেদিন অ্যালাউ করি নি, আমি অ্যালাউ করেছিলাম শুধু বাজেট পেশের দিন।

শ্রী সৌগত রায় ঃ স্যার, এই কক্ষের বাইরে বিধানসভায় যে ঘটনাগুলি ঘটে সেগুলিও তাঁরা কভার করেন না। আমরা সেদিন রামকৃষ্ণ মিশন সেবা-প্রতিষ্ঠান নিয়ে মুখ্যমন্ত্রীর ঘরে অবস্থান করলাম, সেটা বিধানসভার কক্ষের মধ্যে নয়, সেটা তাঁরা কভার করতে পারতেন। আবার আগামী ১০ তারিখ আপনি ফাউন্ডেশন স্টোন লেয়িং প্রোগ্রাম এবং নতুন কক্ষের উদ্বোধন করবেন, আমার মনে হয় সে সময়ে যদি ঠিকভাবে দূরদর্শন কভার না করে, তাহলে বিধানসভার কোনও কিছুই কভার করা হবে না। দূরদর্শনে স্বশাসন চালু হতে চলেছে। কিন্তু স্বশাসন মানে কি? দু' একজন নিউজ এডিটর বা ব্যুরোক্রাটের স্বশাসন চালু হবে। আমরা সব সময় ফেয়ার এবং অবজেকটিভ নিউজ কভারেজ চাই। গুরুত্বপূর্ণ বিষয়গুলির কভারেজ অবশ্যই দিতে হবে। দিল্লি থেকে যেভাবে কভারেজ দেওয়া হয় সেইভাবে পশ্চিমবাংলা বিধানসভার প্রোসিডিংস যাতে দূরদর্শনের মাধ্যমে প্রচার করা হয় তার জন্য বিষয়টির প্রতি এই সভার আপনার মাধ্যমে দৃষ্টি আকর্ষণ করছি। দিল্লি থেকে যেভাবে সদস্যদের নাম করে প্রচার করা হয় সেইভাবে প্রচার করার ওপর আমি জোর দিচ্ছি এবং শ্রীমতী ছন্দা সেনকে দূরদর্শনের নিউজ রিডারের কাজ থেকে বাদ দেওয়ার ঘটনার তীব্র প্রতিবাদ করছি।

[2-30—2-40 P.M.]

শ্রী নিতাইচরণ আদক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগে আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম এবং আজও পুনরায় সেই একই বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। গ্রামাঞ্চলে যে সমস্ত পি.ডব্লু.ডি-র রাস্তা আছে, যেমন, বাগনান ও.টি.আর রোড, বাগনান বাইনান গাইঘাটা রোড, বাগনান মানকুর বাকসী রোড, বাগনান আমতা রোড এবং বাগনান শ্যামপুর রোড, এই সমস্ত রাস্তার উপর জোর করে বে-আইনিভাবে দখল করে লোকেরা বাড়ি ঘর করেছে।

এরফলে রাস্তা দিয়ে চলা অসম্ভব হয়ে উঠেছে। যে সমস্ত গাছপালাগুলি লাগানো হয়েছিল সেই সমস্ত গাছপালাগুলি কেটে বাড়ি ঘর বানাচ্ছে, রাস্তা দখল করে নিচ্ছে। এই সমস্ত বিষয়ের প্রতি আমি এর আগেও মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, এবারও করছি। এলাকায় ডিপার্টমেন্টের যাঁরা আছেন তাঁদের বহুবার বলা হয়েছে, কিন্তু তাঁরা কোনও ব্যবস্থা নেননি। এই সমস্ত জায়গা বে-আইনিভাবে দখল করে ৮।১০ হাজার টাকায় বিক্রি করছে। এর ফলে রাস্তায় একসিডেন্ট হচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, এই সমস্ত বাড়ি ঘর যাতে মানুষেরা না বানাতে পারে সেইদিকে দৃষ্টি দিতে হবে আর যারা বাড়ি ঘর বানিয়েছে তা সমস্ত ভেঙে দিতে হবে, রাস্তা পরিষ্কার রাখতে হবে এবং গাছ যারা কাটছে তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিতে হবে। বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে আমি মনে করছি। মাননীয় মন্ত্রী মহাশয় এই বিষয়টির প্রতি বিশেষভাবে নজর দেবেন বলে আমি আশা করছি।

ডাঃ সুদীপ্ত রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে অত্যন্ত গুরুত্বপূর্ণ একটি বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। পশ্চিমবঙ্গের নির্বাচনগুলি যে প্রহসনে পরিণত হয়েছে—গতকাল হাওড়ার ২৯ নং ওয়ার্ডে যে বাই-ইলেকশন হয়ে গেল সেখানেই আর-একবার প্রমাণ পেলাম। এই ২০ নং ওয়ার্ডে স্বাধীনতার পর থেকে কংগ্রেস কোনওদিন হারেনি, সব সময় কংগ্রেস জিতেছে। গতকাল দেখলাম সকাল থেকে শয়ে শয়ে সি.পি.এমের কমরেড বাহিনী বুথগুলি দখল করে নিল, সাধারণ মানুষ বাড়ি থেকে বের হতে পারে নি। এবারে আবার নতুন উপদ্রব দেখলাম, সি.পি.এম ছাড়াও বি.জে.পি নামে আর একটি দল সেখানে সন্ত্রাস সৃষ্টি করতে আরম্ভ করে দিল। তাসত্ত্বেও ১১টার পর থেকে সাধারণ মানুষ কিছু ভোট দিতে আরম্ভ করলেন। তখন দেখতে পেলাম ব্যাপকভাবে সেখানে বোমাবাজি শুরু হয়ে গেল এবং এর ফলে মানুষকে আবার ঘরে ঢুকিয়ে দেওয়া হল। আমি আপনার মাধ্যমে আবেদন করছি, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ঘটনা। কারণ আগামী ২৭মে পশ্চিমবাংলার বিভিন্ন মিউনিসিপ্যালিটিগুলিতে যে নির্বাচন হবে এবং ১৭ জুন ক্যালকাটা কর্পোরেশনের যে নির্বাচন হবে সেখানে একই ঘটনার পুনরাবৃত্তি ঘটবে। তাই আমি আবেদন করব, মানুষকে ভোট দিতে দিন, ভোট দেবার তাদের নৈতিক দায়িত্ব, এইভাবে গণতন্ত্রকে হত্যা করবেন না। মানুষের যে গণতান্ত্রিক অধিকার সেই অধিকারকে নষ্ট করে দিয়েছে সি.পি.এমের এই ক্যাডার বাহিনী আর বি.জে.পি-র এই সন্ত্রাস বাহিনী। এরাই গণতান্ত্রিক আবহাওয়াকে নস্ট করে দিচ্ছে। সুতরাং পশ্চিমবঙ্গকে রুমানিয়া হতে দেবেন না, ভোট দেবার অধিকারকে নস্ট করতে দেবেন না। আগামী ১৭ জুন কলকাতা কর্পোরেশনের যে নির্বাচন হবে সেই নির্বাচনে যাতে সাধারণ মানুষ ভোট দিতে পারেন তার ব্যবস্থা করুন।

শ্রী শান্তিরঞ্জন গাঙ্গুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। কলকাতায় প্রায় ৫ হাজার রেশন শপ সরকার কর্তৃক স্বীকৃত রয়েছে। কিন্তু সরকারের যে ন্যূনতম মাহিনা কর্মচারিদের জন্য ধার্য করা আছে সেই ন্যূনতম মাহিনাও এই সমস্ত রেশন শপের মালিকরা তাদের কর্মচারিদের দেয়না। বেশিরভাগ কর্মচারীকে ১০।১১ টাকার বেশি রোজ দেয় না। এমন কি সপ্তাহে যে একদিন ছুটি থাকে সেই ছুটির দিনের মাহিনাও কেটে দেয়। কলকাতায় ৫ হাজার এবং রুর‍্যাল বা মিউনিসিপ্যালিটিগুলিতে

আরও ১৫ হাজার শপ আছে। এই ১৫ আর ৫ এ ২০ হাজার শপের ৪০ হাজার কর্মচারী না খেয়ে দিন কাটাচ্ছে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে এই রেশন শপের কর্মচারিদের শপ অ্যান্ড এস্টাবলিশমেন্ট অ্যাক্ট অনুসারে ন্যুনতম মাইনে দিতে বাধ্য করা হোক। তা না হলে এই ৪০ হাজার মানুষ আবার বেকার হবে। এদের অবস্থা অত্যন্ত সঙ্গীন হয়ে উঠবে। তাই আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রম মন্ত্রীকে অনুরোধ করছি শপ অ্যান্ড এস্টাবলিশমেন্ট অ্যাক্ট আইন অনুসারে তিনি তাদের মাইনে দিতে বাধ্য করুন।

শ্রী অমর ব্যানার্জিঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। লেবার বাজেটের দিন একটি দুঃখজনক ঘটনার জন্য বলা হয় নি। আমার বক্তব্যের পয়েন্ট হল আমার এলাকায় লুডলো জুট মিল—পশ্চিমবঙ্গের অন্য কয়েকটি জুট মিলের মতো, যেমন গোন্দল পাড়া, ভদ্রেশ্বর—মালিকরা মিল কম্পাউন্ডের ভিতরে কন্ট্রাকটর বেসিসে একটা করে ছোট ছোট ইউনিট চালাচ্ছে। সেই ইউনিটগুলির জন্য তারা মিলের মেন স্ট্রিম থেকে র মেটিরিয়েলস তারপর রং সব নিয়ে জুট কারপেট তৈরি করছে। করুক, তাতে আমাদের কোনও আপত্তি নেই, কিন্তু প্রশ্ন হচ্ছে মেন স্ট্রিমের সমস্ত মেটিরিয়েলস ব্যবহার করবে কিন্তু শ্রমিকদের প্রচন্ডভাবে প্রেরণ করবে? যেখানে আজকে জুট মিলের মজুরি হচ্ছে ৫৫.৮৬ পয়সা, সেখানে কন্ট্রাকটর লেবারের মাধ্যমে সেই সময়কার শ্রমিকদের ১২ টাকা, সাড়ে ১২ টাকা বড় জোর ১৩ টাকায় ১০ থেকে ১২ ঘন্টা লেবারদের পরিশ্রম করতে হচ্ছে। এইরকম সামান্য টাকা তাদের পেমেন্ট করা হচ্ছে। স্যার, সমস্ত ইউনিয়নের মধ্যে সরকারি ইউনিয়ন সিটু সবচেয়ে বড় ইউনিয়ন, তারা মালিকদের সঙ্গে সহযোগিতা করে শ্রমিকদের দাস সুলভ পরিশ্রম করাচ্ছেন। এটাতে শুধু শ্রমিকদের বঞ্চনা করা হচ্ছে না, এতে সরকারকেও বঞ্চনা করা হচ্ছে। সরকারকে ঠকানো হচ্ছে। মেন স্ট্রিমের যে প্রফিট হচ্ছে সেটাকে কন্ট্রাকটার লেবার ইউনিয়নের মধ্যে ঢুকিয়ে ইনকাম ট্যাক্স ফাঁকি দেওয়া হচ্ছে। এ বিষয়ে সরকারকে সচেতন হতে হবে। ছোট জুটমিলগুলিকে শেষ করার জন্য বড় জুট মিলগুলি ইউনাইটেড হয়েছে এবং সমস্ত বড় জুট মিলের কমপাউন্ড, প্রেমিসেসের ভিতরে এইরকম কন্ট্রাক্ট বেসিসে ছোট ছোট ইউনিট তৈরি হচ্ছে এবং এমন করা হচ্ছে তাতে শ্রমিকরা লড়াই করার মানসিকতা হারিয়ে ফেলছে। মাননীয় শ্রম মন্ত্রীকে জানাই যে, সমান মজুরি দিয়ে ১০ থেকে ১২ ঘন্টা পরিশ্রম করানো হচ্ছে এবং মালিকরা ঐ ইউনিটের নামে মুনাফা লোটবার চেষ্টা করছে। সেজন্য আমি সরকারকে সচেতন হবার জন্য আবেদন জানাচ্ছি।

মিঃ স্পিকারঃ মিঃ সুহৃদ বসুমল্লিক, আপনার মেনশন হবে না। আপনি বলেছেন মেনসন ক্রাইসিস অফ লেফট ফ্রন্ট গভর্নমেন্ট, এর মানে কি? নট অ্যালাউড ঃ

ZERO HOUR

[2-40—2-10 P.M.]

শ্রী অশোক ঘোষঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি গুরুত্বপূর্ণ

বিষয়ে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল, ১৪টি নিত্যপ্রয়োজনীয় জিনিসের দাম যেভাবে উর্দ্ধমুখি হচ্ছে তাতে মানুষ আতঙ্কিত। এর উপর ১লা মে, যে দিনটিকে আমরা শ্রমিক দিবস হিসাবে পালন করছিলাম উৎসাহ-উদ্দীপনার সঙ্গে, ঠিক সেই মুহূর্তে পশ্চিমবঙ্গ সরকার ১লা মে থেকে গমের দাম কিলোপ্রতি ৩৩ পয়সা বাড়িয়ে দিলেন। এতটা দাম বাড়ানোর দৃষ্টান্ত অতীতে কোনও দিন ঘটেনি। দাম তো বাড়িয়েছেনই, তার উপর প্রতিটি রেশনের দোকান থেকে নিকৃষ্ট ধরনের গম ও চাল দেওয়া হচ্ছে। দেখা যাচ্ছে, পশ্চিমবঙ্গে রেশনিং ব্যবস্থা ভেঙ্গে পড়েছে, অথচ খাদ্যমন্ত্রী বলছেন যে, আই.এন.টি.ইউ.সি. কর্মচারিদের ধর্মঘটের ফলে এফ.সি.আই.-এর গুদাম থেকে সাপ্লাই করা যাচ্ছে না। কিন্তু আজকের সংবাদপত্রে আই.এন.টি.ইউ.সির সভাপতি বলেছেন যে, তাঁরা ধর্মঘট করছেন না। কাজেই মিথ্যা, অসত্য বিবৃতি দিয়ে তিনি এই হাউসকে বিভ্রান্ত করেছেন, পশ্চিমবাংলার মানুষকে বিভ্রান্ত করেছেন। খাদ্যমন্ত্রীকে বলছি, কেন্দ্রে যে মুহূর্তে আপনাদের বন্ধু সরকার বসেছেন সেই মুহূর্ত থেকে আপনারা তাদের অকসিজেনের কাজ করছেন, কারণ একদিকে সি.পি.এম. এবং বি.জে.পি-র অক্সিজেন ও স্যালাইন নিয়ে ঐ বন্ধু সরকার চলছে। যেখানে জনবিরোধী বন্ধু সরকারের জন্য নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে, মানুষজন সেসব যখন কিনতে পারছেন না, তখন প্রতি কেজি গমের দাম ৩৩ পয়সা বাড়িয়ে দিলেন! কাজেই আমি খাদ্যমন্ত্রীর বিবৃতি দাবি করছি। এইজন্য দাবি করছি, তিনি অসত্য বিবৃতি বিধানসভায় দিয়েছেন যে, আই.এন.টি.ইউ.সির ধর্মঘটের ফলে খাদ্য সামগ্রী রেশনের দোকানগুলিতে সাপ্লাই দিতে পারছেন না, অথচ আই.এন.টি.ইউ.সির সভাপতি বলছেন যে, ধর্মঘট হয়নি। এই অবস্থায় রেশনিং ব্যবস্থা বিপর্যস্ত হয়েছে কেন, নিকৃষ্ট ধরনের চা ও গম রেশন দোকানগুলির মাধ্যমে দেওয়া হচ্ছে কেন, সেটা জানাতে আমি খাদ্যমন্ত্রীর কাছে বিবৃতি দাবি করছি।

শ্রী নির্মল দাস ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় বনমন্ত্রী এবং সাথে সাথে বিদ্যুৎ মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। সম্প্রতি ২৩শে এপ্রিল আলিপুরদুয়ার মহকুমার চিলাপাতা ডিভিসনে চিলাপাতা রেঞ্জে ৬৪ হাজার ভোল্টের বিদ্যুৎবাহী তার লেগে একটি বুনো হাতী মারা গেছে। সেখানে বিদ্যুতের যে তার গেছে সেটা বনের উপর দিয়ে গেছে। ঐ বিদ্যুতের তার যখন বসানো হয়েছিল তখন বুনো হাতী কর্মচারিদের তাড়া করেছিল এবং সেইজন্য তারা ঐ জায়গায় বিদ্যুতের তারগুলি নিচু করে টাঙিয়ে চলে যান যার ফলে গত ২৩শে এপ্রিল ঐ বুনো হাতীটি শুঁড় দিয়ে ছোঁয়ার সঙ্গে সঙ্গে মারা যায়। গতকাল পর্যন্ত খবর, সেই তার উঁচু করবার ব্যবস্থা আজ পর্যন্ত নেওয়া হয়নি। আমার আশঙ্কা, যদি ঐ তার অবিলম্বে উঁচু করা না হয় তাহলে অনেক বুনো হাতী মারা যাবে। বন দপ্তর এবং পরিবেশ দপ্তর যখন বুনো হাতী রক্ষার চেষ্টা করছেন তখন বুনো হাতী এইভাবে মারা যাবে ঐ জায়গায় সিকিউরিটি ফোর্স থাকা সত্ত্বেও চোরেরা ঐ হাতীটির একটি দাঁত কেটে নিয়ে যায় যার মূল্য ১০ হাজার টাকা হবে। আর একটি দাঁত এখনও পর্যন্ত আছে বলে জানি, তবে এখন সেটার কি হয়েছে জানা নেই। আমার দাবি, অবিলম্বে সেই ইলেকট্রিক তার যেটি ৬৪ হাজার ভোল্টের সেটা উঁচু করবার ব্যবস্থা করা হোক এবং যে সমস্ত দুর্নীতিগ্রস্ত কর্মচারী ঐ ব্যাপারে যুক্ত আছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হোক। এমনিতেই হাতীর সংখ্যা কমে যাচ্ছে, কাজেই আর যাতে হাতী মারা না পড়ে তার জন্য বন এবং বিদ্যুৎ দপ্তর যুক্তভাবে

ব্যবস্থা নেবেন, এই বলে বক্তব্য শেষ করছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আজকে একটি গুরুত্বপূর্ণ বিষয়ে এই হাউসের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, আজকে কলকাতার এসপ্লানেড ইস্টে স্কুল শিক্ষকরা আইন অমান্য করছেন। তাঁদের ৬৫ বছর চাকরি করার দীর্ঘদিনের যে অর্জিত অধিকার তা এই সরকার ছিনিয়ে নিয়ে ৬০ বছর করছেন, এই অর্জিত অধিকারকে ছিনিয়ে নেবার বিরুদ্ধে আজকে তাঁরা আইন অমান্য করছেন। এই আইন অমান্যে সি.পি.আই., আর.এস.পি. এবং ফরোয়ার্ড ব্লকের সংগঠনগুলো আছে। তাঁরা আজকে প্রকাশ্যে প্রতিবাদ জানাচ্ছেন। সি.পি.আই., ফরোয়ার্ড ব্লক'এর সংগঠনগুলোও এই আইন অমান্য আন্দোলনের সমর্থন জানাবার জন্য উপস্থিত হবেন। সংবাদপত্রে এঁদের সমর্থনের ব্যাপারে হেড লাইনে প্রকাশিত হয়েছে। পশ্চিমবাংলার শিক্ষক সমাজকে বিক্ষুদ্ধ করে শিক্ষার অগ্রগতি কখনও হতে পারে না। আজকে আমরা জানি এই আইন অমান্যে এ.বি.টি.এ.'র বহু শিক্ষক সামিল হচ্ছেন। এ.বি.টি.এ.'র শিক্ষকরা যেহেতু সরাসরি সামনে আসতে পারছেন না তাই তাঁরা অন্যভাবে সমর্থন জানাচ্ছেন। এই অবস্থায় আমি সরকারের কাছে প্রস্তাব দিতে চাইছি, সরকার যেখানে বলেন যে রাইটার্স বিল্ডিংস থেকে প্রশাসন পরিচালনা করেন না, শিক্ষকদের সঙ্গে আলোচনায় বসে তাঁদের মতামত নিয়ে নীতি নির্ধারণ করেন, তাহলে এই ক্ষেত্রে, শিক্ষকদের ক্ষেত্রে কেন তার ব্যতিক্রম হবে? আজকে সমগ্র পশ্চিমবঙ্গের শিক্ষক সমাজ যেভাবে প্রতিবাদে সামিল হচ্ছেন, এই অবস্থাতে তাঁদের মতামতকে উপেক্ষা করে সরকার কেন এটাকে প্রেস্টিজ ইস্যু করছেন? পশ্চিমবঙ্গের শিক্ষক সংগঠনগুলির মতামতের ভিত্তিতে, গণতান্ত্রিক রীতিনীতির ভিত্তিতে সরকার তাঁদের সিদ্ধান্তকে পুনর্বিবেচনা করুন—আমি সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের কাছে এই দাবি জানাচ্ছি।

শ্রী গৌরহরি আদক ঃ মাননীয় স্পিকার মহোদয়, আমি একটি মর্মান্তিক এবং দুঃখপূর্ণ ঘটনার কথা আপনার মাধ্যমে স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করে বলছি। গত ৪ তারিখে শেখ ওসমান আলি নামে একজন দুস্থ মুসলমানকে ডাকাতি করে সন্দেহে থানার হাজিরা দেবার নাম করে শ্যামপুকুর থানার ও.সি. অ্যারেস্ট করেছে এবং অ্যারেস্ট করার পর ঐ রাত্রিতে তাকে ভীষণ মারপিঠ করা হয়। সারারাত্রি অত্যাচারের মধ্যে কাটানোর পর ৫ তারিখে আবার মারধোর করা হয় এবং জঘন্য ভাবে অত্যাচার করা হয়। ৫ তারিখে তাকে নিয়ে বিভিন্ন জায়গায় গিয়ে রেড করা হয়, কিন্তু কিছুই পাওয়া যায়। রাত্রিতে তাকে আবার প্রচন্ডভাবে মারধোর করার ফলে অজ্ঞান হয়ে পড়ে। তারপর তাকে কমলপুর হাসপাতালে নিয়ে যাওয়া হয়, কিন্তু ওসমান আলি মারা যায়। সে মারা যাবার পর দোষটা এড়াবার জন্য ভোর সাড়ে চারটায় উলুবেড়িয়ায় গিয়ে পৌছান। সাড়ে ৪ ঘন্টা পরে উলুবেড়িয়াতে পৌছলে পরে ডাক্তার তাকে পরীক্ষা করে বললেন যে ব্রট ডেথ। এটা ব্রট ডেথ হিসাবে চিহ্নিত করে ওখানে পড়ে আছে। আজকে তার পোস্টমর্টেম করা হবে। আমি সি আই এবং এস ডি পি ওর সঙ্গে শনিবার থানায় বসে আলোচনা করেছিলাম। শুক্রবার ভোর রাতে মারা গেল তার বাড়িতে কোনও খবর দেওয়া হয় নি। ও.সি. কারচুপি করে এই সব কাজ করেছেন। সি আই এবং এস ডি পি ও ওখানে গিয়েছিলেন। আমরা সেখানে গিয়ে দেখলাম যে, বাড়ির লোকেরা এসে কান্নার রোল তুলেছে। বাড়ির প্রত্যেকে ছেলে, মেয়ে, বৌ ওখানে এসে পৌছেছিল। ওই

ও.সির দোষে এই ঘটনা ঘটল। ওই ও.সি.র নামও আমি জানাচ্ছি—তার নাম হচ্ছে বিষ্ণুপদ মাইতি। অবিলম্বে উলুবেড়িয়ার ওই ও.সিকে সাসপেন্ড করা হোক।

[2-50—3-00 P.M.]

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, বিচারকরা আজ বিচারের দাবিতে সিটি সিভিল কোর্টে ধর্মঘট করছেন। সারা পশ্চিমবঙ্গে সমস্ত বিচারকরা প্রশাসনের জন্য ধর্মঘট করছেন। ইতিহাসে এই প্রথম সারা পশ্চিমবঙ্গের জাজরা আদালত চত্বরে প্রশাসনের দাবিতে ধর্মঘট করছেন। এই জিনিস কোনওদিনই হয় নি। আজকে বামফ্রন্ট সরকারের আমলে এই প্রথম ঘটল যে বিচারকরা ধর্মঘট করলেন। একদিন পিছিয়ে যাওয়া মানে হাজার হাজার মামলা পিছিয়ে গেল। ৬ মাস পিছিয়ে যাওয়া মানে লিটিগান্ট পাবলিকরা বিচার পাবে না। আমি আপনার মাধ্যমে অনুরোধ করব মাননীয় মন্ত্রীকে তিনি যাতে ওখানে গিয়ে তাদের দাবি-দাওয়া একটু সহানুভূতির সঙ্গে শুনুন। কিছুদিন আগে মাননীয় মন্ত্রী কায়ুম সাহেব বললেন যে তাদের দাবি দাওয়া সম্বন্ধে আলোচনা করা হয়েছে এবং ডেফার্ড হয়ে গেছে। কিন্তু আজকে দেখলাম তাদের প্রস্তাবিত যে ৭ তারিখে ধর্মঘট করার কথা ছিল তার কোনও পরিবর্তন হয় নি। এটা একটা প্রেস্টিজ ইস্যু না করে মাননীয় মন্ত্রী এই ব্যাপারটা সহানুভূতির সঙ্গে বিষয়টা দেখুন।

শ্রী অমর ব্যানার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটি নীতিগত প্রশ্ন সারা পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের কাছে রাখতে চাই। বামফ্রন্ট সরকার পশ্চিমবঙ্গে শাসন চালাচ্ছে। বামপন্থী দল মিলিতভাবে সরকার চালাচ্ছে। একই নীতিতে অবিচলিত থাকবে, একই পথে প্রচারে থাকবেন, একই পদ্ধতিতে অবিচল থাকবেন। কিন্তু প্রশ্ন হচ্ছে বামফ্রন্টের জন্য শরিক নেতারা বলেছেন যে বামফ্রন্টের সি পি এম পার্টি রিগিং ছাড়া জিতে আসতে পারেনা। সি পি এমের আরেক শরিক দল বলেছে যে, সরকারের যে ঘোষিত নীতি তার বিরুদ্ধে আইন অমান্য করবে। আজকে বামফ্রন্ট সরকারের বিভিন্ন শরিকদল বিভিন্ন রকম কথা বলছেন। আজকে সি পি আই আইন অমান্য করছেন। আর এস পি আগামী দিনে আইন অমান্য করবে। সরকারের একটি ঘোষিত নীতি তার বিরুদ্ধে আইন অমান্য আন্দোলন করবেন। ফরোয়ার্ড ব্লকের নেতারা বলেছেন সি পি এম আমাদের শরিক হয়ে অন্য পথ ধরেছেন। তারা রিগিং ছাড়া জয়যুক্ত হতে পারে না। সুতরাং আমি আপনার মাধ্যমে মন্ত্রী সভার কাছে এই বামফ্রন্ট শরিকদলের মধ্যে যে মত পার্থক্য তার নীতিগত কারণটা কি জানতে চাই।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ স্যার, আজকে সি.পি.আই. আসেনি, সভায় কোনও সি.পি.আই. বিধায়ক এই মুহূর্তে উপস্থিত নেই। এখন একজন সদস্য উপস্থিত হয়েছেন। আমরা যেটা দেখছি যে শিক্ষক এবং শিক্ষাকর্মচারিদের ৬০ থেকে ৬৫ বছরের প্রশ্ন নিয়ে সভায় বহুবার আলোচিত হলেও সরকার বারংবার এই বিষয়টিকে একতরফাভাবে সি.পি.এম. দল তাদের সিদ্ধান্তকে শিক্ষকদের উপর চাপিয়ে দিচ্ছেন। আমার দাবি এই প্রশ্নের ব্যাপারে একটা গণভোট নেবার ব্যবস্থা হোক, শিক্ষকদের মধ্যে থেকে যে তারা ৬০ থেকে ৬৫ বছরের মধ্যে কোনওটাকে তারা মেনে নিচ্ছেন? অর্থাৎ কোনও বিষয়টাকে তারা মেনে নিচ্ছেন। আজকে সি.পি.আই. ও

আর.এস.পি. দল আইন অমান্য করছেন, ১০ তারিখে জয়েন্ট অ্যাকশন কমিটির প্রতিবাদ সভা, এইসব কিছু থেকে একটা সত্য প্রমাণিত হয়েছে শিক্ষকদের অধিকাংশই ওরা চাইছেন ৬০-র পরিবর্তে ৬৫ বছরে অবসরের বয়কো হোক। কিন্তু মুখ্যমন্ত্রীর ঔদ্ধত্য, সি.পি.এম.-র ঔদ্ধত্য এমন জায়গায় পৌচেছে যে তারা বিষয়টিকে নিয়ে কোনও রকম সহানুভূতি কোনও রকম গুরুত্ব দিয়ে বিবেচনা করার প্রয়োজন মনে করেন না। আমি তাই মনে করি শিক্ষকদের বিরোধিতা করবার এই যে নীতি অন্যতম শরিক দল হিসাবে সি.পি.এম. দল যে শিক্ষকদের হতাশ রাজনীতিতে নামিয়েছেন সেইদিক থেকে আমাদের সকলের সঙ্ঘবদ্ধভাবে প্রতিবাদ করা উচিত। এবং সি.পি.আই., আর.এস.পি., ফরোয়ার্ড ব্লক-র আন্দোলনকে কংগ্রেস দল সম্পূর্ণভাবে সমর্থন করছে ও এই আন্দোলনকে আমাদের দলের পক্ষ থেকে সমর্থনের কথা ঘোষণা করছি।

শ্রী সৌগত রায়ঃ স্যার, আমি আপনাকে উল্লেখ করি যে বাংলায় একটা কথা আছে রাজায় রাজায় যুদ্ধ হয় উলুখাগড়ার প্রাণ যায়। আজকে আমাদের কংগ্রেস দলের লোকেদের যে অবস্থা দাঁড়িয়েছে সেটা হচ্ছে কেন্দ্রীয় সরকারের দুই পা—একটা হচ্ছে বি.জে.পি. আর একটা হচ্ছে সি.পি.এম.। আজকে তারা মারামারি করছে আর কংগ্রেসের লোকেরা মার খাচ্ছে। এখানে বিধায়ক মৃত্যুঞ্জয় ব্যানার্জি বলেছেন কাল তার বিধানসভা কেন্দ্রে ২৯ নম্বর ওয়ার্ডে কর্পোরেশনের উপ-নির্বাচন ছিল, সেখানে মল্লিক ফটকের পি. কে. ব্যানার্জি রোডে বি.জে.পি. এবং সি.পি.এম দলের মধ্যে সংঘর্ষ হল তাতে উভয় পক্ষ বোমা ফাটাল, কিন্তু সেখানে একটা কংগ্রেসের অফিস ছিল, বুথ ক্যাম্প ছিল, সেটা ভেঙে দেওয়া হল। আজকে এই ২৯ নম্বর ওয়ার্ডে আর.এস.পি. ওখানে ফ্যাকটার নয়, এখানে যেটা ফ্যাকটার হচ্ছে, সেটা হচ্ছে, সি.পি.এম. জানান দিচ্ছে আগামী ২৭ তারিখে অর্থাৎ ২৭শে মে পৌরসভার নির্বাচন এবং ১৭ই জুন কলকাতার পৌরসভার নির্বাচন, সেই নির্বাচনগুলিকে তারা কিভাবে করতে চায়। আমি আগেও আবেদন করেছি মুখ্যমন্ত্রীর কাছে আপনার নির্বাচনগুলিকে অন্তত শান্তিপূর্ণভাবে করুন।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠঃ মাননীয় স্পিকার মহাশয় বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। আগামীকাল থেকে ৪ দিনের জন্য সারা ভারতবর্ষের তেল শিল্পের সঙ্গে যুক্ত পেট্রোলিয়াম শিল্পের সঙ্গে যুক্ত অফিসাররা ধর্মঘট করছেন—আগামীকাল থেকে এই ধর্মঘট শুরু হবে। প্রায় ৩৬ হাজার ইঞ্জিনীয়ার, অফিসার সব মিলিয়ে তারা ধর্মঘটের সামিল হবেন। অয়েল ইন্ডিয়া, ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন, ভারত পেট্রোলিয়াম কর্পোরেশন, হিন্দুস্থান পেট্রোলিয়াম কর্পোরেশন, ও.এন.জি.সি. তাদের সঙ্গে যুক্ত এই অফিসাররা ধর্মঘটে অংশ গ্রহণ করছেন। কিন্তু এই ধর্মঘট হওয়ার ফলে যে পরিস্থিতিটা সবচেয়ে ভয়াবহ হবে সেটা হচ্ছে পেট্রোলিয়াম জাত সমস্ত দ্রব্যাদি সরবরাহ বন্ধ হবে। আমাদের রাজ্যে পেট্রল, ডিজেল, কেরোসিন সরবরাহের ক্ষতিগ্রস্ত হবে। হলদিয়া রিফাইনারি বন্ধ হয়ে যাবে। তার ফলে আমাদের গোটা পূর্বাঞ্চলে বা পশ্চিমবাংলায় তৈল সরবরাহ বন্ধ হয়ে যাবে। আমি তাই এই ব্যাপারে রাজ্যের মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি এই ব্যাপারটি হস্তক্ষেপ করার জন্য।

শ্রী নটবর বাগদীঃ মিঃ স্পিকার স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ে মাননীয় কৃষি

মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঁকুড়া এবং পুরুলিয়া জেলায় কিছু এলাকায় বেআইনিভাবে পোস্ত চাষের ব্যবস্থা করা হয়েছে। ঘটনাটা এখানে যেটা দাঁড়িয়েছে এটা অত্যন্ত অর্থকরী ফসল, কিন্তু সেন্ট্রাল গভর্নমেন্ট আইনত চাষীদেরকে বঞ্চিত করছে এই পোস্ত চাষের জন্য চাষীদেরকে লাইসেন্স না দিয়ে। পশ্চিমবাংলায় হচ্ছে সবচেয়ে ভাল মার্কেট পোস্ত চাষের পক্ষে, এখানে পোস্ত লোকেরা ৮০ টাকা, ৯০ টাকা দিয়ে কেনে। আমার কৃষি মন্ত্রীর কাছে আবেদন যে অবিলম্বে কৃষক দিগের প্রতি আইনত ব্যবস্থা নেওয়া হোক, এই কথা আমি আপনার মাধ্যমে রাখছি।

[3-00—3-30 P.M.] (including adjournment)

শ্রী অম্বিকা ব্যানার্জিঃ স্যার এর আগে হাওড়ার মাননীয় সদস্য বলছেন। স্যার গত কাল হাওড়ার বুকের ওপর দিয়ে ২৯ নম্বর ওয়ার্ডে যে ইলেকশন হল, সেখানে সন্ত্রাস চলল। এটা খুবই উদ্বেগের ব্যাপার। একটিমাত্র ওয়ার্ডে ইলেকশন হল সেটুকুতেও পুলিশ কন্ট্রোল করতে পারছে না। এটা খুবই দুঃখের কথা। দুটো পার্টি এতে কংগ্রেস যুক্ত ছিল না। একটা নতুন পার্টি—বি.জে.পি. এরাও সন্ত্রাস চালাচ্ছে আর সি.পি.এম. তো করছেই। আমার বক্তব্য যেটা, সেটা হচ্ছে, একটামাত্র ওয়ার্ডে ইলেকশন হল, সেখানে কংগ্রেস জিতল কি হারল সেটা বড় কথা নয়। কিন্তু যে ভাবে কাল সন্ত্রাসের রাজত্ব চালিয়েছে এবং সেটা পুলিশের কন্ট্রোলের বাইরে। এতে পশ্চিমবঙ্গের মানুষের মনে ভীতির সঞ্চার হয়েছে এবং উদ্বেগের কারণ হয়ে দাঁড়িয়েছে। এখানে কে জিতল কে হারল সেটা বড় কথা নয়। বড় কথা হচ্ছে শান্তি-শৃঙ্খলা বজায় রাখা এবং এর জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

মিঃ স্পিকারঃ এখন বিরতি, আমরা আবার ৩-৩০ মিঃ এর সময় মিলিত হব।

(At this stage the House was adjourned till 3-30 P.M.)

(After adjournment)

[3-30—3-40 P.M.]

শ্রী ননী করঃ মিঃ স্পিকার, স্যার, আপনি জেনে আনন্দিত হবেন যে গতকাল হাওড়াতে যে উপ-নির্বাচন হয়েছে তার ফলে বামপন্থী প্রার্থী সেখানে নির্বাচিত হয়েছে। এবারে মারাত্মক বিষয় যেটা সেটা হচ্ছে কংগ্রেস সেখানে বড় পার্টি, কিন্তু কংগ্রেস সেখানে তৃতীয় শক্তি হয়েছে, বি.জে.পি সেখানে দ্বিতীয় শক্তি হয়েছে। মানুষের কাছে কংগ্রেসের প্রচারের ফলে বি.জে.পি.কে মানুষ ভোট দিয়েছে। এটা একটা মারাত্মক ঘটনা। সেই কারণে বলছি বামপন্থী জিতছে, জিতবে সমস্ত মিউনিসিপ্যালিটিতে ক্যালকাটা কর্পোরেশন কিন্তু কংগ্রেসিরা বি.জে.পি'র সঙ্গে পশ্চিমবঙ্গে যেভাবে মাখামাখি করে চলছে তাতে কংগ্রেস নিঃশেষ হয়ে যাবে হাওড়ার ঘটনা ওদের এই শিক্ষাই দেয়।

শ্রী সৌগত রায়ঃ স্যার, বি.জে.পি'র সঙ্গে হাত মিলিয়েছে সি পি এম কংগ্রেসকে নিশ্চিহ্ন করার জন্য।

Voting on Demand for Grants

Mr. Speaker : Now, discussion on Demand Nos. 59, 60, 62 and 63.

Demand No. 59

Mr. Speaker : There are four cut motions to Demand No. 59. All the cut motions are in order and taken as moved as follows.

Shri Apurbalal Majumdar **Shri Sultan Ahmed** **Shri Debaprasad Sarkar**	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Demand No. 60

Mr. Speaker : There are four cut motions to Demand No. 60. All the cut motions are in order and taken as moved as follows.

Shri Saugata Roy **Shri Apurbalal Majumdar** **Shri Sultan Ahmed** **Shri Deba Prasad Sarkar**	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Demand No. 62

Mr. Speaker : There are four cut motions to Demand No. 62. All the cut motions are in order and taken as moved as follows.

Shri Saugata Roy **Shri Apurbalal Majumdar** **Shri Amar Banerjee** **Shri Deba Prasad Sarkar**	Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-

Demand No. 63

Mr. Speaker : There is one cut motion to Demand No. 63. The cut motion is in order and taken as moved as follows.

Shri Sultan Ahmed : Sir, I beg to move that the amount of the Demand be reduced by Rs. 100/-.

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী বিনয়বাবু পশ্চিমবঙ্গ সরকারের গ্রাম উন্নয়ন বিভাগ এবং পঞ্চায়েত বিভাগের ব্যয়-বরাদ্দ সভায় পেশ করেছেন, তা নিয়ে বিতর্ক শুরু হল। সারা পশ্চিমবঙ্গে যেটা সবচেয়ে আলোচিত বিষয় আজকের দিনে এবং সারা ভারতবর্ষের ক্ষেত্রে এই রাজ্যের সরকার যে বিষয় নিয়ে খুব গর্ব বোধ করেন সেই পঞ্চায়েত দপ্তরের দায়িত্বে বিনয়বাবু রয়েছেন। গ্রাম উন্নয়নের ব্যাপারে উনি বলেছেন আমরা পশ্চিমবঙ্গে

এমন একটা মডেল তৈরি করেছি যা ভারতবর্ষের প্রতিটি রাজ্যে অনুসৃত হতে পারে এবং আপনাদের নেতা প্রাক্তন প্রধানমন্ত্রী—আমাদের নেতা ওঁদের ভাষায় রাজীব গান্ধী—আমাদের সার্টিফিকেট দিয়েছেন এবং সেই সার্টিফিকেটটি ভরসা করে আগামী দিনে আমরা এগিয়ে যাব। এই জায়গায় দাঁড়িয়ে আমরা বিতর্ক শুরু করি এবং বিতর্ক শুরু করতে গিয়ে এই হাউসের সবচেয়ে বিদগ্ধ মানুষ প্রবীণ ব্যক্তি যাঁর ব্যক্তি নিষ্ঠা সততা সম্বন্ধে কোনও প্রশ্ন ওঠে না তাঁকে প্রশ্ন করতে ইচ্ছা আগে যে পশ্চিমবঙ্গের ৩৪১ টা ব্লকে ৩৮ হাজার গ্রামে যে বৃহৎ ৬৫ হাজার পঞ্চায়েত সদস্য ছড়িয়ে আছে এবং পঞ্চায়েত সমিতিগুলি এবং জেলাগুলিতে জেলা পরিষদের মাধ্যমে যে ব্যবস্থাকে কায়েম করার চেষ্টা হচ্ছে সেই ব্যবস্থার চিন্তাধারা কাদের? আপনারা বলেন যে, বেশ কয়েক বছর ধরে কংগ্রেস পঞ্চায়েতের নির্বাচন করেনি। আপনি এই অভিযোগ করবেন, আপনার দলের লোকেরাও করবেন, যখন বিতর্ক শুরু হবে। কিন্তু ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সালের মধ্যে যে পঞ্চায়েত রাজ বিল প্রতিষ্ঠিত হয়েছে তার প্রতিটি অক্ষর, কাঠামো কি কংগ্রেসের তৈরি নয়? মহাত্মা গান্ধীর চিন্তা ধারার উপর ভিত্তি করে ভারতবর্ষে প্রথম আইন আকারে একটি বিল এনে নির্বাচন ব্যবস্থা পরিচালনা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছিল। ১৯৭৭ সালে সরকার বদলের পরে আপনারা কংগ্রেসের অনেক কিছুকে গালাগালি, দোষারোপ করা সত্ত্বেও এই একটি বিলের একটি অক্ষরকেও বাদ দেন নি, পুরোপুরি গ্রহণ করেছিলেন। কারণ, তদানীন্তন কংগ্রেস সরকার চিন্তা করেছিল এই পদ্ধতির মাধ্যমে পশ্চিমবাংলার গ্রামাঞ্চলের অর্থনৈতিক উন্নয়ন ঘটাবেন। আপনারা সেই কথা কিন্তু একবারও বলেন না। আপনারা ক্ষমতায় এলেন, গণতান্ত্রিক পদ্ধতির স্বরূপ প্রতিষ্ঠিত হল। আমরা পরাজিত হলাম, আপনারা জিতে এলেন। আপনারা নির্বাচন করলেন। বাহবা নিশ্চয় পেতে পারেন। নির্বাচনে জেতার চিন্তাধারার ফলপ্রসু প্রচেষ্টা কিন্তু কংগ্রেসই করেছিল। পরবর্তীকালে ভারতবর্ষের রাজ্যগুলি এবং কেন্দ্র শাসিত অঞ্চলগুলিতে একই মডেল, পদ্ধতিতে একটা সুন্দর পরিকাঠামোর মধ্যে সারা ভারতবর্ষের ৮০ কোটি মানুষকে নিয়ে আসার জন্য প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী বৈপ্লবিক প্রচেষ্টা শুরু করলেন। পঞ্চায়েতী রাজ প্রতিষ্ঠার মাধ্যমে, যদিও এই পঞ্চায়েতী রাজকে এগিয়ে নিয়ে যাবার প্রথম পথিকৃৎ হচ্ছে এই পশ্চিমবঙ্গ। মাননীয় অধ্যক্ষ মহাশয়, সেদিন যুব ভারতী অডিটোরিয়ামে পঞ্চায়েতী রাজ সম্পর্কে রাজীব গান্ধীর পাশে বসে মাননীয় বিনয়বাবু এবং জ্যোতিবাবু মনের মধ্যে অনেক রাগ পুষে রেখে বক্তব্য রেখেছিলেন এবং এই পঞ্চায়েতী রাজ বিলের বিপক্ষে লোকসভায় তাদের বক্তব্য রাখতে দেখেছিলেন। আজকে ননীবাবু বললেন বি.জে.পি.র সঙ্গে মাখামাখি করছেন আপনারা আজকে সব চেয়ে বড় প্রতিক্রিয়াশীল শক্তি হচ্ছে বি.জে.পি., ভারতীয় জনতা পার্টি। তাদের সঙ্গে কারা হাত মেলাল? তথাকথিত বামপন্থী শক্তি ভারতবর্ষের লোকসভা, রাজ্যসভায় তাদের সঙ্গে হাত মিলিয়ে একটা চূড়ান্ত নক্কারজনক রাজনৈতিক পদক্ষেপ নিলেন এই পঞ্চায়েতী রাজ বিলের বিরোধিতা করে। কোন যুক্তিতে, কেন বলেছিলেন এই পঞ্চায়েতী রাজ বিলের মাধ্যমে কেন্দ্র আরও ক্ষমতা কেন্দ্রীভূত করতে চাইছে? Devolution অব পাওয়ার টু দি পিপল ফ্রম দি গ্রাস-রুট লেভেল, রাজীব গান্ধীই এটা বলেছিলেন। প্রতিটি রাজ্যের মুখ্যমন্ত্রী এবং অর্থমন্ত্রীদের নিয়ে তিনি পর্যালোচনা করছিলেন এবং এই বিষয়ে যারা দক্ষ তাদের নিয়ে পর্যালোচনা করছিলেন, বিশেষজ্ঞদের নিয়ে পর্যালোচনা করছিলেন। এমন কি ভারতবর্ষের প্রতিটি দক্ষ জেলাশাসকদের কাছ থেকে তাদের মতামত গ্রহণ করছিলেন যে, এই বিষয়ে কি

করা যায়। একটা সম্পূর্ণ গণতান্ত্রিক পরিকাঠামোর মধ্য দিয়ে, মতামত বিনিময়ের মধ্য দিয়ে সুষ্ঠু পরিচালন ব্যবস্থা চালু করার চেষ্টা করছিলেন। হ্যাঁ, আমরা স্বীকার করি যে, পশ্চিমবঙ্গের পঞ্চায়েতের কাঠামো খুব বলিষ্ঠ এবং মহারাষ্ট্র, গুজরাটের বলিষ্ঠ এবং বেশ কিছু কেরালার ভাল আর বেশ কিছু ভাল কর্ণাটকের। কিন্তু অন্যান্য রাজ্যগুলিতে কোথাও দ্বিস্তর, কোথাও এক স্তর ব্যবস্থা চালু আছে। পশ্চিমবাংলায় যেমন ত্রিস্তর আছে, তেমনি অনেক রাজ্যেও ত্রিস্তর আছে। আবার দু' একটি রাজ্য আছে যেখানে মুখিয়া সিস্টেম চালু আছে। ভারতবর্ষের তদানীন্তন প্রধানমন্ত্রী ভারতবর্ষের অর্থ সামাজিক অবস্থার কথা চিন্তা করে ভারতের ৮০ কোটি মানুষকে এক জাতীয় সূত্রে বাঁধার চেষ্টা করেছিলেন। এটা কি ক্ষমতা কেন্দ্রীয়ভূত করে গণতান্ত্রিক পদ্ধতিতে মানুষের ক্ষমতা কেড়ে নেবার কোন পথ? বিনয়বাবু বিদগ্ধ মানুষ। ননীবাবু আপনার সহকর্মী। তিনি বললেন বি.জে.পি.র সঙ্গে কংগ্রেস গোপন আঁতাত করছে। কিন্তু এই কমিউনিস্ট পার্টি এবং বি.জে.পি. কেন্দ্রের ভিপি সিং সরকারের বাঁ দিক, ডানদিকে বসে আছে। চরম প্রতিক্রিয়াশীল দক্ষিণপন্থী রাজনৈতিক সাম্প্রদায়িক শক্তি বিজেপি ডান দিকে বসে আছে। হাওড়া কর্পোরেশনের নির্বাচনের কথা বললেন। হাওড়ায় ৩৪% ভোট পড়েছে। তাদের সঙ্গে কংগ্রেসকে যুক্ত করে দিলেন। এর থেকে নক্কারজনক রাজনৈতিক প্রতিক্রিয়া ভারতবর্ষে ইদানীংকালে হয়েছে বলে আমাদের ধারণা নেই।

[3-40—3-50 P.M.]

একথা ভাবতে হবে। আপনাদের আতঙ্ক উঠেছিল পঞ্চায়েতরাজ বিলের একটি জায়গায় কোথায়? স্পেশ্যাল অডিট যেখানে হবে সেখানে। তখন যদি অডিটের রেকমেনডেশনের ভিত্তিতে প্রমাণিত হয় যে চুরি হচ্ছে, ডিফ্রেকশন হচ্ছে তাহলে যে কোনও মুহুর্তে by the recommendation of the State Govemment, the Govemor can dissolve the Panchayat System. এই জায়গায় আপনাদের আতঙ্ক ছিল। এই জায়গাটাকে আপনারা বলছেন যে ক্ষমতা কেন্দ্রীভূত করা হচ্ছে। এই নিয়ে তো পর্যালোচনা চলছিল। মাননীয় মুখ্যমন্ত্রীকে ডেকে মাননীয় প্রধানমন্ত্রী বলেছিলেন যে আমরা পর্যালোচনা করব। আমরা একটা ইনিসিয়েশন নিতে চলেছি, বলুন আপনাদের মতামত কি? কিন্তু নক্কারজনক ভাবে, আতিভৌতিক কারণ আমরা দেখলাম আপনারা গণতন্ত্রের গলা টিপে ধরলেন। যে গণতন্ত্রের কথা মাঠে ময়দানে আপনারা বলে বেড়ান সেই গণতন্ত্রের মধ্যে আপনারা ঢুকে পড়ে তাকে গলা টিপে ধরে তাকে আপনারা মৃত্যুপথযাত্রী করলেন। ভারতবর্ষের কোটি কোটি গ্রামের এবং পশ্চিমবঙ্গের ৩৮ হাজার গ্রামের মানুষ যে গণতান্ত্রিক পদ্ধতিতে তাদের ভাগ্য নিয়ন্ত্রণ করতে চেয়েছিল সে ব্যাপারে আপনারা লোকসভায় চূড়ান্তভাবে, নক্কারজনক ভাবে বিরোধিতা করলেন। আজকে এসবের মূল্যায়ন করতে হবে। নির্বাচনের আগে আমার মনে পড়ছে আপনাদের নেতারা এর বিরুদ্ধে বক্তব্য রাখলেন এবং সেখানে প্রতিটি দেওয়াল আপনারা এই কথা লিখে ভরিয়ে দিলেন যে, 'জওহর রোজগার যোজনা—নির্বাচনী চমক—সি.পি.এম।' আপনারা বললেন যে এটা একটা ধাপ্পা, একটা স্টান্ট, এতে মানুষের কোনও উপকার হবে না।

(ভয়েস ঃ- বটেই তো।)

জওহর রোজগার যোজনার ২১৬ কোটি ১০ লক্ষ কয়েক হাজার টাকা পাওয়া গিয়েছে গত

আর্থিক বছরে। মাননীয় সদস্য শ্রী গণেশ মন্ডলের এক প্রশ্নের উত্তরে আপনি জানিয়েছেন যে ১৯৯ কোটি টাকা আপনি ইউটিলাইজ করেছেন এবং প্রায় ৪ কোটি শ্রমদিবস সৃষ্টি হয়েছে। এখানে আপনি এটা গ্রহণ করেছেন আর আপনার দলের লোকরা বলছেন 'বটেই তো', এটা স্ট্যান্ট ইত্যাদি। এই দৃষ্টিভঙ্গিটা হচ্ছে শুধু মাত্র প্রতিটি ব্যাপার বিরোধিতা করার জন্য বিরোধিতা করার পদক্ষেপ মাত্র এবং রাজনীতি করব বলেই রাজনীতি করার প্রচেষ্টা মাত্র। এই জায়গাতেই আপনাদের সঙ্গে আমাদের লড়াই। তা না হলে আপনি তো অরিজিন্যালি গান্ধীবাদী নেতা। আপনি এমন একজন মানুষ যিনি স্বাধীনতা আন্দোলনের নেতা। আপনি এমন একজন মানুষ যিনি স্বাধীনতা আন্দোলনের অন্যতম পথিকৃৎ। আপনি বোঝেন গান্ধীয়ান ফিলজফি কি। ১৯৭২ থেকে ১৯৭৭ সালের মধ্যে আমরা বিলটি তৈরি করেছিলাম, আমাদের সময় লেগেছিল নিশ্চয়। এই যে সেকেন্ড এবং থার্ড ল্যান্ড অ্যামেন্ড বিল করলেন কত বছর আপনাদের লেগেছে সেটা করতে? কাজেই সময় লাগে এবং কংগ্রেসেরও সেই সময় লেগেছিল। পরবর্তী চিন্তা ধারায় শ্রীমতী ইন্দিরা গান্ধীর নেতৃত্বে তদানিন্তন সময়ে কংগ্রেস গরিবি হটাও কর্মসূচির সার্থক রূপ দেবার জন্য একটা চিরন্তন প্রয়াস শুরু করেছিল। এইসব জিনিসগুলি ভাবতে হবে। আজকে এই পঞ্চায়েত এবং গ্রাম উন্নয়ন দপ্তর শুধু তাদের নিজস্ব দপ্তর নয়, এটা multi-purpose unit, multi-purpose nucleus এখানে কৃষি দপ্তরের টাকা আসে, এখানে মাইনর ইরিগেশনের টাকা আসে, এখানে সোশ্যাল ফরেস্ট্রির টাকা আসে, এখানে ফিশারির টাকা আসে। সার্বিক ক্ষেত্রে আপনার দপ্তর হচ্ছে implementing organ to the grassroot level decentralisation of the power আজকে সেই সিস্টেমের মধ্যে দিয়ে পরিকল্পনা রূপায়ণের চেষ্টা হচ্ছে। তার মানে শুধু আপনার দপ্তরের ব্যয়বরাদ্দ—জওহর রোজগার যোজনা—আগেকার IRDP, NREP, DPAP, RLEGP, big MNP তাই নয় এর সঙ্গে আরও য়া যুক্ত হয়, যে অর্থ এসে পড়ে আমি সেগুলি নিয়ে একটি একটি করে বলে যাব। উনি হয়ত বলবেন এটা আমার দপ্তরের নয়, কিন্তু আপনার দপ্তর ইমপ্লিমেন্টিং অর্গান, ইমপ্লিমেন্ট করে, you are liable to answer this. টাকা দিচ্ছে অন্য দপ্তর, ইমপ্লিমেন্ট করছে পঞ্চায়েত দপ্তর। আপনার দপ্তর দুর্নীতি, স্বজন-পোষণের চূড়ান্ত খেলায় মেতে উঠেছে, তারা কোনও কাজ করতে পারছে না। আপনি যাদের জন্য বেশি ভাবেন সেই স্মল অ্যান্ড মার্জিনাল ফার্মারদের জন্য সেন্ট্রালি স্পনসর্ড কিছু কর্মসূচি রয়েছে। তার একটা পার্ট এগ্রিকালচার, আর অন্য পার্ট হচ্ছে মাইনর ইরিগেশন এবং যার মূলত ইমপ্লিমেন্টেশনের দায়িত্ব পঞ্চায়েত সমিতি, গ্রাম সভার। বি.ডি.ও হচ্ছেন এখানে এক্সিকিউটিভ অফিসার, তিনি তদারকি করেন এগ্রিকালচার ডিপার্টমেন্ট অফিসার অর্থাৎ এ.ডি.ও-এর সহযোগিতায়। আমরা দেখেছি যে ১৯৮০ সাল থেকে ১৯৮৮ সাল পর্যন্ত সেন্ট্রাল অ্যাসিস্টেন্স এসেছে ২,০৯৮.৩৭ লক্ষ টাকা। ইউটিলাইজেশন হয়েছে ১১৫.০৯ লক্ষ টাকা। শর্ট ফল কত? সেন্ট্রাল অ্যাসিস্টেনসের যেটা ইউটিলাইজেশন হয়নি সেটা হচ্ছে মাইনাস ৯৪৩.৩৯ লক্ষ। স্টেট অ্যাসিস্টেনসের শর্ট ফল কত? ১৯৮৩-৮৪ সালে স্টেট অ্যাসিস্টেন্স হচ্ছে ১৭২০.৭৪ লক্ষ। ইউটিলাইজেশন হচ্ছে ১৩৪৬.৮০ লক্ষ। এখানে শর্ট ফল হচ্ছে মাইনাস ৩৭৩.৯৪ লক্ষ। এর ইমপ্লিমেনটিং অর্গান হচ্ছে পঞ্চায়েত এবং আপনি সেই ডিপার্টমেন্টের মিনিস্টার। আপনার পঞ্চায়েত হচ্ছে মূলত ইমপ্লিমেনটিং অর্গ্যান। ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের জন্য এই বৃহৎ অংশের টাকা যেটা সেন্ট্রালি স্পনসর্ড স্কীমে আসে সেটা কেন ইউটিলাইজেশন হল না? কে এর উত্তর দেবে?

এটা হলে গ্রামে ইরিগেশন পোটেনশিয়াল তৈরি হত। আপনার পঞ্চায়েতের দলবাজির জন এটা হয়নি। পার্টি অফিস থেকে লিস্ট কবে আসবে এবং পঞ্চায়েতবাবু, কৃষক নেতা যা ঠিব করবেন তাই হবে। আপনি গ্রামে যা প্রচার করছেন, গ্রামে গ্রামে সভা করে যে তালিকার কথা বলছেন তা মিলছে না। ক্ষুদে ক্ষুদে এক একজন অতি বড় নেতা তৈরি হয়েছে গ্রামাঞ্চলের জন্য আপনার চিন্তাধারা থাকলেও, আপনার সদিচ্ছা থাকলেও পরিকল্পনা রূপায়িত হচ্ছে না। সংখ্যা তত্ত্বের একটা জাগলারী, আর কথার ফুলঝুরী হচ্ছে সত্যিকারের কোনও কাজ এগিয়ে যাচ্ছে না। আমি আপনার জেলা বর্ধমানের একটা ছোট উদাহরণ দিই। বড় বড় কেস অনেক আছে, আমি একটা ছোট্ট কেসের উদাহরণ দিই। ড্রাউট রিলিফ ফান্ডে ১৯৮২ সালে বর্ধমান জেলাকে ৬ লক্ষ ২ হাজার টাকা দেওয়া হয়েছে। জেলাপরিষদ, পঞ্চায়েত সমিতির প্রধানরা এত করেও গ্রামে ১৯৮৪ সালের জুন মাসেও সেই টাকা ইউটিলাইজ করতে পারেন নি। এমার্জেন্সি ড্রট রিলিফ ফান্ডের অর্ডারকে নতুন করে মডিফাই করতে হল এবং মডিফাই করে বলতে হল যে এই জিনিস কেনার কথা ছিল কিন্তু এখন আর কেনার দরকার নেই। যে টাকা রিলিজ হল ড্রট রিলিফ ফান্ডের জন্য ১৯৮২ সালের জুন মাসে, সেই টাকা রিলিজ হওয়া সত্ত্বেও ২৪ মাসের মধ্যে খরচ করা গেল না। এইরকম বহু ঘটনা আছে। পঞ্চায়েতের প্রতিটি স্তরে দুর্নীতির পাহাড় জমে গেছে এবং বেনিফিসিয়ারিদের জন্য কেন্দ্রে এবং রাজ্যের দেওয়া কোটি কোটি টাকা সঠিক জায়গায় পৌঁছাচ্ছে না। মানুষ তার থেকে বঞ্চিত হচ্ছে, আর দলের ফান্ড বাড়ছে, সম্পদ হচ্ছে। মানুষ বঞ্চিত হচ্ছে, গ্রাম উন্নয়নের

[3-50—4-00 P.M.]

টাকা ডাইভার্টেড হচ্ছে, কাগজে বেরোচ্ছে বিভিন্ন ফিগার, ডাইভার্টেড হয়ে যাচ্ছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটা চিঠি দিচ্ছি, যে চিঠিটা আমার কাছে আছে, ১৯৮০ সালে আগস্ট মাসে তদানিন্তন প্রধান মন্ত্রী শ্রীমতী ইন্দিরা গান্ধী ঐতিহাসিক লাল কেল্লা থেকে জাতির উদ্দেশ্যে ভাষণ দিতে গিয়ে দুটি প্রকল্পের কথা ঘোষণা করেন. একটা হচ্ছে আর.এল.ই.জি.পি., আর একটা হচ্ছে এস.ই.পি.। ১৯৮৩ সাল থেকে ১৯৮৮ সালের ৩১শে মার্চ পর্যন্ত আর.এল.ই.জি.পি. প্রকল্পে পশ্চিমবঙ্গ সমেত ভারতবর্ষের প্রতি রাজ্যের ভূমিহীন কৃষক, দরিদ্র সমাজ, দারিদ্র সীমার নিচে যারা বাস করে, তাদের অর্থনৈতিক জীবনের মান উন্নয়নের জন্য বিভিন্ন কর্মসূচির মাধ্যমে এই প্রকল্প গ্রহণ করা হয়েছিল। আপনি শুনলে অবাক হবেন, ১৯৮৩ থেকে ১৯৮৮ সাল এই ৬ বছরের হিসাব, প্রায় ১৮৭ কোটি টাকা আর.এল.ই.জি.পি. প্রকল্পে বরাদ্দ করা হয়েছিল, সেই টাকা সঠিক ইউটিলাইজেশন সার্টিফিকেট জেলাগুলো থেকে বারেবারে আপনার দপ্তরের বড় বড় কর্তা ব্যক্তিরা তাগিদ দেওয়া সত্ত্বেও পাচ্ছে না। এমন পর্যায়ে গেছে স্যার, যে অডিটার জেনারেল অব ইন্ডিয়াকে হস্তক্ষেপ করতে হচ্ছে। এই ধরনের কেস সাধারণত উনি হস্তক্ষেপ করেন না। কিন্তু কী করবেন, লিখে লিখে রিপ্লাই পাচ্ছেন না, লিখে কোনও সঠিক উত্তর পাচ্ছেন না। সঠিকভাবে ইউটিলাইজেশন হয়েছে কি না, সঠিক হিসাব তারা দিচ্ছে না। ২৯শে আগস্ট অডিটার জেনারেল অব ইন্ডিয়া বেঙ্গল রেঞ্জের, শ্রী এ.এন. উপাধ্যায়, তিনি চিঠি দিতে বাধ্য হচ্ছেন, তিনি বললেন, 'I forward herewith a draft review on Rural Landless Employment Guarantee Programme which we propose to include in the Report of the Comptroller

& Auditor General of India for the year ended 31st March 1989 on the accounts of Government of West Bengal (Civil) for confirmation of facts and figures contained therein and also for comments, if any, of the Government. As you are aware, we have a time bound programme for finalisation of the audit report. It is, therefore, essential that we get your confirmation of facts and figures as early as possible within the prescribed period of six weeks. If no reply is received within this period, we shall assume that the Department has none to offer and, in that case, the draft paragraph will be finalised accordingly. With regards.' It was sent to Shri S.R. Singh, Secretary to the Government of West Bengal, Rural Development Department, Writers' Buildings, Calcutta. আমার কাছে যা খবর, এখনও পর্যন্ত সেই রিপ্লাই অডিটার জেনারেলকে দেওয়া হয়নি। কি হয়েছে, মন্ত্রী মহাশয় আপনার স্বপ্ন তো ভেঙে চৌচির হয়ে গেল, দুর্নীতির পাহাড় জমেছে, দুর্নীতির আগ্নেয়গিরির উপর বসে আছেন। ভয়ঙ্কর অবস্থা, ৮৮ সাল থেকে জওহর রোজগার যোজনা চালু হল। আপনারা দেওয়াল লিখন লিখলেন নির্বাচনের সময় যে জওহর রোজগার যোজনা নির্বাচনী ছলনা। আজকে তো দেখছি জওহর রোজগার যোজনায় অনেক সি.পি.এম. এর লোক পেট ভরিয়েছে। কী দেখলাম, বন্ধু সরকার প্রতিষ্ঠিত হওয়ার সঙ্গে সঙ্গে মুখ্যমন্ত্রী বিরাট চিৎকার করে বললেন, প্রগ্রেসিভ বাজেট। বলেলেন, রুর‍্যাল বেস্ট বাজেট। কারণ ২১ শত কোটি টাকা জওহর রোজগার যোজনায় ধরা হয়েছে। অথচ তার আগের বছর ২২ শত কোটি দিয়েছিলেন রাজীব সরকার। এ-বছর এই খাতে কেন্দ্রীয় সরকারের ১০০ কোটি টাকার যে লেস বাজেট সেই বাজেটকে মাননীয় মুখ্যমন্ত্রী বলছেন, 'রুর‍্যাল বেসড প্রগ্রেসিভ বাজেট।' জওহর রোজগার যোজনার যেটা কম্পোনেন্ট পার্ট, সেটাতে মোট বরাদ্দের ৮০% খাদ্য এবং অর্থ মিলিয়ে—কেন্দ্র দেবে; আর ২০% রাজ্য দেবে। এখন সেই 'ছলনা' নামক মায়াবী কথা চলে গেছে, এখন বামফ্রন্ট সরকার বাস্তবকে বুঝতে পেরেছেন, তাই বলছেন, জওহর রোজগার যোজনা চাই, এটা কেন্দ্রীভূত ক্ষমতা নয়, এটাতে সত্যি সত্যিই ক্ষমতার বিকেন্দ্রীকরণ হচ্ছে, সত্যি সত্যিই গ্রামের দরিদ্র মানুষের জীবন-যাত্রার মানের উন্নতির স্বার্থেই এটা হয়েছে, থ্রু ডিভল্যুশন অব পাওয়ার ফ্রম দি গ্রাস রুট লেভেল টু পিপল। কিন্তু এখানে আমরা কি দেখছি? আজকেই আমি বিগত ডিসেম্বর মাস পর্যন্ত ফিগারটা দেখতে পেলাম। মাননীয় সদস্য গণেশ মন্ডলের একটি প্রশ্নের উত্তর মাননীয় মন্ত্রী মহাশয় দিয়েছেন। সেটা হাউসে রাখা হয় নি, আমরা লাইব্রেরিতে দেখতে পেলাম, লাইব্রেরিতে সেটা লে করা হয়েছে। গভর্নমেন্ট অফ ইন্ডিয়ার রুর‍্যাল ডেভেলপমেন্ট ডিপার্টমেন্টের অ্যানুয়াল রিপোর্ট থেকে ফিগার দেওয়া হয়েছে। সেন্ট্রাল অ্যাসিস্টেন্স ৮০% এবং স্টেট অ্যাসিস্টেন্স ২০%। কেন্দ্রীয় সরকার ১৭২ কোটি ৮৮ লক্ষ ১৩ হাজার টাকা দিয়েছে এবং খাদ্য-সামগ্রী দিয়েছে ১৯ কোটি ৮২ লক্ষ ৫১ হাজার টাকার। আর এই বাবদ রাজ্য সরকারের দেওয়ার কথা ৪৩ কোটি ২২ লক্ষ ৩ হাজার টাকা। টার্গেট কি ছিল? ৫ কোটি ৭২ লক্ষ ১৫ হাজার শ্রমদিবস সৃষ্টি করতে হবে। কি ভাবে টাকা ডিস্ট্রিবিউশন হল? মেদিনীপুর ২৭ কোটি ৮৪ লক্ষ ৬৪ হাজার টাকা; বর্ধমান ২০ কোটি ৭ লক্ষ ৮৫ হাজার টাকা; উত্তর ২৪-পরগনা ১৪ কোটি ৯১ লক্ষ ৮৪ হাজার টাকা; দক্ষিণ ২৪-পরগনা ২৩ কোটি ১৫ লক্ষ ৮৮ হাজার টাকা; পশ্চিম দিনাজপুর ১৩ কোটি ৮২ লক্ষ

৫৬ হাজার টাকা; হুগলি ১২ কোটি ৮৫ লক্ষ ২ হাজার টাকা; জলপাইগুড়ি ১৪ কোটি
লক্ষ ৪২ হাজার টাকা; মুর্শিদাবাদ ১১ কোটি ৬৫ লক্ষ ৪২ হাজার টাকা; কুচবিহার
কোটি ৮২ লক্ষ ১৭ হাজার টাকা; বীরভূম ১১ কোটি ৫০ লক্ষ ৯০ হাজার টাকা; পুরুলি
১০ কোটি ৪৪ লক্ষ ১০ হাজার টাকা; মালদহ ৮ কোটি ৮৯ লক্ষ ৮০ হাজার টাকা; হাও
৬ কোটি ২৩ লক্ষ ৫৬ হাজার টাকা; দার্জিলিং ৩ কোটি ৫২ লক্ষ ৯৯ হাজার টা
ডিসেম্বর মাস পর্যন্ত ডিস্ট্রিবিউশনের এই হচ্ছে চিত্র। যে টাকা খরচ হয়েছে তার পরিম
হচ্ছে, ১৩০ কোটি টাকা. ইনক্লুডিং ফুডগ্রেন্স গিভেন বাই দি সেন্ট্রাল গভর্নমেন্ট। আর এ
পর্যন্ত স্টেট গভর্নমেন্ট কত দিয়েছেন সেটা আমার কাছে ক্লিয়ার নয়। মাননীয় মন্ত্রী মহাশ
আপনি সেটা আপনার উত্তরের সময় বলবেন। তাহলে আমরা দেখছি ডিসেম্বর পর্যন্ত কেন্দ্রী
সরকারের দেওয়া টাকার মধ্যে থেকে ৫৩ কোটি টাকা খরচ করতে পারেন নি এবং রাজে
৪৩ কোটি তার সঙ্গে যুক্ত করলে দাঁড়াচ্ছে ৯৬ কোটি টাকা। অর্থাৎ ৯৬ কোটি টাকা খ
করতে পারেন নি. ইনক্লুডিং ১৭২ কোটি ফ্রম দি সেন্ট্রাল গভর্নমেন্ট। মাননীয় সদস্য গণে
মন্ডলের প্রশ্নের উত্তরে যা লাইব্রেরিতে লে করা হয়েছে, তাতে দেখলাম যে, ৩১শে মার্চ পর্য
টেনটেটিভলি আপনার যে রিপোর্ট, তা হচ্ছে, ১৯৯ কোটি টাকা আপনি খরচ করেছেন। মে
২১৬ কোটি টাকা থেকে ১৯৯ কোটি টাকা বাদ দিলে হচ্ছে, ১৭ কোটি টাকা আপনা
হিসাব মতো এখনও পর্যন্ত খরচ হয়নি, কারণ এপ্রিল মাস শুরু হয়ে গেছে। তাহ
ডিসেম্বর মাস পর্যন্ত হিসাব ধরলে দেখা যাচ্ছে যে, ৯৬ কোটি টাকা আপনি ডিসেম্বর মাসে
২৮ তারিখ পর্যন্ত যদি খরচ না করে থাকেন তাহলে মাত্র আড়াই কোটি শ্রমদিবসও আপ
সৃষ্টি করতে পারেন নি। বাকি দু' মাসে ৯৬ কোটি টাকা আপনি কি ভাবে খরচ করেছে
আমি জানি না। কারণ যে পদ্ধতিতে আপনার পঞ্চায়েত টাকা খরচ করছে তা অভাবনী
ব্যাপার। আপনার তথ্য, নির্দেশ, সার্কুলার, গাইড-লাইন সব ছুঁড়ে ফেলে দিচ্ছে। কিন্তু কিভাবে
হচ্ছে তার একটা উদাহরণ আমি যদি আপনাকে দিই তাহলেই বুঝতে পারবেন যে জহ
রোজগার যোজনা নিয়ে কি ভয়ঙ্কর লঙ্কাকান্ড হচ্ছে। আমার কাছে কাগজ আছে। এ
কাগজগুলি দক্ষিণ ২৪-পরগনার লক্ষ্মী নারায়নপুর উত্তর গ্রাম পঞ্চায়েত প্রধানকে বি.ডি.
চিঠি লিখেছেন। কি ভয়ঙ্কর ব্যাপার, এই প্রধান ১ হাজার ৭২৫টি সীডলিং তৈরি করতে গা
লাগানো নয়—১ লক্ষ ২১ হাজার ৬১২ টাকা ৩৪ পয়সা খরচ করেছেন। বি.ডি.ও এই চিঠি

[4-00—4-05 P.M.]

লিখেছেন, আমি আপনাকে দেব, জহর রোজগার যোজনার সোশ্যাল ফরেস্ট্রির টাকা। আমি শুধু আপনাকে একটা স্যাম্পেল দিচ্ছি। গোটা পশ্চিমবাংলার ৩৮ হাজার গ্রামের ৩৪১টি ব্লকের ৬৫ হাজার গ্রাম পঞ্চায়েতের মধ্যে এটি একটি গ্রাম পঞ্চায়েতের উদাহরণ যে কিভাবে টাকা খরচ করছে। প্রধানকে বি.ডি.ও চিঠি লিখছেন, ইট ইজ It is seen from the report of Monitoring Cell that it visited the Gram Panchayat from 16.2.90 to 8.3.90 for inspection of the scheme etc. in respect of Jawahar Rojgar Jojona but you were absent during the visit. পালিয়ে বেড়াচ্ছে প্রধান। সেখানে বি.ডি.ও চিঠি লিখছে আমি জানতে পারলাম, ইন দিজ As per report only 1725 no. of seedlings were purchased and planted under this scheme. You are

therefore, requested to let this office know within seven days from the date of receipt of this letter under what circumstances your Gram Panchayat spent a sum of Rs. 1,21,612.34 for plantation of only 1725 no. of seedlings. কি হল তারপর? তারপর ইন্সপেকশন হল, আমি ইন্সপেকশন রিপোর্ট জমা দিচ্ছি। কি ভয়ঙ্কর ব্যাপার, ইন্সপেকশন করতে গিয়ে দেখছে সমস্ত কিছু ওলট-পালট করে এইসব কান্ড করেছেন। (দেখিয়ে) এটা স্যার, চার্ট, আমার কাছে কাগজ-পত্রের কপি আছে জহর রোজগার যোজনার। তাই মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি এই ব্যাপারটা আপনি দেখুন। এখানে রেড মার্ক দেওয়া আছে, (দেখিয়ে) চেকিং অফিসার, ইন্সপেকশন অফিসার বলছে এইভাবে ১ লক্ষ ২১ হাজার ৬১২ টাকা ৩৪ পয়সা খরচ করেছেন। এই একটা উদাহরণ আমি আপনাকে তুলে দিলাম যে কিভাবে ভয়ঙ্কর দূর্নীতি চলেছে। সমস্ত পঞ্চায়েত অফিসগুলি আজকে কসাইখানায় পরিণত হয়েছে। সাধারণ মানুষের গণতান্ত্রিক অধিকারকে কেড়ে নেওয়া হয়েছে। কোনও মানুষ প্রশ্ন করতে গেলে আপনি বলেন, বিভাগীয় নির্দেশ পাঠান, গ্রামে টাঙিয়ে দেবেন হিসাব দিয়ে আর ১ মাস অন্তর না পারেন ২।৩ মাস অন্তর যে মিটিং করবেন এবং গ্রামের লোকেদের নিয়ে গ্রাম কমিটি করবেন। আমার কাছে যে ম্যানুয়াল আছে, জহর রোজগার যোজনার ম্যানুয়াল এই ম্যানুয়ালে যে ডায়রেকটিভ দেওয়া হয়েছে তার কটা রক্ষিত হচ্ছে? একটাও রক্ষিত হচ্ছে? হচ্ছে না। মাননীয় আর.এস.পি. দলের সদস্য শ্রী শীশ মহম্মদ সাহেব এই বিধানসভায় দাঁড়িয়ে কি বলেছেন?

এদিন বিতর্কে অংশ গ্রহণ করে আর.এস.পি-র শীশ মহম্মদ মহাশয় পঞ্চায়েতের কঠোর সমালোচনা করে বলেন যে, পঞ্চায়েতকে পুরোপুরি দুর্নীতি গ্রাস করে ফেলেছে। এটা আমার কথা নয়, মাননীয় শীশ মহম্মদ মহাশয় বলেছিলেন। এটা শুধু কংগ্রেসের কথা নয়, আজকে প্রতিটি রাজনৈতিক দল গুমরে গুমরে কাঁদছে, তারা আজকে অত্যাচারিত। আজকে রাজ্য যদি অত্যাচারী, ভ্রষ্টাচারী শাসক হয়, তাহলে তার রাজত্বে গণতন্ত্রের নাম করে গণতন্ত্রকে বশে এনে তার টুটি টিপে ধরা হয়, গণতন্ত্রী করণের নামে গ্রাম পঞ্চায়েতের অফিসগুলিকে কসাইখানায় এবং শোষণ যন্ত্রে পরিণত করা হয়, গ্রামীণ উন্নয়ন, আর্থ সামাজিক কাঠামোর মার্কসবাদী কমিউনিস্ট পার্টির নেতৃত্বে কংগ্রেস সমেত সমস্ত রাজনৈতিক শক্তিকে গ্রাস করে একদলীয় শাসন প্রতিষ্ঠা করা হয় সেই পঞ্চায়েতী রাজ বিলের বিরোধিতা করতে আমরা আতঙ্কিত হই না, আনন্দিত হই। এদের গণতান্ত্রিক একদলীয় শাসন ব্যবস্থা করার যে মেকি বামপন্থী জীবন ধারার যারা ধারক যারা সত্যিকার মানুষের হাতে ক্ষমতা দিতে চায় না। আগামী দিনের মানুষ তাদের বিচার করবে এবং আমরা নিশ্চিন্ত যে আগামী দিন আর বেশি দূরে নয়। এক একটা ঘটনা যদি তুলে ধরি আমার বিধানসভা কেন্দ্র—মাননীয় মন্ত্রী দেব বর্মা মহাশয় বসে আছেন—আপনার দপ্তরের মন্ত্রী উনি উত্তর দিলেন সারা পশ্চিমবঙ্গের ৩৪১টি ব্লকের মধ্যে আমার একটি ব্লকের কথা আমি জিজ্ঞাসা করেছিলাম যে, গত বছর সবং ব্লকে আর.এল.ই.জি.পি.তে কত টাকা দেওয়া হয়েছিল, কত টাকা খরচ হয়েছে এবং কত টাকা খরচ করতে পারেন নি? এই হাউসে উনি উত্তর দিয়েছিলেন সবং ব্লকে গত আর্থিক বছরে ৭ লক্ষ টাকা আর.এল.ই.জি.পি.তে খরচ করতে পারিনি। সবং পঞ্চায়েত সমিতি, যারা আপনাদের নেতৃত্বে চলে। একটা ব্লকে ৭ লক্ষ টাকা, একটা স্কীমে গ্রামীণ ভূমিহীন শ্রমিকদের জন্য খরচ করতে না পারে এই দপ্তর এবং এই সরকার তাহলে ৩৪১টি ব্লকে কি চিত্র

চলছে সেটা অনুমান করতে পারছেন। মাননীয় বিনয়বাবু স্বীকার করবেন না, তিনি তথ্য এবং ডাটা দিয়ে দেখিয়ে দেবেন এত কিলোমিটার রাস্তা করেছি বা এত ম্যানডেজ করেছি। মাননীয় মন্ত্রী মহাশয় আপনি উত্তর দেবেন গ্রামীণ ভূমিহীন শ্রমিকদের ডি-মারকেট করতে পেরেছেন? আপনার দপ্তর গত অক্টোবর মাসে ভূমিহীনদের ২.২৫ টাকা কিলোদরে চাল দেবেন বলে এই সভায় ঘোষণা করেছিলেন। ফরওয়ার্ড ব্লক থেকে আরম্ভ করে সমস্ত রাজনৈতিক দল থেকে অভিযোগ করা হয় সঠিকভাবে ভূমিহীন শ্রমিকদের তালিকা তৈরি করার জন্য, কিন্তু শরিক দল হিসাবে সি.পি.এম. দলের তরফ থেকে নানারকম অসুবিধার সৃষ্টি করা হয়। কখন বললেন ১.২৫ দরে দেবেন, কখন বললেন ৪০ লক্ষ ভূমিহীন শ্রমিক, কোনটা ঠিক? আপনাদের আর.এল.ই.জি.পি.র গাইড লাইন কোথায়? প্রত্যেকটি ভূমিহীন শ্রমিককে ডিমারকেটিং করেছেন যে তাদের জন্য কার্ড করে দিতে হবে, এবং কার্ড করে দিয়ে ভূমিহীন শ্রমিকদের বছরে ১০০ দিন কাজ দিতে হবে এবং ১০০ দিন কাজ বাধ্যতামূলক করতে হবে। ম্যানডেজ টু বি গিভন টু দি পুওরার টু দ্যাট পার্টিকুলার ল্যান্ডলে লেবারার। কিন্তু কিছুই করতে পারলেন না। ভূমিহীন শ্রমিকদের ক্ষুধার, পেটের জ্বালার সামনে মার্কসবাদী পতাকা তলায় নিয়ে যাবার, কৃষকসভার চেষ্টা করেছেন। কৃষক সভার পতাকার তলায় এলে পঞ্চায়েতে কাজ পাবে। আসলে দলমত নির্বিশেষে ভূমিহীন কৃষকদের চিহ্নিত করে পশ্চিমবঙ্গ সরকার ১৯৮৩ সালের ২৫শে আগস্ট থেকে ১৯৯০ সালের এপ্রিল পর্যন্ত ডিমারকেট করে কোনও কিছু দিলেন না।

[4-10—4-20 P.M.]

এর সঙ্গে আর কি যুক্ত হল? ১৯৮৫ সালে ভূমিহীন কৃষক, ক্ষেত মজুরদের জন্য পঞ্চায়েতের মাধ্যমে বিমার কথা ভারত সরকার ঘোষণা করেছিলেন; বসেছিলেন, প্রতিটি ভূমিহীন কৃষকদের জন্য কেন্দ্রীয় সরকার এল.আই.সি.-র মাধ্যমে বিমা করে দেবেন এবং তার মৃত্যুর পর সেই দরিদ্র কৃষকের স্ত্রী বা তার পরিবারের সদস্য যাকে নমিনি করে যাবেন তার প্রিমিয়ামের টাকা কেন্দ্রীয় সরকার দেবেন। এই বছর কিছুটা এগিয়েছেন, কিন্তু গত বছর অবধি আপনি এবং অর্থ দপ্তর এল.আই.সি.-র সঙ্গে ঝগড়া করে রাজনৈতিক স্বার্থে একটি মাত্র রাজ্য পশ্চিমবঙ্গে সেটা চালু করতে দেননি। আপনারা চেয়েছিলেন, এল.আই.সি.-র কাছ থেকে সমস্ত বিষয়টা আপনাদের কাছে হস্তান্তর করা হোক, কিন্তু এল.আই.সি. বলেছিলেন—তা হয় না; আমাদের কাছে লিস্ট পাঠান, আমরা স্পনসর্ড করে দেব। মৃতের প্রিমিয়াম পর্যন্ত গভর্নমেন্ট দিয়ে দিতেন, কিন্তু আপনারা সেটা রাজনৈতিক উদ্দেশ্য নিয়ে বাঞ্চাল করে দিলেন। কিন্তু আপনাদের সদিচ্ছা থাকলে এটা করতে পারতেন না। আপনি কিছু করছিলেন ঠান্ডা ঘরের মধ্যে বসে, আমরা কিন্তু তার ফল দেখলাম—দরিদ্র ক্ষেত-মজুর সমাজ এবং ভূমিহীন কৃষক এই পরিকল্পনা থেকে বঞ্চিত হল। আপনি দেখেছেন, কেন্দ্রীয় নির্দেশে নির্দিষ্টভাবে বলে দেওয়া হয়েছে যে, জওহর রোজগার যোজনার ১৫ পারসেন্ট টাকায় শিডিউল্ড কাস্ট এবং শিডিউল্ড ট্রাইবস—এদের জন্য কাজ করতে হবে, ৬ পারসেন্ট টাকায় ইন্দিরা গান্ধী আবাস যোজনা প্রকল্পে, ৬ পারসেন্ট টাকায় দরিদ্র তফসিলি আদিবাসী সম্প্রদায়ের জন্য ৬,০০০ টাকায় বাড়ি এবং ১,২০০ টাকায় স্মোকলেস চুল্লি বানিয়ে দিতে হবে। কিন্তু আপনি কি করেছেন? অদ্ভুত ব্যাপার, পরিষ্কার নির্দেশ আছে যে, সমস্ত পদ্ধতিটা গ্রাম পঞ্চায়েতের হাতে ছেড়ে দিতে হবে, কিন্তু যাঁরা গণতান্ত্রিকরণের কথা বলেন তাঁরা কি করলেন? ইন্দিরা আবাস যোজনায় এস.সি.

এবং এস.টি. পরিবারের মধ্যে থেকে সিলেকশন অফ বেনিফিশিয়ারিজদের নাম ঠিক করবার দায়িত্বটা তাঁরা জেলা পরিষদকে দিয়ে দিলেন। জেলা পরিষদ কেন করবে এটা? কোনও একটি ব্লকে, কোনও একটি প্রত্যন্ত প্রদেশে আদিবাসী ভাইদের নাম জেলা পরিষদ কি করে ঠিক করবে? কেন গ্রাম পঞ্চায়েতের প্রধান এই নাম ঠিক করবার সুযোগটা পাবেন না? কেন জেলা পরিষদ নাম ঠিক করে দেবে? এইজন্যই রাজীব গান্ধী পঞ্চায়েতীরাজ বিল এনে বলেছিলেন—ডাইরেক্ট ডেভলুশন অফ পাওয়ার টু দি পিপল। এই ক্ষমতার নেতৃত্বে গ্রামে গ্রামে, ব্লকে ব্লকে এক-একটি ক্ষমতার দালাল তৈরি হয়েছে। তথাকথিত উচ্চবিত্ত সুদখোর মহাজনদের কাছে আত্মসমর্পণ করে পঞ্চায়েতের মাধ্যমে ক্ষমতা বিকেন্দ্রীকরণের নাম করে আজকে তাদের গলিতে তালা বন্ধ করেছেন। আসল অর্থনৈতিক ক্ষমতা আজকে গ্রামের মানুষের হাতে নেই, সুবিধাভোগী প্রতিক্রিয়াশীল শক্তির হাতে আপনারা বিক্রি হয়ে গেছেন, তাদের কাছে আত্মসমর্পণ করেছেন। ক্ষমতায় থাকবার জন্য আপনারা ক্ষমতার বিকেন্দ্রীকরণ চাননি। সেজন্যই আমরা দেখতে পাচ্ছি এক-একটি গ্রামে যে কাজ গ্রামবাসীর করবার কথা, সুপারিশ করবার কথা, সেই কাজটা জেলা পরিষদ করছে, কখনও কখনও পঞ্চায়েত সমিতিকে দিয়েও করানো হচ্ছে। এটা ভয়ঙ্কর ব্যাপার। আশা করি, মাননীয় মন্ত্রী মহাশয় এর জবাব দেবেন। 'ট্রাইজেম'-বেকার যুবক-যুবতীদের স্বনিযুক্তি প্রকল্প। স্বনিযুক্তি প্রকল্পে ট্রেনিং-এর মাধ্যমে তাদের সজীব করে তুলবার জন্য যে পরিকল্পনা তারই নাম 'ট্রাইজেম'। আপনিই বলুন না, বিগত কয়েক বছর এই 'ট্রাইসেম' পরিকল্পনার সঠিক রূপ দিতে পেরেছেন কি না? আপনার বক্তব্যের মধ্যে হতাশা ফুটে উঠেছে। আপনি ভাল করার চেষ্টা করছেন। অবজার্ভেশন রিপোর্টের মধ্যে কি আছে? অবজার্ভেশন রিপোর্টের মধ্যে বলা হয়েছে যে এই ট্রাইসেম পরিকল্পনাকে যদি সঠিক ভাবে রূপায়িত করা যেত তাহলে ইন্টিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামে ক্ষুদ্র ও কুটির শিল্প গড়ে তোলার ক্ষেত্রে যে অর্থনৈতিক পরিকল্পনাগুলি সঠিক ভাবে রূপায়িত করা যেত, যে ট্রাইসেম পরিকল্পনাকে পশ্চিমবঙ্গের বুকে সমান্তরাল গতিতে গ্রামীণ যুবক-যুবতীদের নিজেদের হাতে কাজকর্ম শেখানোর জন্য তাদের যে ট্রেনিং দেওয়া যেত তা হল না। তবে ইন্টারেস্টেড হলেন কোথায়? সর্ট-টার্ম বেনিফিট করে দেব বললেন এবং আরও বললেন যে তোমাদের সব দিচ্ছি, তোমরা আমার দলে চলে এস। নদীয়া জেলায় ১৯৮২-৮৫ সালের একটা স্যাম্পেল সার্ভে হয়েছিল আই-আর-পি-পি'র ব্যাপার নিয়ে। সেখানে দেখা যাচ্ছে যে প্রায় ১,৩১২টি পরিবার টোট্যাল আই-আর-ডি-পি'র সিলেকশন অব বেনিফিশিয়ারিজের মধ্যে ছিল। এই ব্যাপার নিয়ে আপনার বিভাগ উত্তর দিয়েছে কখন খুঁজে পাওয়া গেছে। আগে কোনও ট্রেস পাওয়া যাচ্ছিল না—অনট্রেসড বেনিফিশিয়ারিজ সিলেকটেড বাই দি সিলেকশন কমিটি অ্যাট দি ব্লক লেভেল যারা তাদের আই-আর-ডি-পি. দেওয়া হয়েছে। সাবসিডির টাকা উবে গেছে। কে সেই সাবসিডির গ্রাহক, কি উদ্দেশ্যে দেওয়া হল তা জানা গেল না। সন্দেশখালিতে ৩৬১টি পরিবারকে খুঁজে পাওয়া গেল না। আবার আপনার দপ্তর বলল খুঁজে পাওয়া গেছে, ট্রেস করা গেছে। এগুলো যে মিসইউটিলাইজড তা পাবলিক অ্যাকাউন্ট কমিটির রিপোর্টে আছে। এটা একটা স্যাম্পেল সার্ভে থেকে বললাম, শুধু বিরোধিতার জন্য বিরোধিতা নয়। ৪,৮০০ টাকার নিচে যাদের বাৎসরিক আয় তাদের আন্ডারপভার্টি লাইনে ট্রিট করা হয়। আগে যাদের ইনকাম ৩,৫০০ টাকার নিচে ছিল আগে তাদের বলা হত, কিন্তু এখন একটু বাড়িয়ে যাদের আয় বাৎসরিক ৪,৮০০ টাকার নিচে তারা দারিদ্র্য

সীমার নিচে বাস করছে বলে ধরা হয়। ১৯৮০ সাল থেকে আই-আর-ডি-পি. শুধু হয়েছে এবং তখন থেকেই যদি ধরি, তাহলে ষষ্ঠ পরিকল্পনায় আপনি মিজার‍্যাবলি ফেল করেছেন—ইনটিগ্রেটেড রুর‍্যাল ডেভেলপমেন্ট প্রোগ্রামে আপনি ৪০ পারসেন্ট টারগেট রিচ করতে পারেন নি। ৭ম পরিকল্পনায় ধিকিধিকি করে ২ লক্ষ ১০ হাজার যে বেনিফিসিয়ারি ছিল তা ঐ পরিকল্পনার বছরগুলিতে কোনও বছরে ১ লক্ষ ৭৯ হাজার, কোনও বছরে ১ লক্ষ ৮০ হাজার, গত বছরে কিছু ভাল করেছেন এবং এই বছরে কেবল লক্ষটা ক্রস করে গেছেন। আপনি সংখ্যাতত্ত্বের উপরে স্যাটিসফায়েড হয়ে বসে থাকবেন? সংখ্যাতত্ত্বের উপরেই আপনি বলবেন আই-আর-ডি-পি.র মাধ্যমে বেনিফিসিয়ারিজকে বেনিফিটেড করে দিয়েছেন? আমরা নিশ্চয়ই বলে দিতে পারি, পশ্চিমবঙ্গে দারিদ্র্য সীমার নিচে বসবাসকারী মানুষের ইনকাম বেড়ে গেছে, আমাদের আর চিন্তার কোনও কারণ নেই—এই জায়গা থেকে, ফল্টি সিলেকশন অব বেনিফিশারিজ-এর ক্ষেত্রে যদি আপনি মুক্ত না হতে পারেন তাহলে কিন্তু কখনও অগ্রগতি ঘটতে পারে না। আজকে বিভিন্ন জায়গায় ব্যাংক থেকে পেমেন্ট হচ্ছে। আই-আর-ডি-পি.-র লোন বিভিন্ন জায়গা থেকে দেওয়া হচ্ছে আর দেখছি সেখানে কৃষক সভার পক্ষ থেকে তাদের কাছ থেকে চাঁদা নেওয়া হচ্ছে। তাদের বলা হচ্ছে চাঁদা দাও। গরিব মানুষ যাদের বাৎসরিক আয় ৪,৮০০ টাকার নিচে, যারা আজকে একটা অনুদান পাচ্ছে—৩৩ পারসেন্ট সাধারণ ক্যাটাগোরিতে বরাদ্দকৃত যে লোন পাচ্ছে একটা পার্ট হিসাবে, সেখানে তাদের এই কথা বলা হচ্ছে। কি সাংঘাতিক অবস্থা। শেষে বলি, আপনি যদিও পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী, তবুও আপনি একই সঙ্গে ভূমি দপ্তরের এবং রেভেনিউ ডিপার্টমেন্টেরও মিনিস্টার। পঞ্চায়েত বাজেটে পঞ্চায়েতের উন্নয়নের জন্য কোটি কোটি টাকা জেলা পরিষদকে ডি-আর-ডি-এ. বাবদ দেওয়া হচ্ছে, কিন্তু ৩১শে মার্চের মধ্যে সঠিক ভাবে সেই টাকা দেখা যাচ্ছে খরচ করতে পারছে না। আমার কাছে একটি চিঠি আছে।

[4-20—4-30 P.M.]

চিফ সেক্রেটারি শ্রী তরুণ দত্ত গভর্নমেন্ট অফ ওয়েস্ট বেঙ্গল চিঠি লিখেছেন, চিঠির নম্বর জানাচ্ছি—২৩৮৮।এফ, ক্যালকাটা, ৯ই মার্চ ১৯৯০। জেলাগুলিকে সাবধান করে দিয়েছেন যে ট্রেজারি যে ডিপোজিট আছে, মানি আছে তা সঠিকভাবে রাখুন, যে ব্যয়বরাদ্দ হয়েছে আপনারা তা সঠিকভাবে রাখুন। মার্চ মাসে লেখা এই চিঠি। এই চিঠিতে তিনি লিখেছেন যে অহেতুক টাকা খরচ করবেন না, ডিপোজিট করে রাখুন। এদিক ওদিক টাকা করবেন না। এটাই হচ্ছে চিফ সেক্রেটারির মূল বক্তব্য। কিন্তু inspite of giving the circular by Chief Secretary. চিফ সেক্রেটারি সার্কুলার দেওয়ার পরেও দক্ষিণ ২৪ পরগনায় কয়েক লক্ষ টাকা তুলে নিয়ে অন্য খাতে জমা করলেন। এইভাবে প্রতিটি জেলায় অন্যায়ভাবে লক্ষ লক্ষ কোটি কোটি টাকার ডি আর ডি এ ডি এম রা নিজেদের খেয়ালখুশিমতো, অন্যায়ভাবে এখানকার ওখাতে খরচ করছে, আবার ওখাতের টাকা এখাতে খরচ করছেন। তাছাড়া পারসোনাল লেজার ফান্ডে জমা করে দেয়। এরই ফলপ্রসূ হচ্ছে আলিপুর নাজেরাৎ খানা। যে আলিপুর নাজেরাৎ খানার কথা আমি আগেও বলেছি। আজকে সেখানে যে টাকা চুরি করল সেই টাকা উন্নয়নের টাকা ছিল, সেই টাকা রেভিনিউ ডিপার্টমেন্টের টাকা ছিল, সেই টাকা পঞ্চায়েত ডিপার্টমেন্টের টাকা ছিল। সেই টাকা পঞ্চায়েত ইলেকশনের জন্য ছিল। বি.সি.

মুখার্জি কমিটিকে দিয়ে তদন্ত করানো হয়েছিল এবং বি.সি. মুখার্জির তদন্ত রিপোর্টও ১৯৮৭ সালে সেপ্টেম্বর মাসে জমা দিয়ে দিয়েছিল। আপনি মানসিকতার দিক থেকে ভীত সন্ত্রস্ত তাই ওই কোরাপটেড অফিসারসকে প্রোটেক্ট করার জন্যে অত্যন্ত সুনিশ্চিত ভাবে ওই বি.সি. মুখার্জির কমিটির রিপোর্টকে সভায় আনছেন না। আপনি সভায় দাঁড়িয়ে ঘোষণা করেছিলেন যে আমি বি.সি. মুখার্জিকে দিয়ে কমিটি করে তদন্ত করব। কিন্তু আজ পর্যন্ত সেই রিপোর্ট পেলাম না। আপনি আপনার দপ্তরকে কসাইখানায় পরিণত করেছেন। এই কথা বলে আপনার ব্যয়বরাদ্দকে বিরোধিতা করে আমাদের কাটমোশনকে সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

মিঃ স্পিকার ঃ ডাঃ ভুঁইয়া, আপনি যে পেপারগুলো পড়লেন ওগুলো সব হ্যান্ড ওভার করবেন। ডিমান্ডের যে সাবজেক্ট তার উপরে বক্তব্য রাখতে গিয়ে অন্য দপ্তরের কথায় চলে গেলেন। আপনি জানেন যে কাটমোশন দিলে you must continue yourself on the subject of the cut motion. আপনি এর মধ্যে রেভিনিউ ডিপার্টমেন্ট আনলেন, ল্যান্ড ডিপার্টমেন্ট বললেন। বক্তব্য বলতে বলতে পারমিশন চাইলে তার কোনও মূল্য থাকে না। এটা তো আর পাড়ার আড্ডাখানা নয়, যে যা ইচ্ছে হল বলে যাব। It is a serious business. যাইহোক আপনি আপনার পেপারসগুলো আমার কাছে হ্যান্ড ওভার করবেন।

শ্রী হেমন্তকুমার রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, গত কয়েক বছর ধরে বামফ্রন্ট গঠিত হবার পরে এই পঞ্চায়েতের বাজেটের ব্যয়বরাদ্দ আলোচনা হয়েছে। আমি বক্তব্য রাখব বলে গতকাল লাইব্রেরিতে গিয়ে দেখলাম কংগ্রেস আমলে পঞ্চায়েতের সম্পর্কে কোনও আলোচনা বিধানসভায় হয়েছে কি না সন্দেহ। আমি কি বলব পঞ্চায়েত সম্পর্কে কোনও আলোচনা বিধানসভায় হয় নি এবং তার কোনও প্রসিডিংসও পাইনি। সুতরাং তাঁদের আমলে তারা যে এই পঞ্চায়েতকে কত গুরুত্ব দিয়েছে বোঝা যায়। পঞ্চায়েত সম্পর্কে আলোচনা করতে গিয়ে বিরোধীপক্ষের মাননীয় সদস্য মানসবাবু বললেন আমরা নাকি কংগ্রেসের অনুসৃত নীতিকে অনুকরণ করে চলছি। দ্বিতীয় কথা হচ্ছে আপনাদের আমলে পঞ্চায়েত ছিল একথা স্বীকার করি কিন্তু তার কার্যকারিতা কতটুকু সেটুকু জানার বিষয়। কিন্তু সেই পঞ্চায়েত নির্বাচন কিভাবে হত, ত্রিস্তর পঞ্চায়েত প্রত্যক্ষ নির্বাচনের মধ্যে দিয়ে হত না। এখন যে পঞ্চায়েত নির্বাচন হচ্ছে সেই নির্বাচনে গ্রাম পঞ্চায়েতের সদস্য এবং পঞ্চায়েত সমিতির সদস্য এবং জেলা পরিষদের সদস্য ৩ জনা সদস্যকে ভোটের দ্বারা নির্বাচন করছেন—প্রত্যক্ষ ভোটে তাদেরকে নির্বাচন করে পাঠাচ্ছেন। ওরা গোড়া থেকে, পঞ্চায়েত হবার পর থেকে দেখছি ওদের গাত্র জ্বালা দেখা দিয়েছে। তারা গোড়া থেকে কয়েক বছর ধরে পঞ্চায়েতকে আক্রমণ করে বক্তৃতা দিয়ে আসছেন, এটা স্বাভাবিক ঘটনা যে পঞ্চায়েত হবার পর থেকে গ্রামাঞ্চলে সামাজিক ভারসাম্যের পরিবর্তন ঘটেছে। ওরা যেসব মানুষের প্রতিনিধিত্ব করেন জোতদার জমিদার বিত্তবান মানুষের যারা পঞ্চায়েত, স্কুলে, সমবায় সমিতিতে বিভিন্ন জায়গাতে প্রতিনিধিত্ব করতেন, যেখানে সাধারণ মানুষের যাওয়ার কোনও অধিকার ছিল না, এখন সেই জিনিসটার পরিবর্তন ঘটেছে। কাজেই ওদের যারা খুঁটি, গ্রামাঞ্চলের সেই খুঁটি নড়ে গিয়েছে, উৎপাটিত হয়ে গিয়েছে। এই কারণেই আজকে জনসাধারণের উপর ভীত নেই, তার জন্যই ওদের গাত্রজ্বালা এবং এত চেঁচামেচি। ওরা আজকে বলে বেড়াচ্ছেন পঞ্চায়েতে চুরি হচ্ছে, পঞ্চায়েতের

সবাই চোর, এবং পঞ্চায়েতের টাকা-পয়সা দিয়ে নাকি আমাদের পার্টির সমস্ত সম্পত্তি তৈরি হচ্ছে। তাই এই ব্যাপারে আমি একটি কথা স্মরণ করিয়ে দিই হিসাবটা নিয়ে দেখবেন, পঞ্চায়েতের টাকা পয়সা গ্রাম পঞ্চায়েতে খরচ হয়, এবং গ্রাম পঞ্চায়েতই খরচ করে। কংগ্রেসের তো কিছু গ্রাম পঞ্চায়েত আছে, সংখ্যাটা সেটা ৫ শতাংশ হোক কিংবা ১০ শতাংশই হোক, তাদেরও সেখানে সেই জিনিসটা হয় নাকি যে তারা সেটা বাদ দিয়ে বললেন না ওদেরটা বাদ দিয়ে আমাদেরটাই বললেন, সেটা কিভাবে বললেন—সেটা তো বোঝা গেল না, দ্বিতীয় কথা বললেন চুরির হিসাব নেই, চুরি করলে হিসাব দেওয়ার তো কোনও অসুবিধা নেই, বা টাকা ফেরত দেওয়ারও কোনও অসুবিধা নেই। একজন টাটা বিড়লার কথা বললেন, এখানে তো হিসাব দেওয়ার কোনও অসুবিধা নেই, ইনকাম ট্যাক্স বা সেলস ট্যাক্সের জন্য বাইরে থেকে লোক ভাড়া করলে সেক্ষেত্রে চুরি করলে তার সোজা হিসাব দেওয়ার কোনও অসুবিধা নেই। আর ওরা বললেন যে আমরা সব টাকা ব্যয় করতে পারছি না, টাকা বাড়তি হচ্ছে, ফেরত যাচ্ছে; কেন্দ্রীয় সরকারের টাকা চুরি করলে ফেরত যাওয়ার তো কোনও প্রশ্ন নেই, আমাদের পকেট কি ভর্তি হয়ে গেছে নাকি পকেটে ধরার জায়গা নেই, তার জন্য কি টাকা ফেরত দিয়ে দিচ্ছে। আমি মন্ত্রী মহাশয়কে অনুরোধ করব এই টাকাগুলি যে ফেরত যাচ্ছে আমাদের যেখানে যেখানে বিধানসভার সদস্যরা আছেন সেই টাকাগুলিকে ঐ জায়গায় ফেরত না দিয়ে ওঁদের কাছে ফেরত দিলে তারা সন্তুষ্ট হয়ে যাবেন এবং এই বিষয়টা আর তুলবেন না। কেন এই ধরনের কন্ট্রাডিকটরির কথা তারা নানা ভাবে বলছেন, এখানে এইগুলির সঙ্গে কোনও সম্পর্ক নেই। আজকে পঞ্চায়েত পশ্চিমবাংলার সর্বত্র মানুষের জনজীবনে তারা একটা স্থান করে নিয়েছে এবং তারা সব ব্যাপারে সামাজিক ব্যাপার বলুন, অর্থকরী ব্যাপার বলুন, আছে। জওহর রোজগার যোজনা নির্বাচনী ছলনা, অনেক কংগ্রেসি মনীষী তো জেনেছিল, গান্ধিজীর তো ধ্যানধারণা ছিল পঞ্চায়েতে, তাহলে জওহর রোজগার যোজনা নামটা কেন হল, সেখানে তো গান্ধিজীর নামটা হতে পারত, লাল বাহাদুর শাস্ত্রী হতে পারত, কিন্তু এখানে একটা নেহেরু পরিবারকে কেন এর মধ্যে জড়িয়ে নামটা করলেন—জওহর রোজগার যোজনা, এক্ষেত্রে তো গান্ধিজীর নামটাও হতে পারত। নির্বাচনে এই জওহর রোজগার যোজনার নামটাকে কাজে লাগাবেন বলেই কি এই পরিকল্পনা করেছিলেন, এবং তারই ফলশ্রুতি কি এর ভেতর দিয়ে প্রকাশ পায় না? টাকা না হয় বেশি আসত জওহর রোজগার

[4-30—4-40 P.M.]

যোজনায়, জওহর নামটা কেন হল—লাল বাহাদুর শাস্ত্রী হতে পারত, মহাত্মা গান্ধী হতে পারত সেটা না হয়ে জওহর রোজগার যোজনা হল কেন? এটা কি খুব ভুল বলা হল? এটা কি খুব খারাপ বলা হল? ওঁরা বললেন জওহর রোজগার যোজনায় টাকা বেশি আসছে—সমস্ত পরিকল্পনাগুলি এন.আর.ই.পি., এল.আর.ই.পি. ইত্যাদি পরিকল্পনাগুলি সবগুলিকে এক করে দিয়ে জওহর যোজনা করলেন। সেটা যোগ করলে টাকা খুব একটা বেশি হয় নি। ওঁরা বললেন কম টাকা। যাঁরা দুঃস্থ, যাঁরা গরিব, যাঁরা কর্মহীন লোক বলা হল তাঁদের ১০০ দিন কাজ দেওয়া হবে; কিন্তু বাস্তবে দেখা গেল যে তাঁদের ১০।১২ দিনের বেশি কাজ দেওয়া যাচ্ছে না। কাজেই এইসব ধাপ্পা তাঁরা দিয়েছেন, এইসব তো দেখতে হবে। আর একটা কথা বলে দিলেন অভিযোগ নিয়ে, অভিযোগ তুললে তো অভিযোগ প্রমাণ করতে হয়। আমাদের

দেশে আইন আছে যে অভিযোগ করে তাঁকে অভিযোগ প্রমাণ করতে হয়। আর ওঁরা তো বিধানসভায় যা ইচ্ছে তাই বলে যাচ্ছেন কোনও দায়িত্ব নেই—চোর বলছেন, জোচ্চর বলছেন, কসাইখানা বলছেন। আমরা তো জানি কসাইখানাতে গলা কাটা হয়, তো ওখানে কার গলা কাটা হয় তা আমার জানা নেই। বিধানসভায় দাঁড়িয়ে যা খুশি তাই বলছেন। এইসব কি হয়? আপনারা যে অভিযোগগুলি আনছেন তার জন্য তো কোর্ট রয়েছে, ওঁরা তো ছুতোয় নাতায় কোর্টে চলে যায়, দুই-একটা দুর্নীতি, দু' একটা অপকর্ম কাজের জন্য। এইজন্য আপনারা কোর্টে যান না কেন? না কি এটা বলা আছে যে পঞ্চায়েতের বিরুদ্ধে কোনও কেস কোর্ট নেবে না, এখানে তো আইনমন্ত্রী বসে আছেন, তাঁকেই তো জিজ্ঞাসা করতে পারেন। কেস করতে গেলে তো একটা পিটিশন দিতে হয়, তো পঞ্চায়েতের অভিযোগ সম্বন্ধে পিটিশন কোর্ট কেস নেবেনা এইরকম ধারণাও তো নেই। আর একটা জিনিস ভাবতে হবে—আগেকার পঞ্চায়েতগুলি সমাজের বিত্তবান লোকের বাড়ির বৈঠকখানায় বসত, সেখানে অফিস ছিল। কিন্তু এখন পঞ্চায়েতের নিজস্ব একটা বাড়ি হয়েছে, যেটা আপনাদের সময় ছিল না। এখন গ্রামের লোকেরা পঞ্চায়েতের অফিসে যাওয়াটাকে অধিকার বলে মনে করে এবং সে নিজের জায়গা বলে সেখানে যেতে পারে। অভাব, অভিযোগ জানাতে পারে এবং এখানে কারও নিষেধ নেই। এইগুলি এবারকার বাজেট ভাষণে বলা হয়েছে যে অনেক কিছু এখনও করা হয় নি, এগুলি করতে হবে যেমন পঞ্চায়েতের নিজস্ব কোনও গৃহ নেই, গ্রাম পঞ্চায়েত, সমিতির গৃহগুলি তৈরি করতে হবে। তো এই সব কথা তো বলা হয়েছে। ওঁরা চাইছেন, এক শ্রেণীর লোক আছেন যাঁরা গ্রামে লুটে, পুটে খায় তাদের হাতে চলে যাক। একটা কথা মনে রাখতে হবে যে আগেকার পঞ্চায়েত এবং এখনকার পঞ্চায়েত অনেক তফাত। আর একটা কথা যেটা আমরা দেখছি সামাজিক ন্যায় বিচারের ব্যাপারে কোর্টে মামলা এখন অনেক কমে গেছে, এর জন্য যাঁরা ব্যবহারজীবী তাঁদের বিক্ষোভ আছে। বিশেষ করে যাঁরা ছোটখাট উকিল। এখন গ্রামে ছোটখাটো বিরোধ হলে পঞ্চায়েতই মিটিয়ে দিচ্ছে। কোর্ট পর্যন্ত যেতে হচ্ছে না। কিছুদিন আগে বিধানসভায় একটা কথা উচ্চারিত হয়েছিল যে, যদি কারুর ভিটেতে ঘুঘু চড়াতে হয় তাহলে তাঁর বাড়িতে মামলা ঢুকিয়ে দাও। আমরা সেজন্য বলতে চাই গ্রামের লোকের ভিটেতে ঘুঘু চরাবার জন্য মামলা-মোকদ্দমা আমরা সৃষ্টি করছি না, ঘুঘু চরাবার জায়গা অনেক আছে, এখন ঘুঘু চরাবার জায়গা হয়ে গেছে কংগ্রেস অফিসগুলি, সেখানে ঘুঘু চরাবার যথেষ্ট জায়গা পেয়েছে। আমি বলছি ব্যয়-বরাদ্দের যে দাবি করা হয়েছে ওরা অনেক কিছু দাবি করে বলছেন ব্যয়-বরাদ্দ আমরা অনুমোদন করি না। আমাদের বাজেটে আগেই বলা হয়েছে যে বাজেটের ৬০ ভাগ টাকা গ্রামের উন্নয়নে খরচ হবে পঞ্চায়েতের মাধ্যমে, তাহলে কি তাঁরা এর বিরোধিতা করেন? গ্রামের মানুষের উন্নয়নের জন্য টাকা-পয়সা যাতে না যায়, গ্রামের উন্নয়ন যাতে না হয় তার জন্য তাঁরা কি তার বিরোধিতা করেন? এই বাজেট সমর্থন না করার মানে গ্রাম উন্নয়নের বিরোধিতা করা, গ্রামের লোকের যাতে রাস্তা-ঘাট, পাণীয় জলের সুবিধা হয় সেদিক থেকে তার বিরোধিতা করা। আর একটা ব্যাপার হচ্ছে আজকে পঞ্চায়েতী ব্যবস্থার ভেতর দিয়ে বহু সামাজিক নিপীড়নের ফয়সলা হয়ে যাচ্ছে। নারী নির্যাতন বলুন, গৃহ বন্ধুদের উপর অত্যাচারের কথা বলুন নানারকম সামাজিক ব্যাপারে আজকে গ্রামে বিচার সভা বসছে, সেখানে তার ফয়সলা করে দেওয়া হচ্ছে। যারা পণের জন্য নির্যাতন করছে পঞ্চায়েত সেই পণ প্রথার বিরুদ্ধে হস্তক্ষেপ করছে। এই জিনিসগুলি

দেখার জিনিস, ভাববার জিনিস। ওরা সেইসব দিকে গেলেন না, কতকগুলি অঙ্কের হিসাব দেখিয়ে টাকা-পয়সা কোথায় কি হচ্ছে সেইসব কথা বলে গেলেন। পঞ্চায়েতের যে নীতিগত দিক সেই দিকটা খুঁটিয়ে তুলে ধরলেন না, তার ধারে কাছে গেলেন না। কারণ, ওদের পক্ষে যাওয়া অসুবিধা আছে। আবার একথাও বললেন কৃষক সভার পতাকা না ধরলে কাজ পাওয়া যায় না। আমি বলি ওদের অঞ্চলে পঞ্চায়েতের কাজকর্ম হয়, যারা রাস্তা-ঘাটের জন্য মাটি কাটে তারা হাতে লাল ঝান্ডা নিয়ে মাটি কাটতে যায় এই জিনিস কোনও জায়গায় হয়েছে? এই জিনিস দেখলে ওরা ফটো তুলে নিয়ে আসতেন নিয়ে এসে এখানে দেখাতেন। অনেক জিনিসের ফটো নিয়ে এসেছেন, পুলিশ লাঠি চার্জ করছে ফটো নিয়ে এসেছেন। কোনও একজন মহিলা তিনি কি করেছেন, তাঁর উপর কি নির্যাতন হয়েছে, তাঁর নামটা বলতে বারণ বলে বলছি না, কিন্তু লাল ঝান্ডা পুঁতে মাটি কাটতে হচ্ছে এর ফটো তুলে এনে এখানে দেখাতে পারতেন। বিধান সভায় প্রমাণ করার দায়িত্ব নেই বলে এইসব কথা এখানে বলছেন। এখন নতুন কিছু ব্যবস্থার কথা আমাদের পঞ্চায়েত বিভাগ থেকে বলা হয়েছে। হিসাব-নিকাশ যেটা বলে গেছেন যে ঠিক সময়ে পাওয়া যায় না এই অসুবিধা আছে। সেটা ভেবে বলা হয়েছে যে পঞ্চায়েতে আরও দক্ষ কর্মী হিসাব রক্ষক দরকার, আরও প্রশিক্ষণ দরকার, যারা ভালভাবে কাজ করতে পারে সেইসব লোকের দরকার। বাজেট ভাষণে সেইসব কথা বলা আছে যে পঞ্চায়েত সুষ্ঠুভাবে পরিচালনা করতে গেলে সেখানে আরও দক্ষ কর্মী দরকার, আরও হিসাব রক্ষক দরকার। এই কথা সেখানে বলা আছে। খরা ত্রাণের

[4-40—4-50 P.M.]

টাকার কথা বললেন। ৩১শে মার্চ খরচ করার শেষ দিন, কেন্দ্রীয় সরকারের কাছ থেকে ২৯শে মার্চ টাকা এল। এই টাকা খরচ করতে গেলে নিজেদের নিয়ে নিতে হবে এবং তারপর হিসাব দিতে হবে। এছাড়া কিছুতেই সম্ভব নয় খরচ করার। পুকুর কাটার টাকা আসে ভাদ্র মাসে। এই টাকায় কি করে পুকুর কাটবেন? পুকুর কাটতে গেলে মার্চ মাস পর্যন্ত অপেক্ষা করতে হবে। নভেম্বর, ডিসেম্বর মাসে আপনারা বললেন, এই টাকা খরচ করতে পারেন নি, পড়ে আছে। কাজেই কোন স্কীমের টাকা কোন সময়ে আসা দরকার সেটা আপনাদের ভাবতে হবে। আর গ্রামাঞ্চলে কোন সময়ে কি কাজ করতে হবে সেটার একটু ভাবনা চিন্তা করে দেখার দরকার আছে। পঞ্চায়েতকে ঠিক সময়ে টাকা দেবার কথা ভাবতে হবে। কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে যৌথভাবে যাতে টাকাগুলিকে কাজে লাগানো যায় সেটা এখন ভাববার সময় এসেছে, তা না হলে এই টাকা কিছুতেই কাজে লাগানো যাবে না। পুকুর কাটার টাকা ৩১শে মার্চের মধ্যে খরচ করতে না পারলে ফেরত চলে যাবে এটা হতে পারে না। কারণ পুকুর কাটার সময় হচ্ছে এপ্রিল, মে, জুন মাস। সবাই জানে যে, এই সময় পুকুর শুকনো থাকে। তা না হলে অন্য সময় পুকুরে জল থাকায় পুকুর কাটার অসুবিধা আছে। এই সব কারণের জন্যই পুকুর কাটার টাকা ফেরত যায়। গ্রামাঞ্চলে সুষ্ঠু পঞ্চায়েতী ব্যবস্থা চলছে। এটা ওরা কিছুতেই সহ্য করতে পারছেন না। গ্রামাঞ্চলের মানুষের কিছু কাজ হচ্ছে বলেই বিধানসভা, পঞ্চায়েত নির্বাচনে মানুষ আমাদের আরও বেশি বেশি করে ভোট দিচ্ছে এবং আরও বেশি বেশি করে তাদের প্রতিনিধি পঞ্চায়েত, বিধানসভায় পাঠাচ্ছে। ওরা এখানে বসে বুঝছেন যে পঞ্চায়েতের কাজ কর্ম হচ্ছে না, সব লোকেরা চুরি

করে নিচ্ছে। আপনারা এটা কি মনে করেন যে, চোরই হচ্ছে আজকে মেজরিটি, সেই জন্য তারা বেশি করে চোর প্রতিনিধি পাঠাচ্ছে? তাহলে দেশের সব লোকই চোর হয়ে গেছে বলতে হয়। সেই জন্য চোরকে তাদের প্রতিনিধি করে পাঠাচ্ছে। এছাড়া তো আমাদের অন্য কোনও ব্যাখ্যা আর আসে না। এই ভাবে দেশের লোককে অপমান করার কোনও যুক্তি আছে কি না এটা আমরা বুঝতে পারছি না। আজকে গ্রামাঞ্চল নানাভাবে এগোচ্ছে। আমরা দেখতে পাচ্ছি গ্রামাঞ্চলে সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার জন্য পঞ্চায়েত সেমিনার করছে এবং গ্রামাঞ্চলের সংস্কৃতির ধারাকে তারা তুলে ধরছে। এই সব দিক থেকে পঞ্চায়েতকে আরও একটু ভাবা দরকার বেশি করে। আমি হিসাব নিকাশের মধ্যে যাচ্ছি না। এই ব্যয় বরাদ্দকে সমর্থন করে এবং বিরোধী পক্ষের সমস্ত কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী অমর ব্যানার্জি: মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় মাননীয় মন্ত্রী মহাশয় পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলির প্রতি সমর্থন জানিয়ে আমি কয়েকটি কথা বলতে চাই। স্যার, আমাদের এই সভার প্রবীণ সদস্য, অত্যন্ত শ্রদ্ধাভাজন ব্যক্তি হেমন্তবাবুর বক্তৃতা আমি শুনলাম। তিনি পঞ্চায়েত ব্যবস্থার গুরুত্বের কথা বললেন এবং বললেন যে তাঁরা এই পঞ্চায়েত ব্যবস্থাকে গ্রামে গ্রাসরুটে পৌঁছে দিতে চান। তিনি পঞ্চায়েতের বিভিন্ন কর্মসূচির কথাও বললেন কিন্তু স্যার, আজকে পঞ্চায়েতের বাজেটের দিন সরকারি দলের সদস্যদের উপস্থিতি দেখে আমার তা মনে হচ্ছে না। আমাদের কথা ছেড়ে দিন, আপনাদের মতে তো আমরা কিছুই করি না কিন্তু পঞ্চায়েত বাজেটের দিন সরকারি দলের সদস্যদের উপস্থিতির হার যদি এই রকম হয় তাহলে এই পঞ্চায়েত ব্যবস্থাকে তাঁরা গ্রাসরুটে কি করে পৌঁছে দেবেন বুঝতে পারছি না। মাননীয় প্রবীণ সদস্য হেমন্তবাবু বললেন যে এন.আর.ই.পি., আর.এল.ই.জি.পি. এইসব মিলিয়ে যা দেওয়া হত আর জওহর রোজগার যোজনায় যা দেওয়া হচ্ছে তা প্রায় সমান সমান। এটা কিন্তু ঠিক নয়। ১১.৯.৯৮ তারিখে মন্ত্রী মহাশয় নিজে বলেছেন, গত বছর বিধানসভায়, জওহর রোজগার যোজনা একটা ভাঁওতা, অবাস্তব পরিকল্পনা। সঙ্গে সঙ্গে একথাও বলেছেন যে এন.আর.ই.পি., আর.এল.ই.জি.পি.তে মোট ৮২ কোটি টাকা পেয়েছিলেন আর জওহর রোজগার যোজনায় ১৯৮৯/৯০ সালে তাঁর প্রত্যাশা ২১৬ কোটি টাকা। এর পরও বলবেন যে দুটি মিলিয়ে তার তুলনায় জওহর রোজগার যোজনায় তার থেকে কম টাকা বা সমান সমান টাকা? স্যার, বাজেটের আলোচনার শুরুতে মাননীয় মন্ত্রী মহাশয়কে একটা কথা বলব। জওহর রোজগার যোজনার বিরুদ্ধে গতবার আপনি যে বিষোদ্গার করেছিলেন এবং আপনার যে চিন্তাধারা ছিল এবারে সেটা কিন্তু নেই। জওহর রোজগার যোজনা আপনি অ্যাকসেপ্ট করেছেন এবং জওহর রোজগার যোজনায় গ্রাম উন্নয়নের কাজ ত্বরান্বিত করতে পারবেন বলে আশা ব্যক্ত করেছেন। যাই হোক, দেরিতে হলেও মোটামুটিভাবে আপনি এটা বুঝেছেন। এরপর স্যার, আমি আর একটি কথা বলব। হেমন্তবাবু এখানে একটি কথা বললেন, আমি তাঁর থেকে বয়সে ছোট কিন্তু তাঁর কাছ থেকে এসব কথা আমি আশা করি নি। তিনি বললেন যে পন্ডিত নেহেরুর নামে কেন করা হল? তিনি বললেন, গান্ধীজির নামে কেন করা হল না? নেতাজির নামে কেন করা হল না? তাঁর কাছে এটা আমি আশা

করি নি। জওহর লাল নেহেরুর জন্মশতবর্ষে এই পরিকল্পনাটা করা হয়েছিল। যে জওহরলাল নেহেরু ভারতবর্ষের পার্লামেন্টারি ডেমোক্রাসির অত্যন্ত শক্তিশালী পিলার, যিনি সমাজতন্ত্রের অন্যতম স্তম্ভ সেখানে সে কথা মনে রেখে গ্রামের মানুষদের participation to the administration and to the parliamentary Democracy করার জন্য পন্ডিত নেহেরুর নামে এটা করা হয়েছে। এতে অপরাধটা কোথায়? হেমন্তবাবু পারিবারিক শাসনের কথা বললেন।

[4-50—5-00 P.M.]

হেমন্তবাবুকে আমি বলি, আপনি তো অনেক পুরানো কমিউনিস্ট নেতা, আপনার গায়ে তো অনেক সংগ্রামের রক্ত রয়েছে, আপনি তাহলে এত ছেঁদো কথা কেন বলবেন? এত ছোট আপনি হবেন কেন? মাননীয় মন্ত্রী মহাশয়কে বলি, তিনি অত্যন্ত প্রবীণ মানুষ, তাঁর মেরুদন্ড খুব ঋজু, তিনি সহজ, সরল মানুষ। আমরা বলি সোজা, সটান মানুষ বিধানসভায় যিনি আছেন তিনি হলেন আমাদের বিনয়বাবু, তিনি মাথা নিচু করে হাঁটেন না। এই জওহর রোজগার যোজনা সম্পর্কে আপনাদের পার্টির পক্ষ থেকে দেওয়ালে অনেক স্লোগান লেখা হল, বলা হল এটা রাজীব গান্ধীর স্লোগান কিন্তু তারপর এটা আপনি অ্যাকসেপ্ট করেছেন কাজেই এই দপ্তরের মন্ত্রী না থেকে আপনি অন্য কোনও দপ্তরে চলে যান। যে জওহর রোজগার যোজনাকে আপনারা ভাঁওতা বলেছেন তা দিয়ে আজ গ্রামেগঞ্জে কর্মসূচির জোয়ার শুরু হয়েছে। আমি আপনাকে বলি, ১৯৮৮/৮৯ সালে আপনাদের এন.আর.ই.পি, আর.এল.ই.জি.পি.-তে মোট পেলেন ৮২ কোটি টাকা সেখানে ১৯৮৯/৯০ সালে আপনার প্রত্যাশা ছিল ২১৬ কোটি টাকা। ১৯৮৫ থেকে ১৯৮৯-এন.আর.ই.পি., আর.এল.ই.জি.পি.তে পেয়েছেন ১৬৭.১৫ কোটি টাকা আর খরচ করেছেন ১৫৬.২৪ কোটি টাকা। মাননীয় হেমন্তবাবু বললেন যে টাকা খরচ না হওয়াটা বড় কথা নয়। কিন্তু আপনাদের বোঝা দরকার যে কেন্দ্রীয় সরকার এই টাকাটা পাঠাচ্ছেন গ্রামের গরিব মানুষদের জন্য। এই এন.আর.ই.পি. কেন? এই এন.আর.ই.পি. প্রকল্প করা হয়েছে কেন? এন.আর.ই.পি. প্রকল্পের কতকগুলি লক্ষ্য আছে। এই যে জাতীয় গ্রামীণ কর্মসংস্থান প্রকল্প অর্থাৎ এন.আর.ই.পি., এর লক্ষ্য হচ্ছে গ্রামের কর্মহীনদের কর্মসংস্থান করে স্থায়ী সম্পদ সৃষ্টি করা, গ্রামের মানুষের জীবন-যাপনের মানোন্নয়ন করা। এই লক্ষ্যতে পশ্চিমবঙ্গে ঘাটতি আছে সেগুলি কি আগামীদিনে পূরণ করতে পারবেন? আপনার লক্ষ্য মাত্রায় ঘাটতি কোথায়? আমি একটা হিসাব আপনাকে দিচ্ছি। ১৯৮৩-৮৪ সালে ২৩ লক্ষ ২২ হাজার, ১৯৮৪-৮৫ সালে ২৮ লক্ষ ২৪ হাজার, ১৯৮৫-৮৬ সালে ৭ লক্ষ ১৩ হাজার, ১৯৮৬-৮৭ সালে যেহেতু নির্বাচনী বছর সে জন্য লক্ষ্য মাত্রা ২০ লক্ষ বেশি টার্গেটে গেছেন। তারপরে ১৯৮৭-৮৮ সালে ৪ লক্ষ ৯৪ হাজার, লক্ষ্য মাত্রার বেশি হয়েছে। ১৯৮৮-৮৯ সালে ২৯ লক্ষ ৫৩ হাজার, ঘাটতি হয়েছে। আপনার দপ্তর বলছে যে মজুরি বৃদ্ধির জন্য কমাতে হয়েছে, মজুরি বৃদ্ধি পাবার জন্য আমরা কর্মসূচিতে শ্রম দিবস বেশি করে সৃষ্টি করতে পারিনি। কিন্তু যোজনা কমিশনের সঙ্গে আলোচনা করে রুর‍্যাল ডেভেলপমেন্ট দপ্তর মজুরি স্থির করেন, শ্রম দিবস সৃষ্টি করার টার্গেট করেন। আপনি গ্রামোন্নয়নে খাদ্য শস্য দেবার যে পরিকল্পনা নিয়েছিলেন তাতে খাদ্য শস্য দিতে পারেন নি। ১৯৮৪-৮৫ সালে ৯,৯১৯ টন—১ কোটি ৪৮ লক্ষ ৭৯ হাজার টাকার খাদ্য দিতে পারেন নি। ১৯৮৫-৮৬ সালে ৩০,৪৭৫ টন—অর্থাৎ ৪ কোটি ৫৭ লক্ষ ৪২ হাজার টাকার খাদ্য

দিতে পারেন নি। ১৯৮৬-৮৭ সালে ৩০,৩৯৪ টন—অর্থাৎ ৪ কোটি ৫৫ লক্ষ ৯১ হাজার টাকার খাদ্য দিতে পারেন নি। ১৯৮৭-৮৮ সালে ২২, ১৯৫ টন—অর্থাৎ ৩ কোটি ৪৪ লক্ষ ২২ হাজার টাকার খাদ্য দিতে পারেন নি। ১৯৮৮-৮৯ সালে ৯,৭৫৩ টন—অর্থাৎ ১ কোটি ৫৯ লক্ষ ৯৫ হাজার টাকার খাদ্য দিতে পারেন নি। আমি বর্ধমান জেলার ব্যাপারে একটা হিসাব দিচ্ছি। বর্ধমান জেলায় ১১ লক্ষ ৬৯ হাজার টাকা খরচ করে ২৯২টি পুকুর তৈরি হয়েছে। পুকুর হয়েছে ভাল কথা। কিন্তু ব্যক্তিগত মালিকানায় এই পুকুরগুলি তৈরি হয়েছে। আপনার দপ্তরের কাছ থেকে সেইরকম কোনও গ্যারান্টি পৌঁছায়নি যে এই পুকুরগুলি সাধারণ মানুষকে ব্যবহার করতে দেবে যা সাধারণ মানুষের ব্যবহারের জন্য এগুলি উৎস্বর্গীকৃত হবে। আপনি ব্যক্তিগত মালিকানায় পুকুর তৈরি করেছেন। আমরা বলছি যে স্থায়ী সম্পদ সৃষ্টি করছি। তার মানে কিন্তু কাঁচা রাস্তা নয়। ৬টি জেলা আপনার দপ্তর সার্ভে করেছে। ১২ হাজার ৬১০টি নতুন পথ তৈরি করেছে এবং এর জন্য ৬ কোটি ৩৮ লক্ষ টাকা খরচ করেছেন। কিন্তু এগুলি সবই কাঁচা রাস্তার জন্য খরচ করেছেন যেটা নিয়ম নয়। অডিট বলছে, সি.এ.জি রিপোর্ট বলছে, পাবলিক অ্যাকাউন্টস কমিটি বলছে, এই যে ৬ কোটি ৩৮ লক্ষ টাকা খরচ করে ১২ হাজার ৬১০টি নতুন রাস্তা করেছেন এর মধ্যে ৭৫ ভাগই হচ্ছে কাঁচা রাস্তা। তার ফলে আপনি লক্ষ্য মাত্রায় যেতে পারেন নি। আমরা জানি যে এর মধ্যে অনেক অসুবিধা আছে। আমি হেমন্তবাবুর কথার বিরোধিতা করি। পঞ্চায়েত মানেই আমরা বিরোধিতা করব না। কিন্তু পঞ্চায়েতে চুরির কথা বলব না, এটা হতে পারেনা। আমার কাছে একটা বই আছে—The West Bengal Panchayat Act, 1973 এই বইটা কে করেছিলেন? আমার সামনে সুব্রতবাবু বসে আছেন, তিনি যখন পৌরমন্ত্রী ছিলেন, তখন তিনি এই আইনটা এনেছিলেন। তারপরে এই আইনের অনেক অ্যামেন্ডমেন্ট আপনারা করেছেন। কিন্তু কংগ্রেসের মোটিভেশন ছিল না একথা কি করে বলছেন? খসড়াটা আমরা করেছিলাম ১৯৭৩ সালে। তারপরে আপনারা তার মডারেশন, অলটারেশন, অ্যাডিশন ইত্যাদি করেছেন। পঞ্চায়েতের জন্য অধিক মাত্রায় খরচ করতে পারিনি কেন? এ নিয়ে আলাদা ভাবে বিতর্ক হতে পারে। উলুবেড়িয়া থেকে হাওড়া পর্যন্ত হাইওয়ে করা প্রয়োজনীয় বেশি, না এই পঞ্চায়েতের হাতে টাকা দেওয়া প্রয়োজনীয়তা বেশি, সেটা নিয়ে আলাদাভাবে বিতর্ক হতে পারে। কিন্তু ১৯৭৩ সালে এই অ্যাক্ট আমরাই করেছিলাম। পঞ্চায়েতের হাতে ক্ষমতা দেওয়া হয়েছে, পঞ্চায়েতের হাতে গিয়ে গ্রামের মানুষের উন্নয়ন হয়েছে, গ্রামের মানুষ বেশি করে জড়িয়ে পড়েছে গ্রামের উন্নয়নের কাজে। এতে আমাদের বিরোধিতা করার কি আছে। কিন্তু যেখানে চুরি হচ্ছে, দুর্নীতি হচ্ছে, সেই কথা যদি এখানে বলতে না পারি, সেই বিষয়ে দৃষ্টিভঙ্গির পরিবর্তন না করাতে পারি তাহলে আমরা বিরোধী দলে যারা আছি, তারা সঠিক দায়িত্ব পালন করছি না। আজকে বলতে হবে, পঞ্চায়েত অ্যাক্টে ইন্সপেকশনের কথা বলেছেন, পঞ্চায়েত অ্যাক্ট ২০৫, সেখানে বলেছেন পঞ্চায়েত অফিসার, ডি.পি.ও. এঁরা তদন্ত করবেন যদি কোনও দুর্নীতির অভিযোগ থাকে। আমি আপনার কাছে বলি হাটুরিয়া গ্রাম পঞ্চায়েত বাগনান—আমাদের অত্যন্ত শ্রদ্ধাভাজন সদস্য এখানে বসেছিলেন উনি জানেন, বাগনানের সেই পঞ্চায়েতে ইন্সপেকশন করে ১ লক্ষ ৫ লক্ষ টাকার একটা ভুয়া হিসাব দেখবেন। আমাদের পঞ্চায়েত অ্যাক্টের মধ্যে পেজ ৩৫, সেকশন ৪৫(৫)-এর মধ্যে বলছে, যে কোনও চেক যদি তুলতে হয় সেখানে প্রধান এবং উপপ্রধানের সই মাস্ট। সেখানে উপ প্রধানের সই নেই, প্রধান ১

লক্ষ পাঁচ হাজার টাকা তুলেছে। এমন রীতি নেই। হাটুরিয়া পঞ্চায়েত সমিতির সচিবকে দিয়ে ব্যাক ডেটে এন্ট্রি করানো হয়েছে, এই কথা এখানে বলব না, এটা কি দুর্নীতি নয়? মানস বাবু অনেকগুলো স্পেসিফিক কেস দিয়েছেন। যেখানে চুরি হচ্ছে সেই কথা যদি এখানে আমরা আপনার সামনে না বলি তাহলে কী করে হবে? আপনার মতো প্রবীণ মানুষটাকে কী ভাবে অ্যালার্ট করব যে এই দপ্তরে চুরি হচ্ছে, চুরি হয়, চুরি সম্পর্কে আপনি অ্যালার্ট হন? কিছু মানুষের এই টাকায় আঙুল ফুলে কলা গাছ হয়ে গেছে, এই কথা বললে কি অপরাধ হবে? আর একটা কথা আমি বলি, আমাদের আর একজন, গড়বেতা গ্রাম পঞ্চায়েতের সচিব, অলি বরণ চক্রবর্তী, এর সম্পর্কে বিনয় বাবুর কাছে বলতে চাইছি, এই মানুষটাকে সাসপেন্ড করা হয়েছে, কেন সাসপেন্ড করা হয়েছে? গড়বেতা অঞ্চলের পঞ্চায়েত সচিব ছিলেন তিনি। ১৯৮৬ সালে কয়েক লক্ষ টাকা মিস-অ্যাপ্রোপ্রিয়েশন করা হয়েছিল। এই কথাটা উনি একটা কমপ্লেন করে জানিয়েছিলেন। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট এবং ডি.পি.ও.'র কাছে। সেই জন্য সেই ভদ্রলোককে সাসপেন্ড করা হয়েছে। সবচেয়ে দুর্ভাগ্যের কথা, আমাদের পক্ষে সৌভাগ্য পরবর্তী পঞ্চায়েত নির্বাচনে সেখানে কংগ্রেস সেই পঞ্চায়েত দখল করেছে। আজকে এই কথাটা বলছি একজন সচীব পঞ্চায়েতের চুরির কথা তোলার জন্য তাকে সাসপেন্ড করা হল। আপনি এখনও পর্যন্ত বলেন নি যে সচিবরা গভর্নমেন্ট কর্মচারী। পঞ্চায়েত সচীবদের প্রভিডেন্ট ফান্ডে টাকা কাটেন না। তাদের সরকারি কর্মচারী হিসাবে স্বীকৃতি আপনারা দেন নি। কিন্তু সুব্রত বাবুর আমলে পঞ্চায়েত সচীবদের সরকারি কর্মচারী হিসাবে স্বীকৃতি দিয়েছিলেন।

[5-00—5-10 P.M.]

আমি পুরোনো কাসুন্দির মধ্যে যেতে চাই না। ডাঃ অসিত বসুর একটা বই আছে। অবশ্য মাননীয় মন্ত্রী মহোদয়, আমি আপনাকে শিক্ষণ দিতে চাই না। বিহার, রাজস্থান, কেরালা, পাঞ্জাব, মহারাষ্ট্র প্রভৃতি রাজ্যে পঞ্চায়েত সচিবকে সরকারি কর্মচারী হিসাবে ঘোষণা করা হয়েছে, কিন্তু পশ্চিমবঙ্গে এখনও করা হয় নি। যখন আমাদের পঞ্চায়েত আইন তৈরি হয়েছিল তখন আমাদের তৎকালীন বিরোধী দলের শ্রদ্ধেয় নেতারা বলেছিলেন, 'পঞ্চায়েত সচিবকে সরকারি কর্মচারী করা ঠিক হবে না। কারণ প্রধানরা ইলেকটেড হওয়া সত্ত্বেও কোনও মাইনে পাবেন না, আর সচিবদের আন্ডারে তাঁদের তাহলে থাকতে হবে।' কিন্তু কথাটা ঠিক নয়। কারণ গভর্নমেন্ট অফিসাররা যতই শিক্ষায় দীক্ষায় বড় হন না কেন, তারা নিশ্চয়ই মন্ত্রীদের ওপরে নন এবং তাঁরা নিশ্চয়ই মন্ত্রীদের কন্ট্রোল করেন না। আর আপনি সচিবকে যদি সরকারি কর্মচারি না করেন তাহলে ১০(২) ধারা—ওয়েস্ট বেঙ্গল সার্ভিস কন্ট্রোল অ্যান্ড অ্যাপিল রুলস অনুযায়ী পঞ্চায়েত সচিবকে আপনি সাসপেন্ড করলেন কি করে? যদি সরকারি কর্মচারীই না হবে তাহলে সরকারি কর্মচারিদের ক্ষেত্রে যে আইন প্রযোজ্য সেই আইন অনুসারে কি করে করলেন? এটা খুবই দুর্ভাগ্যের বিষয়। অবশ্য আপনি নিশ্চয়ই ব্যক্তিগতভাবে এটা করেন নি, কিন্তু আপনার দপ্তর থেকে করা হয়েছে। আপনার কলকাতার অফিস থেকে সে বিষয়ে প্রত্যেককে কপি দেওয়া হল, ব্লক ডেভেলপমেন্ট অফিসারকে দিলেন, এক্সটেনশন অফিসারকে দিলেন, ডাইরেক্টর অফ পঞ্চায়েতকে দিলেন, সাবডিভিসনাল অফিসারকে দিলেন, সবাইকে দিলেন, কিন্তু যাঁকে সাসপেন্ড করা হ'ল, বলি দেওয়া হ'ল, তাঁর কাছে কোনও কপি গেল না। এই জিনিস কেন হবে বিনয়বাবু? আপনার পঞ্চায়েত

কাজ করবে কী মেশিনারি নিয়ে? আপনাকে পঞ্চায়েত সচিবের ওপর বেশি করে নির্ভর করতে হবে। কারণ তিনিই ডি-ফ্যাকটো গ্রাম পঞ্চায়েতের প্রধান, তিনিই সমস্ত কাজকর্ম করবেন। সচিবকে বিশ্বাস করে যদি মিটিং ডাকার ক্ষমতা না দেওয়া হয় তাহলে কাজ চলবে না। আমি আপনাকে উদাহরণ হিসাবে বলছি, বালি জগাছার পঞ্চায়েত সচিবকে মিটিং ডাকার ক্ষমতা দেওয়া হয় নি এবং পশ্চিমবাংলার অনেক জায়গায়ই দেওয়া হয় নি। এগুলি আপনাকে দেখতে হবে। আর একটা কথা বলি, মাননীয় সদস্য হেমন্ত বাবু বললেন গ্রাসরুট পঞ্চায়েতকে গড়ে তুলতে হবে। একথা বলতে তিনি কি বলতে চাইলেন? গ্রামে যে মানুষ বিড়ি বাঁধে তাকেও তো পঞ্চায়েত সমিতির সদস্য করা হচ্ছে, যে মানুষ তাল গাছ চাঁচে তাকেও সদস্য করা হয়েছে, অনেক ক্ষেতমজুর সদস্য হয়েছেন। সেই সমস্ত মানুষে পঞ্চায়েত সমিতি ভরে গেছে। সেই সমস্ত মানুষরা ৬/৭ ঘন্টা সময় নষ্ট করে পঞ্চায়েত সমিতির সভায় যোগ দিচ্ছে, কিন্তু কত পাচ্ছে, না ৫ টাকা। মন্ত্রী মহাশয় আপনি এটা একটু নোট করুন। মাত্র পাঁচ টাকা ভাতা দেবেন, একটা মানুষ সারা দিন পঞ্চায়েত সমিতির মিটিং করবে? হোয়াট ইজ দেয়ার ইন্টারেস্ট? সে উৎসাহ পাবে কি করে? এই যদি অবস্থা থাকে তাহলে তাঁরা উৎসাহী হবেন না। আমাদের মধ্যে পঞ্চায়েত বিভাগ থেকে একটা বই বিলি করা হয়েছে। তাতে দেখছি ৫ নং, ৬নং, এবং ১০ নং-এ একই বিষয় বার বার বলা হয়েছে। অফিসাররা বইটাকে বড় করে দেখাবার জন্য একই জিনিস বার বার উল্লেখ করেছেন। যেমন সাজসরঞ্জাম দিতে হবে, বিল্ডিং তৈরি করতে হবে। এই ভাবে একই কথা একবার ৫নং-এ বললেন, আবার ৬নং-এ বললেন এবং আবার ১০ নং-এ বললেন। এত বার বলবার কোনও দরকার ছিল না। আর একটা কথা হচ্ছে, দুর্নীতির কথা মানসবাবু বলেছেন। আমাদের পঞ্চায়েত কি কাজ করে, পঞ্চায়েত বিষয়ে কতগুলি আইন আছে, আইনে কি বলা আছে? না, যে প্রধান সে তার নিজের হাতে ২৫০ টাকার বেশি রাখতে পারবে না। অথচ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি জানেন এক একটি পঞ্চায়েত প্রধানের হাতে ১০/২০/২৫ হাজার টাকা বেশিরভাগ সময়ই থাকে। কেন এই টাকাগুলি ব্যাঙ্কে জমা দেওয়া হয়নি? এই কথাগুলি মানসবাবু বলে বড় অপরাধ করে ফেললেন হেমন্তবাবু? উনি তো খালি পঞ্চায়েতের দুর্নীতির কথা বলেছেন। আমি আপনাকে বলি, পঞ্চায়েতের কোথায় অভিযোগ? পঞ্চায়েতের সিস্টেমের বিরুদ্ধে আমাদের কোনও অভিযোগ নেই। পঞ্চায়েতের যে ব্যবস্থাগুলি করেছেন তাতে আমাদের কোনও আপত্তি নেই। উনি বললেন পণ প্রথার বিরুদ্ধে আমরা আন্দোলন করছি বলে আপনাদের আপত্তি। আপত্তি কেন থাকবে? আমার এলাকার মানুষকে জিজ্ঞাসা করবেন, একসঙ্গে দল বেঁধে ন্যাশনাল ইনট্রিগেশন-এর জন্য সভা করতে যাই, আপনার বন-সৃজন পরিকল্পনার জন্য সভা করি। কিন্তু এটা বড় ব্যাপার নয়। এমনও নজীর আছে, পঞ্চায়েতের নেতারা থানায় গিয়ে বধূ হত্যার কেসকে চাপা দেবার চেষ্টা করেছেন, আমি এই নজীর দেব। এই কয়েকমাস আগে, আমি নাম বলে দেব। সেইজন্য বলছি, হেমন্তবাবু এইসব কথা বলে কোনও লাভ নেই। খারাপদিকগুলি নিশ্চয়ই বলব, বিরোধী দলে যখন আছি যাতে খারাপ দিকগুলো দূর হয়ে গিয়ে আরও ভাল হয় এবং অধিকাংশ টাকা যখন কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আসে। এই টাকা দিয়ে যখন গ্রামাঞ্চলে উন্নয়নের কাজ হয়, শহরাঞ্চলে এত কাজ হয় না। সুতরাং সেইসব কাজগুলিকে ত্বরান্বিত করার জন্য পঞ্চায়েতের এইসব দুর্নীতির কথা বললেই অপরাধ হয়ে যাবে? আমি আপনাকে নজীর দিই, আপনি বলুন তো, ৪০০ ফিট রাস্তায় ইট

পাততে কত টাকা খরচ হতে পারে? আমার কাছে তার নজীর আছে। হারুবেড়িয়ার গ্রাম পঞ্চায়েত—বেসরকারি হিসাবে একটা বই বার করেছিলেন, অবশ্য এখন আর সেই বই বের করা বন্ধ হয়ে গেছে—৪০০ ফিট রাস্তায় ইট পাততে ১৫ হাজার ৬৯২ টাকা প্লাস ৭৫ কেজি গম। এই যদি হয় বিনয়বাবু তাহলে কি উন্নত হবে? আর একটি উদাহরণ দিচ্ছি, ৪৬০ ফিট রাস্তায় ইট পাততে ব্যয় হয়েছে ২৩ হাজার ১৫১ টাকা প্লাস ২০২ কেজি গম। একথা বলব না? কিভাবে দলবাজি হচ্ছে, কিভাবে নন দলবাজি হচ্ছে একথা বলব না? আমি আপনাকে বলি, দুটি অঞ্চল পাশাপাশি, শ্যামপুর থানার বাজুরি অঞ্চল—তখনও জওহর রোজগার যোজনা শুরু হয়নি—সেই অঞ্চলে ৫ বছরে ২৬ হাজার টাকা ব্যয় হয়েছে আর শসাটি অঞ্চলে যেখানে ব্লক ডেভেলপমেন্ট অফিস অবস্থিত ঐ অঞ্চলের জন্য ৬ লক্ষ টাকা ব্যয় হয়। শ্যামপুর ২ নম্বর পঞ্চায়েত অফিস, গোপীনাথপুর ডাউন তলা রোড আর পুরুদরপুরপাট সেখানে খরচ দেখানো হয়েছে ২ লক্ষ ৮৭ হাজার টাকা প্লাস গম। আমি এখনও এখানে ২ বছর আছি, আমি আপনাকে পদত্যাগপত্র লিখে দিচ্ছি, আপনি যে কোনও মানুষকে সেখানে পাঠান যদি সেখানে ২০০ ফুট রাস্তা হয়ে থাকে তাহলে আমি পদত্যাগ করব। সুতরাং বিনয়বাবু আপনি পারবেন? আপনি সোজা হয়ে দাঁড়ালে কি হবে, গোটা পঞ্চায়েত ব্যবস্থাটা অন্ধকারাচ্ছন্ন হয়ে আছে আপনি টেনে তুলতে পারবেন? সেইজন্য বলছি, পঞ্চায়েত ব্যবস্থা খারাপ আমরা বলিনি, কিন্তু মিস-অ্যাপ্রোপ্রিয়েশন অফ ফান্ড হচ্ছে, পঞ্চায়েতের ভিতর দিয়ে দূর্নীতি হচ্ছে। পক্ষপাতমূলক আচরণ হচ্ছে। আপনি জানেন, ডি.আর.ডি.এর মাধ্যমে টাকা দেওয়া হয়। যিনি শুকা মাছের ব্যবসা করেন, প্লেনে করে ত্রিপুরা যান, বাংলাদেশে যান তাকে ডি.আর.ডি.এর টাকা দেওয়া হয়েছে। ইন্দিরা আবাসন প্রকল্পে উলুবেড়িয়া ১ নম্বর পঞ্চায়েত সমিতির অধীন তপনা গ্রাম পঞ্চায়েতে একজন সরকারি কর্মচারীর ভাইকে বাড়ি করে দেওয়া হয়েছে। আমি ওখানকার সেই মিটিং-এ উপস্থিত ছিলাম, সব নোট করা আছে। সুতরাং আমি যেটা বলছি সেটা হচ্ছে, গোটা পশ্চিমবঙ্গে দূর্নীতি ছেয়ে গেছে, সব দূর্নীতি হচ্ছে আমি বলব না, তবে মেজর পার্টে দূর্নীতি হচ্ছে। একে রদ করার জন্য পঞ্চায়েত বিধানসভার সদস্যদের পার্টিসিপেশন বেশি করে প্রয়োজন, যেটা খুব কম হয়। পঞ্চায়েত সমিতি থেকে

[5-10—5-20 P.M.]

আমার কাছে চিঠি আসে, কিন্তু মিটিংয়ের সময় সব চিঠি আসেনা, কেন আসেনা, তার কারণ মিটিংয়ে গিয়ে আমি এই সব বলি বলে। সেই জন্যই মাননীয় বিনয় বাবু আপনাকে বলছি আজকে পঞ্চায়েতের যে অবস্থা সেই অবস্থার বিরুদ্ধে আমার কিছু বলার নেই, তবে শুধু এইটুকু বলব যে, পঞ্চায়েতের মাধ্যমে যে সব দূর্নীতিগুলি হচ্ছে সেই দূর্নীতির বিরুদ্ধে আপনাকে একটু সজাগ হতে হবে। আপনাকে আর একটু অ্যালার্ট হতে হবে। আপনার এই যে দপ্তর, এই দপ্তরের একটা বিরাট দায়িত্ব, দেশের মধ্যে একটা গ্রামীণ উন্নয়নের ব্যাপারে, অন্তত গ্রামের উন্নয়নের ব্যাপারে এর একটা বিরাট ভূমিকা রয়েছে। এই দপ্তরকে যদি আর একটু জনমুখি করতে পারা না যায় তাহলে খুবই মুশকিল হবে। আমি গতবারের বাজেটে বলেছিলাম আপনার মনে আছে কি না জানিনা আমার জেলায় একটা ঘটনা ঘটেছে। কোন জেলায় পঞ্চায়েত কর্মী সবাই প্লেনে গেছে, হায়দ্রাবাদের ট্রেনিংয়ে এবং প্লেনের কাউন্টার ফয়েল জমা দেয়নি, এরকম কেস আছে, আমি তাও বলেছি এও তো দূর্নীতির ব্যাপার।

যাইহোক, আমি আপনাকে বলছি যে, একটু সজাগ হতে হবে। হেমন্তবাবু বলেছেন পঞ্চায়েতের হাতে যে রকম ক্ষমতা দেওয়া হচ্ছে আমরা নাকি তা সমর্থন করি না। উনি বলেছেন পঞ্চায়েত অনেক কেস করছে, মানুষকে আর মামলা, মোকদ্দমা করতে হচ্ছে না। হেমন্তবাবু আপনি যে জায়গাতে বিচরণ করেন তার থেকে একটু তলার দিকে তাকান। একটা ঘটনার কথা বলছি, দুই ভাই সম্পত্তি কিনেছে এক ভাই সৌভাগ্য বশত আপনাদের পার্টি করেন, আর এক ভাই দুর্ভাগ্যবশত আমাদের পার্টি করেন, উলুবেড়িয়া পঞ্চায়েত সমিতির অন্তর্গত বাণ্ডামাটি অঞ্চলে। জয়কেশ বাবু আপনি তো জানেন, আমি আপনাকে শ্রদ্ধা করি ব্যক্তিগতভাবে, কাজেই আমি বাজে কথা বলছি না। আজকে সেজন্য ঐ ভাই সম্পত্তিতে অধিকার পাচ্ছে না। সেজন্য বলছি পঞ্চায়েতে ব্যাপক দুর্নীতি এবং স্বজন পোষণ হচ্ছে। আমরা কত মানুষের বেনিফিসিয়ারির, ডি.আর.ডি.এ.-র প্রকল্পের মধ্যে দিয়ে কত বেনিফিসিয়ারির উন্নতি করতে পেরেছিলাম, আপনার তো ভাল মনে থাকবার কথা, হ্যাঁ কংগ্রেসের মধ্যেও খারাপ লোক থাকতে পারে। সেচ প্রকল্পে পঞ্চায়েতের ছোঁয়া না পেলে হবে না, ডি.আর.ডি.এ. হবে না। ডি.আর.ডি.এ-র লিস্ট হবে না। ১,৫২,২৯৫ টি হলে কত টাকা মেজার দরকার কত মেজার ক্ষমতা সেটা ভাবতে হবে। আজকে আমরা যে পঞ্চায়েতের কথা বলছি যে পঞ্চায়েত একটা গ্রামের উন্নয়নের মূল স্তম্ভ সেই পঞ্চায়েতকে দুর্নীতি মুক্ত করতে হবে। তাকে সত্যিকারের কাজে লাগাতে হবে। পঞ্চায়েত ব্যবস্থার মধ্যেই গ্রামগুলি বেঁচে রয়েছে, সেই পঞ্চায়েত ত্রুটি বিচ্যুতিগুলি আর যাতে না বাড়ে সেদিকে দৃষ্টি দেবেন। আপনার কোনও বন্ধু প্রাইমারি স্কুলের শিক্ষা ব্যবস্থাতে পঞ্চায়েতকে জড়িত করার কথা বলেছেন, সে সময় এখন আসেনি। সে স্টেজ এখনও আসেনি। তাতে আগুন জ্বলবে, আজকে পঞ্চায়েতে বিচারের নামে প্রহসন চলছে। আজকে পঞ্চায়েত সচিবদের সরকারি কর্মচারী হিসাবে স্বীকৃতি দেওয়া যায় না। তাদের যে স্ট্যাটাস, সেই স্ট্যাটাস তাদের সরকারি কর্মচারী হিসাবে রেকমেন্ড করা যায় না? আপনি বলেছিলেন, পরে আলোচনা করবেন। আজকে তাঁদের কেন গভর্নমেন্ট সার্ভেন্ট করা হবে না, কেন প্রভিডেন্ট ফান্ড কাটা হবে না, কারণ পঞ্চায়েতের তাঁরাই হচ্ছেন মেইন স্তম্ভ। তাঁদের বাইরে রাখা যায় না। তাঁদের সরকারি কর্মচারিদের মধ্যে আনতে হবে। সেইজন্য, বিনয়বাবু, আমি বলি যে, পঞ্চায়েতে যে ত্রুটি-বিচ্যুতি রয়েছে সেগুলো সম্বন্ধে আপনার দপ্তরকে অ্যালার্ট হতে বলুন। এই দপ্তরে বহু কর্মচারী, কিন্তু একটি চিঠি দিয়ে তার উত্তর পেতে তিন-চার মাস সময় লাগে। ডিপার্টমেন্টের সেক্রেটারি এবং ডাইরেক্টরের কাছে ডায়েড ইন হারনেস-এর একটি কেস পাঠিয়েছিলাম। শেষ পর্যন্ত নিরুপায় হয়ে অ্যাপয়েন্টমেন্ট দিয়েছেন ঠিকই, কিন্তু উলুবেড়িয়া কেস হওয়া সত্ত্বেও পঞ্চায়েত সচিব পদে তাকে অ্যাপয়েন্টমেন্ট দেওয়া হয়েছে হুগলি জেলায়। এইরকম একটা দপ্তরের উপর পশ্চিমবঙ্গের গ্রামীণ মানুষের নির্ভর করছে, গ্রামের বুনিয়াদ শক্তিশালী করবার কথা বলা হচ্ছে! কাজেই এই পঞ্চায়েত দপ্তরকে আজকে যদি দুর্নীতি মুক্ত না করতে পারেন, স্বজনপোষণ থেকে মুক্ত করতে না পারেন তাহলে এই পঞ্চায়েতের ভবিষ্যৎ উজ্জ্বল হবে বলে মনে করি না। এই বলে আমাদের আনীত কাটমোশনকে সমর্থন করে বক্তব্য শেষ করছি।

শ্রী গৌরহরি আদক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দ পেশ করেছেন তাকে সমর্থন করছি এবং বিরোধীদলের কাট মোশনের বিরোধিতা

করছি। একটু আগে মানসবাবু কিছু বক্তৃতা রেখেছেন এবং তারপর শ্রী অমর ব্যানার্জি বক্তব্য রাখলেন। দুইজনের বক্তব্য শুনলাম। মানসবাবুর বক্তৃতা দুই দিক থেকে লক্ষ করেছি—একটি হচ্ছে, প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর চিন্তাধারাকে প্রচার করবার দিক এবং আর একটি দিক হল, রাজ্যসরকার-কৃত পঞ্চায়েতের যে পরিকাঠামো তার বিরোধিতা করা। এছাড়া অন্য কোনও বক্তব্য তাঁর নেই বলেই আমার ধারণা। এখানে আমার বক্তব্য হল, রাজীব গান্ধী যে জিনিস করতে চেয়েছিলেন সেটা বর্তমানে ক্লোজড চ্যাপ্টার, কোনও মূল্য তার আর নেই। পরবর্তীকালে জওহর রোজগার যোজনায় রাজ্যসরকারের যদি কোনও ত্রুটি-বিচ্যুতি থেকে থাকে সেটা নিয়ে বলবার অধিকার আছে স্বীকার করি। আর একটি বক্তব্য হল, এখানে পঞ্চায়েতের মাধ্যমে প্রায় ১২ বছরের উপর কাজকর্ম চলছে এবং তাতে কংগ্রেসের প্রধানরাও আছেন। সেখানে কয়েকটি উদাহরণ মাননীয় সদস্য দিলেন। আমার এলাকার শশাটি, বাছরী প্রভৃতি অঞ্চলে কয়েকটি নজির আছে। সেখানে ১৫।২০ হাজার টাকা যা খরচ হয়েছে তাতে ফুট ওয়ার্ক, আর্থ ওয়ার্ক, পাইলিং, সোলিং ইত্যাদির জন্যও খরচ হয়েছে। সেক্ষেত্রে ঐসব কাজের জন্য বাড়তি কিছু টাকা খরচ হতেই পারে। এখানে একটি অঞ্চলের নাম উল্লেখ করা হয়েছে—নাকোল অঞ্চল। গত ৫ তারিখে হাওড়া জেলা সভাধিপতি ঐ অঞ্চল ইনস্পেকশন করে দেখেছেন যে, অঞ্চল প্রধানের কাছে এখনও ২০,০০০ টাকার মতো আছে। নিজে গিয়েও দেখে আসতে পারেন। কাজেই এসব বলে লাভ নেই। হয়ত কোনও কারণে টাকাটা খরচ করবার জন্য তোলা হয়েছিল, কিন্তু অনেক সময় খরচ না হয়ে হাতে থেকে যায়।

[5-20—5-30 P.M.]

গোপীনাথপুর এবং দাতনতলাতে আমরা ৪০ বছর ধরে শুনতে পাচ্ছি পিচের রাস্তা হবে। কিন্তু দেখছি সেই সম্ভাবনা নেই। যখন গ্রামের মধ্যে দিয়ে যাই তখন দেখি কোথাও ৮ ফুট কোথাও বা তার কম সোলিং হয়েছে—১০ কি.মি. পর্যন্ত মাত্র সোলিং হয়েছে—এটা আপনার জানা দরকার। নওদা পর্যন্ত ২ কি.মি. সোলিংয়ের ব্যবস্থা হয়েছে, সেটা হওয়া দরকার। ডি.পি.সি.সি.র মিটিংয়ে শশাটি টু দাতনতলা রাস্তাটি হয়েছে, আর-এল-ই-জি-পি.র কাজ হচ্ছে, আপনি সেটা নিশ্চয়ই জানেন। কাজেই এখানে শুধু বলার জন্য বলা, নিজেকে জাহির করার কোনও প্রশ্ন নেই। ১৯৪৮ সালের পর থেকে ১৯৭৮ সাল পর্যন্ত প্রায় ৩০ বছর গেছে আমরা দেখেছি পঞ্চায়েতে কোনও নির্বাচন হয়নি। এখানে সুব্রতবাবুর একটা কথা বলা হল। ১৯৭৩ সালে এই আইনটি হয়েছে। সেই সময়ে বর্ধমানে একটি সম্মেলন হয়েছিল সমস্ত পঞ্চায়েত প্রধানদের নিয়ে। পঞ্চায়েতকে আরও ব্যাপক করার জন্য টাকা বরাদ্দ করা হয়েছিল। সুব্রতবাবু হৈহৈ করে এসেছিলেন এবং মিটিংয়ে এসে বলেছিলেন যে তাঁর মুখ বন্ধ, ঠোঁটে আঙুল দিয়ে দেখিয়ে এটা বলেছিলেন। তিনি বলেছিলেন তাঁর হাত বন্ধ। অর্থাৎ সিদ্ধার্থ বাবু যেটা বলেছেন তাই করতে হবে, নাহলে তাঁর মন্ত্রিত্ব ছাড়তে হবে। সুব্রতবাবুকে দেখিয়ে সেই সময়ে পঞ্চায়েত ভাল ছিল, আজকে পঞ্চায়েত খারাপ কাজ করছে, এইসব কথা বলার কোনও যুক্তি নেই। আজকে পশ্চিমবাংলার ক্ষেত্রে—আপনারা এটা নিশ্চয়ই স্বীকার করবেন, পঞ্চায়েত এখানে যে ভাবে চলছে, পরিকাঠামো যেভাবে চলছে তা সর্বভারতীয় ভাবে স্বীকৃতি লাভ করেছে। রাজীবজীও পর্যন্ত এখানকার পঞ্চায়েতের প্রশংসা করেছেন। সেই সময়ে যে টিম এখানে এসেছিল তাঁরাও প্রশংসা করেছেন। অতএব পশ্চিমবাংলার পঞ্চায়েত সর্বভারতীয়

ভাবে স্বীকৃতি লাভ করেছিল, এখানকার পঞ্চায়েত ব্যবস্থা একটা নতুন দিগন্তের সৃষ্টি করেছে। পঞ্চায়েত হচ্ছে উন্নয়নের হাতিয়ার এবং এটা জেনে আমরা পঞ্চায়েতের হাতে সমস্ত ক্ষমতা তুলে দিয়েছি এবং অর্থও বরাদ্দ হচ্ছে। সোশ্যাল ইকনমিক বাড়ানোর জন্য, গ্রামীণ অর্থনীতিকে মজবুত করার জন্য সেচ, ভূমিসংস্কার ইত্যাদি আজকে হচ্ছে। কংগ্রেস আমলে ভূমিসংস্কারের কাজ যেটুকু হয়েছিল তার চাইতে আমাদের আমলে এটা আরও সুষ্ঠুভাবে চলছে। তবে আমি বলব আরও তৎপরতার সঙ্গে এই কাজ করতে পারলে আরও বেশি করে ফললাভ করা সম্ভব হবে। ভূমি বন্টনের জন্য যে মিটিং হয় সেখানে আমি যাই, আমি পরিষ্কার ভাবেই সংশ্লিষ্ট অফিসারদের বলেছি যে কাজগুলো আরও ত্বরান্বিত করতে হবে। ডি.এম.কে ভেস্টেড ল্যান্ড বন্টনের ব্যাপারে আরও তৎপর হতে হবে, একটা মিটিংয়েই ২০-৩০টি ভূমি বন্টনের কাজ করতে হবে। কৃষির উন্নয়নের স্বার্থে সেচকে উন্নত করতে হবে। হাওড়া, হুগলি, চব্বিশ পরগনা এবং মেদিনীপুর নিশ্চয়ই অসেচ এলাকা। সেচের উন্নতির জন্য সেচ প্রকল্প গ্রহণ করতে হবে। কিন্তু ড্রেনেজ এলাকায়, অসেচ এলাকায় এটা করা হচ্ছে। আজকে পঞ্চায়েত লেভেলে যে প্ল্যানিংগুলি হয় সেখানে সেচ প্রকল্পগুলি নেওয়া হচ্ছে বলা হচ্ছে। আমি বলি এটা সেচ প্রকল্প নয়, এটা ড্রেনেজ প্রকল্প। অতএব সেক্ষেত্রে আমি মনে করি প্ল্যানিং যে কাজ ধরা হয়েছে সেক্ষেত্রে সেচ প্রকল্পকে অসেচ প্রকল্প ধরা যাবে না। আপনাদের আমলে যে পঞ্চায়েত ছিল এক সময়ে সেই পঞ্চায়েতে আমি প্রধান ছিলাম। প্রায় ১৭ বছর সেখানে কাজ করেছি। তখন ওই গ্রামেগঞ্জে উন্নতির জন্য মাত্র ১৩০০ টাকা দেওয়া হয়েছিল। তখন চৌকিদার এবং দফাদারদের বেতন ছিল মাত্র ৫৫ টাকা থেকে ৬৫ টাকা পর্যন্ত। সেখানে আমাদের আমলে চৌকিদার এবং দফাদাররা ৮০০-৮২৫ টাকা বেতন পাচ্ছে। পঞ্চায়েত সেক্রেটারি ১৫০০ টাকা পান এবং জব ওয়ার্কাররা ১২০০-১৫০০ টাকা পান। তবে এই জব ওয়ার্কারদের প্রশিক্ষণের ব্যাপারে যদি ঠিকমতো প্রশিক্ষণ দেওয়া যায় তা হলে পঞ্চায়েতের আরও উন্নতি করা যাবে। এবং এতে আরও ভালভাবে কাজ হতে পারে। আজকে বনসৃজনের কথা বলা হয়েছে। এই বনসৃজনে ২২ পারসেন্ট খরচ করার ব্যবস্থা করা হয়েছে। এই বনসৃজন আপনাদের আমলে কি হয়েছিল? এই বনসৃজন আপনাদের আমলে হয়েছে কি না সন্দেহ। আমাদের তো চোখে পড়েনি। রবীন্দ্রনাথ বলেছিলেন ফিরে দাও সে অরণ্য, লহ এ নগর। সেইদিক থেকে আপনারা বনসৃজনের কোনও কাজই করেন নি। তবে আমরা জানি যে, বনসৃজনের ক্ষেত্রে পঞ্চায়েতের যে এন আর ই পি সোশ্যাল ফরেস্টি এবং আর এল ই জি পি সোশ্যাল ফরেস্টির কাজগুলো ত্রুটিমুক্ত নয়। গ্রাম পঞ্চায়েতের অধীনে যে নার্সারি স্কীমগুলো আছে তা পর্যন্ত নয়, আরও বাড়ানো দরকার। সেক্ষেত্রে ঠিকভাবে আমরা কাজ দেখতে পাচ্ছি না। আমরা দেখছি ইউটিলাইজেশন সার্টিফিকেট ঠিকমতো পাওয়া যাচ্ছে না। সোশ্যাল ফরেস্টিতে যে ব্লক নার্সারি এবং কিষাণ নার্সারি আছে তাতে যেসব চারাগুলো ব্যবহার করা হয় সেইদিকে কেউ নজর দেয় নি। সেইদিকে কোনও ভূমিকা না থাকার জন্যে পশ্চিমবঙ্গে বনসৃজনের ক্ষেত্রে কোনও উন্নতি করতে পারছে না। শুধু ইউটিলাইজেশন সার্টিফিকেট দেওয়াটাই অ্যাচিভমেন্ট নয়। ইউটিলাইজেশান সার্টিফিকেট মানেই অ্যাচিভমেন্ট নয়। বিগত সরকারের একটা পরিসংখ্যান আমার কাছে আছে। সেখানে বহু অশুদ্ধ পরিসংখ্যান দেওয়া আছে। তবে আমি বলব এই পঞ্চায়েতের ক্ষেত্রে ইউটিলাইজেশন সার্টিফিকেটের মূল্যায়ন এবং আমাদের যে টাকা বরাদ্দ করা হয় সেই বরাদ্দকৃত টাকার মূল্যায়ন দরকার। আমার মনে হয় এই

কাজগুলো এস.ডি.ও এবং বি.ডি.ও দেখলে ভাল হয়। আমার যতটুকু জানা আছে যে, কোনও বি.ডিও এই কাজগুলো তদারকি করার জন্য সেখানে যায় না। কোনওরকম সহযোগিতা তাদের দিক থেকে পাওয়া যায় না। অডিট যতটুকু পাওয়া যায় তার মধ্যেই থাকার চেষ্টা করেন। আমার এলাকায় জয়েন্ট বি.ডি.ও পোস্ট আছে, সেখানে জয়েন্ট বি.ডি.ও যখন মিটিং হয় তখন সেখানে যান কিন্তু গিয়ে পেছনে বসে থাকেন, তাঁর কিছু বলার ক্ষমতা নেই, তাঁর সে কিছু নেই। আমার মনে হয় জয়েন্ট বি.ডি.ওকে এই সমস্ত দায়িত্ব দিলে ভাল হয়। বিভিন্ন অঞ্চলে পঞ্চায়েত সমিতি যেগুলো আছে, সেগুলো তদারকি জয়েন্ট বি.ডি.ওর করার দরকার। এগুলো দেখার জন্য অন্তত একবার করে জয়েন্ট বি.ডি.ও.কে গ্রামাঞ্চলের কাজগুলো দেখা দরকার। কোন স্কীমে কত খরচ হবে জানতে চাইলে কেউ বলতে পারেন না। বি.ডি.ওরা এই ব্যাপারে একেবারে অনভিজ্ঞ। ভাউচারে কত টাকা খরচ হয়েছে জানতে চাইলে কেউ উত্তর দিতে পারেনা। আমার মনে হয় বি.ডি.ও, এস.ডি.ও এবং ডি.পি.ও এঁদের নিয়ে একটা টিম করা দরকার, যাতে এই কাজের মূল্যায়ন ঠিকমতো হয় এবং ঠিকমতো পর্যালোচনা করতে পারি। কংগ্রেস বেঞ্চ থেকে এই পঞ্চায়েতের দুর্নীতি নিয়ে অনেক বক্তব্য রেখেছেন। কিছু কিছু পঞ্চায়েতে দুর্নীতি আছে কিন্তু তাই বলে সব পঞ্চায়েতেই দুর্নীতি আছে বলে আমি বিশ্বাস করি না। আমার মনে হয় পঞ্চায়েত ব্যবস্থাকে উন্নতি করার জন্য পঞ্চায়েত অফিসার এবং পঞ্চায়েতের কর্মী আরও বাড়ানো দরকার। পঞ্চায়েতের ব্যাপারে আমাদের আর একটি প্রশ্ন

[5-30—5-40 P.M.]

আছে, আজকে আমরা দেখছি যে '৮৯ মে মাসে অর্থাৎ ১.৫.৮৯ তারিখে তাদের কত টাকা ছিল এবং ৩০.৬.৮৯ তারিখে সেই টাকা কি ভাবে খরচ হল অর্থাৎ গভর্নমেন্ট সার্কুলার কি ছিল, সেই সার্কুলার মেনে আজকে কাজগুলি শেষ করে দিতে হবে। জওহর রোজগার যোজনা আরম্ভ হবে এবং জওহর রোজগার যোজনা আরম্ভ হবার আগে এই কাজগুলি করতে হবে। তাহলে কি আমি বলব ১.৫.৮৯ তারিখ পর্যন্ত যে বিষয়গুলি সেখানে ছিল সেইগুলিকে সুষ্ঠুভাবে রূপায়িত করার জন্য যা নির্দেশ থাকে সেইটা এক মাসের মধ্যে খরচ হবে কি না এটা আপনাদের মূল্যায়ন করা দরকার। আমি বি.ডি.ও. সাহেবকে প্রশ্ন করেছি, সেখানে আমরা বলেছি ইউটিলাইজেশনে সার্টিফিকেট এমনও হতে পারে। খরচটা হয়ত পরবর্তীকালে কাজ করার ব্যবস্থা হতে পারে, সেইজন্য ইউটিলাইজেশন সার্টিফিকেট দেখা দরকার। দ্বিতীয়ত আমি দেখেছি অন গোয়িং স্কীম এন.আর.ই.পি. গ্রাম পঞ্চায়েত ছিল, আর.এল.ই.জি.পি. অন গোয়িং স্কীম যে স্কীমগুলির টাকা, ডিস্ট্রিক্ট ফান্ডের ব্যালেন্সের টাকা, ওপেনিং ব্যালেন্স অ্যাজ অন ১.৫.৮৯ ও অ্যাজ অন ৩০.৬.৮৯ সেইগুলি দেখা দরকার। অন্তত ইউটিলাইজেশন সার্টিফিকেট কি ভাবে হয়েছে সেটা জানা দরকার। এবং সামঞ্জস্য ভাবে একটা নির্দেশ দেওয়া দরকার যাতে করে তারা ঠিক ঠিক ভাবে কাজগুলি করতে পারেন। অনেক জায়গায় বনসৃজনের জন্য টাকা ব্যয় হচ্ছে, অনেকে ব্যারিকেড করে করছেন, কেউ তারের ব্যারিকেড করে করছেন, কেউ ইঁটের ব্যারিকেড করে করছেন। এই ব্যাপারেও একটা সুষ্ঠু দৃষ্টিভঙ্গি থাকা দরকার। যাতে তারা ঐ টাকা সুষ্ঠুভাবে খরচ করতে পারেন। আমরা জানি বছরে দেড় লক্ষ থেকে দুই লক্ষর মতো সোশ্যাল ফরেস্ট্রির জন্য টাকা দেওয়া হয়, কিন্তু আমরা দেখি সেখানে সেই বনাঞ্চলের জন্য যে ভূমি দরকার সেই ভূমি নেই, ফলে ভূমির জন্য সেইগুলিকে করা সম্ভব

হচ্ছে না। ফলে এই সমস্ত কাজগুলি আরম্ভও হয়নি। অতএব আমি মনে করি এইগুলি ঠিকভাবে করতে গেলে ইউটিলাইজেশনের সঙ্গে সঙ্গে অ্যাচিভমেন্ট কিভাবে হচ্ছে সেটাও দেখা দরকার। আজকে সার্বিক সফলতা আনতে গেলে যে প্রশিক্ষণ দেওয়া দরকার পঞ্চায়েতের সদস্যদের ক্ষেতমজুরের এবং প্রান্তিক চাষীদের, যাতে তারা প্রশিক্ষণ পেয়ে এক চাষকে দোফসলি করতে পারে, এবং কৃষি জমিতে যাতে আরও উন্নত ফসল করা যায় সেটা দেখা দরকার। আমরা জানি যে সাবজেক্ট কমিটি কতকগুলি সুপারিশ করেছেন সেই অনুযায়ী মাঝে মাঝে কাজ করাও উচিত অর্থাৎ পঞ্চায়েতকে কর্মক্ষম করা হচ্ছে, সেইদিক দিয়ে বলব এই ব্যাপারে প্রশিক্ষণ দেওয়া দরকার। আমরা এটুকু বুঝিয়ে পঞ্চায়েত হচ্ছে একমাত্র রাস্তা এবং এটাই হচ্ছে আমাদের উন্নয়নের হাতিয়ার মন্ত্রী মহাশয় তার বাজেট ভাষণে বলেছেন প্রতিটি গ্রাম পঞ্চায়েতে হোমিওপ্যাথির ডিসপেনসারি করার কথা বলা হয়েছে, এটা আমরা দীর্ঘদিন ধরে বলে আসছি, হোমিওপ্যাথি ডিসপেনসারিগুলি খোলা দরকার কিন্তু তার ব্যাপারে পুরোপুরি অগ্রাধিকার দেওয়া হচ্ছে না, হয়ত বলা হল ১০টি অঞ্চলে হবে, কিন্তু সেখানে হচ্ছে তিনটি অঞ্চলে ৮টি জায়গায় ঠিক হয়েও হচ্ছে না। হোমিওপ্যাথি ডিসপেনসারিগুলি করা দরকার যাতে করে সাধারণ মানুষ সেখান থেকে কিছুটা ঔষধ যোগাড় করতে পারে, সেটা দেখাও দরকার। অতএব মাননীয় পঞ্চায়েত দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী যে বাজেট পেশ করেছেন তা আমি সর্বান্তকরণে সমর্থন করছি এবং সঙ্গে সঙ্গে কাটমোশনগুলির বিরোধিতা করে বক্তব্য শেষ করছি।

শ্রী মান্নান হোসেন ঃ মাননীয় সভাপতি মহাশয়, মাননীয় পঞ্চায়েত মন্ত্রী এবং গ্রামোন্নয়ন দপ্তরের মন্ত্রী মহাশয় যে ব্যয়বরাদ্দের দাবি এখানে পেশ করেছেন তার বিরোধিতা করে এবং আমাদের দলের সদস্যদের দেওয়া কাটমোশনগুলির সমর্থন করে আমার বক্তব্য শুরু করছি। এটা ঠিক যে আজকে পশ্চিমবাংলায় বেশিরভাগ পঞ্চায়েত, গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদগুলি যেভাবে দুর্নীতিতে পাঁকে ডুবে গিয়েছে সেটা সর্বজনস্বীকৃত। তার প্রমাণ কিছুদিন আগে বর্তমান মন্ত্রী পঞ্চায়েত দপ্তরের দায়িত্ব নেবার পূর্বে যিনি এই পঞ্চায়েত দপ্তরের মন্ত্রী ছিলেন মাননীয় শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়, তিনি পঞ্চায়েতের দুর্নীতির বিরুদ্ধে কথা বলতে গিয়ে তাঁকে পঞ্চায়েত দপ্তর থেকে সরে যেতে হয়েছিল। বর্তমানে যিনি পঞ্চায়েত মন্ত্রী, তিনি নিশ্চয় অত্যন্ত শ্রদ্ধাভাজন ব্যক্তি। কিন্তু আজকে পশ্চিমবাংলায় বিভিন্ন গ্রাম পঞ্চায়েত, পঞ্চায়েত সমিতি, এবং জেলা পরিষদগুলি যেভাবে দুর্নীতির সঙ্গে জড়িয়ে পড়ছে, তার বিরুদ্ধে কথা বলতে গিয়ে মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের যে অবস্থা হয়েছিল—তিনিও সেটা ভেবে দোষী ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নিতে পারছেন না। জানিনা, দুর্নীতি প্রসঙ্গে কথা বলতে গেলে, আমাদের অনেক সময় বলা হয় এবং অনেক শাসকদলের সদস্য এবং মাননীয় মন্ত্রী বলেছেন যে, স্পেসিফিক অভিযোগগুলি দেবার জন্য। আজকে আমরা বাজেট বক্তব্যের সূচনা করতে গিয়ে মাননীয় সদস্য মানসবাবু, তিনি কতকগুলি স্পেসিফিক অভিযোগের কথা উল্লেখ করেছেন। জানিনা, মাননীয় মন্ত্রী সেই অভিযোগের কি উত্তর দেবেন? তিনি কি ব্যবস্থা নেবেন? আমিও দু-একটা দুর্নীতির অভিযোগ দেব, তার মধ্যে আমরা যাঁরা জনপ্রতিনিধি, বিশেষ করে যাঁরা বিধানসভার সদস্য, আমরা গ্রামাঞ্চল থেকে যাঁরা নির্বাচিত হয়ে এসেছি, আমরা সেই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে কাজ করতে গিয়ে বিভিন্ন রকম

সমস্যার সম্মুখীন হয়েছি। আমরা সেই সমস্ত ব্যাপারে আজকে যে বর্তমান পঞ্চায়েত ব্যবস্থা এই পঞ্চায়েত ব্যবস্থা পরীক্ষিত পঞ্চায়েত ব্যবস্থা। এর সুনাম এবং দুর্নাম নিয়ে অনেক আলোচনা, সমালোচনা হয়েছে। আমি কিছু প্রস্তাব, কিছু সংশোধনীর জন্য আজকে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে কিছু প্রস্তাব দিচ্ছি। পশ্চিমবাংলায় বিভিন্ন গ্রাম পঞ্চায়েত এর প্রধান, পঞ্চায়েত সমিতির সাধারণ মানুষের ভোটে নির্বাচিত হয়ে তাঁরা সরাসরি আসবার জন্য সেই গ্রাম পঞ্চায়েত সেই সমস্ত সদস্যদের ভোটে নির্বাচিত করবার জন্য আমি সুপারিশ করছি। এই কারণে সুপারিশ করছি যে, গ্রাম পঞ্চায়েত প্রধান সরাসরি সেই পঞ্চায়েতের ভোটারদের দ্বারা নির্বাচিত হন। সেই দল প্রত্যেকটা ভোটারের কাছে দায়বদ্ধ থাকবেন। এবং গ্রামোন্নয়নের ক্ষেত্রে যে পঞ্চায়েতের যে বিভিন্ন রকম কাজের ক্ষেত্রে সব গ্রামকে সমান চোখে দেখবেন এবং উন্নয়নের কাজ সমানভাবে করবেন। এটা মনে করা যেতে পারে। তা ছাড়া আমি প্রস্তাব করছি, আমরা দেখেছি বিশেষ করে, আমরা যাঁরা জনপ্রতিনিধি যাঁরা গ্রাম পঞ্চায়েতের সদস্য প্রধান নির্বাচিত করেন, প্রধান পদাধিকার বলে পঞ্চায়েত সমিতির সদস্য হয়। পঞ্চায়েত সমিতির সদস্য হওয়ার পরে সভাপতি তাঁর পদাধিকার বলে জেলা পরিষদের সদস্য হন। কিন্তু সেই এলাকায় যাঁরা লোকসভার সদস্য, যাঁরা বিধানসভার সদস্য তাঁরা কিন্তু পঞ্চায়েত সমিতির সদস্য থাকতে পারেন পদাধিকার বলে। সেই এলাকায় গ্রাম পঞ্চায়েতগুলির কাজে সরাসরি সেই এলাকার লোকসভার সদস্য বা সেই এলাকার বিধানসভার সদস্য তাঁরা সরাসরি অংশগ্রহণ করতে পারে না। জেলা পরিষদের সদস্যরাও আমরা দেখেছি, পঞ্চায়েত সমিতির সদস্য হতে পারেন না। তাঁরা জেলা পরিষদের সদস্য থাকেন। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয় আজকে যে ব্যয়বরাদ্দের দাবি পেশ করেন আমি তাঁর কাছে সুপারিশ করছি বর্তমান যে পঞ্চায়েত ব্যবস্থা নিশ্চয় ভাল কিন্তু সমালোচনা না করে উপায় থাকে না। এই পঞ্চায়েত ব্যবস্থাকে আরও বাস্তবমুখি করা যায় কি না সেই ব্যাপারে আরও ভাববার দরকার আছে।

[5-40—5-50 P.M.]

আমরা যারা বিধানসভার সদস্য, লোকসভার সদস্য, জেলা পরিষদের সদস্য, আমরা দেখি গ্রাম পঞ্চায়েতের যখন সভা হয়, যখন সরকারি বিভিন্ন প্রকল্পে অনুদান যায় তখন আমরা গ্রাম পঞ্চায়েতের সেই সভায় অংশ গ্রহণ করতে পারি না। তার জন্য বিধানসভা, লোকসভা, জেলা পরিষদের সদস্যদের এবং গ্রাম পঞ্চায়েতের সদস্যদের মধ্যে একটা কমিউনিকেশন গ্যাপ থেকে যায়। সেজন্য প্রত্যেকটি গ্রাম পঞ্চায়েতে বিধান সভার সদস্য, লোকসভার সদস্য এবং জেলা পরিষদের সদস্যরা পদাধিকার বলে গ্রাম পঞ্চায়েতের সদস্য যাতে হতে পারে তার ব্যবস্থা হওয়া উচিত এবং এঁরা সদস্য হলে গ্রাম পঞ্চায়েতের মানুষের সঙ্গে তাঁদের যোগাযোগ বৃদ্ধি পাবে, আরও ভাল রিলেশন গড়ে উঠবে। আজকে এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে প্রধান যদি সরাসরি পঞ্চায়েত ভোটারদের দ্বারা নির্বাচিত হয় তাহলে পঞ্চায়েত প্রধানরা কর্মঠ, সৎ, সমাজসেবী হবে এবং তাতে পঞ্চায়েত এলাকার উন্নয়ন তত বেশি হবে। তাই আমি প্রস্তাব রাখছি বিধানসভার, লোকসভার সদস্যরা যাতে গ্রাম পঞ্চায়েতের কাজে অংশগ্রহণ করতে পারে তার ব্যবস্থা করা হোক। আমরা দেখেছি পশ্চিমবঙ্গে এমন অনেক গ্রাম পঞ্চায়েত আছে যার আয়তন পাশের গ্রাম পঞ্চায়েতের আয়তনের ২/৩ গুণ বড়। অতীতে জওহর রোজগার যোজনার কর্মসূচি ঘোষণা হবার আগে আমরা দেখেছি গ্রাম পঞ্চায়েতে জেলা পরিষদ থেকে

সরকারি অনুদান ভাগ করে দেওয়া হয়, সেখানে এর বিচার বিবেচনা হয় না গ্রাম পঞ্চায়েতগুলির আয়তন এবং জনসংখ্যার দিক থেকে। আমরা দেখেছি মুর্শিদাবাদ জেলায় এমন অনেক গ্রাম পঞ্চায়েত আছে যে গ্রাম পঞ্চায়েতের এলাকা পাশের গ্রাম পঞ্চায়েতের এলাকার চেয়ে ২/৩ গুণ বেশি। সেজন্য সেইসব পঞ্চায়েত এলাকাগুলি ভাগ করে দেওয়া প্রয়োজন। গ্রাম পঞ্চায়েতে এমন অনেক ওয়ার্ড আছে যেখানে কোথাও এক জন, কোথাও ২ জন সদস্য নির্বাচিত হন। সেজন্য গ্রাম পঞ্চায়েতের কন্সটিটিউয়েন্সির পুনর্বিন্যাস করে প্রত্যেকটি কন্সটিটিউয়েন্সিতে যাতে একজন সদস্য নির্বাচিত হতে পারে তার ব্যবস্থা করা উচিত। আমরা বিধানসভার সদস্যরা দেখছি যখন পঞ্চায়েতে কাজ হয় তখন বিধানসভার সদস্যরা সেই কাজে অংশ গ্রহণ করতে পারি না। বিধানসভার সদস্যদের লোকসভার সদস্যদের, জেলা পরিষদের সদস্যদের ক্যারেকটার সার্টিফিকেট, এস সি. এস টি-দের রেশন কার্ডের সার্টিফিকেট দেওয়া ছাড়া অ্যাকচুয়্যালি কোনও ফাংশন নেই। এই বিষয়টিকে সব চেয়ে বেশি প্রাধান্য দেওয়ার জন্য সুপারিশ করছি। পঞ্চায়েতের দুর্নীতির কথা বলতে গিয়ে মাননীয় সদস্য মানস ভুঁইয়া যখন কতকগুলি স্পেসিফিক অভিযোগ দিচ্ছিলেন তখন অনেক সদস্য এখানে চিৎকার করে বলছিলেন মানস ভুঁইয়া অসত্য কথা বলছেন। এর আগে আমি কান্দি থানার পঞ্চায়েতের কতকগুলি স্পেসিফিক অভিযোগ এনেছিলাম সেইগুলির তদন্ত করার জন্য এবং মাননীয় মন্ত্রীকে তদন্ত করে দেখার জন্য অনুরোধ করেছিলাম। সেই তদন্তের কি হয়েছে আজ পর্যন্ত আমরা কিছুই জানি না। ব্লক স্তরে বি.ডি.ও., এস.ডি.ও. তদন্ত করেছেন। কিন্তু সেই পঞ্চায়েতের বিরুদ্ধে কোনও ব্যবস্থা নেওয়া হয়নি। মুর্শিদাবাদ জেলার পুরন্দরপুর গ্রাম পঞ্চায়েতের ৮জন কংগ্রেস সদস্য এবং ৯জন শাসক দল বামফ্রন্টের সদস্য আছে। প্রধান দায়িত্ব গ্রহণ করার পর থেকে সেই গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে একের পর এক দুর্নীতির অভিযোগ উঠেছে সেই গ্রাম পঞ্চায়েত ৪/১/৮৯ তারিখে লক্ষ্মীনারায়ণপুর ঘেরা বাঁধের জন্য ২৮ হাজার টাকা, ৯/১- কুইন্টাল গমের মাস্টার রোল করে দিয়েছিল। সেই এলাকার মানুষ অভিযোগ করেছিল, যে মাস্টার রোল তৈরি করে দেওয়া হয়েছে তা ভুয়ো, অসত্য। তার কোনও তদন্ত হয়নি। তারপর ৮/৩/৯০ তারিখে চন্দ্রপ্রসাদপুর ঘেরা বাঁধের ২৮ হাজার টাকার কাজ হয়েছে। মাস্টার রোল করে দেওয়া হয়েছে। গ্রাম পঞ্চায়েতের বিরুদ্ধে সাধারণ মানুষ বি.ডি.ও., এস.ডি.ও. জেলাশাসকের কাছে অভিযোগ করেছিল এই বাঁধে মাটি ফেলা হয়নি। বি.ডি.ও. তদন্ত করতে গিয়েছিলেন। তিনি বললেন মাটি ফেলা হয়নি। তিলিপাড়া গ্রামে পুকুর সংস্কার করা হয়েছে বলে দেখানো হয়েছে। প্রধান একটা মাস্টার রোল জমা দিয়েছে। সেই মাস্টার রোল টিপ সই করে জমা দেওয়া হয়েছে। তিলিপাড়া গ্রামের মানুষ অভিযোগ করেছিলেন পুকুর সংস্কারের কাজ হয়নি। বি.ডি.ও. তদন্ত করতে গিয়েছিলেন। তিনি তদন্ত করে বললেন তিলিপাড়া গ্রামের পুকুর সংস্কারের কাজ হয়নি। তদন্ত করে ফিরে এলেন বর্তমান জেলা শাসকের আগের জেলাশাসক। তিনি বুঝেছিলেন যে, এই গ্রাম পঞ্চায়েত হচ্ছে অত্যন্ত দুর্নীতিপরায়ণ গ্রাম পঞ্চায়েত। মাস্টার রোলে মাটি কাটা হয়েছে বলে যা দেখানো হয়েছে তা সম্পূর্ণ ভুয়ো। তাই তিনি গ্রাম পঞ্চায়েতকে সমস্ত সরকারি অনুদান বন্ধ করে দিয়েছিলেন। সেই গ্রাম পঞ্চায়েতকে জওহর রোজগার যোজনার টাকা বন্ধ করে দিয়েছিলেন এবং কেন্দ্রীয় সরকারের সমস্ত প্রকল্পের টাকা বন্ধ করে দিয়েছিলেন। আমরা ভেবেছিলাম পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে বোধ হয় শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে আমরা লক্ষ্য করে দেখলাম যে, সেই

পঞ্চায়েত প্রধান, উপ-প্রধানের বিরুদ্ধে কোনও রকম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হয়নি। বর্তমান জেলা শাসক দায়িত্ব নেবার পরে দেখা গেল সেই পুরন্দরপুর গ্রাম পঞ্চায়েত প্রধানকে টাকার অ্যালটমেন্ট দিলেন। সরকারি অনুদান প্রধানকে দিলেন, জওহর রোজগার যোজনায় অনুদান দিলেন। এই প্রধান, উপ-প্রধানের বিরুদ্ধে কোনও রকম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হল না। মামলা করা হল না। মাননীয় সদস্যরা বলছেন কংগ্রেস অসত্য কথা বলছেন। আপনারা বলছেন স্পেসিফিক অভিযোগ দিন। আমরা স্পেসিফিক অভিযোগ দাখিল করে বলছি, এখানে দুর্নীতি হয়েছে, প্রধান, উপ-প্রধান বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিন। কিন্তু কিছুই করা হচ্ছে না। আমি মাননীয় মন্ত্রীর কাছে এই অভিযোগের কপিটি জমা দিচ্ছি। আশা করি তিনি এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবেন। সেখানকার ৮জন কংগ্রেসি গ্রাম পঞ্চায়েত সদস্য ৭ দিনের মধ্যে পদত্যাগ করবেন বলে কপি পাঠিয়েছেন। আর তিন চার দিনের মধ্যেই কংগ্রেসের সব সদস্যরা একযোগে পদত্যাগ করবেন।

[5-50 — 6-00 P.M.]

আপনার সাহস থাকলে আপনি তদন্তকরুন। বি.ডি.ও., এস.ডি.ও.-র কথা শুনতে হবে না। এখানকার পঞ্চায়েত দপ্তরের উচ্চ পদস্থ কোনও অফিসারকে দিয়ে তদন্ত করুন হিম্মত থাকলে এবং আমাদেরও হিম্মত থাকলে আমরা দুর্নীতি প্রমাণ করে দেব এবং আপনাকে এই পঞ্চায়েত প্রধান, উপ-প্রধানের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে, এই প্রতিশ্রুতি দিতে হবে। এবারে আমি বনসৃজনের কথায় আসছি। ঐ গ্রামপঞ্চায়েতে বনসৃজন প্রকল্প বহু টাকা খরচ করা হয়েছে। গ্রামের মানুষ যখন সেখানে অভিযোগ তুলে বলল যে বনসৃজনে যে টাকা খরচ করা হয়েছে তা ভুয়ো, সেখানে ভুয়ো মাস্টার রোল দেওয়া হয়েছে, এটা অসত্য তখন আমরা দেখলাম সেখানে কিছুই হল না। বারবার সেখানে বি.ডি.ও, এস.ডি.ও.র কাছে অভিযোগ করা হল কিন্তু শাসকদলের রাজনৈতিক চাপে পড়ে তারা সেখানে শাস্তিমূলক কোনও ব্যবস্থা নিতে পারলেন না। সেখানে প্রধান এবং উপ-প্রধানের বিরুদ্ধে কোনও রকম শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হল না। সেখানে বনসৃজনের নামে গাছ লাগানোর কথা বলা হলেও কোথাও একটি গাছ লাগানো হল না অথচ সেখানে টাকা খরচ হয়েছে বলে দেখানো হল এবং সেখানে প্রমাণ থাকা সত্ত্বেও ও বি.ডি.ও., এস.ডি.ও.কে বলা সত্ত্বেও কোনও ব্যবস্থা হল না। তারা বলছেন, আমাদের হাত, পা বাঁধা। পুরন্দরপুর গ্রামপঞ্চায়েতে তিলিপাড়া গ্রামে পুকুর সংস্কার, চন্দ্রপ্রসাদপুরে ঘেরাবাঁধ সংস্কার ইত্যাদিকে কেন্দ্র করে কোনও কাজ হয়নি কিন্তু তা সত্ত্বেও সেখানে মাস্টার রোল জমা দেওয়া হয়েছে। তারা বলছেন, আমরা মামলা করার জন্য জেলাশাসক মহাশয়ের কাছে উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে অনুমতি চেয়েছি কিন্তু সেই পারমিশন পাচ্ছি না। আমরা জানি বনসৃজন প্রকল্পে কাজ হয়নি। এইভাবে পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামপঞ্চায়েতগুলি দুর্নীতি করে চলেছে। আমরা পঞ্চায়েতে দুর্নীতির কথা বললে আপনারা বলেন যে স্পেসিফিক অভিযোগ দিন। মাননীয় সদস্য মানস ভুঁইয়া মহাশয় কয়েকটি স্পেসিফিক অভিযোগ দিয়েছেন, আমিও দিলাম। সেখানকার ৮জন গ্রামপঞ্চায়েতের সদস্য মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে দরখাস্ত করেছেন, তারা একযোগে পদত্যাগ করবেন। তারা অফিসিয়াল চিঠি পাঠিয়েছেন, সেই চিঠি মন্ত্রী মহাশয়, পেয়েছেন কিনা জানি না তবে তারা আমাকে একটা দরখাস্ত দিয়েছেন সেটা আমি মাননীয় মন্ত্রিমহাশয়কে দিয়ে দেব। এইভাবে স্যার, আমরা

দেখাতে পারি যে পশ্চিমবাংলার বিভিন্ন গ্রামপঞ্চায়েত দুর্নীতির আখড়ায় পরিণত হয়েছে। এই প্রসঙ্গে আমি মুর্শিদাবাদ জেলার কথা একটু বলি। মাননীয় মন্ত্রী মহাশয়ের যদি সাহস থাকে তাহলে তদন্ত করে দেখবেন। অভিযোগ মুর্শিদাবাদের জেলাপরিষদের ১৯৭৮ থেকে ১৯৮৩ সাল পর্যন্ত তৎকালীন যিনি সভাধিপতি ছিলেন তিনি ১০ লক্ষ টাকার কোনও হিসাব দিতে পারেন নি। গ্রামে মাটি কাটা হচ্ছে আর তৎকালীন সহকারি সভাধিপতি গ্রামে গিয়ে টাকা ডিস্ট্রিবিউট করছেন। সেখানে তিনি ক্যাশ টাকা বিলি করছেন। যদি সাহস থাকে তাহলে তার বিরুদ্ধে তদন্ত করুন। ১৯৭৮ সাল থেকে ১৯৮২ সাল পর্যন্ত মুর্শিদাবাদ জেলা পরিষদে ব্যাপক দুর্নীতির প্রমাণ আছে। এর পর স্যার, আমি চৌকিদার, দফাদার এবং তহশীলদারদের কথা একটু বলব। এই চৌকিদার এবং দফাদাররা মৃত্যুর আগের দিন পর্যন্ত চাকরি থেকে ছাড়া পায় না। সরকারিদলের সদস্যরা বললেন যে চৌকিদার, দফাদারদের মাহিনা বেড়েছে। আপনারা কিন্তু তাদের অবসর গ্রহণের ব্যবস্থা করতে পারেন নি। আমি অনুরোধ করছি, চৌকিদার, দফাদারদের উপযুক্ত পেনশন দিয়ে, গ্র্যাচুয়িটি দিয়ে অবসব গ্রহণের ব্যবস্থা করুন। তা না হলে গ্রাম পঞ্চায়েতগুলি কাজ করার ক্ষেত্রে অনেক অসুবিধার সম্মুখীন হচ্ছেন। তাছাড়া অনেক জায়গায় একজন সচিব, এক জন জব অ্যাসিস্টেন্ট দিয়ে কাজ করানো হচ্ছে। এর পর আমি তহশীলদারদের কথা একটু বলব। তারা ২০ টাকা করে মাহিনা পায়। তহশীলদাররা গ্রামের খাজনা আদায় করে। তারা ২০ টাকা করে মাহিনা পায় এবং কমিশন পায়। কিন্তু কোনও বছর যদি খরা, বন্যার মতন প্রাকৃতিক দুর্যোগ হয় তাহলে তাদের ঐ ২০ টাকা মাহিনাতেই সন্তুষ্ট থাকতে হয়, তারা কমিশন পান না। আপনারা চৌকিদার দফাদারদের মাহিনা ভাতা বাড়িয়েছেন। কেন আজকে পশ্চিমবাংলার যে সমস্ত তহশীলদার আছে, তাদের আজ পর্যন্ত ২০ টাকা বেতনে কাজ করতে? কোনও তাদের উপযুক্ত স্যালারি ব্যবস্থা করতে পারবেন না, স্কেলের ব্যবস্থা করতে পারবেন না? যখন বন্যা হয়, তখন গ্রামের মানুষ কর দিতে পারে না, পঞ্চায়েত আদায় করতে পারে না তাদের কাছ থেকে। সেই তহশীলদারদেরই আদায় করতে হয়, এবং সেই ২০ টাকা মাইনেয় তাদের সন্তুষ্ট থাকতে হয়। আজকে সেইজন্য যে ব্যয় বরাদ্দ আনা হয়েছে তার বিরোধিতা করে এবং আমাদের কাটমোশনগুলোকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শীশ মহম্মদ ঃ মাননীয় চেয়ারম্যান মহাশয়, মাননীয় মন্ত্রী মহাশয়, যে ব্যয় বরাদ্দ পেশ করেছেন, তাকে পুরোপুরি সমর্থন জানাচ্ছি এবং কংগ্রেসের তরফ থেকে যে সমস্ত কাট মোশন এসেছে, তার তীব্র বিরোধিতা করছি। আমি একটা গল্প আগে বলে নিই তারপর আমি আমার বক্তব্য শুরু করব। কোটাল পুকুর বলে একটা জায়গায় ছিল, সেখানকার জমিদার যিনি ছিলেন, তার নাম ছিল ইসলাম চৌধুরি। তার জমিদারির ভান্ডার ঘরের একজন দারওয়ান আঠারো টাকা মাইনের সেখানে কাজ করত। একদিন সে চৌধুরি সাহেবকে বলল, আমি আর আপনার এখানে কাজ করব না। কারণ অন্যান্য জমিদারিতে দারোয়ানদের অনেক মাইনে বেড়ে গেছে, আমি সেই সব জায়গায় কাজ করব, তারা সব লায়েক হয়ে গেছে। অতএব আমরা ঐ রকম প্রমোশন না পেলে থাকব না। তাকে বলা হল, ঠিক আছে তোমার বেতন তাই থাকল, তোমার সেই রকম টাকাই থাকল, তুমি ভান্ডার ঘরে কাজ কর, কলা, মুলো সকলকে দাও, কালকে থেকে তোমাকে সকলে লায়েক বলবে। আমার বক্তব্য আমাদের

পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হওয়ার পর সবেতেই দুর্নীতিতে ছড়িয়ে গেছে, কোনও কাজ হয়নি, গ্রামাঞ্চলের কোনও উন্নয়ন হয়নি এই সব ওরা দেখছেন। আর বিগত আঠারো বছর ধরে ঐ যে একটার পর একটা লায়েক কেন্দ্রে এবং রাজ্যে তৈরি হল, নমিনেটেড লায়েক তা কিন্তু আজকে আর হচ্ছে না। এই লায়েক বাবুরা আজকে আমাদের শিক্ষা দিচ্ছেন। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আপনার মাধ্যমে বলতে চাই যে আজকে এই বামফ্রন্ট সরকার প্রতিষ্ঠিত হওয়ার পর, পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠিত হওয়ার পর আমি মনে করি সমগ্র পশ্চিমবঙ্গে যে রাস্তাগুলো হয়েছে, গ্রামাঞ্চলে পঞ্চায়েতের মাধ্যমে, আপনি দেখলে বুঝতে পারবেন শতকরা ৫০ ভাগ লাল রাস্তা হয়েছে। কংগ্রেসের যুগে দেখেছিলাম, যখন রাস্তা খারাপ হয় তখন মাটি ফেলে দেওয়া হত। আজকে ল্যাটারাইট এবং মোরামের রাস্তা হয়েছে, চারিদিকে লাল রাস্তা হয়ে গেছে। আমি বলছি এতে সেন্ট্রাল গভর্নমেন্টের টাকাও আছে, আর স্টেট গভর্নমেন্টের টাকাও আছে কিন্তু আপনাদের এই রকম রাস্তা তৈরি করার মানসিকতা ছিল না. জনসাধারণের উন্নয়নের দিকে আপনাদের লক্ষ্য ছিল না। আজকে পঞ্চায়েতের মাধ্যমে সেই মানসিকতা গড়ে

[6-00 — 6-10 P.M.]

উঠেছে, সঙ্গে সঙ্গে শ্রম দিবস সৃষ্টি হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে এই যে বিদ্যুৎ, এই বিদ্যুৎ পঞ্চায়েতের মাধ্যমে হচ্ছে। পঞ্চায়েত সমিতি, গ্রাম পঞ্চায়েত রেজলিউশন করে পাঠাচ্ছে এবং সেই মতো বিদ্যুৎ হচ্ছে। আজকে বিদ্যুৎ থাকার জন্য কাজও হচ্ছে। কংগ্রেস আমলে কোনও জায়গায় মাঠে তার ছিলনা, বিদ্যুৎও ছিলনা। কংগ্রেস আমলে আমরা চাল চাইতে গিয়ে অ্যারেস্ট হয়েছি। আজকে বছরে ২ বার ফসল উৎপাদন হচ্ছে। বামফ্রন্ট সরকারের আমলে পঞ্চায়েতের প্রতিষ্ঠিত হয়েছিল বলে এটা সম্ভব হয়েছে। আজকে ওদের এর থেকে শিক্ষা নেওয়া উচিত। সুতরাং কেবল শুধু সমালোচনা করতে হবে বলে যদি করেন তাহলে করতে পারেন। মাননীয় মন্ত্রী, তিনি ব্রিটিশ আমলের সংগ্রামী মানুষ। তিনি সংগ্রাম করে ব্রিটিশকে তাড়িয়েছেন, সংগ্রাম করে পশ্চিমবঙ্গ থেকে কংগ্রেসকে উৎখাত করেছেন এবং তিনি আজও সংগ্রাম চালিয়ে যাচ্ছেন। সাধারণ মানুষের কাছে সৎ এবং নিরপেক্ষ প্রশাসন কি ভাবে দেওয়া যায় তার জন্য তিনি চেষ্টা করছেন। এই প্রসঙ্গে আরও ২/১টি কথা আপনার কাছে বলতে চাই। এই সংগ্রাম যাতে ফলপ্রসু হয় তার জন্য আপনাকে সজাগ দৃষ্টি রাখতে হবে। কারণ আপনার দপ্তর থেকেই হোক, আর অন্য দপ্তর থেকেই হোক পঞ্চায়েতে অনেক টাকা যাচ্ছে। কিন্তু আমরা দেখছি যে কাজ সেই রকম হচ্ছে না। ওখানে একটা অংশ ভেস্টেড ইন্টারেস্ট হয়ে গেছে। গ্রামের সদস্য যারা মিটিংয়ে যাচ্ছে তাদের বেতনের যে কথা অমরবাবু বলেছেন, আমি সে কথা বলতে চাই না। যারা সমাজসেবার জন্য গ্রামের পঞ্চয়েতে আসে তাদের বেতনের যে কথা অমরবাবু বলেছেন, আমি তার বিরোধিতা করি। তবে একটা জিনিস হচ্ছে, গ্রামপঞ্চায়েতে যে সমস্ত লোক আছেন তারা এখনও রাজনৈতিক শিক্ষায় শিক্ষিত হয়নি। এখনও তাদের ধ্যান-ধারণা অন্য রকম আছে। আমি একটা উদাহরণ দিচ্ছি। গ্রামের যে টিউবওয়েল-এর জন্য টাকা দেওয়া হয়, পানীয় জলের জন্য টিউবওয়েল হবে, সেখানে এক নম্বর ক্যাটেগোরির থেকে টিউবওয়েল নিয়ে যায়, আর ৩নম্বর ক্যাটেগোরির টিউবওয়েল দেওয়া হয়। এর ফলে কিছু টাকা বাঁচে। এইভাবে টাকার অপচয় হচ্ছে এবং এতে বামফ্রন্ট সরকারের ভাবমূর্তিও নষ্ট হচ্ছে। কাজেই এগুলি আপনাকে

নজর দিয়ে দেখতে হবে। আমার কেন্দ্রের গ্রাম প্রধান ওদেরই দলের লোক। সেখানকার সহ-সভাপতি ইসলামপুরের সামসেদ মাতালের ছেলে নঈমুদ্দিন। তাকে আমরা দেখেছি যে প্রত্যেক সদস্যকে মিনিকিট দিলেন ২১ প্যাকেট, আর তিনি নিজে নিলেন ১৬৯ প্যাকেট। এই যে চৌর্যবৃত্তি, এগুলি যদি না দেখেন তাহলে হবেনা। এই ব্যাপারের আপনি একটা সেল তৈরি করেন। সেই সেল ইনসপেকশন করে এগুলি বিতরণ করবে। পঞ্চায়েত সমিতিগুলি কোথায় কখন কি কাজ করছে এবং কোথায় কত টাকা খরচ করছে, না করছে সে সম্বন্ধে নিশ্চয়ই সমস্ত কাগজ-পত্র আছে, সেগুলি দেখলেই তো সমস্ত কিছু বোঝা যাবে। আমরা ইতিমধ্যে দেখেছি বেশ কয়েকজন প্রধান চুরির দায়ে ধরা পড়েছে। বেশিরভাগ ক্ষেত্রেই দেখা যাচ্ছে ওদের লোকেরা পঞ্চয়েতে ঢুকে চুরি করছে। মাননীয় মন্ত্রী মহাশয়, এসবগুলি আজকে আপনাকে চিন্তা ভাবনা করে দেখতে হবে এবং এই সমস্ত দুর্নীতি বন্ধ করার জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, বনসৃজন পরিকল্পনা অনুসারে অর্থকরী ফসল হিসাবে নারকেল গাছ লাগানো হয়েছে, আম গাছ লাগানো হয়েছে। হয়ত পশ্চিমবঙ্গের সব জায়গায়ই লাগানো হয়েছে, কিন্তু এবিষয়ে আমার এলাকার আমার যা অভিজ্ঞতা তা খুব একটা ভালো নয়। সুতী লিংক রোডের চারিদিকে গাছ লাগাবার ফলে অনেক শ্রম দিবস সৃষ্টি হয়েছে ঠিকই এবং অনেক গাছ লাগানও হয়েছিল, কিন্তু এখন সেই রাস্তা দিয়ে হেঁটে গেলে একটা গাছও দেখতে পাওয়া যাবে না। কারণ কন্ট্রাকটররা যে চারা সরবরাহ করেছিল সেগুলি থেকে কখনই গাছ হতে পারে না। মাননীয় মন্ত্রী মহাশয়, আপনার নিশ্চয়ই মানসিকতা হচ্ছে দেশের উন্নয়ন ঘটান, গ্রামাঞ্চলের উন্নয়ন ঘটান এবং সেই জন্য আপনি চাইছেন পঞ্চায়েতের প্রসার। কিন্তু আজকে যা অবস্থা দাঁড়িয়েছে তাতে পঞ্চায়েতের বিভিন্ন অকাজে আপনি যেই বাধা দিতে যাবেন অমনি আপনার পক্ষ ত্যাগ করবে এবং পঞ্চায়েত সমিতিতে অনাস্থা আসবে। এর জন্যই আমি এখানে একটা মেনশনের মাধ্যমে বলেছিলাম যে, দয়া করে আপনি এই সেশনেই পঞ্চায়েতের ক্ষেত্রে দল-ত্যাগ বিরোধী আইন নিয়ে আসুন, তাহলে খানিকটা সামাল দিতে পারবেন, নাহলে পারবেন না। তারপর তাঁত শিল্পের ব্যাপারে আমরা দেখছি যে, তাঁত শিল্পের টাকা গেছে পঞ্চায়েতের মাধ্যমে। প্রধানরা ফলস নাম দিয়ে টাকা উঠিয়ে নিয়েছে। এখন কার কাছে অভিযোগ করব, কে দেখবে? এগুলো যেহেতু ট্রিফলিং ম্যাটার সেহেতু কোনও সুরাহা হচ্ছে না। কিন্তু এই সমস্ত ঘটনা ঘটছে। এই ফাঁকগুলো নিশ্চয়ই বন্ধ করা যায় এবং বন্ধ করার জন্য অবশ্যই আপনাকে সজাগ হতে হবে, উদ্যোগী হতে হবে। আমরা সবাই বাজেটকে সমর্থন করলাম, আর কিছু করার দরকার নেই, এটা কখনই মনে করা উচিত নয়। মিঃ চেয়ারম্যান, স্যার, পঞ্চায়েত যত ভালো কাজই করুকনা কেন, গ্রামাঞ্চলে কিছু সাংঘাতিক দুর্নীতিগ্রস্ত পঞ্চায়েতও আছে। যার জন্য লোকসভা বা বিধানসভার নির্বাচনের সময় আমরা সেই সমস্ত পঞ্চায়েত প্রতিনিধি বা প্রধানদের নিয়ে গ্রামের মানুষের কাছে যেতে পারি না। তাদের নিয়ে গেলেই মানুষ গালাগালি দেয়। ফলে তাদের বাদ দিয়ে আমাদের ক্যাডারদের নিয়েই আমাদের মানুষের কাছে যেতে হয়, নির্বাচন করতে হয়। ওদের নিয়ে কোনও কাজ হয় না। সুতরাং মাননীয় মন্ত্রী মহাশয়, এগুলি আজকে আপনাকে দেখতে হবে। মিঃ চেয়ারম্যান স্যার, আমরা অনেকগুলি অঞ্চলে অফিসে দেখছি হোমিওপ্যাথিক ডাক্তার আছেন, কিন্তু তারা তিন মাস ধরে বেতন পান না। এই সমস্ত গরিব ডাক্তার বাবুরা যদি বেতন না পান তাহলে তাদের কিভাবে চলবে? সুতরাং এবিষয়টি আপনাকে দেখতে হবে।

তারা কাজ করবেন, অথচ বেতন পাবেন না, এটা ঠিক নয়। এই সমস্ত জিনিস চলার ফলে আমাদের বিরুদ্ধে নানান উস্কানির সৃষ্টি হচ্ছে। মিঃ চেয়ারম্যান, স্যার, আমি আগেও বলেছি, আবার বলছি কর আদায়কারীদের বহুদিনের ডিমান্ড নিয়ে অবশ্যই চিন্তা ভাবনা করতে হবে। বর্তমানে কোনও চৌকিদার মারা গেলে তার জায়গায় আর নতুন করে চৌকিদার বহাল হচ্ছে না, সে জায়গায় পিওনের অ্যাপয়েন্টমেন্ট দেবার কথা, কিন্তু তা দেওয়া হচ্ছে না ফলে কাজের অসুবিধা হচ্ছে অবিলম্বে চৌকিদারের পরিবর্তে পিওনের ব্যবস্থা করা দরকার কর আদায়কারীদের বহু দিনের দুটো ডিমান্ড হচ্ছে— তাদের অ্যাশোসিয়েশন থেকে বহু বার ডেপুটেশন দিয়েছে—দফাদার, চৌকিদাররা যেমন মাসিক কিছু বেতন পাচ্ছে, কিন্তু গ্র্যাচুইটি, পেনশন ইত্যাদি এখনও তাদের জন্যও হয় নি, সেটা করার জন্য বলছি, সাথে সাথে কর আদায়কারীদের জন্যই সেই রকম ব্যবস্থা করা হোক। তারাও আমাদের এই সমাজেরই মানুষ, তাদের জন্যও আমাদের অবশ্যই চিন্তা করতে হবে। মানুষের সেবা করার মনোবৃত্তি নিয়ে বামফ্রন্ট সরকার যদি প্রতিষ্ঠিত হয়ে থাকে তাহলে কর আদায়কারীদের কথা আজকে ভাবতে হবে। আপনি বৈপ্লবিক মানুষ বিপ্লব যখন ঘটাবেন তখন যেন অঙ্গহানি করে রাখবেন না। সরকারি কর্মচারী হিসাবে তাদের গণ্য করুন এবং মাহিনা দিন। কারণ তহশীলদাররা একই রকম খাজনা কালেকশন করত এবং এরা কালেকশন করে। আপনি ওদের স্বীকৃতি দিয়েছেন ভূমি রাজস্ব দপ্তর থেকে, সুতরাং গ্রাম পঞ্চায়েতের যারা কর আদায়কারী তারা কেন পাবে না? সুতরাং এটা যুক্তিযুক্ত হচ্ছে না, তাদের দাবি মানা উচিত, অচিরেই তাদের বেতন দিয়ে সরকারি কর্মচারী হিসাবে গণ্য করবেন। এই কথা বলে পুনরায় এই বাজেটকে সমর্থন করে এবং কংগ্রেসের দেওয়া যে ছাঁটাই প্রস্তাব তার বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-10 — 6-20 P.M.]

শ্রী স্বদেশ চাকী ঃ মাননীয় স্পিকার মহাশয়, পঞ্চায়েত এবং গ্রামীণ উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় যে বাজেট উপস্থাপন করেছেন তাকে আমি সমর্থন করছি। আজকে বিরোধী দলের সদস্যরা যে বক্তব্য উপস্থাপন করেছেন তাতে আমার মনে হয়েছে তারা খুব আতঙ্কিত। স্বভাবতই তারা আতঙ্কিত কারণ গ্রামে যারা কায়েমি স্বার্থ ছিল তাদেরকে আজকে হটিয়ে দিয়ে গ্রামের ক্ষেত-মজুর, বর্গাদার, তফসিলি আদিবাসী, অল্প শিক্ষিত মানুষ আজকে পঞ্চয়েতের সদস্য হয়েছে, তারাই আজকে পঞ্চায়েত চালাচ্ছে এবং গ্রামের চেহারা সেটা পাল্টে দিয়েছে, রাস্তাঘাট, পানীয় জলের ব্যবস্থা বিভিন্ন বিষয়ে কিছু কিছু পরিবর্তন হচ্ছে, উন্নতির দিকে যাচ্ছে। এইসব দেখে বিরোধীদলের সদস্যরা ভাবছেন এইভাবে যদি পঞ্চায়েত ব্যবস্থা চলতে থাকে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করে, গ্রামের মানুষের হাতে, গরিব মানুষের হাতে যে ক্ষমতা গেছে এলাকার উন্নয়নের পরিকল্পনা করবার ক্ষেত্রে, গরিব মানুষের সুখ-দুঃখের ক্ষেত্রে আজকে তারাই সরকারের কাছে পরিকল্পনা পেশ করতে পারে, নিজেদের হাতেই তাদের সুখ-দুঃখের সমাধান তারা নিজেরাই করতে পারে এইসব দেখে কংগ্রেসিরা আতঙ্কিত হয়ে পড়েছেন। কিন্তু আমাদের ভাবতে হবে, এই পঞ্চায়েত ব্যবস্থায় আমরা যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করেছি তাকে আরও গণ্ণতান্ত্রিক পথে, আরও গণতান্ত্রিক পদ্ধতিতে আরও ব্যাপক মানুষকে পঞ্চায়েতের সঙ্গে যুক্ত করা প্রয়োজন, এখনও সেই কাজ শেষ হয়নি, আরও বাকি আছে। প্রথমেই আমি বলি, পঞ্চায়েতগুলির হাতে এত বিভাগের যে কাজগুলির দায়িত্ব

দিয়েছেন—এইসব বর্গাদার, ক্ষেতমজুর এবং সাধারণ মানুষ যারা নির্বাচিত হয়েছে তাদের অভিজ্ঞতা খুব কম আছে। সেই কারণে আমি বলি, পঞ্চায়েতে আরও অভিজ্ঞ কর্মচারী বিভিন্ন বিষয়ে নিয়োগ করা দরকার, কারণ পঞ্চয়েতের পরিকাঠামোকে , আরও শক্তিশালী এবং পঞ্চায়েতের প্রশাসনব্যবস্থাকে আরও শক্তিশালী করা প্রয়োজন। সদস্যদের বিভিন্ন পরামর্শ দিয়ে পরিকল্পনা করার ব্যাপারে, টাকা-পয়সা খরচ করার ব্যাপারে এবং হিসাব রাখার সাহায্য করার ব্যাপারে কিছু আরও কর্মচারী নিয়োগ করার জন্য আপনাকে যেমন আগেও বলেছিলাম এখনও অনুরোধ করছি আরও কিছু অভিজ্ঞ কর্মচারী নিয়োগ করুন। আমার মনে হয় এদের কাজ কর্ম আরও মেক আপ করা দরকার। অনেক সময় বুঝতে না পারার জন্য অনেক কাজ ভুল হয়ে যায়, সেজন্য কাজগুলি যদি সময় মতো মেকআপ করা যায় তাহলে আরও সুষ্ঠু এবং সুন্দর ভাবে তারা কাজ করতে পারে। এই কারণে তাদের সমস্ত কাজের মনিটারিং সেল করেন—যদি মনে করেন যে মনিটারিং করা উচিত—বিভিন্ন প্রকল্পগুলি কিভাবে রূপায়ণ করছে, হিসাব নিকাশ ঠিকমতো রাখতে পারছে না তাদের সহযোগিতা করার জন্য এই সমস্ত মনিটারিং করার প্রয়োজন আছে। আমি জানি অনেক জায়গায় এই রকম হিসাব দেখার জন্য অডিটারকে চিঠি দিয়েছেন, সেখানে লোক কম, তাই অডিট করতে পারে না, অনেক সময় অর্থের কিছু কিছু এদিক ওদিক হচ্ছে, এইগুলি একটু লক্ষ্য রেখে সহযোগিতা করলে এই ত্রুটিগুলি হতে পারে না। পরিকল্পনা যা করছে এখন যেটা প্রয়োজন সেটা না করে অন্যটা করছে। এইগুলি তারা অভিজ্ঞতার অভাবের জন্য করছে। কোনও অভিজ্ঞ লোক থাকলে কাজগুলি আরও দ্রুত উন্নতি করতে পারত। পরিকল্পনা বা স্কীমের মধ্যে কিছু গলদ আছে, উন্নয়নমূলক কাজ কর্ম এবং কৃষি উন্নয়নের যে স্কীম আছে সেটা অভাবের জন্য হচ্ছে না। এই বাজেটে এত সামান্য টাকা রেখেছেন যে তাতে কিছুই হয় না। একটা ঘরও করা যায় না। শহরে ভালো ভালো বাড়ি তৈরি করেন, করুন, কিন্তু গ্রামের ক্ষেত মজুর গরিব মানুষদের জন্য, মৎসজীবীদের জন্য যে বাড়িগুলি করেছেন সেগুলি অল্প পয়সার মধ্যেই একটু ভালো এবং মজবুত করে করা দরকার কারণ সেগুলি বেশিদিন টিকছে না, অল্প দিনের মধ্যেই নষ্ট হয়ে যাচ্ছে। তাছাড়া যেসব পরিকল্পনা করছেন তার জন্যও ওদের আধুনিক ট্রাই সেম ট্রেনিং দেওয়া দরকার। আগের মতো কাউকে শুধু দর্জির কাজ, সাইকেল মেকানিকের কাজ, তারা শিখুন স্কীমের মধ্যে সেটা থাক—কিন্তু আধুনিক প্রযুক্তি বিদ্যা শিক্ষা দিলে এদের উন্নতি হতে পারে, সেজন্য এদের আরও ব্যাপকভাবে ট্রেনিং দেওয়া দরকার এবং পঞ্চায়েতের সদস্য বা কর্মচারিদের এই রকম মধ্যে ট্রেনিং দেওয়া দরকার। আই.আর.ডি.পি.তে যে টাকা দেওয়া হয় ব্যাঙ্কের মাধ্যমে গরিব মানুষদের জন্য সে টাকা ভরতুকি হিসাবে গভর্নমেন্ট আগেই তা ব্যাঙ্ককে দিয়ে দেন, কিন্তু গরিব মানুষ অথবা আদিবাসীদের সেই টাকা নিতে বহুদিন ধরে ঘুরতে হয়। সেজন্য ব্যাঙ্ককে বলে যাতে লোনের টাকা যেটা সেটা তাড়াতাড়ি পাওয়া যায় সেটারও ব্যবস্থা করা দরকার। কিছু কিছু গরিবদের সেকেন্ড ডোজ দেওয়া দরকার সেজন্য সেই সোর্স এবং সেই সুযোগটাও করে দেওয়া দরকার। অভিজ্ঞ লোককে দিয়ে মনিটারিং এবং তদারকি করানোর প্রয়োজন আছে। জওহর যোজনার বিষয়ে আমি কিছু বলতে চাই। মাননীয় রাজীব গান্ধী তখন নির্বাচনকে সম্মুখে রেখে এই কাজগুলি করার চেষ্টা করেছিলেন। আই.আর.ডি.পি. এবং এন.আর.ই.পি.-র টাকা একসঙ্গে যুক্ত করলে জওহর যোজনার টাকা কম হয়ে যায়। সেই জওহর যোজনার টাকা যাতে আরও ভালোভাবে রূপায়ণ হয় তার জন্য

আরও তদন্ত এবং সহযোগিতা করে এই সমস্ত এবং আর.এল.ই.জি.পি-র টাকা যাতে পাও যায় তার জন্য আরও ক্ষমতা যেটা দেওয়া দরকার এবং এ ব্যাপারে এদের আরও অভি করে তোলার জন্য আপনার কাছে আবেদন রেখে আপনার বাজেটকে সমর্থন করে আমা বক্তব্য শেষ করছি।

[6-20 — 6-30 P.M.]

শ্রীমতী মিনতি রায়ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার মাধ্যমে মাননীয় পঞ্চায়েত ম শ্রী বিনয় চৌধুরি মহাশয় আজকে যে ব্যয়-বরাদ্দ উত্থাপন করেছেন আমি তাকে পূর্ণরূপে সমর্থন জানাই এবং বিরোধী পক্ষের কাট মোশনগুলির বিরোধিতা করে কয়েকটি কথা এখানে বলতে চাই। পশ্চিমবঙ্গ ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থা ক্ষমতা বিকেন্দ্রীকরণের উজ্জ্বলতম নিদর্শনস্বরূপ আজকে গোটা ভারতবর্ষে যখন প্রসিদ্ধি লাভ করেছে তখন বিরোধী দলের মাননীয় সদস্য ডাঃ মানস ভূঁইয়া এখানে ক্ষোভের সঙ্গে ঘোষণা করেছেন যে মহাত্মা গান্ধী পঞ্চায়েতী রাজের স্বপ্ন দেখেছিলেন সেই মহাত্মা গান্ধীর নাম আমাদের বাজেট বক্তৃতায় নেই কেন, তার প্রতি শ্রদ্ধা ও সম্মান প্রদর্শন করা হয়নি কেন? আমি মহাত্মা গান্ধীর প্রতি পরিপূর্ণ শ্রদ্ধা রেখেই বলছি যে, তিনি স্বপ্ন দেখেছিলেন—ভারতবর্ষের বুকে পঞ্চায়েতীরাজ গঠন করে তার মাধ্যমে সাধারণ মানুষের মধ্যে ক্ষমতার বিকেন্দ্রীকরণ করা হবে। আমি জিজ্ঞাসা করতে চাই, প্রধানমন্ত্রী ১৯৫৬ সালে পঞ্চায়েত আইন প্রণয়ন করেছেন, অথচ ২২ বছরের মধ্যে ১৯৭৮ সালের আগে তাঁর পঞ্চায়েতী আইন ইমপ্লিমেন্ট করতে পারেন নি কেন? কেন পশ্চিমবঙ্গে ১৯৭৩ সালে অশোক মেহতা কমিটি এবং বলবন্ত রাও কমিটির সুপারিশক্রমে পঞ্চায়েত আইন সংশোধন করে পঞ্চায়েত ব্যবস্থাকে নতুনভাবে পশ্চিমবঙ্গের বুকে চালু করতে হল সেই প্রশ্নের জবাব কি তিনি দেবেন? আসল কথা আমি জানি, তারা কোনওদিন, মুখে গণতন্ত্রের কথা বললেও ক্ষমতার বিকেন্দ্রীকরণ তারা চাননি। ক্ষমতার বিকেন্দ্রীকরণ জলপ্রপাতের মতো উপর থেকে নিচে আস্তে আস্তে আসে, ঝর্ণার মতো তা প্রবাহিত হয়। ওরা ভারতবর্ষের বুকে প্রকৃত অর্থে ক্ষমতার বিকেন্দ্রীকরণ যদি সত্যিই চাইতেন তাহলে নিশ্চয়ই গ্রাম-বাংলার বুকে ক্ষমতার বিকেন্দ্রীকরণ সম্ভবপর হত। ১৯৭৮ সাল থেকে আমরা দেখেছি, পঞ্চায়েত নির্বাচনের মাধ্যমে বিকেন্দ্রীকরণ হয়েছে এবং তারফলে গ্রাম্য জীবনে একটা ব্যাপক পরিবর্তন সংগঠিত হয়েছে। বাংলায় একটা প্রবাদ আছে কানু বিনা গীত নেই। ঠিক তেমনি আজকে পশ্চিমবঙ্গের গ্রাম্য পঞ্চায়েত ছাড়া কোনও কাজ নেই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, গ্রামের উন্নতির কাজে গ্রামের ব্যাপকতর মানুষকে সংগঠিত করবার মধ্যে দিয়ে আজকে গ্রাম-বাংলার চেহারাই পাল্টে দেওয়া গেছে ইতিপূর্বে কখনও যা দেখা যায়নি। নিশ্চয়ই বিরোধী দলের মাননীয় সদস্যরাও এটা অনুমোদন করবেন। এই সাফল্য আজকে শুধু প্রকল্প রূপায়ণের ক্ষেত্রেই নয় ; পরিকল্পনা রচনা, পরিকাঠামো তৈরি এবং সেই পরিকাঠামো তৈরির মধ্যে দিয়ে, প্রকল্প রূপায়ণের মধ্যে দিয়ে পঞ্চয়েত ব্যবস্থা গ্রাম-বাংলার চেহারাই পাল্টে দিয়েছে এটা অস্বীকার করবার কারও উপায় নেই। আজকে রাজ্যের যে পঞ্চায়েত ব্যবস্থা এবং তার সাথে শক্তিশালী কৃষি ব্যবস্থা এই দুইয়ের যৌথ উদ্যোগে আজকে গ্রাম্য জীবনে শ্রেণীশক্তির যে ভারসাম্য সেই ভারসাম্যর পরিবর্তন ঘটে গেছে। আজকে বিরোধী দল যে শ্রেণীশক্তির প্রতিভূ, আজকে তাদের হাত থেকে ক্ষমতা হস্তান্তরিত হয়েছে এবং সেই ক্ষমতা জনগণের হাতে চলে গেছে।

তাই তো তারা আতঙ্কিত, বিভ্রান্ত। আজকে তাই পঞ্চায়েত সম্পর্কে বলতে গিয়ে তারা হুমকি দিচ্ছেন, বলছেন পঞ্চায়েত দুর্নীতি হচ্ছে, ত্রুটি-বিচ্যুতি ঘটছে। আমাদের দলের মাননীয় সদস্য শ্রদ্ধেয় হেমন্ত রায় মহাশয়, তিনি ঘোষণা করেছেন যে, আজকে যদি পঞ্চায়েত দুর্নীতিই হত তাহলে মানসবাবু যে কথা উল্লেখ করেছেন "পঞ্চায়েত টাকা খরচ করতে পারছে না, ফলে সেই টাকা দিল্লিতে ফেরত যাচ্ছে" সেক্ষেত্রে আমরা যদি দুর্নীতিই টাকাটা দিল্লির অর্থ ভান্ডারে আর ফেরত যেত না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কংগ্রেসি দল বিগত লোকসভা নির্বাচনে এই পঞ্চায়েত ব্যবস্থাকে সামনে রেখে এই পঞ্চায়েত ব্যবস্থার বিরুদ্ধে একটা কুৎসার বান ডেকেছিলেন আপনার সেটা নিশ্চয়ই স্মরণে আছে। কিন্তু এটাও আপনাদের স্মরণে করতে হবে আজকে পশ্চিমবাংলায় কংগ্রেসদল যেখানে পশ্চিমবাংলার পঞ্চায়েতে রয়েছে সেখানে অপপ্রচার এবং কুৎসার বান ডেকে দিয়েছেন। প্রাক্তন প্রধানমন্ত্রী তাদেরই দলনেতা, এই পঞ্চায়েতি ব্যবস্থার, পশ্চিমবাংলার পঞ্চায়েতি ব্যবস্থার সেই সময়ে প্রশংসা করতে বাধ্য হয়েছিলেন। আসলে তারা ক্ষমতালিপ্সু এবং ক্ষমতা হাতছাড়া হবার পর থেকে স্ববিরোধিতায় ভুগছেন। তা যদি না হত তাহলে আমরা মনে করি, প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী ৬৪তম সংবিধান সংশোধনের মধ্যে দিয়ে তৃণমূল পর্যায়ে গণতন্ত্রকে প্রসারিত করার জন্য তিনি যে

[6-30 — 6-40 P.M.]

পঞ্চায়েতি ব্যবস্থার পরিবর্তন করতে চেয়েছিলেন, পশ্চিমবাংলার পঞ্চায়েতি ব্যবস্থার সাফল্য দেখে তা করতে চেয়েছিলেন যদিও তার দৃষ্টিভঙ্গি ছিল পুরোটা উল্টো। তিনি গণতান্ত্রিক ব্যবস্থাকে ধ্বংস করে তার হাতে কুক্ষীগত করতে চেয়েছিলেন। এটা কি বিরোধী বন্ধুরা অস্বীকার করবেন, আমাদের রাজ্যে পঞ্চায়েতি ব্যবস্থার যে সাফল্য, পশ্চিমবাংলার গ্রাম-জীবনের তার ছবি লেখা হয়ে গেছে? আমরা দেখতে পাচ্ছি ভুমিসংস্কার থেকে শুরু করে অপারেশন বর্গা, কৃষকদের গুচ্ছ বিমা ইত্যাদি চালু করার মধ্যে দিয়ে, সামাজিক বনসৃজন প্রকল্প, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার-পরিকল্পনা সমাজ জীবনের প্রতিটি ক্ষেত্রে আজকে পঞ্চায়েত তার সুযোগ্য ভূমিকা পালন করে চলেছে এবং অজস্র সম্পদ তৈরি করেছে। রাস্তাঘাট, স্কুল, পুষ্করিণী ইত্যাদি বহু সম্পদ গ্রামের অভ্যন্তরে সৃষ্টি করেছে যা আমি সংখ্যার কুচকালি দিয়ে আমার আলোচনাকে ব্যাহত করতে চাই না। পঞ্চায়েত গ্রামে অবহেলিত দরিদ্রতম মানুষটিকে পর্যন্ত আত্মমর্যাদায় প্রতিষ্ঠিত করেছে এবং এটাই হল পশ্চিমবাংলায় পঞ্চায়েতি ব্যবস্থার সবচেয়ে বড় সাফল্য। পঞ্চায়েত গ্রামীণ জীবনে আরও একটি কাজ করেছে। গ্রামজীবনে এতদিন সাধারণ মানুষ ব্যক্তিকেন্দ্রিকতার মধ্যে ভুগছিলেন, পঞ্চায়েতি ব্যবস্থায় সমষ্টিকেন্দ্রিক জীবন আরও সমৃদ্ধি লাভ করেছে। তাই আমরা দেখি, টিউবওয়েল খোঁড়া হয়েছে, স্কুলবাড়ি তৈরি হয়েছে, রাস্তা তৈরি হয়েছে এবং গ্রামের মানুষ এগুলোকে নিজেদের সম্পদ হিসাবে শিখেছে, সেজন্য আলাদা ভাবে গার্ড দেবার ব্যবস্থা করতে হয় না, পুলিশ বাহিনী তৈরি করতে হয়নি। গ্রামের মানুষ সমৃদ্ধির পথে জাগ্রত হয়েছে—কৃষক আন্দোলন এবং পঞ্চায়েত বারেবারে গণতান্ত্রিক আন্দোলনকে, গণতান্ত্রিক যে লড়াই তাকে আরও বেগবতী করে তুলেছে, কোনও অর্থমূল্যে এর পরিমাপ করা যাবে না। যারা কায়েমীস্বার্থের পরিপোষক আজ তাদের আতঙ্কের কারণ হয়ে দাঁড়িয়েছে। অমরবাবু হিসাব পেশের কথা বলছেন। আমাদের সৌভাগ্য, পঞ্চায়েতের একটা হিসাবের বই যেটা জনসভায় সাধারণ মানুষের কাছে তুলে ধরা হয়েছে,

সেই হিসাবের বই তুলে ধরে পরিসংখ্যান দিলেন। আমি আনন্দিত হতাম যদি কংগ্রেস পরিচালিত পঞ্চায়েতের ঐ রকম হিসাব সম্বলিত কোনও বই তিনি এখানে পেশ করতে পারতেন? কংগ্রেস দল পরিচালিত পঞ্চায়েত জনসভা করে হিসাব পেশ করা হয়নি। কিন্তু আমরা এটা করে থাকি। মাননীয় অমরবাবু হেমন্তবাবুর কথার পরিপ্রেক্ষিতে জওহর রোজগার যোজনায় ব্যক্তির নাম উল্লেখ হয়েছে বলে বলেছেন, তার গোঁসা হয়েছে। জওহরলাল নেহেরু গণতন্ত্রকে মর্যাদা দিতে চেয়েছিলেন, তিনি পার্লামেন্টারি ডেমোক্রাসির কথা ঘোষণা করেছিলেন। ইন্দিরা আবাসন যোজনা এই নামটা কোথার থেকে এল? কোনও ব্যক্তি নামকে কেন্দ্র করে, এর উত্তর কি আজকে বিরোধীদলের সদস্যরা দিতে পারবেন? আপনারা বলতে পারবেন না। শ্রদ্ধেয় ইন্দিরা গান্ধী ১৯৭০ সালে জরুরি অবস্থার সময়ে গণতন্ত্রে কণ্ঠরোধ করে দিয়েছিলেন। সেই সময়ে শ্রীমতী ইন্দিরাগান্ধী রবীন্দ্রনাথ এবং নজরুলের কোটেশনকে পর্যন্ত রেডিও এবং সংবাদপত্র থেকে ব্যান করে দিয়েছিলেন। সেই শ্রীমতী ইন্দিরা গান্ধী নিজের দলের লোককে পর্যন্ত মিসায় আটক করতে পিছপা হন নি। তারই নামে আজকে এই ইন্দিরা আবাসন যোজনা প্রকল্প। এটা কি ব্যক্তির পূজা বলে ঘোষণা করছে না? মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা এই পঞ্চায়েত ব্যবস্থার মধ্যে দেখতে পাচ্ছি যে পঞ্চায়েত ব্যবস্থা মহিলাদের মর্যাদা দিয়েছে। অধিকার দিয়েছে। প্রতিটি গ্রাম পঞ্চায়েতে, জেলা পরিষদ, এবং পঞ্চায়েত সমিতিতে ২ জন করে মনোনীত মহিলা প্রতিনিধিত্ব করছেন। যে মহিলা এককালে সমাজের অবহেলিত অংশের মানুষ ছিল। সেই মহিলা আজকে বাইরে বেড়িয়ে পুরুষের পাশে দাঁড়িয়ে কাঁধে কাঁধ মিলিয়ে দাবি করতে পেরেছেন। সমাজের উন্নয়ন করতে পেরেছেন এবং একটা দৃষ্টান্ত স্থাপন করতে পেরেছেন। পশ্চিমবঙ্গের এই পঞ্চায়েত ব্যবস্থার সফলতার কথা কই কোনও মাননীয় বিরোধীদলের সদস্য একবারও ঘোষণা করলেন না? মাননীয় বিরোধীদলের সদস্য বারেবারে চিৎকার করলেন যে, পঞ্চায়েতে দলবাজি হচ্ছে, পঞ্চায়েতে দুর্নীতি হচ্ছে। হ্যাঁ, আমরা দ্ব্যর্থ কণ্ঠে ঘোষণা করতে চাই এবং দীপ্ত কণ্ঠে বলতে চাই যে পঞ্চায়েত দলবাজি হচ্ছে। হ্যাঁ দলবাজি করছি, সমাজের যে ৮০ শতাংশ মানুষ যে দলের রাজনীতি করে, সেই দলের শ্রেণীর প্রতিনিধিত্ব আমরা করছি। পঞ্চায়েতের মধ্যে দিয়ে আমরা গ্রামের কৃষক, প্রান্তিক কৃষক, ক্ষেত-মজুর, ভূমিহীন মানুষদের দলবাজি করছি। আমরা জমিদার-জোতদারদের পৃষ্ঠপোষকতা করতে পারেনি বলে দুঃখিত। দুজন মাননীয় বিরোধীদলের সদস্য কিছু কিছু গ্রাম পঞ্চায়েতের দুর্নীতির কথা উল্লেখ করলেন। তাদের ত্রুটি দুর্নীতির কথা উল্লেখ করলেন। আমি আমার বিধানসভা কেন্দ্রের ঘটনা জানি। সেখানে বংশীহারি গ্রাম পঞ্চায়েতে ওই সাধারণ মানুষের জমি-জমা ভেস্ট হয়েছিল এবং অন্তিলাল চৌধুরি এবং সেলাম চৌধুরি ফ্রি, বোট, স্যালো টিউবওয়েল এবং বিধংসী বন্যার সময়ে ত্রিপল পেয়েছিল, তারফলে সেই ত্রিপলের উপরে ধান শুকনো হয়েছে। কিন্তু গ্রামের যে একজন ভূমিহীন ক্ষেত-মজুর ঠ্যাং টুডু, ছটাই মূর্ম তাদেরকে খুন করা হয়েছে, তাদের বাড়ি ধুলোয় লুটিয়ে গেছে, একটা ত্রিপলও তারা পাই নি। সুতরাং এইতো আপনাদের শ্রেণী দৃষ্টিভঙ্গি। মাননীয় অধ্যক্ষ মহাশয়, পরিশেষে একটি কথা বলতে চাই রবীন্দ্রনাথের কোটেশন দিয়ে "এই সব মূঢ় ম্লান মূক মুখে দিতে হবে ভাষা ওইসব ভগ্ন বুকে ধ্বনিয়া তুলিতে হবে আশা। পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকারের নেতৃত্ব পশ্চিমবঙ্গের পঞ্চায়েত ব্যবস্থা সেই কাজ প্রতিনিয়ত করে চলেছে, লড়াই আন্দোলনের মধ্যে দিয়ে সেই কাজ করে চলেছে। আগামীদিনে এই কাজকে আমরা আরও এগিয়ে নিয়ে

যাব, আরও সফলতা অর্জন করব এইকথা বলে মাননীয় মন্ত্রী যে ব্যয় বরাদ্দের দাবি এখানে উত্থাপন করেছেন তাকে সম্পূর্ণভাবে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সুব্রত মুখার্জি ঃ স্যার, আপনি রুলিং দিয়েছেন যে, সভায় অনুপস্থিত থাকলে তার নাম তুলে উল্লেখ করা যাবে না। মাননীয় সদস্যা ইন্দিরা গান্ধীর নাম উল্লেখ করলেন।

মিঃ স্পিকার ঃ রুলস আছে, যে মেম্বার হাউসে নেই তার কোনও সমালোচনা করা যাবে না বা তার বিরুদ্ধে কোনও অ্যালিগেশন আনা যাবে না। কিন্তু তার মানে এই নয় যে, তিনি কোনও কোট করতে পারবেন না। আমরা তো রবীন্দ্রনাথ কোট করি, পন্ডিত নেহেরুর কোট করি। তবে প্রশ্ন হচ্ছে যে, এখানে আপনি কোনও ব্যক্তি এবং এমন ব্যক্তি যে হাউসের সদস্য নন তার বিরুদ্ধে অ্যালিগেশন করতে পারবেন না। মিঃ মুখার্জি এ তো রোজ করছেন, আপনারাও করছেন ওরাও করছেন।

(গোলমাল)

আমি টেপটা শুনব, প্রসিডিংসটা দেখে নেব, তাতে যদি কোনও অ্যালিগেশন থাকে তাহলে এক্সপাঞ্জ হবে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ এমার্জেন্সির সময়ে কোনও পলিটিক্যাল ব্যক্তির নাম পঞ্চায়েতের মধ্যে ঢুকছে এগুলি ব্যাড টেস্ট এবং ওয়ার্থ প্র্যাকটিশ, এগুলিকে সমর্থন করা যুক্তি হবে না।

Mr. Speaker : Mr. Mukherjee, it is an established parliamentary practice, that he who is not a member of this House, no allegation can be made in his name, but that does not mean that you cannot quote something. The Prime Minister can be quoted but not by his personal name. Indirectly it can be quoted like "the then Prime Minister of India, for that period of time," and the like. That is the proceedure of parliamentary practice সবাই তো আপনার মতো যোগ্য নয়, এটা সময় লাগবে। আর এই জিনিস তো আপনারা রোজ বলছেন, এর চেয়ে খারাপও বলছেন ভালও বলছেন।

[6-40 — 6-50 P.M.]

শ্রী ধীরেন লেট ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে এনেছেন তাকে আমি সমর্থন করছি এবং বিরোধী দলের বন্ধুরা যে কাট মোশন এনেছেন তার বিরোধিতা করছি। বিরোধী দলের মাননীয় সদস্য মানস ভুঁইয়ার বক্তব্য শুনলাম উনি যে প্রসঙ্গে এখানে তুলে এনেছে সেই প্রসঙ্গে বলি আমার নির্বাচনী এলাকায় ময়ূরেশ্বর সেখানে ১৪টি পঞ্চায়েত এলাকা, তার মধ্যে একটা পঞ্চায়েত এলাকা হচ্ছে কংগ্রেসের। কংগ্রেসি যে কারা করে সেটা এখান থেকেই প্রমাণ হয় ১৪টি পঞ্চায়েত এলাকার মধ্যে একটি হচ্ছে কংগ্রেসের-বাড়তি গ্রাম পঞ্চায়েত। সেখানে তাদের ঝগড়াকে কেন্দ্র করে প্রধানকে খুন করে দিল, তারপরে আবার সে ৪৪ হাজার টাকা দিয়ে বেরিয়ে চলে গেছে, ১৪টি পঞ্চায়েতের মধ্যে একটি পঞ্চায়েত হচ্ছে ওখানে। মাননীয় সদস্য অমরবাবু এক গ্রামপঞ্চায়েতের প্রধানের নাম করে বললেন প্রধান এত টাকা করে নিয়েছেন, ওনারা টাকা তোলার রীতিনীতিটা

বোধহয় জানেন না এর জন্য প্রধান, উপ-প্রধান এবং যেকোনও একজন পঞ্চায়েত সদস্যকে নিয়ে অর্থাৎ তিনজনকে নিয়ে অ্যাকাউন্টটা থাকবে তার মধ্যে দুইজনকে থাকতেই হবে, তবে টাকা উঠবে। অথচ উনি বললেন যে পঞ্চায়েতের টাকা তুলে নিয়েছেন। এটা সম্ভব নয়। মাননীয় অধ্যক্ষ মহাশয় পঞ্চায়েত নিয়ে আজকে এই যে চিৎকার বামফ্রন্ট সরকারে আসার পরে সাধারণ মানুষ, গ্রামের শ্রমজীবী মানুষ এবং যারা তফসিলি উপজাতি তাদের হাতে ক্ষমতা তুলে দিয়েছে। আজকে ৭০/৮০ ভাগ মানুষের মধ্যে গ্রামের পিছিয়ে পড়া মানুষ যারা রয়েছে তাদের নেতৃত্বে পঞ্চায়েত ব্যবস্থা চলছে তারা পরিকল্পনা করে দিচ্ছে কোথায় ট্যাঙ্ক হবে, কোন স্কুল আগে হবে, কোন স্কুল গৃহ করতে হবে, কোন বিল্ডিংটা করতে হবে। সেই পরিকল্পনা আসছে গ্রাম থেকে। তারপর টাকা পঞ্চায়েত সমিতিতে আসে। জেলা পরিষদ টাকা অনুমোদন করেন। আজকে রূপায়ণ কারা করছে? যিনি জব অ্যাসিসট্যান্ট তিনি মেজারমেন্ট করছেন এবং সেক্রেটারি পেমেন্ট করছেন এবং পঞ্চায়েত সদস্য এবং সাধারণ মানুষ তারা কাজটা করছেন। এই কাজের মধ্যে দিয়ে ব্যাপক মানুষকে উদ্বুদ্ধ করা গেছে এবং এর মধ্যে দিয়ে চেতনা জাগানো গেছে। আজকে তফসিলি এবং আদিবাসী তারা প্রধান হয়ে যাচ্ছেন, তারপর তফসিলি হাঁড়ি, বাউড়ি প্রধান হয়ে যাচ্ছেন, ওরা ১৮, ২০ বছর ধরে ছড়ি ঘোরাচ্ছিলেন, আজকে সেসব বন্ধ হয়ে গেছে তাই স্যার গায়ের জ্বালাটা ধরে গেছে। সেজন্য দুঃখ আসছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে যে স্কীমগুলি হচ্ছে সেচের, ইরিগেশন, যদিও এখানে বলতে চাইছি, সেটা হল আজকে সেচের ব্যবস্থাগুলি। যেমন আমাদের বীরভূম, মুর্শিদাবাদ, বর্ধমান যেখানে যে সেচ বিভাগগুলি আছে, তাদের কাজটা আরম্ভ হয় জুন, জুলাইয়ে। সেখানে ক্যানেলকে সংস্কার করা উচিত। যখন বর্ষা নামে তখন তারা কাজটা আরম্ভ করেন বা কাজগুলি আরম্ভ হয়। তখন কাজগুলি আরম্ভ হবার জন্য বৃষ্টি হয়, খরা হয়। ক্যানেলের জলের জন্য কৃষককে টানা, হ্যাঁচড়া করতে হয়, তখন জলটা ছেড়ে দিতে হয়। অথচ কাজগুলি একটি আগে আরম্ভ করলে এই সব অসুবিধাগুলি দেখা দেয় না। তাই মাননীয় অধ্যক্ষ মহশয়, মাননীয় মন্ত্রীর কাছে অনুরোধ করব এগুলি দেখতে এবং এই কাজগুলিকে পঞ্চায়েত আন্ডারে রাখা যায় কি না বা এক্তিয়ারে রাখা যায় কি না? ডি.ভি.সি. ময়ূরাক্ষীর সুপারিনটেনডেন্ট ইঞ্জিনিয়ার আছেন, তিনি বললেন তিনি ডি.এমের. থেকে না কি বড় অফিসার। সভাপতির ডাকে তিনি হাজির হন না। তিনি সঙ্গে বসে পরিকল্পনা করবেন না। সেজন্য বলছি, সভাধিপতি, ডি.এমের সঙ্গে বসে যাতে পরিকল্পনা হয় সেটা দেখবার জন্য অনুরোধ করছি। এই কাজে যাতে করে পঞ্চায়েত সমিতিকে যুক্ত করা যায় সেটাও দেখবার জন্য অনুরোধ করছি। এরপর, বৃষ্টির জলকে ধরে রাখার উপর আমাদের জোর দিতে হবে। বৃষ্টির জলটা ধরে রাখা যায় কি না স্লুইস গেট করে এবং পুকুরগুলি ঝালাই করে জলটা ধরে রাখা যায় কি না সেটা দেখতে হবে। স্যালো টিউবওয়েল হয়েছে ঠিকই কিন্তু দেখতে হবে যাতে জলের স্তর নিচে না নেমে যায় এবং এতে করে পানীয় জলের সংকট হবে না। এই ব্যাপারে সরাসরি আজকে এগ্রিকালচার ডিপার্টমেন্টকে পঞ্চায়েত সমিতি, জেলা পরিষদের সঙ্গে আরও বেশি করে যুক্ত করবার দরকার আছে। এত করে চাষীর চাষ করবার ধরন উন্নতি হবে। পুরোনো দিনের কৃষক তারা সেই পুরোনো আমলের চাষ করে আসছ। এগ্রিকালচার ডিপার্টমেন্টকে যুক্ত করলে তারা নতুন ধরনের ফসল ফলাতে পারবেন। বছরে তিন, চারটে ক্রপ করা যাবে। সেজন্য এগ্রিকালচার ডিপার্টমেন্টকে আরও ভালোভাবে যুক্ত করবার দরকার

আছে। আজকে পঞ্চায়েত ব্যবস্থার ফলে গরিব মানুষ, বিশেষ করে তফসিলি পিছিয়ে পড়া মানুষকে জমি দিতে পেরেছি। যারা ওই কংগ্রেসি বন্ধু তারা চিৎকার করছিলেন ফেডারেশন বলে তারা আজকে দ্বন্দ্ব লাগিয়েছে কে বড় হবে? জে.এল.আর.ও. বড় হবে না বি.এল.আর.ও. বড় হবে। বীরভূম জেলাতে তিনটে পঞ্চায়েত সমিতিতে তালা দেওয়া। তারা না কি কোর্টের শরণাপন্ন হয়েছেন। নলহাটি এক নম্বর, মুরারই এক নম্বর। তিনটে ব্লকে ভূমিসংস্কারের সমস্ত কাজকে বানচাল করতে চলেছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে অনুরোধ করব তাদের যে দ্বন্দ্ব আছে সেই দ্বন্দ্ব অচিরে যাতে মিটে যায় তার ব্যবস্থা করতে হবে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, কংগ্রেস বন্ধুরা যখন পঞ্চায়েত ক্ষমতায় ছিলেন, রাজ্যে এবং কেন্দ্রে ক্ষমতায় ছিলেন তখন আমরা লক্ষ্য করেছি মেদিনীপুরে, নদীয়ায় বন্যা হলে মানুষ যখন কাজ, খাবার পেত না তখন সেইসব এলাকার ছবি দেখিয়ে ভিক্ষা করতে হত। বামফ্রন্ট সরকার আসার পর ১৯৭৮ সালে বিরাট বন্যা হয়েছিল, কোনও মানুষ তার এলাকা ছেড়ে ভাত দাও, ফ্যান দাও বলে শহরের বুকে ছুটে যায়নি। ১৯৮২ সালে খরা হয়েছিল, তখনও মানুষ শহরমুখি হয়নি ভাত দাও, ফ্যান দাও বলে। আজকে তাই মাননীয় পঞ্চায়েত মন্ত্রী যে ব্যয়-বরাদ্দ আমাদের সামনে এনেছেন তাকে পুনরায় সমর্থন করে এবং বিরোধীদের কাটমোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-50 — 7-00 P.M.]

শ্রী বিনয়কৃষ্ণ চৌধুরি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বক্তব্য গভীর মন দিয়ে শুনেছি এবং একটা একটা করে তাদের বক্তব্য সম্বন্ধে আমার বক্তব্য রাখছি। প্রথমে একটা কথা তুলেছেন মাননীয় সদস্য মানস ভুঁইয়া মহাশয় যে পঞ্চায়েত আইনটা ওদের সময়ে হয়েছিল এবং তারপর সেটার উপর আমরা কাজকর্ম করছি। আমি যেমন আলোচনায় দেখিয়েছিলাম ভূমি সংস্কার সম্পর্কে কংগ্রেসের মনোভাব কি, তেমনি পঞ্চায়েত সম্বন্ধে তাদের মনোভাব কি গোড়া থেকে এর ইতিহাস একটু বলতে হয়। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে গান্ধীজি মরার আগে যখন কনস্টিটিউয়েন্ট অ্যাসেম্বলিতে কনস্টিটিউশন রচনা করা হচ্ছে তখন বি.আর.আম্বেদকরের কাছে গিয়ে জানতে চেয়েছিলেন পঞ্চায়েত সম্বন্ধে কি ব্যবস্থা আছে এই সংবিধানে। ডঃ আম্বেদকরকে বলতে হয়েছিল যে বিশেষ কিছু ব্যবস্থা নেই, আর্টিকেল ৪০-তে ব্যাখ্যা ছাড়া আর কিছু ছিলনা, অথচ পঞ্চায়েত সম্বন্ধে অনেক আগে থেকেই কংগ্রেস কমিটেড। তারপর চালু হল কমিউনিস্ট ডেভেলপমেন্ট প্রোজেক্ট, এটা যারা সংবিধান করেছেন তারা জানেন যে এর কনসেপ্ট হচ্ছে আমেরিকা। সেটাই দীর্ঘদিন ধরে চলছিল। তারপর যখন দেখা গেল তা দিয়ে কিছু এগোচ্ছে না তখন বলবন্ত মেহতা কমিটি, তারপর অশোক মেহতা কমিটি হল ১৯৫৭/৫৮ সালে, তারপর ৩ স্তর নয়, অ্যাডাল্ট ফ্র্যাঞ্চাইজ প্রথমে পঞ্চায়েত, তারপর অঞ্চল সমিতি পর্যন্ত হল, ৫/৭ বছর সেটা করলেন, ১৯৬২ সালে তাও মৃত হয়ে গেল। ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার এল তার আগে পর্যন্ত পঞ্চায়েতের নির্বাচন হয়নি। আইন যখন হয়েছিল তখন মনে হয়েছিল ১৯৭৩ সালে আপনারা ভুল করে বসলেন। আপনি নিজেকে প্রশ্ন করুন ১৯৭৩ সালে আইন করে কেন তার আগে পর্যন্ত করলেন না। কেন ১৯৭৮ সাল পর্যন্ত ওয়েট করতে হল? ১৯৭৮ সালে যখন করা হল তখন অ্যামেন্ড করতে হল। সেই দিক থেকে এটা ঠিক নয়। সেইজন্য এই

অ্যাটিচিউডটা ঠিক নয়। পরবর্তীকালে এটা বলবার চেষ্টা করলেন। অনেক পরে শেষ যখন কনফারেন্স হল তখন চেষ্টা হল। আমার বক্তব্য কি ছিল? এর ভিতরে আমরা ৩ বার পর পর করেছি। আর্টিকেল ৪০-এর সদিচ্ছা থাকলে বাধা হয় না। সেই জন্য যা হয়েছে তার প্রমাণ হচ্ছে ১৯৭৮/১৯৮৩ এবং ১৯৮৮ সালে নির্বাচন হয়েছে। আবার যাদের ইচ্ছা ছিল কর্ণাটক, অন্ধ্র তারাও দুবার করেছে। সেই জন্য প্রথম কথা ছিল, কারা করেনি। যারা করেনি তারা প্রথম করুক। আইন করার দিক থেকে সেটাই আমাদের মূল কথা ছিল। ভারতবর্ষ একটা বিরাট দেশ। এখানে নানা রকম অবস্থার তারতম্য আছে। পঞ্চায়েত মানে হচ্ছে স্থানীয় লোকের সায়ত্ব শাসন। সেইজন্য বিভিন্ন জায়গায় বিভিন্ন রকমের অবস্থার কথা বিবেচনা করে দেখা দরকার। একটা রিজিড ফরমূলা বেঁধে দিলে হয় না। এখানে কনফারেন্সে অনেক সময় বিতর্ক হয়েছে। সেখানে আমি ছিলাম। আমার বক্তব্য সেখানে লেখা আছে, ইচ্ছুক থাকলে সেই বক্তব্য পড়ে নিতে পারেন। আমি কি বলেছিলাম সেটা দেখে নিতে পারেন। ইউ.পি.র কথা ধরুন। সেখানে ১২/১৩ কোটির উপর জনসংখ্যা আছে। সেখানে যে রকম হবে, আর ৫/৬ লক্ষের উপর জনসংখ্যা যেখানে আছে সেখানে তা হবে না। সেই জন্য নিজেরা বুঝতে পেরেছিলেন। ট্রাইব্যালগুলিতে আলাদা করতে হবে। কোন জায়গায় টু টায়ার, কোন জায়গায় ৩ টায়ার হবে এটা অবস্থা দেখে করতে হবে। কাজেই গাইডলাইনের দিক থেকে একটা রিজিড গাইডলাইন সেন্টার থেকে যদি করে দেওয়া হয় তাহলে লোকাল কনডিশন বুঝে কাজ করার সুবিধা হবে না। যেমন ধরুন দক্ষিণ ২৪-পরগনার জলাধার স্কীম ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় করতে পারেনি সম্ভব নয়। সেটা দেখতে হবে। একই জেলায় বিভিন্ন রকম অবস্থা আছে। কাজেই এই রকম রিজিড করে দিলে কাজ হয় না। মূল জিনিস হচ্ছে আমাদের কাজ করতে হবে, স্থানীয় অবস্থা বিবেচনা করে। কিন্তু মেথড অনেকপরে সেই জায়গায় হবে সব চেয়ে শ্রেষ্ঠ হবে। ইরিগেশন বিভিন্ন জায়গায় বিভিন্ন রকম আছে। কোনও জায়গায় জোড়বাঁধ হবে, টিউবওয়েল হবে, কোথায় পুষ্করিণী হবে—নদীয়ায় এক রকম হবে, হাওড়ায় আর এক রকম হবে। হাওড়ার কিছু জায়গায় জোয়ারের জল তুলে নিয়ে কাজ করছে। এইগুলির ডিটেল দিক আছে। আর একটি কথা যেটা তুলেছেন সেটা ঠিক নয়। আপনারা যা বললেন সেটা সত্যি সত্যিই জেনে বলবেন। আর লেখায় কি বলেছিলাম? ভাঁওতা বলা হয়েছে। এই জায়গায় বার বার করে প্রচার করা হচ্ছিল যে, দারিদ্র সীমার নিচে যারা বাস করে তাদের প্রতিটি পরিবারের একজনকে বছরে ১০০ দিন কাজ দেওয়া যাবে। আমি এটা অঙ্ক করে দেখলাম। এটা কোনও ওপিনিয়নের ব্যাপার নয়। এটা হচ্ছে মেয়ার এরিথমেটিকের ব্যাপার। এই টাকাটা আমি হিসাব করে দেখলাম। ২১৬ কোটি টাকা আমি হিসাব করে দেখলাম। এত লোক দারিদ্র সীমার নিচে আছে হিসাব করে দেখা গেল। এটা আমার হিসাব নয়, কেন্দ্রীয় সরকারি হিসাব। পশ্চিমবাংলায় এত লোক দারিদ্র সীমার নিচে বাস করে। ঐ টাকাটা দিয়ে ওয়েজ কম্পোনেন্ট ভাগ করলে যা হয় তাতে ১৩.৫ মানে ১৩ টাকার মতো হচ্ছে। এটা মেয়ার এরিথমেটিকের ব্যাপার, একজন করে ধরলে এই টাকাটা হচ্ছে। এখানে ওপিনিয়নের কোনও ব্যাপার নেই। এই সমস্ত দিক থেকে আপনারা ব্যাপারটা ভালো করে বোঝবার চেষ্টা করুন। তারপর সমস্ত কথাতেই বলা হচ্ছে, "দুর্নীতি, দুর্নীতি, দুর্নীতি,"। আমি কোনওদিন এখানে অস্বীকার করিনি, এত বড় একটা কর্মযজ্ঞ কিছু দুর্নীতি থাকবে না, তা নয়। তবে তার পরিমাণটা কি, সেটা আমাদের বিবেচনা করে দেখতে হবে। বিরাট কিছু জিনিস করতে গেলে

কিছু তো থাকতেই পারে। বার বার আপনারা এই প্রসঙ্গটি এখানে উত্থাপন করেছেন। আপনারা বুকে হাত দিয়ে বলুন তো সত্যিই তাদের বাড়ির ছেলে মেয়েদের তারা সৎ করতে পেরেছেন কিনা— দুর্ভাগ্যের বিষয় হল এই যে, আমি আজকে পঞ্চায়েত মিনিস্টার হয়েছি। আমার ৬৫ হাজার এখন সন্তান, যারা হচ্ছে কিনা নির্বাচিত প্রতিনিধি। তাদের সকলকে নিয়ে আমায় চলতে হয়। এই বললে হয়?—সকলকে আমি সৎ করতে পারিনি। ৫ বছর আগে যখন ত্রিস্তরের নির্বাচিত সদস্য ৫৫ হাজার ছিল তখন আমি যা হিসাব করে দেখলাম তাতে ৪৩২টির মতো কেস হয়েছিল। আমি স্পেয়ার করিনি তখন এখন আমি তাতে দেখছিলাম ৫৫ হাজার হলে তাতে ১ পারসেন্ট হলে ৫৫০ হয়, তারও কম। এখন যেটা আছে এবং আপনারা যেগুলি দিয়েছেন সেগুলি নিশ্চয় আমি এনকোয়ারি করব, আমি কোনওদিন এগুলি ফেলে রাখি না। আমিও নিয়ে এসেছিলাম আপনাদের বলব বলে যে সেখানে আমাদের ১৬৬ টা এরকমের কেস আছে এবং তার সঙ্গে আরও অ্যাড হবে, ধরুন দুশো যদি হয় তাহলে পরে আজকে তিনটি স্তরে ৬৫ হাজারে আমি অঙ্ক কষে দেখছিলাম যে তখন ছিল ৯৯.৭৫ পারসেন্টের কিছু কম এবং এখন হচ্ছে পয়েন্ট টু ফাইভ। এটাই বা থাকবে কেন? আমার কথা হচ্ছে, এটাও থাকা উচিত নয়। কিন্তু যেখানে এরকম একটা বিরাট ব্যাপার সেখানে

[7-00 — 7-10 P.M.]

দেখতে হয় যে কি পরিমাণে হচ্ছে আপনাদের জিজ্ঞাসা করি, পয়েন্ট টু ফাইভটাই কি শুধু সত্য আর ৯৯.৭৫ টা কি মিথ্যা? কাজেই জিনিসগুলি ভালোভাবে বুঝতে হবে। সেখানে মাইক্রো স্টাডি করতে গেলে পর এগুলি দেখতে হবে। আপনারা গান্ধীজির নাম করলেন। আমি আপনাদের বলি, আপনারা প্যারেলালের লাস্ট ডেজ অব গান্ধীজি পড়ুন। তা যদি পড়েন তাহলে সেখানে দেখবেন মাউন্টব্যাটেন ঠাট্টা করেছেন, টন্ট করে বলেছেন গান্ধীজিকে— মিঃ গান্ধী Your congess is not with you but with me. সে ভারত ভাগ থেকে কমিউনালিজম প্রতিটি ব্যাপার আমি জানি কাজেই আমার কাছে এসব বলে লাভ নেই। গান্ধীজির লাস্ট ইনস্ট্রাকশন ছিল টু অল হিজ ওয়ার্কার যে কংগ্রেস স্বাধীনতা অর্জনের জন্য হয়েছে, সেই অর্জনের পর কংগ্রেস ভেঙ্গে দাও। আমি সেসব কথা জানি কাজেই আমাকে বলে লাভ নেই। কালকেই আপনার ওখানে গিয়েছিলাম কুমার জানার মূর্তির ব্যাপারে, আপনিও জানেন, আমিও জানি যে কি রকম লোক তিনি ছিলেন। তারা সব বুঝেছিলেন কাজেই এসব কথা এখানে উচ্চারণ না করাই ভালো। দমদম জেলে ১৯৩৭ সালে যখন বন্দি মুক্তি নিয়ে এক ঘণ্টা ধরে আলোচনা হয় সে সব কথা আমি জানি। এরা কি হিংসা ত্যাগ করেছে। এসব নিয়ে আলোচনা হয়। আমার সৌভাগ্য হয়েছিল তা শোনার। তখন আপনাদের মধ্যে কেউ কেউ হয়ত জন্মান নি। সেই সময় আমি কংগ্রেস করেছি এবং ওর মতবাদ আমি জানি। কাজেই বলব, এসব কথা না বলাই ভালো। এখন ত্রুটির কথা যেটা হচ্ছে সেটার ব্যাপারে কথা হল, ত্রুটি থাকবে। এর আগেও আমি বহুবার বলেছি। আমি ঐ অন্ধ ধৃতরাষ্ট্র হই আর যাই হই অন্তত পক্ষে আমার সততার অভাব নেই। এটা নিশ্চয় আপনারা স্বীকার করবেন। আমি আপ্রাণ চেষ্টা করে যাচ্ছি এই সিস্টেমের ভেতরে। তারপর আপনারা বলেছেন, টাকা খরচ করতে পারি নি, এটা হয় নি, সেটা হয়নি ইত্যাদি। আমি সমস্ত তথ্য এনেছি, আমার অনুরোধ, আপনারা একটু ধৈর্য ধরে শুনুন। মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক সময় হয়

কি যে এ ব্যাপারে একটা কায়দা আছে, সেখানে স্যাটেবল ইয়ারটা বেছে নেওয়া হয় এবং সেটার উপর দাঁড়িয়ে বলা হয়। উনি অনেকদিন পাবলিক অ্যাকাউন্টস কমিটির চেয়ারম্যান ছিলেন, আমিও অনেকদিন সেই কমিটিতে ছিলাম আমি জানি যে কি হয়। এই সরকারেরও যখন হিসাব হয় তখন কোন সালের করেন এসব দেখতে হবে। ক্রমশ ক্রমশ যে একটা উন্নতির দিকে যাচ্ছে সেই জিনিসটা বলতে হবে। আমি একটা একটা করে বলছি। ওরা আরম্ভ করেছিলেন সেইজন্য বলছি, জওহর রোজগার যোজনা, পূর্ব জন্মের এন.আর.ই.পি, আর.এল.ই.জি.পি। তারপরে এন. আর. ই.পি.র দিক থেকে যেটা আমরা করেছি সেটা হচ্ছে ১৯৮১ সাল থেকে আরম্ভ করে—এখানে আমি একটা জিনিস স্মরণ করিয়ে দিতে চাই। এন.আর.ই.পি.রও পূর্ব পুরুষ আছে। সেই পূর্বপুরুষ হচ্ছে ফুড ফর ওয়ার্ক। এর ইন্ট্রোডাকশনের কাজ জনতা সরকারের আমলে হয়েছে, কংগ্রেসের আমলে নয়। এটাই হচ্ছে হিস্টোরিক্যাল ফ্যাক্ট। তারপরে ১৯৮০ সালে এর নাম পাল্টে দিয়ে এটা হল। সেই সময়ের ফিগারটা দেখবেন। ফুড ফর ওয়ার্ক যে কয় বছর হয়েছিল তাতে প্রায় ৫ কোটির মতো শ্রম দিবস তৈরি হয়েছিল। তখন ওয়েজ কম্পোনেন্ট বাড়ল এবং টোটাল অ্যামাউন্ট স্যাংশন ফর দিস বাড়ল। এবারে ওয়েজ কম্পোনেন্ট ডিভাইডেড হল। আগে যেভাবে হয়েছে ৬টাকা, তারপরে ৮ টাকা, তারপরে ১২ টাকা, তারপরে ১৬ টাকা, এইভাবে যদি হয় তাহলে এইভাবে বাড়লে হবে না। কাজেই সব দিক থেকে না ভাবলে হবে না। সব জিনিসটা ভাবতে হবে।

এবারে ষষ্ঠ যোজনায় যেটা ছিল সেখানে আমরা ১১ কোটি ৮২ লক্ষ ৪০ হাজার শ্রম দিবস তৈরি করেছি। সেই সময়ে আমাদের পারফরমেন্স ছিল ১৯৮১-৮২, ৮২-৮৩,৮৩-৮৪, এইভাবে টোটাল ৮৯ পারসেন্ট। তারপরে পরবর্তীকালে ১৯৮৫-৮৬ সালে ৯২ পারসেন্ট টোটাল আমরা করতে পেরেছিলাম। ১৯৮৬-৮৭ সালে ১২১ এবং ১৯৮৭-৮৮ সালে ১০৫ অর্থাৎ আমাদের টোটাল অ্যাভারেজ দাঁড়িয়েছিল ৯৬ পারসেন্ট।

তারপরে আর.এল.ই.জি.পি. ১৯৮৪-৮৫ সালে আরম্ভ করি। ১৯৮৫-৮৬ সালে ৮৫ পারসেন্ট করতে পেরেছিলাম। ১৯৮৬-৮৭ সালে এটা বেড়ে হল ১০৭ পারসেন্ট। ১৯৮৭-৮৮ সালে বেড়ে হল ১১৩ পারসেন্ট। ১৯৮৮-৮৯ সালে সপ্তম যোজনায় আমাদের গড় ১০২ পারসেন্ট। কাজেই এগুলি বুঝতে হবে।

তারপরে আই.আর.ডি.পি. তে আসছি। এটা অস্বীকার করিনা যে ১৯৮১-৮২, ৮২-৮৩ ইত্যাদি করে প্রথম দিকে কয়েক বছর ব্যাঙ্ক ইত্যাদির বিষয়ে নানা রকম অসুবিধা ছিল। ১৯৮৩-৮৪ সালে এটা আমরা ভালো করে করতে পেরেছিলাম। এই বছর আমাদের ১১৭ পারসেন্ট ছিল। ১৯৮৪-৮৫ সালে ছিল ১৩৭ পারসেন্ট, ১৯৮৫-৮৬ সালে ছিল ১৫১ পারসেন্ট, ১৯৮৬-৮৭ সালে ছিল ১২৮ পারসেন্ট, ১৯৮৭-৮৮ সালে ছিল ১২০ পারসেন্ট, ১৯৮৮-৮৯ সালে ছিল ১২২ পারসেন্ট, আর ১৯৮৯-৯০ সালে ছিল ১২১ পারসেন্ট।

অন্য দিক থেকে যদি দেখি তাহলে দেখব যে সেটাও বেড়েছে। ১৯৮০-৮১ সালে গড় অ্যাভারেজ হয়েছিল ৭৬৯ টাকা করে। ১৯৮১-৮২ সালে হয়েছিল ১০০৬, ১৯৮২-৮৩ সালে হয়েছিল ১৯০৯, ১৯৮৩-৮৪ সালে হয়েছিল ২০৯৬, ১৯৮৪-৮৫ সালে হয়েছিল ২৯২২, ১৯৮৫-৮৬ সালে হয়েছিল ৩২০৬, ১৯৮৬-৮৭ সালে হয়েছিল ৪২১০, ১৯৮৭-৮৮ সালে

হয়েছিল ৪৯৪৬, ১৯৮৮-৮৯ সালে হয়েছিল ৫৮৮৮ এবং ১৯৮৯-৯০ সালে হয়েছিল ৬৬২৫। এটা বাড়ছে সমস্ত দিক থেকে। তারপর যদি এদিক থেকে দেখেন শিডিউল্ড কাস্ট বা শিডিউল্ড ট্রাইবস মহিলা, ইত্যাদি, এই সব দিক থেকে, আমাদের এটা অল ইন্ডিয়া অ্যাভারেজ থেকে অনেক বেটার। আর একটা জিনিস, অডিটের, গ্রাম পঞ্চায়েতের এই যে দিকটা, অডিটটা আমাদের গত বছরের আগে পর্যন্ত ৯০ পারসেন্ট হয়েছে। ওটা ভালো আছে। হয় না যেটা, তাও বেটার হয়েছিল কয়েক বছর আগে পর্যন্ত, সেটা হচ্ছে পঞ্চায়েত সমিতি এবং জেলা পরিষদ, যেটা পাবলিক অ্যাকাউন্টসের দিক থেকে, ওপরের দিক থেকে এবং এই জন্যই আমাদের আরও আপত্তি ছিল। যেটা বলছিলাম কোন কোন বিষয়ে আপত্তি ছিল, সেই জায়গায় আবার যদি—এ.জি.বি. এখানে এসে করতে পারে না। এর ইভ্যালুয়েশনের প্রত্যেকটা ব্যাপারের জন্য আমরা করতাম। সেটা সেন্টারের যারা অফিসার তারা করেন। সেইগুলো আমি বলে দিচ্ছি। কাজের গুণগত মান সম্পর্কে কেন্দ্রীয় সরকারের আর.এল.ই.জি.পি.র নমুনা সমীক্ষার ফল দেখা যাচ্ছে যে এটা ১৯৮৭-৮৮ সালের কারেন্ট ইভ্যালুয়েশন বিষয়, পশ্চিমবঙ্গে শতকরা ৯৮ ভাগ ক্ষেত্রে সম্পদ তৈরি হয়েছে গ্রামের লোক এর প্রয়োজন অনুসারে। সর্ব ভারতীয় গড় সেখানে ৯৬। আমাদেরটা বেটার। তারপর হচ্ছে, পশ্চিমবঙ্গে শতকরা ১০০ ভাগ ক্ষেত্রে প্রকল্প রূপায়ণ করেছে পঞ্চায়েত, সর্বভারতীয় গড় হচ্ছে ৫৫ পারসেন্ট। এটা

[7-10 — 7-25 P.M.]

কিন্তু আমার কথা নয়, ওদের কথা। তারপর পশ্চিমবাংলায় শতকরা ৯৪ ভাগ ক্ষেত্রে অ্যানুয়্যাল অ্যাকশন প্ল্যান তৈরি করা হয়েছে, সর্ব ভারতীয় গড় হচ্ছে ৯০ পারসেন্ট এবং শতকরা ৯০ ভাগ ক্ষেত্রে পরিকল্পনা তৈরি করা হয়েছে নির্ধারিত সময়ের মধ্যে, সর্ব ভারতীয় গড় হচ্ছে ৫৫। এইগুলো যা আছে তা বলে যাচ্ছি। তারপর, পশ্চিমবাংলায় শতকরা ৯৩ ভাগ ক্ষেত্রে প্রকল্প রূপায়ণ করেছে গ্রাম পঞ্চায়েত, সর্বভারতীয় গড় হচ্ছে ৪০ পারসেন্ট। তারপর পশ্চিমবঙ্গে প্রকল্প রূপায়ণের জন্য স্থানীয় মাল মশলা ব্যবহার করা হয়েছে শতকরা ৮১ ভাগ, সর্ব ভারতীয় ক্ষেত্রে হচ্ছে ৪১ পারসেন্ট। পশ্চিমবাংলায় মোট কর্ম সংস্থানের শতকরা ৬৫ ভাগ সুযোগ পেয়েছে তফসিলি জাতি ও আদিবাসী। সর্ব ভারতীয় গড় হচ্ছে তার থেকে কম, ১২। পশ্চিমবঙ্গ মোট কর্ম সংস্থানের শতকরা ৮২ ভাগ সুযোগ পেয়েছে ভূমিহীন ক্ষেত মজুর সম্প্রদায়, সর্ব ভারতীয় গড় হচ্ছে ৩৫। পশ্চিমবাংলায় শতকরা ৯৮ ভাগ ক্ষেত্রে সৃষ্ট সম্পদের রক্ষণাবেক্ষণ করা হচ্ছে, সর্ব ভারতীয় গড় হচ্ছে ৩৪ পারসেন্ট। এবং শতকরা ৭৩ ভাগ ক্ষেত্রে রক্ষণাবেক্ষণ করছে পঞ্চায়েত, সর্ব ভারতীয় গড় হচ্ছে ৪২। কতকগুলো জিনিস এই রকম ভাবে বললে হবে না, এই বিষয়ে দেখতে হবে। এইগুলো আমরা করিনি, এই কাজের জন্যই যারা আছেন, তারা নিশ্চয়ই আমাদের প্রতি খুব দরদি নন, তারা আমাদের লোকও নন, তারা এসে সমস্ত দেখে আইটেম বাই আইটেম ধরে প্রত্যেক ক্ষেত্রে যা পেয়েছেন এবং অন্যান্য স্টেট নিয়ে এইগুলো ছাপানো হয়। অনেক জিনিস এখান থেকে ওখান থেকে সংগ্রহ করেন, আমাদের দপ্তর থেকেও সংগ্রহ করেন আর যেটা প্রিন্টেড বই সেটা সকলকে দেওয়া হয়। আমাদের এত এম.পি. থাকা সত্ত্বেও আপনারা পান না? সুতরাং ফ্যাক্টগুলো ভালো করে দেখতে হবে, এটাই হচ্ছে ব্যাপার। এবং অন্যদিক থেকে এটা স্বীকার করি যে আমাদের আরও উন্নতি করবার চেষ্টা করতে হবে। পঞ্চায়েত-রাজ বিলে

আমরা কি দেখেছি? প্রথম কথা হচ্ছে, কতগুলি জায়গা কোনও রকম চিন্তা ভাবনা করেই অত্যন্ত সেন্ট্রালাইজড করা হয়েছিল, পরে চেঞ্জ করা হয়েছিল, আমাদের ক্রিটিসিজম-এর পরে চেঞ্জ করা হয়েছিল। প্রথমে যেটা সার্কুলেট করা হয়েছিল সেটা অনেকখানি চেঞ্জ করতে হয়েছিল। আমার কাছে সব কিছু আছে, আমি ভাসা-ভাসা পড়ি না। সমস্ত কিছু ভালো করে পড়ে জেনেই বলছি। এখনও ওটা নিয়ে ভাবনা চিন্তা হচ্ছে, যখন টাইম পাওয়া গেছে তখন ভালো করে চিন্তা-ভাবনা করেই ওটা করা উচিত। কিন্তু সেটা করতে গিয়ে দুরকম দৃষ্টিভঙ্গির যেন পরিচয় না দেওয়া হয়। গান্ধীজি বলেছিলেন, 'পিরামিডিক স্ট্রাকচারের কথা মুখে বলা হচ্ছে, আসলে ওপর থেকে কন্ট্রোল করবে।' তারপর একটা কথা বার বার শুনি, কেন্দ্রের টাকা। টাকা দিচ্ছে মানে কি, কাককে ভাত ছড়াচ্ছে? এই দৃষ্টিভঙ্গিটাই তো খারাপ। টাকা কেন্দ্রের নয়, রাজ্যের নয়। প্রতিটি পাই পয়সা জনগণের কাছ থেকে প্রত্যক্ষ বা পরোক্ষ করের মাধ্যমে আসে। তাদের ভোটে এখানে আমরা বিধানসভায় আসি, ওরা লোকসভায় যায় দিল্লির তক্তে বসে। যাদের ভোটে ক্ষমতায় বসবেন, তাদের টাকাই তাদের দিয়ে তাদের দয়া করবেন? উচ্ছিষ্ট দিয়ে তাদের হাত করবেন? এর চেয়ে অপমানের আর কিছু হতে পারে না। সুতরাং এটা ভুল চিন্তা ভাবনা। এই একটাই জায়গা আছে যেখানে জেলা পর্যন্ত জনগণ প্রত্যক্ষভাবে গ্রামের সমস্ত রকম কাজকর্মগুলির ক্ষেত্রে—পরিকল্পনা রচনা ও রূপায়ণের ক্ষেত্রে—নিজেরা ডাইরেক্ট অংশ গ্রহণ করবে, নিজেদের ভাগ্য নিজেরা গড়ব। তা নাহলে সকলেই তো জনগণের ভালো করতে চায়! ফ্যাসিস্ট শক্তিও বলে, জনগণের ভালো করতে চাই। কিন্তু জনগণ কি বলছে? অনেকেই অনেক ভালো করেছে, এবার একবার আমাদের ভাগ্য আমাদের হাতেই রচনার দায়িত্ব দাও। ইংরাজ আমলেও এক রকম ব্যবস্থা ছিল, ইউনিয়ন বোর্ডের ভেতর দিয়ে, তাদের সৃষ্ট জমিদারদের দিয়েই তারা শাসন করত। আর পঞ্চায়েত ব্যবস্থায় যে যত যাই করুন না কেন, প্রকৃত ভূমি সংস্কারের ভেতর দিয়ে গ্রামীণ কায়েমি স্বার্থর অর্থনৈতিক কর্তৃত্ব এবং রাজনৈতিক প্রভুত্ব যদি খর্ব করতে না পারেন, তাহলে কিছু পাল্টাতে পারবেন না। মেহাম, রায়বেরিলি, আমেথি প্রভৃতি জায়গায় যা হচ্ছে তাই হবে। ভোট পর্যন্ত দিতে পারবে না। সেই জন্য আমরা প্রিকন্ডিশন দিয়েছিলাম। কর্ণাটকের নাজির আহমেদ সাহেবরা আমাকে বলেছেন, 'দাদা, এটা আমরা বুঝতে পারছি, এছাড়া পথ নেই। আমি প্রত্যেক জায়গা ঘুরে ঘুরে দেখেছি। এটা অত সহজ জিনিস নয়, খুবই কঠিন জিনিস। আমরা জানি ল্যান্ড রিফর্মস কি কঠিন কাজ, তেমন আমরা জানি এই জায়গায় কত কঠিন। আজকে পৃথিবীতে কি হচ্ছে তাও আমরা জানি। কিছু মানুষ মনে করে তারা মাতব্বর, তারাই সবার মঙ্গল করবে। এই মানসিকতাটা ছাড়তে হবে। সর্বস্তরে অধিকার দিতে হবে এবং মুশকিলটা সেখানেই হয়ে যাচ্ছে। আমি আর খুব বেশি সময় নিতে চাই না, আমি জানি একটা খুব কঠিন পরীক্ষা-নিরীক্ষা চলছে। এই পরীক্ষা নিরীক্ষার মধ্যে যারা আমাদের গালি দেন, তারা গালি দেবার জন্যই অন্য দিকে আছেন, তাদের গালি আমাদের শুনতে হবে। কিন্তু যারা কঠোরভাবে ভাবছেন, তারা জানেন যে, একটা কিছু হচ্ছে, সত্যি সত্যি অসংখ্য মানুষের ভবিষ্যতের জন্য একটা কিছু হচ্ছে। নিজেদের অধিকার সেই মানুষ যে মুহূর্তে বুঝতে পারবে তখন সেই বাঘের পিঠ চাপড়ানো কারও পক্ষে আর সম্ভব হবে না। কারও পক্ষেই সম্ভব হবে না। সেইজন্য তাদের আত্মচেতনা তাদের নিজেদের মর্যাদাবোধ জাগিয়ে তুলতে হবে, তবেই নিচের থেকে কন্ট্রোল হবে তা নাহলে কোনওদিন হবে না। অন্যরা কন্ট্রোল

করবে সেই জিনিস অত সোজা নয়। এই সমাজব্যবস্থায় ঐ জিনিসটা আস্তে-আস্তে হবে। সেইজন্য এগুচ্ছে কিনা, কোনও ডায়রেকশনে এগুচ্ছে, উল্টোদিকে যাচ্ছে কিনা সেটাই দেখবার কথা। আমি আর বেশি কিছু না বলে সমস্ত কাটমোশনের বিরোধিতা করে এবং আপনারা জানেন, পঞ্চায়েতের ব্যাপারে যে সাবজেক্ট কমিটি আছে সেই সাবজেক্ট কমিটি যে রিপোর্ট দিয়েছে সেই বিষয়ে বলি। Mr. Speaker, Sir, I agree in principle with the recommendation of the Subject Committee on Panchayat. West Bengal Legislative Assembly as embodied in the 2nd Report presented before the House. We are taking action in consultation with the concerned departments of the State Government so that the recommendation can be given effect to in due course.

মিঃ স্পিকার ঃ সুব্রতবাবু, আমার কাছে যে রেকর্ডটা আছে তাতে দেখছি, ১৯৭২ সালে শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ছিলেন পঞ্চায়েত মন্ত্রী আর আপনি ১৯৭৫ সালে পঞ্চায়েত দপ্তরের দায়িত্ব পেলেন।

শ্রী সুব্রত মুখার্জি ঃ রেকর্ডটা ভুল আছে, আপনি সংশোধন করে নিন।

মিঃ স্পিকার ঃ ১৯৭২ সালে শ্রী প্রফুল্লকান্তি ঘোষ ছিলেন Minister of State-in-charge of Department of Food and Supplies, Dairy Development of Animal Husbandry and Veterinary Services and Sports Branch of.

শ্রী সুব্রত মুখার্জি ঃ আমি মন্ত্রিত্ব নিয়ে কাড়াকাড়ি করতে চাই না। প্রশ্ন হচ্ছে, একবার দপ্তর চেঞ্জ হয়েছিল সেটা ১৯৭৩ সালে, আমি মিনিস্টার অফ স্টেট ছিলাম। একবারই চেঞ্জ হয়েছিল, পঞ্চায়েত পৌর প্রশাসন এইসব নিয়ে।

মিঃ স্পিকার ঃ আমার কাছে ১৯৭২ সাল আর ১৯৭৫ সালের রেকর্ড আছে।

Demand No. 59

The cut motions moved by Shri Apurbalal Majumder, Shri Sultan Ahmed and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/-were then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 35,69,16,000 be granted for expenditure under Demand No. 59, Major Head: "2501—Special Programme for Rural Development"(This is inclusive of a total sum of Rs. 8,92,29,000 already voted on account in March 1990) was then put and agreed to.

Demand No. 60

The cut motions moved by Shri Apurbalal Majumder, Shri Sultan Ahmed and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- were then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a Sum of Rs.

67,34,47,,000 be granted for expenditure under Demand No. 60 Major Head : "2205—Rural Employment" (This is inclusive of a total sum of Rs. 16,83,62,000 already voted on account in March, 1990) was then put and agreed to.

[7-20 — 7-25 P.M.]

Demand No. 62

The motion No. 1 and 3 moved by Shri Saugata Roy and Shri Deba Prasad Sarkar that the amount of the Demand be reduced by Rs. 100/- was then put and lost.

The motions (cut motion Nos. 2&3) moved by Shri Apurbalal Majumder and Shri Amar Banerjee that the amount of the Demand be reduced by Rs. 100/-, were then put and a division was taken with the following results.

NOES

Abdul Quiyom Molla, Shri

Abdus Sobhan Gazi, Shri

Adak, Shri Kashinath

Bagdi, Shri Natabar

Bal, Shri Shakti Prasad

Biswas, Shri Kumud Ranjan

Bose, Shri Nirmal Kumar

Chaki, Shri Swadesh

Chakraborty, Shri Deb Narayan

Chatterjee, Shri Dhirendra Nath

Choudhuri, Shri Subhendu

Chowdhury, Shri Benoy Krishna

Chowdhury, Shri Bikash

Das, Shri Ananda Gopal

Das, Shri Bidyut

Das Gupta, Shrimati Arati

Deb Sharma, Shri Ramani Kanta

Doloi, Shri Siba Prasad

Ghosh, Shri Kamakhya Charan

Ghosh, Shrimati Minati

Ghosh, Shri Satyendranath

Ghosh, Shri Susanta

Haldar, Shri Krishnadhan

Hajra, Shri Sachindranath

Jahangir Karim, Shri Sk.

Jana, Shri Manindra Nath

Konar, Shrimati Maharani

Let, Shri Dhirendra

Mahato, Shri Satya Ranjan

Majhi, Shri Raicharan

Mojumdar, Shri Hemen

Mondal, Shri Bhadreswar

Mondal, Shri Kshiti Ranjan

Mondal, Shri Raj Kumar

Mukherjee, Shri Joykesh

Murmu, Shri Sarkar

Neogy, Shri Brajo Gopal

Raha, Shri Sudhan

Ray, Shri Achintya Krishna

Roy, Shri Hemanta

Saha, Shri Kripa Sindhu

Sar, Shri Nikhilananda

Sen, Shri Dhiren

Sen, Shri Sachin

Seth, Shri Lakshman Chandra

Shish Mohammad, Shri

Singha Roy, Shri Jogendra Nath

Sinha, Shri Nirmal Kanti

Toppo, Shri Salib

Touob Ali, Shri

AYES

Abdus Sattar, Shri

Bandyopadhyay, Shri Sudip

Banerjee, Shri Amar

Bapuli, Shri Satya Ranjan

Mannan Hossain, Shri

Mukhopadhyay, Shri Subrata

The Ayes being 6, and the Noes 50; the motions were lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 97,27,14.000 be granted for expenditure under Demand No. 62, Major Heads: "2515—Other Rural Development Programmes (Panchayati Raj), 3604—Compensation and Assignments to Local Bodies and Panchayati Raj Institutions (Panchayati Raj) and 6515—Loans for other Rural Development Programme (Panchayati Raj)"

(This is inclusive of a total sum of Rs. 24,31,78,000 already voted on account in March, 1990), were then put and agreed to.

Demand No. 63

Mr. Speaker: Now there is only one cut motion to Demand No. 63 which is in order and taken as moved. I put the same to vote.

The motion moved by Shri Sultan Ahmed that the amount of the Demand be reduced by Rs. 100/-, was then put and lost.

The motion of Shri Benoy Krishna Chowdhury that a sum of Rs. 44,36,52,000 be granted for expenditure under Demand No. 63, Major Heads: "2215—Other Rural Development Programmes (Community, Development) and 4515—Capital Outlay on Other Rural Development Programmes (Community Development)"

(This is inclusive of a total sum of Rs. 11,09,13,000 already voted on account in March, 1990), was then put and agreed to.

Adjournment

The House was then adjourned at 7.25 p.m. till 1.00 p.m. on Tuesday, the 8th May, 1990, at the Assembly House, Calcutta.

Proceedings of the West Bengal Legislative Assembly assembled under the provisions of the Constitution of India

The Assembly met in the Legislative Chamber of the Assembly House, Calcutta on Tuesday, the 8th May, 1990 at 1.00 p.m.

PRESENT

Mr. Speaker (Shri Hashim Abdul Halim) in the Chair, 7 Ministers, 3 Ministers of State, and 123 Members.

[1-00 – 1-10 P.M.]

Mr. Speaker : All questions relating to Hon'ble Minister, Shri Buddhabed Bhattacharjee's Department will be held over for this date.

শ্রী সুব্রত মুখার্জি ঃ মিঃ স্পিকার স্যার, আপনার অনুমতি নিয়ে বলছি, বুদ্ধদেববাবু জানতেন যে আজকে তাঁর প্রশ্নোত্তরের দিন।

মিঃ স্পিকার ঃ উনি চিঠি দিয়ে বলে গেছেন থাকবেন না।

শ্রী সুব্রত মুখার্জি ঃ তিনি এমন কোনও গুরুত্বপূর্ণ কাজে গেছেন বলে জানি না।

মিঃ স্পিকার ঃ ওনার কাজটা গুরুত্বপূর্ণ কিনা কি করে জানবো?

শ্রী সুব্রত মুখার্জি ঃ ইনটেনশনালি এইভাবে হাউসকে উপেক্ষা করা ঠিক নয়।

(নয়েজ এ্যাণ্ড ইনটারপশন)

স্থগিত প্রশ্ন নং *৪৪ এবং ৪৮ — স্থগিত।

Held over Starred Questions
(to which oral answers were given)

বেআইনি লরি চলাচল

*৪৯। (অনুমোদিত প্রশ্ন নং *১১৩৮।) **শ্রী সুভাষ গোস্বামি ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, বেশ কিছু সংখ্যক লরি আসাম এবং মেঘালয়ের রেজিস্ট্রেশন নিয়ে সেখানেই রোড ট্যাক্স জমা দেয় এবং পরপর টেম্পোরারি পারমিট নিয়ে এ রাজ্যেই স্থায়ীভাবে চলাচল করে; এবং

(খ) "ক" প্রশ্নের উত্তর "হ্যাঁ" হলে—

(১) এর কারণ কি; ও

(২) সরকার ঐ বিষয়ে কি ব্যবস্থা নিয়েছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ মিঃ স্পিকার স্যার, এখানে উত্তর যা পাঠানো হয়েছে সেটা কিছুটা কারেক্ট করতে হবে। সেজন্য অন্যদিন সভায় এর উত্তর দিয়ে দেবো।

বেসরকারি বাসের জন্য রুট পারমিট বন্ধ

*৬৪। (অনুমোদিত প্রশ্ন নং *৫৬১।) **শ্রী আতাহার রহমান ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে বেসরকারি বাসের জন্য রুট পারমিট দেওয়া বন্ধ আছে; এবং

(খ) সত্য হলে, উহার কারণ কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ

(ক) হ্যাঁ, তবে এস. টি. এ.-র অনুমোদন সাপেক্ষে নতুন পারমিট দেওয়া হচ্ছে। যেমন কয়েক দিন আগে কলিকাতা আর. টি. এ.-কে উত্তর ও দক্ষিণ ২৪ পরগনার জন্য ২২টি রুটে পারমিট দেখার অনুমোদন দেওয়া হয়েছে।

(খ) রাজ্যের পরিবহন শিল্পে সঙ্কটের পরিপ্রেক্ষিতে এবং ক্রমান্বয়ে রাষ্ট্রীয় পরিবহনের বিকাশের জন্য নিতান্ত প্রয়োজন ছাড়া প্রাইভেট বাসের পারমিট দেওয়া বন্ধ আছে।

শ্রী সুমন্তকুমার হীরা ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, বেসরকারি বাসের রুট পারমিট দেওয়া বন্ধ আছে। আবার বললেন, সব জায়গায় বন্ধ নেই। আমার অতিরিক্ত প্রশ্ন হল, কোথায় কোথায় বন্ধ আছে এবং কোথায় কোথায় বন্ধ নেই; এবং যেখানে বন্ধ নেই বলে বলছেন সেখানে বন্ধ না থাকার কারণ কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ দু'তিনটি কারণ আছে। প্রথম হচ্ছে আমরা যখন আন্তঃজেলায়—ইন্টার রিজিয়নে বাসের পারমিট দিয়েছি, সেগুলো দেওয়া বন্ধ করে দিয়েছি। জেলার মধ্যে প্রয়োজন হলে, যেখানে চাপ আছে অথচ সরকারি পরিবহন-এর বাস দিতে পারছি না এই রকম কিছু কিছু জায়গাতে আমরা দেওয়ার কথা বলছি। এছাড়া কোর্টের অর্ডার নিয়ে বাসের পারমিট দেওয়া হয়।

শ্রী সুমন্তকুমার হীরা ঃ মাননীয় মন্ত্রী মহোদয়, কলকাতায় বেসরকারি বাসের রুট পারমিট দেওয়া বন্ধ আছে কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ হ্যাঁ, কলকাতায় বেসরকারি বাসের পারমিট দেওয়া বন্ধ আছে।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় মন্ত্রীর জবাবটা আমার কাছে স্পষ্ট হলো না, আমি অনেকদিন আর. টি. এর মেম্বার ছিলাম, ফলে এটা ঠিক বুঝলাম না। আন্তঃজেলায় এস. টি. এ. এবং কলকাতায় আর. টি. এ. পারমিট দেয়। মন্ত্রী বলছেন কলকাতায় কোনও পারমিশন দিচ্ছেন না, সাউথ এবং নর্থ ২৪ পরগনায় দিচ্ছেন, আবার আন্তঃজেলায় কিছু কিছু দিচ্ছেন—আমার কাছে এই উত্তরটা ঠিক স্পষ্ট হলো না। রুট পারমিট যেটা বন্ধ করেছেন তার কারণ কি আর. টি. এ.র রুট পারমিট দেবার ব্যাপারে ব্যাপক দুর্নীতিটা উনি খুঁজে পেয়েছেন—সেজন্য কি বন্ধ আছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ দুর্নীতির অভিযোগ '৭৭ সাল পর্যন্ত প্রচুর ছিল, তারজন্য আমরা ইচ্ছা করলে '৭৮ সালেই বন্ধ করে দিতে পারতাম। সম্প্রতি, আজ তিন বছর হলো আমরা সিদ্ধান্ত নিয়েছি সরকারি পরিবহন ক্ষেত্রকে বিস্তৃত করবো। নিতান্ত প্রয়োজন হলে বাসের পারমিট দিচ্ছি। আন্তঃজেলায় এস. টি. এ. এবং জেলার অভ্যন্তরে হলে আর. টি. এ. এটা দেন। আমি যেটা উল্লেখ করেছি তাতে হয়ত মাননীয় সদস্যের সাথে একটু ভুল বোঝাবুঝি হয়ে গেছে। অনেক সময়ে জেলায় কোনও উপান্তর থাকে না, দেখা যায় রুটে বাস নেই, জনগণ চাইছেন, প্রতিনিধিরা বলছেন, সেই ক্ষেত্রে জেলার অভ্যন্তরে যেটা সেখানে আমরা দিচ্ছি।

শ্রী তোয়াব আলি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কোন কোন জেলায়—২৪ পরগণায় এবং লং রুটে পারমিট দেওয়া হচ্ছে বললেন। মুর্শিদাবাদের জন্য, লং রুটে ক্যালকাটা টু শিলিগুড়িতে, যেখানে যাতায়াতের ক্ষেত্রে অসুবিধা আছে সেখানে দিচ্ছেন বললেন, মুর্শিদাবাদ জেলার জন্য এই ধরণের পারমিশন দেবার কথা চিন্তা-ভাবনা করছেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ একেবারেই নেই। মুর্শিদাবাদে প্রচুর সরকারি বাস দিয়েছি। আপনি বলবেন কোথায় কোথায় দরকার, দিয়ে দেবো।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ আপনি উত্তর দেবার সময়ে দু'বার কথাটা বললেন—রাষ্ট্রীয় পরিবহনের বিকাশের কথাটা মাথায় রেখে দিচ্ছেন। এর চূড়ান্ত লক্ষ্যটা কি আপনি আস্তে আস্তে সমগ্র পরিবহন ব্যবস্থাটাকে রাষ্ট্রীয় পরিবহনের মধ্যে আনতে চাইছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এখুনি এই প্রশ্নের উত্তরে 'হ্যাঁ' বলাটা আকাশকুসুম হয়ে যাবে।

শ্রী অশোক ঘোষ ঃ বেসরকারি বাস পারমিটের হিসাবটা আপনার কাছে আছে কি? লং রুটে বেসরকারি বাস পারমিশন ছাড়াই রাস্তায় চলছে। কোনও অ্যাকসিডেন্ট হলে আপনি একটু নড়েচড়ে বসেন। পারমিশন ছাড়া বাস যে চলছে সেদিকে আপনার ডিপার্টমেন্টে নজরদারির ব্যবস্থা আপনি করেছেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ নজরদারির ব্যবস্থা যথারীতিই আছে। আমার কাছে হিসাবটাও আছে। আমরা কিছু কিছু ধরবার চেষ্টা করেছি। তবে অসুবিধা হয়, আমাদের অফিসাররা একবার যেইমাত্র ধরেন তৎক্ষণাৎ ২৪ ঘন্টার মধ্যেই কোর্ট থেকে অর্ডার নিয়ে এসে ছাড়িয়ে নেন। সেজন্য আমাদের এই অসুবিধা নিয়ে কাজ করতে হচ্ছে।

[1-10 – 1-20 P.M.]

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মুর্শিদাবাদ জেলায় সরকারি প্রচুর বাস দিয়েছেন সেইজন্য তাঁকে অভিনন্দন জানাই। কিন্তু আমার প্রশ্ন যে, দূরপাল্লার যেসব বাস রুট পারমিট ছাড়াই অবাধে চালাচ্ছে এবং ট্যুরিস্ট নিয়ে খুব জোরে যাচ্ছে, যেমন কলকাতা বহরমপুর বহু ট্যুরিস্ট বাস আছে এবং এইসব বাসগুলোর অ্যাক্সিডেন্টও খুব বেড়েছে—এদের ক্ষেত্রে সরকারি কোনও বিধিব্যবস্থা নিয়েছেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ মাননীয় সদস্য ঠিকই বলেছেন, এইসব বাসগুলো চলার ব্যাপারে

আমরা প্রকাশ্যে অভিযান চালানোর পরিকল্পনা নিয়েছি। তবে স্টেট বাস বাড়াতে ওই বাসগুলো পিছু হটতে শুরু করেছে এবং কিছু বাস মালিক উইথড্র করে নিচ্ছে।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন কি, এই আর. টি. এ. এবং এস. টি. এ. কমিটির কম্পোজিশন কি শুধু রুলিং পার্টির মেম্বারদের নিয়ে হবে না কি কমিটিতে অপজিশনের মেম্বারাও থাকতে পারে?

শ্রী শ্যামল চক্রবর্তী : আমি এই ব্যাপারে অত্যন্ত সুনির্দিষ্ট ভিত্তিতে মোটামুটি ভাবে আপনাদের পথই অনুসরণ করছি।

শ্রী সত্যরঞ্জন মাহাতো : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, পুরুলিয়া জেলায় আমাদের রাজ্যের সরকারি বাসের সংখ্যা খুবই কম এবং ওখানে প্রাইভেট বাসের মালিকদের পারমিট দেওয়ার সম্ভাবনা আছে কি?

শ্রী শ্যামল চক্রবর্তী : আপনি পুরুলিয়া রাজ্য পরিবহন বাস চান, তার ব্যবস্থা করে দেবো।

শ্রী দেবপ্রসাদ সরকার : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে আর টি এ এবং এস টি এ এর কম্পোজিশনের ক্ষেত্রে আপনারাও কেন্দ্রীয় কংগ্রেসি সরকারের নীতি অনুসরণ করে চলছেন। অর্থাৎ কংগ্রেস সরকার যে অগনতান্ত্রিক ভাবে চালিয়েছে বামফ্রন্ট সরকারও সেই অগণতান্ত্রিকতাকে সমর্থন করছেন?

শ্রী শ্যামল চক্রবর্তী : কংগ্রেস আই সরকার যখন কেন্দ্রে ছিলেন তখন তারা নতুন মটর ভেহিকেলস আইন করেছিলেন। বেসরকারি সদস্য হিসাবে আর টি এ তে ২ জনকে নেওয়া হয় যারা এই ব্যবসার সঙ্গে যুক্ত নয়। এইরকম দুজন লোককে আমাদের যে তালিকা তৈরি হয় তাতে মনোনীত হয়ে থাকে।

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল : যেসব রাস্তাতে বেসরকারি বাস ছাড়া অন্য কোনও বাস নেই যেমন খড়িবাড়ি থেকে কলকাতা, এই রুটে স্টেট বাস নেই এখানে ২৭ নং যে বাস চলে সেটাও অন্য রুটে চলে যাচ্ছে ১৯৩৭ সালের নিয়ম নিয়ে অনেকেই চিন্তাভাবনা করছেন। আমার প্রশ্ন যদি কোনও বাস তার নির্দিষ্ট রুট ছেড়ে অন্য রুট ধরে তাহলে কি আপনার দপ্তর থেকে কোনও ইনভেস্টিগেশন করে কোনও সরকারি বাস ইন্ট্রোডিউস করা যায় কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী : আমরা সরকারি দিক থেকে সিদ্ধান্ত নিয়েছি এবং সমস্ত আর টি একে বলে দিয়েছি যে যারা বাস মালিক তারা ইচ্ছাকৃত ভাবে অন্য রুটে যেতে পারবে না। এই সব রুটের মালিকরা দরখাস্ত দিলে আমরা গ্রহণ করছি না এবং অন্য রুটে যেতেও দিচ্ছি না। তা সত্ত্বেও কিছু কিছু মালিক কোর্টে চলে যাচ্ছে এবং কোর্ট থেকে অর্ডার নিয়ে আসছে। তবে আমরা এগুলোও বন্ধ করার চেষ্টা করছি। সুতরাং নূতন করে রুট থেকে তুলে নিয়ে এসে অন্য রুটে চলে যাচ্ছে, অনেক সময় বাস বসে যাচ্ছে, বাসের মালিকরা বসিয়ে দিচ্ছেন, নানা কারণে লাভটাভ হচ্ছে না, একটা রুট থেকে আর একটা রুটে নিয়ে যাওয়ার এই প্রবণতা বন্ধ করে দিয়েছি কিছু কিছু রুটে অসুবিধা হচ্ছে, তবে এখনও এটা আলাপ-আলোচনার স্তরে রয়েছে. বর্তমানে উত্তর ২৪ পরগনা এবং দক্ষিণ ২৪ পরগনায় ২২টি রুটে

বাস দেবার ব্যবস্থা করেছি।

ডাঃ মানস ভূঁইয়া : মাননীয় মন্ত্রী মহাশয়, দক্ষিণ ২৪ পরগনায় পরিবহন ব্যবস্থা মোটামুটি ভাল চালাচ্ছেন, ওনারই নেতৃত্বে ভালই চলছে। সম্প্রতি সবং থেকে কলকাতায় এবং দেহাটি থেকে কলকাতায় দুইটিতে দক্ষিণ বঙ্গ বাস চালাবার ব্যবস্থা হয়েছে, এটা কবে নাগাদ চালু হবে?

শ্রী শ্যামল চক্রবর্তী : এটা আমার যতদূর মনে হয় জুলাই ও আগষ্ট মাসের মধ্যে দিয়ে দিতে পারব।

শ্রী শক্তিপ্রসাদ বল : মাননীয় মন্ত্রী মহাশয় আপনি এই মাত্র প্রশ্নের জবাবে বললেন বাস চাইলেই দিয়ে দেবেন, আপনি যেমন কলকাতায় বাস পারমিট মালিকদের দেওয়া বন্ধ করে দিয়েছেন তেমনি মফঃস্বলের জেলাগুলিতে প্রাইভেট বাসের পারমিট বন্ধ করে দিয়ে স্টেট বাস চালাবার পরিকল্পনা আছে কি?

শ্রী শ্যামল চক্রবর্তী : তবে, সর্বত্র পারব কিনা জানিনা, আপনার জেলার ক্ষেত্রে বলেছি হলদিয়া, দিঘা এবং মেদিনীপুরে কয়েকদিন আগে চালু করবার ব্যবস্থা করেছি।

শ্রী সুব্রত মুখার্জি : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, আপনি তো ঘোষণা করেছেন সম্প্রতি ট্রাম কোম্পানি তুলে দিয়ে, ট্রাম কোম্পানি বাস চালাবে, এই পরিকল্পনাটা সত্য কি এবং এই ব্যাপারে ঠিক কি পরিকল্পনা নিয়েছেন সেটা জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী : স্যার, এই প্রশ্নটা এইটার মধ্যে আসেনা।

Mr. Speaker : Rest of the Held Over Questions are held over. Now regular Questions.

Starred Questions

(to which oral answers were given)

শিশু বিকাশ প্রকল্পের জন্য খাদ্য বরাদ্দ

***৫১০।** (অনুমোদিত প্রশ্ন নং *২৮৮।) **শ্রী অশোক ঘোষ** : ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শহর ও গ্রামাঞ্চলে সুসংহত শিশু বিকাশ প্রকল্পের জন্য কি কি খাদ্য বরাদ্দ করা হয়; এবং

(খ) ঐ প্রকল্পে ১৯৮৮-৮৯ আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের দেয় টাকার পরিমাণ কত?

শ্রী বিশ্বনাথ চৌধুরী :

(ক) শহর ও গ্রামাঞ্চলে সুসংহত শিশু বিকাশ প্রকল্পের অন্তর্গত বর্তমানে চালু প্রকল্পগুলিতে, কেয়ার সংস্থা মারফৎ পাওয়া কর্ণ সোয়া ব্লেণ্ড (Corn Soya Blend) ও বাটার বা স্যালাড অয়েলের সঙ্গে রাজ্যসরকারের খরচে কিছুটা গুড় বা চিনি মিশিয়ে, খাবার প্রস্তুত করে, সরবরাহ করা হয়। তবে জলপাইগুড়ি জেলায় এই প্রকল্পে কেন্দ্রীয় সরকারের খরচে, গমের তৈরি খাবার দেওয়া হয়।

(খ) ঐ প্রকল্পে ১৯৮৮-৮৯ আর্থিক বৎসরে কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের দেয় টাকার পরিমাণ নিম্নরূপ ঃ-

(১) কেন্দ্রীয় সরকার কর্তৃক প্রদত্ত ঃ- ১২৬০.১০ লক্ষ

(২) রাজ্য সরকার কর্তৃক প্রদত্ত ঃ- ৩৩৪.২১ লক্ষ — যোজনা খাতে

৪৭৩.০০ লক্ষ — যোজনা বহির্ভূত খাতে।

শ্রী অশোক ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি দয়া করে জানাবেন কি ৮৮-৮৯ সালে কেন্দ্রীয় সরকারের দেয় টাকা এবং রাজ্য সরকারের যোজনা খাতে ও যোজনা বর্হিভূত খাতের সম্বন্ধে বললেন এর মধ্যে কত টাকা খরচ হয়েছে এবং সেই টাকায় কত শিশু উপকৃত হয়েছে?

[1-20 – 1-30 P.M.]

শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ মোট কেন্দ্রীয় সরকার কর্তৃক বরাদ্দ ১২৮০, ব্যয় ১২০০ বরাদ্দ ৪৩ লক্ষ, প্ল্যান বহির্ভূত ব্যয় ৪৩ লক্ষ। এর পরে পুষ্টি আর শিশুর ব্যাপারটা এখানে বলা যাবে না। এটা নোটিশ দিতে হবে।

শ্রী অশোক ঘোষ ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন খাদ্যের ব্যাপারে কয়েকটি বিশেষ পরিকল্পনা করেছেন। এটাতে পরিকল্পনায় কি দেখা গেছে? এটার কিছু ফলশ্রুতি হয়েছে কি না? অন্যান্য জেলার ক্ষেত্রেও এটা ভাবছেন কি না?

শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ এটা শুরু করা হয়েছে, এটা ভালো মনে হয়েছে। তবে এটা খতিয়ে দেখতে হবে। খতিয়ে দেখার জন্য আমাদের অফিসাররা যাচ্ছেন, পরবর্তীকালে আর একটু সময় পেলে বিশদ ভাবে দেখা যাবে।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, এই শিশু বিকাশ প্রকল্পের জন্য এবং খাদ্যের ব্যাপারে যে সমস্ত সেন্টার আছে সেগুলিতে খাদ্য সরবরাহ করা হয়, আমরা দেখছি যে এইগুলি সাধারণভাবে সেন্টারগুলি বে-সরকারি উদ্যোগে এই ঘরবাড়িগুলো করা হয়েছে এই ঘরবাড়িগুলো স্বেচ্ছাসেবী হওয়ার ফলে তারা অনেক সময় তুলে দিচ্ছে। ফলে সরবরাহে ব্যাঘাত ঘটছে। আপনার দপ্তর থেকে এই সেন্টারগুলোর কোনও হিসাব আছে কি? এগুলো কি ভাড়া বা অনুদান হিসাবে পাবার কোনও ব্যবস্থা আছে কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ বিভিন্ন জায়গায় স্কীমটা করবার জন্য আমরা টাকা দিই। শহরাঞ্চলে কিছু দিয়ে থাকি। আর একটা ১৫০০ টাকা করে দিই, বিভিন্ন পঞ্চায়েত টাকা দিয়ে থাকে। বহু জায়গায় এই ধরণের ঘরবাড়ি করেছি। বেশিরভাগ বাড়িঘর তৈরি করা শুরু করে দিয়েছি। পঞ্চায়েত টাকা দিচ্ছে। এই দুটো একত্রিত করে এই কাজ করা হচ্ছে।

শ্রী উপেন কিস্কু ঃ মাননীয় মন্ত্রী মহাশয় অঙ্গনওয়াড়ি এবং সহায়িকা, তাঁদের যে ভাতা দেওয়া হয় সেটার ব্যাপারে কোনো চিন্তা-ভাবনা করছেন কি না?

শ্রী বিশ্বনাথ চৌধুরী ঃ আমরা কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করছি। তাঁরা যে সাম্মানিক

পান তা **খুবই কম,** দ্রব্যমূল্য বৃদ্ধির তুলনায়। গত পরশুদিন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী রামবিলাস পাশোয়ান এসেছিলেন, আমরা তাঁর কাছে এই সম্পর্কে দাবি জানিয়েছি। তিনি এটা বৃদ্ধি করবার জন্য আশ্বাস দিয়েছেন এবং খতিয়ে দেখবেন। তা ছাড়া এই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করবেন।

ডাঃ মানস ভূঁইয়া : মাননীয় মন্ত্রী মহাশয় অনুগ্রহ করে জানাবেন যে সুসংহত শিশু বিকাশ প্রকল্পে এবং পশ্চিমবঙ্গের ব্লকে মাতৃ মঙ্গল এবং শিশু উন্নয়নের যে কর্মসূচি নেওয়া হয়েছে তা কতটা ফলশ্রুত হয়েছে? এর কোনও অ্যাসেসমেন্ট রিপোর্ট আপনার দপ্তর থেকে বা কোনও স্টাডি রিপোর্ট করা হয়েছে কি না?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আমরা এটা করছি। তা ছাড়া বিশেষ কয়েকটি প্রজেক্টে সমীক্ষা শুরু করেছি এবং তাগাদা দিয়েছি। ছেলেমেয়ে যাঁরা প্রথা বহির্ভূত শিক্ষায় পড়াশোনা করছে, তারা প্রাইমারি স্কুলে গিয়ে রেজাল্ট ভালো করছে। ইম্যুনাইজেশন প্রোগ্রাম ভালো হয়েছে এই সমীক্ষায় দেখা গেছে।

শ্রী সুধন রাহা : মাননীয় মন্ত্রী মহাশয় বলছেন যে জলপাইগুড়ি জেলাতে গমের সঙ্গে খাদ্য পরিবেশিত করা হচ্ছে। আমার কাছে খবর আছে যে খাদ্য ঠিকমতো সরবরাহ হচ্ছে না, এবং না হওয়ার জন্য সেন্টারগুলি মাঝে মাঝে বন্ধ হয়ে যায়। অতএব মাননীয় মন্ত্রী মহাশয়, বলবেন, যে ঠিকমতো খাদ্য সরবরাহ করবার জন্য কোনও ব্যবস্থা নিচ্ছেন কি না?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : আগে কলকাতা থেকে সমস্ত ব্লকে খাদ্য পৌঁছে দেবার ব্যবস্থা ছিলো। এখন প্রত্যেকটা জেলায় বিভিন্ন জায়গায় টেণ্ডার করে, ডি. এম.কে চেয়ারম্যান করে প্রত্যেকটা জেলা থেকে গাড়ি নিয়ে এখান থেকে খাবার নিয়ে যাবার ব্যবস্থা আছে। কোনো জায়গায় ২-৪ দিন দেরি হয় খাবার আসতে, খাবার দেরি করে এলে আমাদের অসুবিধায় পড়তে হয়।

ডাঃ গৌরিপদ দত্ত : মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, স্বাস্থ্য দপ্তরের থেকে ইমিউনিশান প্রোগ্রাম, ইনটেনসিভ ড্রাইভ এবং এই যে নিউট্রিশন প্রোগ্রাম আপনার দপ্তর থেকে দেওয়া হয়েছে, সেই ইমিউনিশন প্রোগ্রাম সফল করার জন্য মাল্টি পারপাস হেলথ ওয়ারকারদের মাধ্যমে এখানে এই আই. সি. ডি. এস কর্মীরাও মাল্টিপারপাস হেলথ ওয়ারকাররা একই সঙ্গে কাজ করার এমন কোনও কো-অর্ডিনেশান ব্যবস্থা এই দুই দপ্তরের মধ্যে আছে কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : কিছু জায়গায় এটা করা হয়েছে, সমস্ত জায়গায় ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট সি. এম. ও. এইচ ও জেলা পরিষদের সভাধিপতি এদের নিয়ে স্কীম করে বহু জায়গায় কাজ চলছে।

শ্রী সুভাষ নস্কর : মাননীয় মন্ত্রী মহাশয়, অতিরিক্ত প্রশ্ন আপনি বলবেন কি কেয়ার খাদ্যদ্রব্য পৌঁছে দেয়। কেয়ার যে সমস্ত সামগ্রী পাঠায় বিশেষ করে সি. এস. এম. তাদের অধিকাংশ নষ্ট হয়ে যায় বা জটা ধরে যায়। এই সম্পর্কে রাজ্য সরকারের পক্ষ থেকে এটার বিহিত করবার কোনও ব্যবস্থা ভাবছেন কি না?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : খাদ্যে জটা ধরে গেলে রাজ্য সরকারের পক্ষে কি করার আছে।

তবে কেয়ারকে এই সম্পর্কে আমরা জানিয়েছি এবং এই ব্যাপারে তারা দেখছেন কি করা যায়।

শ্রী ধীরেন সেন : মাননীয় মন্ত্রী মহাশয়, আমার প্রশ্ন এই যে খাদ্য রান্না হয়, কিন্তু যারা রান্না করে সেই হেল্পারের পোস্ট অনেক জায়গায় খালি আছে এবং আপনার নিয়োগ নীতি আছে যে হোম থেকে কিছু লোক নেওয়া হবে। কিন্তু ১১০ টাকা মাইনেতে তারা হোম থেকে যাবেনা। এই অর্ডার ড্র করে লোকাল মেয়ে ছেলেদের নেওয়া যায় কিনা, এই বিষয়টা সম্বন্ধে কিছু বলবেন কি?

শ্রী বিশ্বনাথ চৌধুরী : সর্বক্ষেত্রে সম্ভব নয়। হোমে যে সমস্ত মেয়েরা থাকে তাদের স্বনির্ভর করবার জন্য আমরা বিভিন্ন জায়গায় হোমের পক্ষ থেকে মেয়েদের ওখানে দেবার চেষ্টা করি এবং এরজন্য আমাদের কিছুটা সময় অপেক্ষা করতে হয়। আমরা চেষ্টা করি যাতে হোমের থেকে সেখানে লোক দেওয়া যায়। আরেকটা অসুবিধা যেখানে প্রোজেক্ট হয় সেই সমস্ত প্রোজেক্ট ইন্টিরিয়র জায়গাগুলিতে লোক নেওয়ার জন্য সেখানে একটা কোটা রাখা হয়, দপ্তরের পক্ষ থেকে সেটা তাদের দেওয়া হয়। আই. সি. ডি. এস. প্রকল্প চালু হলে সেখানে মূল সেন্টার অর্থাৎ হেডকোয়াটারে ৪টি পোস্ট খালি রাখতে হবে। হোমের মেয়েদের সেখানে এক সাথে যাতে দেওয়া যেতে পারে এবং তারা যাতে একসাথে মেস করে থাকতে পারে।

শ্রী ধীরেন সেন : আপনি কোশ্চেনটা ঠিক বুঝতে পারছেন না, ১১০ টাকায় বাইরে মেয়েদের পক্ষে জীবন ধারণ করা সম্ভবপর নয় এবং স্থানীয় মেয়েরাও চাকরি গ্রহণ করতে পারেননি।

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এটা খুবই প্র্যাকটিক্যাল। কিন্তু মুশকিল হচ্ছে টাকা বাড়ানোর ক্ষমতা আমাদের নেই। কেন্দ্রীয় সরকার এই টাকা বৃদ্ধি করে। এই ব্যাপারটা প্র্যাকটিক্যাল হলেও হোমের মেয়েদের এইভাবে তিন চারটি সেন্টারে এক সাথে দেওয়া হয়, যাতে তারা মেস করে থাকতে পারে।

শ্রীমতী মহারাণী কোঙার : বিশেষ কোশ্চেন। আমরা আই. সি. ডি. এস প্রকল্পের সঙ্গে যুক্ত এবং ডি. এম এইসব নিয়ে আমাদের সঙ্গে আলোচনা করে। আমি একটা বিশেষ আবেদন আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়কে জানাচ্ছি, এই আই. সি. ডি. এস প্রকল্পে বাইরে থেকে মেয়েদের এনে সুপারভাইজারি কাজ করাচ্ছেন এবং তাদের পক্ষে এই কাজ করা খুব অসম্ভব। যদি গ্রামীণ মেয়েদের এই সুপারভাইজার করা না হয় তাহলে ঐ সল্টলেক থেকে বা অন্যান্য সমস্ত টাউন থেকে মেয়েদের এনে সুপারভাইজার করলে কাজের খুব অসুবিধা হয়। যদি গ্রামীণ মেয়েদের এই কাজ দেওয়া হয় তাহলে এই প্রকল্প কার্যকরি হতে পারে। তাই এই বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

[1-30 – 1-40 P.M.]

শ্রী বিশ্বনাথ চৌধুরী : এটার জন্য আমরা নজর দিয়েছি, বিভিন্ন জেলার এমপ্লয়মেন্ট এক্সচেঞ্জ থেকে নাম দিচ্ছে, সেই নামের ভিত্তিতে ইন্টারভিউ করছি এবং তাঁরা যাতে সেখানে

থাকতে পারেন তার ব্যবস্থা নিচ্ছি।

Mr. Speaker : Starred Question *511 and Starred Question *540 will be taken together.

কলিকাতার পহিবহন সমস্যা সমাধানে জাপানি প্রতিনিধিদলের সহিত আলোচনা

***৫১১। (অনুমোদিত প্রশ্ন নং *৪২১।) শ্রী দিলীপকুমার মজুমদার :** পহিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলকাতার সার্বিক পহিবহন সমস্যার সমাধানে জাপানি প্রতিনিধিদলের সাথে রাজ্য সরকারের কোনও আলোচনা হয়েছে কিনা; এবং

(খ) হয়ে থাকলে তার ফলাফল কি?

শ্রী শ্যামল চক্রবর্তী :

(ক) হ্যাঁ

(খ) ফলাফল এখনও জানা যায়নি।

জাপানি সহযোগিতায় কলিকাতার পহিবহন ব্যবস্থা উন্নয়ন

***৫৪০। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭৩।) শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ :** পহিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জাপানের আর্থিক সহযোগিতায় কলকাতার পহিবহন ব্যবস্থার উন্নয়নের জন্য পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; এবং

(খ) সত্য হ'লে,—

(১) কি কি পরিকল্পনা গ্রহণ করা হয়েছে; ও

(২) উক্ত পরিকল্পনাগুলি কবে নাগাদ রূপায়িত হবে?

শ্রী শ্যামল চক্রবর্তী :

(ক) এরূপ একটি প্রস্তাব জাপান সরকারের নিকট বিবেচনাধীন আছে।

(খ) (১) প্রস্তাবটিতে কলকাতা শহরে ১০টি Vehicular flyover, ১৪টি Padestian walkover, ২টি Multistored/underground parking place ইত্যাদি Scheme গুলি আনুমানিক ১২০ কোটি টাকা ব্যায়ে তৈরি করার কথা আছে।

(২) এখনই বলা সম্ভব নয়।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ : মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জাপানের সঙ্গে কথা হয়েছে এবং যে পরিকল্পনার কথা বললেন জাপানের সঙ্গে এই নিয়ে আলোচনার পর কেন্দ্রীয় সরকারের অনুমোদন দরকার কিনা এবং দরকার হলে এই ব্যাপারে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথাবার্তা বলেছেন কিনা এবং বললে কি অবস্থা দাঁড়িয়েছে?

শ্রী শ্যামল চক্রবর্তী : এই বিষয়ে কেন্দ্রীয় সরকারের অনুমোদন দরকার, কিন্তু জাপানের

যে কোম্পানি এর সঙ্গে যুক্ত, যাঁরা প্রোজেক্ট করছেন তাঁরা হলেন ওভারসিজ ইকনমিক কোঅপারেশন ফাণ্ড, তাঁরা যদি ইতিবাচক কথা না জানান তাহলে কেন্দ্রীয় সরকারের কিছু করার নেই। আমরা কেন্দ্রীয় সরকারের মারফত কথাবার্তা চালাচ্ছি যাতে তাড়াতাড়ি এগনো যেতে পারে।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ জাপানের সঙ্গে প্রাথমিক কথাবার্তা হয়েছে, নিশ্চয়ই কিছু ইতিবাচক না থাকলে এই প্রকল্পগুলি নিয়ে জাপানের সঙ্গে কথা হত না, প্রাথমিক কি ইতিবাচক কথা হয়েছে জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমরা ৪/৫ ধরণের প্রোজেক্ট নিয়েছি, এক্সপার্ট যাঁরা এসেছিলেন তাঁরা মনে করেছেন একটা প্রোজেক্টে আসতে পারেন, স্বভাবতঃই বাকি প্রোজেক্ট বাদ দিয়ে সেই প্রোজেক্ট নিয়ে মার্চ মাসের মধ্যে তাঁদের মতামত জানাবার কথা ছিল, কিন্তু মে মাসে এখনও পর্যন্ত জানাননি। আমাদের অফিসার দিল্লী গেছেন, আমাদের পশ্চিমবঙ্গের এম পি এই ব্যাপার নিয়ে কথাবার্তা বলবেন এই রকম কথা আছে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি (ক) প্রশ্নের উত্তরে আপনি হ্যাঁ বলেছেন, এখানে সার্বিক সমস্যা সমাধানের প্রশ্ন করা আছে, এবারে বলুন ট্রাম যেটা তুলে দেওয়ার কথা সংবাদপত্রে দেখেছি সে সম্বন্ধে পরিকল্পনা কি গ্রহণ করেছেন এবং সত্যই ট্রাম তুলে দিলে কলকাতার পহিবহন সমস্যার সমাধান হবে কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ সার্বিক পহিবহন সমস্যার সমাধানে জাপানি প্রতিনিধি দলের সঙ্গে রাজ্যসরকারের কোনও আলোচনা হয়েছে কিনা প্রশ্নটা এটাই আমি বলেছি হ্যাঁ, একটা বিষয়ে আলোচনা হয়েছে।

শ্রী সুব্রত মুখার্জি ঃ আমি টু দি পয়েন্ট কোয়েশ্চেনের টু দি পয়েন্ট অ্যানসার চাচ্ছি। আমরা এখানে দেখতে পাচ্ছি পরিবহন সমস্যার সমাধান সম্পর্কে প্রশ্ন আছে, সার্বিক সমস্যা সমাধানে তার মধ্যে কি ট্রাম পড়েনা? আজকে কলকাতার মানুষ বিধান সভার থ্রু দিয়ে মন্ত্রী মহাশয়ের কাছে কি এই ব্যাপারে জানতে চাইবে না? কলকাতার পরিবহনের সার্বিক সমস্যা সমাধান সম্পর্কে প্রশ্ন করেছে, আমি বলছি এটা কোনও পার্টির প্রশ্ন নয়, আমি আপনার প্রোটেকশন চাচ্ছি। ক্যাটিগোরিক্যালি পরিষ্কারভাবে বিতর্কের যেটা সৃষ্টি হয়েছে সংবাদপত্রের মধ্যে বহু শিল্পী সাহিত্যিকের মতামত ছাপানো হচ্ছে, আপনি সরাসরি প্রশ্নের সম্মুখীন হয়েছেন যে ট্রাম আপনি চালাবেন কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ ট্রাম সম্পর্কে যদি আলোচনা করতে চান তাহলে আলাদা ভাবে প্রশ্ন করতে পারেন। অন্য একটা প্রশ্নের সঙ্গে ট্রামকে যুক্ত করে প্রশ্ন করাটা এখানে আসে না। সাপ্লিমেন্টারিতে গোপন করার কিছু নেই। সংবাদপত্রে বলেছি তখন গোপন করার কিছু নেই। আমি আপনার সাপ্লিমেন্টারি প্রশ্নের জবাবে বলেছি যে, ৪/৫টি প্রজেক্ট নিয়ে ওদের সঙ্গে আলোচনা করেছিলাম। তার মধ্যে একটি প্রজেক্ট ওরা করছেন। সেই প্রজেক্টটা কি, সেটা আমি বলেছি। কাজেই প্রশ্নটি সেই ক্ষেত্রেই আপনার কেন্দ্রীভূত করা উচিত।

শ্রী সুব্রত মুখার্জি ঃ ৪টি প্রজেক্ট কি, তা কিন্তু বলেন নি। স্পিকার মহোদয়, আমি

আপনাকে বলছি আপনি এই প্রশ্নটি পড়ে দেখুন কি আছে। প্রশ্নটা হচ্ছে, "কলকাতার সার্বিক পহিবহন সমস্যাটা কি—" ট্রামের ব্যাপারটা বহু বিতর্কিত ব্যাপার। এর মধ্যে এটা কি আসে না? আপনি যদি বলেন, না, তাহলে আমি বসে পড়ছি। আমি আপনার প্রোটেকসন চাইছি।

মিঃ স্পিকার ঃ আপনি প্রশ্ন করেছেন, মন্ত্রী উত্তর দিয়েছেন। এই উত্তর আপনার কাছে সন্তোষজনক হচ্ছে না। এতে কি আর করা যাবে—

শ্রী সুব্রত মুখার্জি ঃ স্যার, উত্তর আমার মনোমতো হোক বা না হোক, আমি যে প্রশ্ন করেছি উনি তার উত্তর দেবেন তো?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ ট্রাম সম্পর্কে যদি আলোচনাই করতে চান তাহলে ট্রাম সম্পর্কে আলাদা প্রশ্ন করছেন না কেন?

মিঃ স্পিকার ঃ শ্যামলবাবু, আমি প্রশ্নটা ওঁর হয়ে করে দিচ্ছি। এই ট্রাম তুলে দেওয়াটা কি সার্বিক উন্নয়নের মধ্যে আছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমরা জাপানের সঙ্গে ৫টি প্রজেক্ট নিয়ে কথা বলেছি, তার মধ্যে ট্রাম ছিল না। জাপানের সঙ্গে যা আলোচনা করেছি তাই বলেছি। ট্রাম সম্পর্কে জাপানের সঙ্গে আমাদের কোনও আলোচনা হয়নি। সুতরাং এর মধ্যে জিনিসটা আসে না।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ জাপানি প্রতিনিধি-দল যারা এখানে এসেছিলেন, সেই সম্পর্কে আপনি বললেন যে, তারা ওখানকার একটা বড় কোম্পানি। এই ধরণের মাল্টি ন্যাশনাল করপোরেশনের বিরুদ্ধে আমরা অতীতে বারবার কথা বলেছি এবং এই মাল্টি ন্যাশনাল করপোরেশনগুলি যাতে এদেশে আসতে না পারে তার জন্য আমরা তাদের বিরোধিতা করেছি। এই ধরণের কোম্পানিটি কত বড়, কি ধরণের কোম্পানি এবং হঠাৎ এই কোম্পানির সঙ্গে চুক্তির কথা উঠল কি করে? আমাদের দেশজ মাথা কি এই কলকাতার পহিবহন সমস্যার সমাধানের ক্ষেত্রে কোনও ভূমিকাই নিতে পারছে না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ এটা নীতির কোনও কথা নয়। ওরা কোনও টাকা ইনভেস্ট করতে এখানে আসছে না। এখানে বিনিয়োগ করে টাকা তুলে নিয়ে যাবে, ব্যাপারটা তা নয়। ওভারসিস ইকনমিক কো-অপারেটিভ ফাণ্ড—যেমন ওয়াল্ড ব্যাঙ্কের টাকা আমরা ধার নিয়েছিলাম তেমনি ওরা'ও আমাদের টাকার অংশটা ধার হিসাবে দেবে এবং আমরা সুদ সহ তা ফিরিয়ে দেব।

শ্রী নিরুপম সেন ঃ জাপানের সঙ্গে আলোচনার ফলাফল নেতিবাচক হলে আপনি যে প্রকল্পগুলি নিয়েছেন সেইগুলি অগ্রাধিকারের ভিত্তিতে করার ব্যাপারে রাজ্য সরকারের কোনও চিন্তা ভাবনা আছে কিনা, জানাবেন?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ সাধারণ ভাবে সরকারি নিয়ম হচ্ছে, এই জাতীয় কোনও চুক্তি যখন করা হয় তখন স্বাভাবিক ভাবেই সেটাকে অগ্রাধিকারের ভিত্তিতে দেখা হয়।

শ্রী প্রবুদ্ধ লাহা ঃ মন্ত্রী মহাশয় শুধু মাত্র জাপানের সঙ্গে কোলাবোরেশন চেয়েছেন। এই

সার্বিক উন্নয়নের ব্যাপারে কি বিশ্বের অন্যান্য দেশের মতামত নেওয়া যেত না এবং গ্লোবাল টেণ্ডার কল করা যেত না? আপনি শুধুমাত্র জাপানের সঙ্গে আলোচনায় বসেছেন—এতে কি কিক ব্যাঁক আছে?

[1-40 – 1-50 P.M.]

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ কিক ব্যাক সম্পর্কে আপনার ধারণা দেখে আমি অবাক হয়ে যাচ্ছি মিঃ লাহা। এটা হচ্ছে আমরা ধার নিচ্ছি। এখানে ইনভেস্টমেন্ট কিছু নয়। দু নং কথা হচ্ছে, আমাদের এখানে যারা আসছেন বিভিন্ন দেশ থেকে সেখানে আমাদের কথাবার্তা বলতে হয়—যারা উদ্যোগী। এখানে গ্লোবাল টেণ্ডারের কোনও প্রশ্ন আসে না।

শ্রী সূর্য চক্রবর্তী ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানালেন যে জাপানের সঙ্গে ৪টি প্রকল্প নিয়ে কথাবার্তা বলেছেন এবং তার একটি বিষয়ে এখানে উল্লেখ করলেন। মাননীয় মন্ত্রী মহাশয় বাকি প্রকল্পগুলির কথা এখানে জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ যেটা আলোচনা করেছি সেটা হচ্ছে, কিছু ফ্লাই-ওভার, ভেহিকুলার ফ্লাই ওভার, যা দিয়ে গাড়ী যাবে। দু নং হচ্ছে পথচারীদের যাতায়াতের জন্য বা পারাপারের জন্য সম্ভব হলে সাবওয়ে অথবা পেডিস্ট্রিয়াল ফ্লাই ওভার এবং তিন নং হচ্ছে, কলকাতায় যেটার খুবই অভাব, পার্কিং-এর জায়গা তৈরি করা। সেটা আণ্ডারগ্রাউণ্ড হতে পারে অথবা মাল্টিস্টোরড হতে পারে। এই তিনটি পরিকল্পনা ওদের কাছে পাঠিয়েছি।

শ্রী দেবপ্রসাদ সরকার ঃ মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে জাপানি কোম্পানির সঙ্গে আলোচনা করেছেন আর্থিক সহযোগিতার ব্যাপারে প্রাথমিক যে আলোচনা হয়েছে তাতে বলেছেন যে আসলে ওরা ধার দেবে এবং আমরা শোধ দেব। সেখানে নিশ্চয় কিছু টার্মস অ্যাণ্ড কনডিসান্স থাকবে। বিশেষ করে সেখানে রেট অব ইন্টারেস্ট সম্পর্কে আলোচনা হবে। মাননীয় মন্ত্রী মহাশয় এই রেট অব ইন্টারেস্ট এবং টার্মস অ্যাণ্ড কনডিসান্স সম্পর্কে কোনও আইডিয়া দিতে পারবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আন্তর্জাতিক ক্ষেত্রে তাদের একটা দর নির্ধারণ করা আছে এবং সমস্ত দেশের সঙ্গে সেই ভিত্তিতে তারা চুক্তি করেন। এটা ৬ মাস আগের ব্যাপার, সুদের হারটা আমার মনে নেই, এটা আগে বললে বলতে পারতাম।

ডাঃ সুদীপ্ত রায় ঃ মাননীয় মন্ত্রী মহাশয় কলকাতার সার্বিক উন্নয়নের জন্য চেষ্টা করছেন এটা ভাল কথা। মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি, জাপানের আর্থিক সহযোগিতায় কোলকাতায় ট্রাম তুলে দিয়ে ট্রলিবাস চালাবার কোনও পরিকল্পনা করছেন কি না?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ ট্রলি বাসের প্রধান অসুবিধা হচ্ছে যে এর প্রায় শতকরা ৯০ ভাগ জিনিস বিদেশ থেকে আমদানি করতে হয়। সুতরাং যতক্ষন পর্যন্ত না দেশে শিল্প বা ইনফ্রাস্ট্রাকচার গড়ে ওঠে ততক্ষন এর উপর নির্ভর করে এই ধরণের ট্রান্সপোর্টের মতোন অর্গানাইজেসন চালানো যায় না। যদি ভারতবর্ষের ৪/৫টি বড় শহরে এবং অথবা কোনও রাজ্যে তারা ট্রলি বাস প্রবর্তন করে—একসঙ্গে করে—তাহলে তার ভিত্তিতে একটা কাজ করা যায়। নতুবা ট্রলিবাস নেওয়াটা আমাদের পক্ষে বিপদজনক হয়ে যাবে।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ এই যে কথা বলেছেন জাপানি ফাইনালসিয়াল ইন্সটিটিউশনের সঙ্গে এখানে কেন্দ্রীয় সরকারের কিছু কন্‌কারেনসের দরকার আছে। যদি থাকে তাহলে কেন্দ্রীয় সরকার আলোচনা করার সময় কোনও শর্ত আরোপ করেছেন কিনা?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ কেন্দ্রীয় সরকারের মাধ্যমে আমাদের কাছে অনেক ব্যাপারে প্রস্তাব আসে। যেমন বিদ্যুতের ক্ষেত্রে আসে, পানীয় জলের ক্ষেত্রে আসে, ইরিগেশনের ক্ষেত্রে আসে, এইরকম ট্রান্সপোর্টের ক্ষেত্রেও আসে। আমরা রাজ্যসরকারের তরফ থেকে আলোচনা করি। কেন্দ্রীয় সরকারের কাছে ৪টি ডিপার্টমেন্টকে নিয়ে পাঠায়। তারপর ওরা আলোচনা করতে এসেছিল। সেই আলোচনায় আমাদের কাছে ট্রাসপোর্ট নিয়েই তারা বেশি আগ্রহ দেখান। পরবর্তীকালে ট্রাসপোর্টের পরিকাঠামোর উপর বেশি আগ্রহ দেখান। সেখানে ঋন গ্রহণের শর্ত ছাড়া আর কোনও শর্ত কেন্দ্রীয় সরকার দেন নি।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি সেদিন এই বিধান সভায় ট্রাম তুলে দেবার জন্য কাগজের বক্তৃতার কথা বলেছিলাম। আপনি বলেছিলেন যে খবরের কাগজে যা বেরিয়েছে তা নিয়ে এখানে আলোচনা করবেন না। আমি ভেবেছিলাম যে আজকে মন্ত্রী মহাশয় খবরের কাগজে যা বেরিয়েছে তা ঠিক কিনা সেটা ক্লারিফাই করবেন কিন্তু তিনি সেদিকে যেতে চাইছেন না। যাই হোক, আমি আর সেই ব্যাপারে যাচ্ছি না। আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাচ্ছি যে ৪টি প্রোজেক্টের কথা উনি বললেন যে জাপানের সহযোগিতায় হচ্ছে মেনলি ফ্লাই ওভার Underground vehicle fly-over, multi-storied parking এর কোনওটাতেই কোনও বিদেশি টেকনিক্যাল কোলাবরেশনের দরকার হয়না। কারণ এর সবগুলিই ভারতীয় ইঞ্জিনিয়াররা তাদের প্রযুক্তি দিয়ে বানাতে পারে। সুতরাং সেক্ষেত্রে এটা আমার কাছে স্পষ্ট নয় যে ও. আর. সি. ডি. ফাণ্ড, যেটা জাপান সরকারের একটা ঋণদান সংস্থা তাদের কাছে আমাদের যাবার দরকার কি আছে। তাই আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাচ্ছি যে মহারাষ্ট্র সরকার যে ভাবে কিছু রাস্তা, কিছু ফ্লাই ওভার ইত্যাদি এই ধরণের কাজ প্রাইভেট সেক্টরকে এবং হিন্দুস্থান কনস্ট্রাকশন কর্পোরেশনকে দিয়েছে, সেই ধরণের কোনও বিকল্প পরিকল্পনা আছে কিনা কলকাতার এই সার্বিক পরিবহন সমস্যা সমাধান করার জন্য?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ জাপান সরকারের সঙ্গে আমাদের যে চুক্তি হয়েছে সেটা হচ্ছে টাকার চুক্তি অর্থাৎ ধারের চুক্তি। জাপান সরকার আমাদের টাকা ধার দেবে, আমরা শোধ করবো—এই হচ্ছে চুক্তি। লোকেরা যেমন ব্যাঙ্ক থেকে টাকা ধার নেয়, আবার সেটা শোধ করে। এই পরিকাঠামো তৈরি করার জন্য পর্যাপ্ত অর্থ আমাদের হাতে এই মুহূর্তে নেই। সে জন্য ঐ অফারটা যখন আমাদের কাছে আসে আমরা তা গ্রহণ করি। তবে এটা ঠিক যে তাদের কিছু শর্ত আছে। সেটা হচ্ছে টেকনোলজিক্যাল নো হাউ তাদের কাছ থেকে নিতে হবে। আপনি যে কথা বললেন সেটা ঠিকই বলেছেন যে টেকনোলজিক্যাল নো হাউ আমাদের দেশেও আছে তবুও আমরা তাদের সঙ্গে গেলাম কেন? আমাদের এখানে মেট্রো রেলের ব্যাপারে দেখেছেন যে আমরা খুব অসুবিধায় আছি। রাস্তার উপরে সারফেশ ট্রান্সপোর্টকে ডিসটার্ব করে যদি কোনও কন্সট্রাকশন ওয়ার্ক করতে হয় তাহলে সেটা কলকাতার পক্ষে বহন করা অসুবিধা হয়। কিন্তু জাপানি টেকনোলজি খুব উন্নত হয়েছে। তারা সারফেস

ট্রান্সপোর্টকে একটা মিনিমাম ডেস্ট্রাকশনের মধ্যে রেখে অল্প সময়ের মধ্যে দ্রুত ষ্ট্রাকচার তৈরি করতে পেরেছে। এটা আমাকে আকৃষ্ট করেছে। আর দ্বিতীয় হচ্ছে ইমিডিয়েট আমাদের টাকার প্রয়োজন এবং একটা বড় ফাণ্ড ইনভেষ্টমেন্ট করা দরকার যেটা আমাদের নেই। সে জন্য আমরা তাদের কাছে গেছি। আর প্রাইভেট সেক্টরকে দিতে চাইনি সেটা খানিকটা আমাদের নীতিগত সিদ্ধান্ত বলতে পারেন। এটা মহারাষ্ট্রের সঙ্গে পৃথক আছে। আমরা মালিকানা হস্তান্তর করতে চাইনা। এদের কাছ থেকে আমরা ধার নিচ্ছি, মালিকানা আমাদের থেকে যাচ্ছে। আমরা ৫/১০ বাদে শোধ দেব।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয় মন্ত্রী মহাশয়, আপনি সার্বিক পরিবহনের ব্যাপারে অনেক দীর্ঘ উত্তর দিলেন। আমি এই ব্যাপারে একটা প্রশ্ন আপনার কাছে রাখছি। বর্তমানে কলকাতার পহিবহন সমস্যা মোকাবিলা করার জন্য আপনি কিছু জাপানি মিনিবাস-এর প্রবর্তন করেছেন। আমার মূল প্রশ্ন হচ্ছে, দেশে বর্তমানে অলউইন যে কোম্পামী আছে, তারা ২১ সিট বিশিষ্ট মিনি বাস বের করেছে। সেই বাস না চালিয়ে হঠাৎ জাপান থেকে ৬টা ২৭ সিট বিশিষ্ট বাস কিনতে যাবার পরিকল্পনা নিচ্ছেন কেন জানাবেন কি?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ প্রথমত মিনিবাস ২১ সিটের ভায়েবল হয় না। ওদেরটা ২৭ সিটের নয়, ৩৩ সিটের আছে। আমরা শুধু জাপান থেকেই কিনছি না, অশোক লে-ল্যাণ্ড, টাটা ট্রান্সপোর্ট, বিভিন্ন সংস্থার কাছ থেকেও কিনছি। আমাদের কিছু সুবিধা হল এরা যে ধারে দিচ্ছে, বাস চালিয়ে আমরা শোধ দেব। এই মুহুর্তে ইনভেস্টমেন্ট করার মতো টাকা আমাদের নেই। সে জন্য এই সুযোগটা আমরা গ্রহণ করেছি। তবে জাপানি মিনি বাস কেনা সম্পর্কে আমার বক্তিগত খুব একটা ইচ্ছা ছিলনা। দেশিয় ইণ্ডাস্ট্রিতে এখানে প্রায় সবই তৈরি হচ্ছে। কিন্তু ওদেরটাতে পেট্রোল, ডিজেলের কনজামশন অন্যদের তুলনায় কম লাগবে। প্রথমতঃ আমরা যেটা ভেবেছি যে জাপানিটা ৫০ এবং অশোক লে-ল্যাণ্ড, টাটা এদের কাছ থেকেও আমরা নিচ্ছি। তবে ওদের দিচ্ছি কেবল, সেই জন্য বাকিরা বলছে আমাদের কিছু দাও, এই ভাবে একটা প্রতিযোগিতা চলছে এবং আমরা সেই সুযোগ গ্রহণ করছি।

[1-50 – 2-00 P.M.]

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কী, এই জাপানের সঙ্গে এই যে পরিবহন সংক্রান্ত বিষয়ে কথাবার্তা চলছে, এর বাইরে বিভিন্ন সংস্থার সঙ্গে কলকাতার এ্যাক্স দি সিটি মোনো রেল চালাবার কোনও প্রস্তাব কী আপনার ডিপার্টমেন্টের আছে?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ আমরা জাপানকে এই প্রস্তাব দিয়েছিলাম অনেক গুলো প্রস্তাবের মধ্যে, কিন্তু এই প্রস্তাবে ওরা আকৃষ্ট হয়নি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় ঃ এর আগে এই কলকাতা শহরে সি. ইউ. টি. পি. টাকায় ২৯১টি বাস নামানো হয়েছিল দোতলা বাস যেগুলো এই কলকাতা শহরে চলতে পারে না, এখানকার পথ ঘাট এমন, সেই জন্য আমি জিজ্ঞাসা করছি এই যে মিনি বাস জাপান থেকে নিয়ে আসছে, এর টেকনোলজি সম্পর্কে জেনে আনছেন কী?

শ্রী শ্যামল চক্রবর্তী ঃ তিন মাস ওরা আমাদের চালাতে দিচ্ছে। তবে আমরা দেখেছি

আসানসোলে এবং আরও দু একটা জায়গায় চলছে, তাদের পারফরমেন্স রেকর্ড ভাল, সেই গুলো এখনও পর্যন্ত খারাপ হয়নি। সুতরাং সেই বাস গুলো নিয়ে প্রথমে চালাবার পরিকল্পনা নিয়েছি।

বীরভূম জেলার জন্য প্রেরিত ত্রাণ সামগ্রী

***৫১৪। (অনুমোদিত প্রশ্ন নং *১১২০।) শ্রী অসিতকুমার মাল ঃ** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) বীরভূম জেলায় গত আর্থিক বৎসরে কত টাকা এবং কি কি ত্রাণ সামগ্রী পাঠানো হয়েছিল;

(খ) তন্মধ্যে, (১) ময়ূরেশ্বর ১নং ও ২নং (২) রামপুরহাট ১নং ও ২নং পঞ্চায়েত সমিতিকে কত টাকার ত্রাণ সামগ্রী পাঠানো হয়েছিল; এবং

(গ) রামপুরহাট ২নং পঞ্চায়েত সমিতিতে কতজন ব্যক্তিকে ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছে?

শ্রীমতী ছায়া বেরা ঃ

(ক) বিভিন্ন খাতে মোট ৩৭,৬৪,৬৮০ টাকা ১৫৫০টি ত্রিপল, ৪৫০টি শাড়ি, ৪৫০টি ধুতি, ২০০টি লুঙ্গি, ১০০টি প্যান্ট, ১০০টি সার্ট, ১০০টি ইজার ও ১০০টি ফ্রক পাঠানো হয়েছিল।

(খ) চারটি পঞ্চায়েত সমিতিকে নিয়ে উল্লিখিত অঙ্কের ত্রাণ সামগ্রী পাঠানো হয়েছিল ঃ

ময়ূরেশ্বর ১নং	ঃ	১,৩৭,২৪৮.৭৪ টাকা
ময়ূরেশ্বর ২নং	ঃ	১,১৯,৮৭৯.৯০ টাকা
রামপুরহাট ১নং	ঃ	১,৭৪,৩৯৩.৭০ টাকা
রামপুরহাট ২নং	ঃ	১,৮৯,৭৪৪.১৬ টাকা
মোট		৬,২১,২৬৬.৫০ টাকা

(গ) ১১৪৩ জনকে।

ডাঃ মানস ভুঁইয়া ঃ রামপুরইহাট দু নং পঞ্চায়েত সমিতিতে যে টাকা দিয়েছিলেন, ত্রান সামগ্রী দিয়েছিলেন, তার ইউটিলাইজেশন সার্টিফিকেট কী ঐ ব্লক থেকে আপনার দপ্তরে এসেছে?

শ্রীমতী ছায়া বেরা ঃ ইউটিলাইজেশন সার্টিফিকেট এসেছে কী না, আপনি নির্দিষ্ট ভাবে জানতে চাইবেন, আমি বলে দেবো।

ডাঃ মানস ভুঁইয়া ঃ এটা গত আর্থিক বছরের ব্যাপার, আপনি এখানে হিসাব দিলেন, আপনি জানবেন না?

শ্রীমতী ছায়া বেরা ঃ মোট হিসাব যে ভাবে আসার কথা সেটা এসেছে এবং রামপুর

হাট দু নং ব্লকের ব্যাপারটা জানতে গেলে নোটিশ দিতে হবে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ আপনি জানালেন যে ইউটিলাইজেশন সার্টিফিকেট এসেছে কী না বলতে পারছেন না। আমার মূল প্রশ্ন হচ্ছে, সিলেকশন অব বেনিফিসিয়ারিজ।

শ্রীমতী ছায়া বেরা ঃ ইউটিলাইজেশন সার্টিফিকেট সামগ্রিক ভাবে যেটা দেওয়ার নিয়ম, সেটা দেখেছি। আপনি পার্টিকুলার ব্লক সম্পর্কে বলেছেন বলে আমি এই কথা বললাম।

ডাঃ মানস ভূঁইয়া ঃ রামপুরহাট ২নং পঞ্চায়েত সমিতিতে কতজন ব্যক্তিকে ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছে? এই প্রশ্নের পরিপ্রেক্ষিতেই আমি জানতে চাইছি, রামপুরহাট ২নং পঞ্চায়েত সমিতিকে কি কি জিনিস দেওয়া হয়েছিল?

শ্রীমতী ছায়া বেরা ঃ ১১৪৩ জন ব্যক্তিকে ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছে, এটা আমি আগেই বলে দিয়েছি। কি কি জিনিস দেওয়া হয়েছে—ত্রিপল, শাড়ি ইত্যাদি রামপুরহাট ২নং ব্লকে, সেই সংখ্যা-তত্ব নির্দিষ্ট নোটিশ না পেলে বলতে পারব না।

ডাঃ মানস ভূঁইয়া ঃ হোম-ওয়ার্ক করে আসেন নি। আপনি অ্যাসেম্বলিতে এসেছেন, হোম ওয়ার্ক করে আসেন নি, কি করেন আপনি?

শ্রীমতী ছায়া বেরা ঃ সারা পশ্চিম বাংলায় আমাদের ত্রাণ কার্য যখন পরিচালনা করা হয় তখন একটা নির্দিষ্ট ব্লকে কত জামা, ত্রিপল, শাড়ি ইত্যাদি দেওয়া হয়েছে সেই হিসাব এখানে পেশ করতে হলে নির্দিষ্ট ব্লক থেকে তা নিয়ে এসে করতে হবে। দপ্তরে বসে ১৭'টি জেলার সবকটি ব্লকের হিসাব রাখা সম্ভব নয় এবং সেই হিসাব হঠাৎ এখানে পেশ করাও সম্ভব নয়। সেই ভাবে কাগজ-পত্র এখানে নিয়ে আসতে হলে এখানে কাগজের স্তুপ নিয়ে আসতে হবে। সেটা কখনই সম্ভব নয়। সুতরাং মাননীয় সদস্য নির্দিষ্ট ব্লকের নির্দিষ্ট প্রশ্নের যদি নোটিশ দেন তাহলেই উত্তর দেওয়া সম্ভব। আমাদের ব্লক থেকে উত্তর নিয়ে আসতে হয়। কারণ এই সমস্ত হিসাব ব্লকে থাকে, পঞ্চায়েত সমিতিতে থাকে।

ডাঃ মানস ভূঁইয়া ঃ মাননীয়া মন্ত্রী মহোদয়া, আপনি বললেন যে, আপনি নির্দিষ্ট প্রশ্ন করলে নির্দিষ্ট উত্তর দেবেন। আপনি যদি প্রশ্নটা পড়েন তাহলেই দেখতে পাবেন যে, নির্দিষ্ট ব্লকেরই প্রশ্ন করা হয়েছে। প্রশ্নটা হচ্ছে, রামপুরহাট ২নং পঞ্চায়েত সমিতিতে কতজন ব্যক্তিকে ত্রাণ সামগ্রী দেওয়া হয়েছে উত্তরে আপনি সেই সংখ্যাটা বলেছেন এবং এখন খুব স্বাভাবিক কারণেই সাপ্লিমেন্টারি কোশ্চেন আসবে, কি কি কারণে দেওয়া হয়েছে, কত দেওয়া হয়েছে? দুটো খুবই রিলেটেড কোশ্চেন, রেলেভেন্ট কোশ্চেন। সুতরাং আপনি এ ব্যাপারে আমাদের এনলাইটেণ্ড করুন।

শ্রীমতী ছায়া বেরা ঃ ত্রান সামগ্রী প্রয়োজন অনুসারে এক একজনকে এক এক রকম দেওয়া হয়েছে বা হতে পারে। কাউকে হয়ত একটা কাপড় দেওয়া হয়েছে, কাউকে একটা ত্রিপল দেওয়া হয়েছে। এগুলি আপনি নির্দিষ্ট ভাবে জানতে চাইলে আমাকে সেই ব্লক থেকে খোঁজ আনতে হবে। তা নাহলে বলা যাবে না। এটা খুবই সাধারণ কথা।

অকেজো গুচ্ছ নলকূপ এবং অগভীর নলকূপ চালু করার পরিকল্পনা

*৫১৬। (অনুমোদিত প্রশ্ন নং *১৬৯১।) **শ্রী মান্নান হোসেন :** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, পশ্চিমবঙ্গে কিছু সংখ্যক (১) গুচ্ছ নলকূপ প্রকল্প ও (২) অগভীর নলকূপ প্রকল্প অকেজো হয়ে আছে;

(খ) যদি 'ক' উত্তর 'হ্যাঁ' হয় তবে, তার সংখ্যা কত; এবং

(গ) উক্ত নলকূপ প্রকল্পগুলি পুনরায় চালু করার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

শ্রী কামাখ্যানন্দন দাস মহাপাত্র :

(ক) হ্যাঁ।

(খ) ২০৭৪টি।

(গ) সবকটি অকেজো গুচ্ছ নলকূপকে অবিলম্বে চালু করার চেষ্টার পক্ষে অসুবিধা আছে। আর্থিক সংগতির প্রশ্ন আছে। অকেজো অগভীর নলকূপগুলোর মধ্যে ১১৫টি নলকূপ চালু করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা ইতিমধ্যে নেওয়া হয়েছে এবং কাজও প্রায় শেষ হওয়ার পথে। এর মধ্যে ২৪ পরগনায় ৩৬টি, বর্ধমানে ৭টি এবং হুগলিতে ৭২টি নলকূপ আছে। পরবর্তীকালে মেদিনীপুর জেলায় ৭৮টি অকেজো অগভীর নলকূপ চালু করার কাজ হাতে নেওয়া হয়েছে।

শ্রী সৌগত রায় : মাননীয় মন্ত্রী মহাশয়ের উত্তর থেকে একটা জিনিস স্পষ্ট হ'ল না, দু রকমের নলকূপ অকেজো হয়ে আছে, একটা ক্লাস্টার টিউবওয়েল, আর কেটা স্যালো টিউবওয়েল। আমি জানতে চাইছি যে নলকূপ গুলি অকেজো হয়ে পড়ে আছে তার মধ্যে কটা ক্লাস্টার অকেজো হয়ে আছে এবং কটা স্যালো টিউবওয়েল অকেজো হয়ে আছে?

শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র : মাননীয় সদস্য প্রশ্নটি ঠিকই করেছেন, তবে ওনার জানা দরকার গুচ্ছ টিউবওয়েল বলতে যেটা মিন করা হয়েছে সেটা শ্যালো টিউবওয়েল। এখন এই প্রশ্নটা এখানে করে লাভ নেই, কারণ সাত্তার সাহেব যখন মন্ত্রী ছিলেন তখন তিনি যে ফিগার রেখে দিয়েছেন সেই ফিগার থেকে পড়তে হচ্ছে। ১৯৭২-৭৩ সালে আমার দপ্তরে যে সিসটেমে ফিগার রাখতেন সেটা তো পোস্টমর্টেম করে উদ্ধার করা যাবে না। যে নাম্বার অফ ফিগার পাওয়া যাচ্ছে তাতে ক্লাস্টার কত আর নন-ক্লাস্টার কত সেই ফিগার পাওয়া যাচ্ছে না।

শ্রী সৌগত রায় : স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার। ক্লাস্টার টিউবওয়েলের মাধ্যমে একটা বড় এলাকা নিয়ে মাইনর ইরিগেশন করা যায়। সেগুলি আলাদা করে কত ফিগার এই ১৩ বছর ধরে বামফ্রন্ট মন্ত্রী সভা চলার পর এই ফিগার তৈরি করে উঠতে পারেনি। ১৯৭২-৭৩ সালে সাত্তার সাহেবের ফিগার নিয়েই চলতে হচ্ছে। নতুন টিউবওয়েল করার চেয়ে অকেজো টিউবওয়েল সারানো অনেক কম খরচার ব্যাপার। মাননীয় মন্ত্রী মহাশয় বলেছেন ২ হাজার ৭৪টি ক্লাস্টার এবং শ্যালো টিউবওয়েল খারাপ হয়ে আছে। এটা অনেক

বড় এলাকার সেচের ব্যবস্থা করে। সুতরাং সেগুলো রিপেয়ার না করে নতুন টিউবওয়েল করতে যাচ্ছেন কেন?

শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র ঃ আমি সাপ্লিমেন্টারি প্রশ্নটা বুঝতে পারলাম না। একটা অংশে আছে ক্লাস্টার টিউবওয়েলের জটিলতা আর অন্য অংশে যে ২ হাজার ৭৪টির ফিগার দেওয়া হয়েছে সেটা নতুন করে সারানোর ব্যবস্থা করা হয়নি কেন? আমি কোনটির উত্তর দেব?

মিঃ স্পিকার ঃ যাক, কোনওটারই উত্তর দেবেন না, সময় হয়ে গেছে।

Starred Questions
(to which written answers were there laid on the Table)

মুক্ত কারাগার ও বন্দীদের সুযোগ-সুবিধা

*৫১৭। (অনুমোদিত প্রশ্ন নং *১৭১৪।) **শ্রী সুভাষ নস্কর** ঃ স্বরাষ্ট্র (কারা) বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি?

(ক) রাজ্যে কোথায় কোথায় মুক্ত কারাগার চালু হয়েছে এবং চালু হওয়ার সিদ্ধান্ত আছে; এবং

(খ) ঐ কারাগারে বন্দীদের কি কি অতিরিক্ত সুযোগ-সুবিধা দান করা হবে?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

মুর্শিদাবাদ জেলার লালগোলায় ১৯৮৭ সালের জানুয়ারি মাসে একটি মুক্ত কারাগার চালু করা হয়েছে। অন্য কোনও মুক্ত কারাগার চালুর সিদ্ধান্ত বর্তমানে নেই।

মুক্ত কারা বন্দীদের অতিরিক্ত নিম্নলিখিত সুযোগগুলি দেওয়া হয় ঃ

(১) সকাল থেকে রাত্রি নয়টা পর্যন্ত বন্দীদের কারাগারের মধ্যে মুক্তভাবে বিচরণ করতে দেওয়া হয়।

(২) তাঁদের বিশেষজ্ঞের তত্ত্বাবধানে কৃষি এবং উদ্যান বিষয়ে পুঁথিগত এবং হাতে কলমে শিক্ষা দেওয়ার জন্য বাইরের বাগানে যাওয়ারও সুযোগ দেওয়া হয়। তাছাড়া খেলাধূলা ও অন্যান্য সাংস্কৃতিক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত হওয়ার জন্য তাদের কারাগারের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া হয়।

(৩) তাঁদের বন্ধু বান্ধব ও আত্মীয় স্বজনের সঙ্গে পারিবারিক অসুবিধাগুলি নিয়ে আলোচনা করতে দেওয়া হয়।

মেদিনীপুর জেলার গড়বেতা পঞ্চায়েত সমিতি এলাকায় গভীর নলকূপের সংখ্যা

*৫১৯। (অনুমোদিত প্রশ্ন নং *১০৩৪।) **শ্রী সুশান্ত ঘোষ** ঃ কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত গড়বেতা ১ ও ৩ পঞ্চায়েত সমিতি এলাকায় গভীর নলকূপের সংখ্যা কত;

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে কতগুলি অকেজো অবস্থায় আছে;

(গ) বর্তমান আর্থিক বৎসরে ঐ এলাকায় নতুন গভীর নলকূপ তৈরির কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করেছেন কিনা; এবং

(ঘ) করে থাকলে, তাঁর সংখ্যা কত?

কৃষি (ক্ষুদ্রসেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) মেদিনীপুর জেলার অন্তর্গত গড়বেতা ১ ও ৩ নং পঞ্চায়েত সমিতি এলাকায় গভীর নলকূপের সংখ্যা যথাক্রমে ১০টি ও ২টি।

(খ) উক্ত নলকূপগুলির মধ্যে গড়বেতা ১ নং পঞ্চায়েত সমিতি এলাকায় ৩টি অকেজো অবস্থায় আছে এবং ৩ নং পঞ্চায়েত সমিতি এলাকায় সবকটি চালু আছে।

(গ) হ্যাঁ।

(ঘ) গড়বেতা ১ নং পঞ্চায়েত সমিতি এলাকায় ৫টি এবং ৩ নং পঞ্চায়েত সমিতি এলাকায় ৩টি গভীর নলকূপ তৈরির পরিকল্পনা আছে।

হাওড়ার খালিশানি গ্রাম পঞ্চায়েতের অধীন জগন্নাথপুর মৌজার অকেজো রিভার লিফটিং পাম্প চালুকরন

*৫২৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৫১৯।) **শ্রী রাজকুমার মণ্ডল ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকার কি অবগত আছেন যে, হাওড়া জেলার অন্তর্গত উলুবেড়িয়া ২নং ব্লকের খলিশানি গ্রাম পঞ্চায়েতে জগন্নাথপুর মৌজার রিভার লিফটিং পাম্পটি গত ছয় বৎসর যাবত অস্থায়ীভাবে চালু আছে; এবং

(খ) অবগত থাকিলে, (১) উক্ত পাম্পটি স্থায়ীকরণের জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; ও (২) স্থায়ীকরণ কবে নাগাদ কার্যকরী হইবে বলিয়া আশা করা যায়?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ

(খ)

(১) জেলার স্থান নির্বাচন কমিটির অনুমোদনের জন্য বিষয়টি ১৯৮৫ সালে হাওড়া জিলা পরিষদে প্রয়োজনীয় তথ্যানুন্ধান প্রতিবেদন সহ পাঠানো হয়েছিল। এই পর্যন্ত স্থান নির্বাচন কমিটির অনুমোদন পাওয়া যায়নি।

(২) বর্তমানে সাধারণ কর্মসূচিতে (Normal Programme) নতুন আর. এল. আই সংস্থাপনের কোনও পরিকল্পনা নেই। অতএব এ সম্পর্কে এখন কিছু বলা সম্ভব নয়।

হুগলি জেলার জাঙ্গিপাড়া থানা এলাকায় দক্ষিণ বঙ্গ রাষ্ট্রীয় সংস্থার বাস চালু করার প্রস্তাব

***৫২৫।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৬৭২।**) **শ্রী মনীন্দ্রনাথ জানা ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) হুগলি জেলায় জাঙ্গিপাড়া থানা এলাকায় দক্ষিণ বঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা কর্তৃক বাস চালানোর কোনও পরিকল্পনা সরকার গ্রহণ করিয়াছেন কিনা; এবং

(খ) উপরের 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে—কবে নাগাদ উক্ত এলাকায় বাস চলাচলের উপযোগী হইবে বলিয়া আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ

(খ) আগস্ট, ১৯৯০।

মালদহের কালিন্দী নদী জলোত্তলন প্রকল্প

***৫২৬।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৭১৯।**) **শ্রী শুভেন্দু চৌধুরী ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, মালদহ জেলার ইংরেজ বাজার ব্লকের কোতুয়ালিতে অবস্থিত কালিন্দী নদী জলোত্তলন প্রকল্পটি প্রায় দীর্ঘ তের বৎসর যাবত বন্ধ রহিয়াছে; এবং

(খ) সত্য হইলে (১) উক্ত প্রকল্পটি বন্ধ হওয়ার কারণ কি; ও (২) ঐ প্রকল্পটি অবিলম্বে চালু করিবার জন্য কি কি কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে/হইতেছে?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য

(খ) (১) প্রকল্পটি ১৯৭৯ সাল থেকে বন্ধ আছে। কারণ, পি. ডব্লু. ডি. (রোড) ডিপার্টমেন্ট রাস্তা বানানোর ফলে পাইপ লাইন বিছিন্ন হয়ে গেছে এবং কম্যাণ্ড এরিয়ার অধিকাংশ স্থান আমের বাগান হয়ে যাওয়ায় চাষ যোগ্য জমির পরিমাণ খুব কমে গেছে।

(২) প্রকল্পটি স্থানান্তরকরণের উদ্দেশ্যে স্থান নির্বাচনের জন্য জেলা পরিষদের সভাধিপতি যিনি জেলার স্থান নির্বাচন কমিটির চেয়ারম্যান তাঁকে জানানো হয়েছে।

বোলপুরের 'মিয়ানে' সাবজেল নির্মাণের প্রস্তাব

***৫২৭।** (অনুমোদিত প্রশ্ন নং ***১৯১৪।**) **শ্রী তারাপদ ঘোষ ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বোলপুরের অদূরবর্তী গ্রাম 'মিয়ানে' সাবজেল নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সত্য হইলে, (১) ঐ কাজ এখন কোন পর্যায়ে আছে; ও (২) ঐ সাবজেল কবে

নাগাত চালু হইবে বলিয়া আশা করা যায়?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) ঐ কাজ এখন শেষ পর্যায়ে আছে।

(২) ঐ সাব-জেল ১৯৯১ সালের প্রথম দিকে চালু হবে এমতো আশা করা যায়।

জলপাইগুড়ি জেলায় কুরমাই নদীতে নদী জলোত্তলন প্রকল্পের কাজ

***৫২৮।** (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৫।) **শ্রী যোগেন্দ্রনাথ সিংহ রায় ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার আলিপুরদুয়ার ১নং ব্লকের অন্তর্গত দক্ষিণ কামসি গ্রাম মৌজায় কৃষি সেচের জন্য কুরমাই নদীতে একটি আর এল আই প্রকল্প হইতেছে; এবং

(খ) সত্য হইলে চলতি বৎসরেই কি উহার কাজ আরম্ভ হইবে?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) সত্য নহে।

(খ) প্রশ্ন উঠে না।

মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জে গুচ্ছ সেচ প্রকল্প

***৫৩০।** (অনুমোদিত প্রশ্ন নং *১৮২০।) **শ্রী হাবিবুর রহমান ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) মুর্শিদাবাদ জেলার রঘুনাথগঞ্জ ২নং ব্লকে কোনও গুচ্ছ সেচ প্রকল্প আছে কিনা; এবং

(খ) থাকলে উক্ত প্রকল্প বর্তমানে কি অবস্থায় আছে?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) আছে। তেঘরীরামপুরা মৌজায় ১টি গুচ্ছ এবং পুটিয়া মৌজায় ১টি গুচ্ছ সেচ প্রকল্প আছে।

(খ) তেঘরী-রামপুরা মৌজায় গুচ্ছ সেচপ্রকল্পে ১২টি অগভীর নলকূপ আছে এবং এর মধ্যে বর্তমানে ২টি চালু অবস্থায় আছে এবং ১০টি অকেজো অবস্থায় আছে। পুটিয়া মৌজায় গুচ্ছ সেচ প্রকল্পের ১২টি অগভীর নলকূপই অকেজো অবস্থায় আছে।

বিশ্বব্যাঙ্কের অর্থে ক্রীত সি এস টি সি-র দোতলা বাস

***৫৩১।** (অনুমোদিত প্রশ্ন নং *৬৯৮।) **শ্রী অশোক ঘোষ ঃ** পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য ১৯৮১ সালে বিশ্বব্যাঙ্কের টাকায় সি এস টি সি-র জন্য দোতলা বাস কেনা হয়েছিল; এবং

(খ) (১) উক্ত সংস্থার নিকট কত টাকা ঋণ বাবত নেওয়া হয়েছিল; ও (২) ঋণের টাকায় কতগুলো বাস কেনা হয়েছিল?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) (১) উক্ত সংস্থার নিকট ৪৮৬৩.৪৫ লক্ষ টাকা সি. এস. টি. সি-র জন্য ঋণ বাবদ নেওয়া হয়েছিল।

(২) ঋণের টাকায় ২৯১টি দোতালা বাস এবং ২৩৯টি একতলা বাস কেনা হয়েছিল।

জলপাইগুড়ি জেলায় দক্ষিণ সোনাপুর মৌজায় গভীর নলকূপ স্থাপন

*৫৩৪। (অনুমোদিত প্রশ্ন নং *১৭৩৭।) **শ্রী যোগেন্দ্রনাথ সিংহরায় ঃ** কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি জেলার দক্ষিণ সোনাপুর মৌজায়, একটি গভীর নলকূপ গত ১৯৮৫-৮৬ আর্থিক বৎসরে স্থাপনের জন্য সরকারি অনুমোদন পেয়েছে;

(খ) সত্য হলে, (১) বর্তমানে এর কাজ আরম্ভ হয়েছে কিনা; এবং (২) 'ক' প্রশ্নের উত্তর 'না' হলে, কারণ কি?

কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) আংশিক সত্য। গভীর নলকূপটি অনুমোদন লাভ করেছে ১২.৭.৮৮ তারিখে।

(খ) (১) খনন কাজের জন্য ঠিকাদার নিয়োগ করা হয়েছে। ১৯৯০-৯১ আর্থিক বৎসরে খনন কাজ আরম্ভ হতে পারে।

(২) প্রশ্ন ওঠে না।

কলিকাতা-ঢাকা পর্যন্ত বাস সার্ভিস চালু করার প্রস্তাব

*৫৩৫। (অনুমোদিত প্রশ্ন নং *৮৭১।) **শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) কলিকাতা থেকে ঢাকা পর্যন্ত বাস সার্ভিস চালু করার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে অনুমোদন পাওয়া গেছে কি; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে কবে নাগাদ ঐ সার্ভিস চালু হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) কলিকাতা থেকে ঢাকা পর্যন্ত সরাসরি বাস সার্ভিস চালু করার ব্যাপারে কেন্দ্রীয়

সরকারের অনুমোদন পাওয়া যায়নি।

হুগলি নদীতে জলপথ পরিবহন ব্যবস্থা সম্প্রসারণ

*৫৩৯। (অনুমোদিত প্রশ্ন নং *১৪০৭।) **শ্রী লক্ষ্মীকান্ত দে** ঃ গত ১১ই এপ্রিল, ১৯৮৯ তারিখের তারকিত প্রশ্ন নং *১১১১ (অনুমোদিত প্রশ্ন নং *৫৮৫)-এর উল্লেখে পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, হুগলি নদীতে জলপথ পরিবহন ব্যবস্থা সম্প্রসারণের পরিকল্পনাটি বর্তমানে কি অবস্থায় আছে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

হুগলি নদীর উভয় তীরে ছয়টি জেটি যথাক্রমে বালী, বেলুড়, হাওড়া রেলস্টেশন, বাজার ঘাট, কাশীপুর ও হাওড়া তেলকল ঘাটে নির্মাণের কাজ সমাপ্তির মুখে এছাড়া যাত্রী পারাপারের জন্য ৪টি লঞ্চ নির্মাণের কাজ শেষ হয়েছে। আগামী জুন মাসের ১ম সপ্তাহের মধ্যেই পশ্চিমবঙ্গ অন্তর্দেশিয় জলপথ পরিবহন সংস্থা হুগলি নদীতে এই জেটি গুলির মধ্যে ফেরি সার্ভিস চালু করতে পারবে আশা করা যায়।

ক্যানাল ওয়েস্ট রোড দিয়ে যান চলাচলের সিদ্ধান্ত

*৫৪৩। (অনুমোদিত প্রশ্ন নং *১৪১৬।) **শ্রী লক্ষ্মীকান্ত দে** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) ইহা কি সত্য যে, কলকাতার যানজট সমাধানের জন্য ক্যানাল ওয়েস্ট রোড দিয়ে ভারি লরি চলাচল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে; এবং

(খ) সত্য হ'লে, ঐ রাস্তায় কবে নাগাদ যান চলাচল শুরু হবে বলে আশা করা যায়?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) হ্যাঁ।

(খ) রাস্তাটির মেরামতির কাজ শুরু হয়েছে। শেষ হলেই ঐ রাস্তায় যান চলাচল শুরু হবে।

Unstarred Questions
(to which written answers were laid on the Table)

সরকারি বাস

৬১। (অনুমোদিত প্রশ্ন নং ৪।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান** ঃ পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রপূর্বক জানাইবেন কি—

(ক) ১লা জানুয়ারি, ১৯৯০ তারিখে রাজ্যের কতগুলি সরকারি বাস (সি. এস. টি. সি, ডি. এস. টি. সি. ও এন. বি. এস. টি. সি.) রাস্তায় চলেছিল;

(খ). ১৯৮৯ সালের ১লা জানুয়ারি থেকে ১৯৯০ সালের ১লা জানুয়ারি পর্যন্ত উক্ত বাসগুলি থেকে সরকারের আয় ও ব্যয় কত; এবং

(গ) 'খ' প্রশ্নে উল্লিখিত সময়ের মধ্যে সরকারি বাসের জন্য সরকারকে কত টাকা ভরতুকি

দিতে হয়েছিল?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১লা জানুয়ারি, ১৯৯০ তারিখে রাজ্যের সরকারি বাস রাস্তায় চলাচলের সংখ্যা—

কলকাতা রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (সি. এস. টি. সি)—৮৪০টি

উত্তরবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (এন. বি. এস. টি. সি)—৫৮৭টি,

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন সংস্থা (এস. বি. এস. টি. সি.)—১৮০টি।

(খ) ১৯৮৯ সালের ১লা জানুয়ারি থেকে ১৯৯০ সালের ১লা জানুয়ারি পর্যন্ত উক্ত বাসগুলি থেকে আয়-ব্যয়ের হিসাব নিম্নরূপ—

পরিবহন সংস্থা		আয় লাখ	ব্যয় লাখ
কলকাতা	.. .. ..	২২১২.০৮	৪৩০৮.৭৪
উত্তরবঙ্গ	.. .. ..	১৮৪১.৪৪	২১৬৮.৭৯
দক্ষিণবঙ্গ	.. .. ..	৩৩৫.৪২	৬১২.৭৬

(গ) 'খ' প্রশ্নে উল্লিখিত সময়ের মধ্যে সরকারি বাসের জন্য সরকারকে নিম্নরূপ ভরতুকি দিতে হয়েছিল—

পরিবহন সংস্থা		ভরতুকি
কলকাতা	.. ..	২০৩৫.৫৪
উত্তরবঙ্গ	.. ..	৫৬৬.৬৫
দক্ষিণবঙ্গ	.. ..	২২৯.৫১

বিভিন্ন পরিবহন সংস্থার কর্মচারীর সংখ্যা

৬২। (অনুমোদিত প্রশ্ন নং ১৪।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জমান ঃ** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) গত ১লা জানুয়ারি ১৯৯০ তারিখে কলকাতা, দুর্গাপুর, উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের অধীনস্থ অফিসার ও কর্মচারীর সংখ্যা কত ছিল; এবং

(খ) উহাদের মধ্যে কতজন, (১) মুসলমান (২) তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত (অফিসার ও কর্মচারী যুক্তভাবে)?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) গত ১লা জানুয়ারি, ১৯৯০ তারিখে কলকাতা, উত্তরবঙ্গ এবং দক্ষিণবঙ্গ (দুর্গাপুর) রাষ্ট্রীয় অফিসার ও কর্মচারীর সংখ্যা নিম্নরূপ ছিল—

রাষ্ট্রীয় পরিবহন সংস্থার নাম			অফিসারের সংখ্যা	কর্মচারীর সংখ্যা
কলকাতা	..	..	১৩০	১৩,৩৪০
উত্তরবঙ্গ	..	..	১৮৩	৫,০০৭
দক্ষিণবঙ্গ (দুর্গাপুর)	..	..	১৫	১,৫৮৪

(খ) উহাদের মধ্যে (১) মুসলমান, (২) তফসিলি ও আদিবাসী সম্প্রদায়ভুক্ত নিম্নরূপ ছিল—

রাষ্ট্রীয় পরিবহন সংস্থার নাম	মুসলমান সম্প্রদায় ভুক্ত	তফসিলি সম্প্রদায় ভুক্ত	আদিবাসি সম্প্রদায় ভুক্ত
কলকাতার রাষ্ট্রীয় অফিসার	১	—	—
পরিবহন সংস্থা কর্মচারী	৫৪০	৬২২	৯
উত্তরবঙ্গ রাষ্ট্রীয় অফিসার	৫	২৫	—
পরিবহন সংস্থা কর্মচারী	২১৬	৪২১	১২
দক্ষিণবঙ্গ রাষ্ট্রী অফিসার	—	—	—
পরিবহন সংস্থা কর্মচারী	৫৭	১২৩	১২

উত্তর ২৪-পরগনার বারাসাতে পানশিলা ব্রিজটির সংস্কার

৬৩। (অনুমোদিত প্রশ্ন নং ২২।) **শ্রী এ. কে. এম. হাসানুজ্জামান ঃ** পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ ক'রে উত্তর দেবেন কি—

(ক) উত্তর ২৪-পরগনার বারাসাত ১নং ও ২নং অর্ন্তগত গোলাবাড়ি-দত্তপুকুর রাস্তাটি এবং উক্ত রাস্তার উপর অবস্থিত পানশিলা ব্রিজটির সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) থাকলে, কবে নাগাদ উক্ত পরিকল্পনাটি বাস্তবায়িত হবে বলে আশা করা যায়?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) পানশিলা ব্রিজের সংস্কারের কাজ ইতিমধ্যে শুরু করা হয়েছে। রাস্তাটির কাজ অবিলম্বে হাতে নেওয়া হবে এবং আশা করা যায় বর্তমান বছরের মধ্যে সংস্কারের কাজ সম্পূর্ণ হবে।

No. of employees in the Food and Supplies Department

64. (Admitted question No. **91.**) **Shri Tuhin Samanta :** Will the

Minister-in-charge Food and Supplies Department be pleased to State—

(a) the total number of employees as on 28th February, 1990 in Groups A, B, C and D separately (including temporary and casual workers) in the Department;

(b) out of the above categories of employees the number of persons belonging to the Scheduled Casts and Scheduled Tribes communities separately;

(c) the number of shortfall, if any, in the above categories of employees separately belonging to Scheduled Castes and Scheduled Tribes Groups; and

(d) whether the Government proposes to hold any special recruitment examination for Scheduled Castes and Scheduled Tribes candidates in near future.

Minister-in-charge of the Food and Supplies Department :

(a) Total number of employees as on 28th February, 1990 groupwise—

A	..	245
B	..	3279
C	..	3840
D	..	2873

(b) Number of Scheduled Castes and Scheduled Tribes candidate out of the above employees—

		SC	ST
A	..	33	7
B	..	282	20
C	..	454	11
D	..	332	62

(c) Number of Shortfall in Groups A, B, C and D —

		SC	ST
A	..	4	5
B	..	210	144
C	..	122	81
D	..	99	82

We have started recruitment to different cadres according to the West Bengal Scheduled Castes and Scheduled Tribes (Reservation of Vacancies in Services and Post) Act, 1976, from 1976 and as such this shortfall is unavoidable.

(d) No.

Participant in the downstream projects in Haldia Petrochemical Complex

65. (Admitted question No. **175.**) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be Pleased to state—

(a) whether the Government has identified the industrialists who will participate in the downstream projects in Haldia Petrochemical Complex ; and

(b) if so, details there of?

Minister-in-charge of the Commerce and Industries Department :

(a) and (b) After the decision having been taken by the State Government that the basic Petrochemical Complex would be implemented in the Joint Sector with M/s. Tata Tea Ltd., a large number of Industrialists and industrial houses expressed interest to participate in the downstream units. These are under examination.

স্ট্র্যাণ্ড রোড বন্দর কর্তৃপক্ষের এলাকায় গাড়ি পার্কিং করবার অনুমতি

৬৬। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫২।) **শ্রী সুমন্তকুমার হীরা :** পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) স্ট্র্যাণ্ড রোড বন্দর কর্তৃপক্ষের এলাকায় গাড়ি পার্কিং করিবার জায়গা করিবার জন্য কেন্দ্রের সাথে রাজ্য সরকারের কোনও আলোচনা হইয়াছে কিনা; এবং

(খ) আলোচনা হইয়া থাকিলে, তার ফলাফল কি?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ, কয়েকবার কেন্দ্রের রেল মন্ত্রক ও স্থল-পরিবহন মন্ত্রকের সঙ্গে আলোচনা হইয়াছে।

(খ) রেল মন্ত্রক বন্দর কর্তৃপক্ষের ১৫ নং গেটের মধ্য দিয়া একটি লেভেল ক্রসিং সারকুলার রেলওয়ে লাইনের উপর দিয়া দিতে রাজি হইয়াছে। প্রহরীযুক্ত লেভেল ক্রসিং করিবার সমস্ত খরচ রাজ্য বহন করিবে।

স্ট্রাণ্ড রোড বন্দর কর্তৃপক্ষের এলাকায় গাড়ি পার্কিং করিবার জন্য বন্দর কর্তৃপক্ষের

অনুমতি প্রয়োজন।

স্থানীয় কর্তৃপক্ষের কাছ হইতে অনুমতি না পাওয়ার জন্য বিষয়টি গত ১৪ই ফেব্রুয়ারি, ১৯৯০ তারিখে কলিকাতায় মুখ্যমন্ত্রী ও কেন্দ্রীয় স্থল পরিবহন মন্ত্রীর মিটিং-এ উত্থাপন করা হয়। ইহা স্থির হয় যে কেরালার ন্যাট্যপ্যাক সংস্থাকে দিয়া গাড়ি পার্কিং-এর সম্ভাবনার বিষয়টি সমীক্ষা করিয়া দেখা হইবে এবং তাহার পর স্থির সিদ্ধান্ত গ্রহণ করা হইবে। বর্তমানে ন্যাটপ্যাক এই কাজটি করিতেছে এবং আশা করা যায় ৩০এ এপ্রিল ১৯৯০ তারিখের মধ্যে এই বিষয়ে রিপোর্ট পাওয়া যাইবে।

জাপানের আর্থিক সহায়তায় রাস্তা নির্মাণ

৬৭। (অনুমোদিত প্রশ্ন নং ৪৫৩।) **শ্রী সুমন্তকুমার হীরা :** পূর্ত বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, জাপানের আর্থিক সহায়তায় দ্বিতীয় হুগলি সেতু সংলগ্ন নতুন কয়েকটি রাস্তা নির্মাণের কোনও করিকল্পনা আছে কিনা?

পূর্ত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

পূর্ত বিভাগে এমন কোনও খবর জানা নেই।

রেজিস্ট্রী অফিসে দলিলের নকল কপি পাওয়ার ব্যবস্থা

৬৮। (অনুমোদিত প্রশ্ন নং ৫৬৮।) **শ্রী সাত্বিককুমার রায় :** বিচার বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রেজিস্ট্রি অফিসে দলিলের নকল কপি অতি শীঘ্র পাওয়ার কোনও ব্যবস্থা আছে কি না;

(খ) থাকিলে, উক্ত ব্যবস্থা কিরূপ ঃ

(গ) যাহারা পূর্বে দলিলের কপি করিবার কাজে চুক্তিভিত্তিতে নিয়োজিত ছিল তাহাদের পার্মানেন্ট পোস্টে নিয়োগ করা হইয়াছে কি না; এবং

(ঘ) হইয়া থাকিলে, তাহাদের সংখ্যা কত?

বিচার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ, আছে।

(খ) ফাইলিং প্রথা ও কেন্দ্রীয় ভাবে জেরক্স কপি করার ব্যবস্থা।

(গ) হ্যাঁ, হইয়াছে।

(ঘ) প্রায় ২০০০।

কেন্দ্রীয় সরকার কর্তৃক সরবরাহকৃত কেরোসিন তেলের পরিমাণ

৬৯। (অনুমোদিত প্রশ্ন নং ৬৩৫।) **শ্রী সুমন্তকুমার হীরা :** খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে জানাবেন কি—

(ক) এই রাজ্যে বর্তমানে মাসিক কত পরিমাণ কেরোসিন তেল কেন্দ্র সরবরাহ করে থাকেন;

(খ) উক্ত সরবরাহকৃত পরিমাণ রাজ্যের পক্ষে যথেষ্ট কি না; এবং

(গ) পূর্ববর্তী কেন্দ্রীয় সরকার কর্তৃক পশ্চিমবঙ্গে সরবরাহকৃত কেরোসিন তেলের পরিমাণ বর্তমানের তুলনায় কম না বেশি?

খাদ্য ও সরবরাহ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ১৯৮৯-৯০ সালে (মার্চ ১৯৮৯ থেকে ফেব্রুয়ারি ১৯৯০) গড়ে মাসিক সরবরাহ ছিল ৫৮,৯৪৯.৭ মেট্রিক টন। ভারত সরকার প্রতি বছর তিনটি ব্লকে বরাদ্দ করেন।

(খ) না।

(গ) এ বছরের গ্রীষ্মকালীন (মার্চ থেকে জুন) বরাদ্দ গত বছরের বরাদ্দের থেকে কিছুটা বেশি।

দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহণের বাস ডিপো

৭০। (অনুমোদিত প্রশ্ন নং ৬১৭।) **শ্রী সুরেন্দ্রনাথ মাঝি এবং শ্রী গোবিন্দ বাউরী** ঃ পরিবহন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহ পূর্বক জানাইবেন কি—

(ক) ২৮শে ফেব্রুয়ারি, ১৯৮৯ পর্যন্ত পশ্চিমবঙ্গে কোন কোন জেলায় দক্ষিণবঙ্গ রাষ্ট্রীয় পরিবহন বাস ডিপো (১) নির্মাণ ও (২) খোলা হয়েছে; এবং

(খ) উক্ত ডিপোর কর্মচারীদের কতদিনের মধ্যে স্থায়ী কর্মীরূপে নিযুক্ত করা হবে?

পরিবহন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) (১) বর্ধমান জেলার দুর্গাপুরে দুইটি স্থায়ী বাস ডিপো নির্মাণ করা হয়েছে।

(২) পুরুলিয়া, দিঘা এবং বাঁকুড়ায় ভাড়া করা স্থানে অস্থায়ীভাবে বাস ডিপো খোলা হয়েছে।

(খ) এখনই বলা যাচ্ছে না।

উলুবেড়িয়া বিধানসভা কেন্দ্রের 'টাওয়ালি' খালটির সংস্কার

৭১। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫১।) **শ্রী অমর ব্যানার্জি** ঃ সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, উলুবেড়িয়া দক্ষিণ বিধানসভা কেন্দ্রের অধীন শ্যামপুর থানার নবগ্রাম অঞ্চলে অবস্থিত 'টাওয়ালি' খালটি সংস্কারের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

না। তবে এ বিষয়ে অনুসন্ধান ও জরিপ চলছে।

স্ব-নির্ভর কর্মসূচি প্রকল্পের আওতাভুক্ত বেকারের সংখ্যা

৭২। (অনুমোদিত প্রশ্ন নং ৬৫৪।) **শ্রী অমর ব্যানার্জি :** শ্রম বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি, ১৯৮০ সাল থেকে ১৯৮৯ সালের ১লা নভেম্বর পর্যন্ত মোট কত বেকারকে স্ব-নির্ভর কর্মসূচি প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

পশ্চিমবঙ্গে কর্মবিনিয়োগ কেন্দ্রে নথিভুক্ত বেকারদের জন্য স্ব-নিযুক্তি প্রকল্প (সেসরু) ১৯৮৫-৮৬ সাল (আর্থিক বছর) থেকে শুরু হয়েছে। ১৯৮৯ সালের ১লা নভেম্বর পর্যন্ত মোট ৬১,৮৩২ জন নথিভুক্ত বেকারকে উক্ত স্ব-নিযুক্তি প্রকল্পের আওতায় আনা সম্ভব হয়েছে। বিস্তারিত তথ্য নিচের সারনিতে দেওয়া হলো :—

আর্থিক বছর	অনুমোদিত প্রকল্পের সংখ্যা
১৯৮৫-৮৬	৩,৬৬৯
১৯৮৬-৮৭	১৩,৩৩৩
১৯৮৭-৮৮	২৩,৬৫০
১৯৮৮-৮৯ (১লা নভেম্বর পর্যন্ত)	২১,১৮০
মোট	৬১,৮৩২

স্ব-নিযুক্তি প্রকল্পে সাহায্যপ্রাপ্ত যুবকের সংখ্যা

৭৩। (অনুমোদিত প্রশ্ন নং ৬৮৮।) **শ্রী মান্নান হোসেন :** শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, সারা রাজ্যে স্ব-নির্ভর কর্মসূচি প্রকল্পে ১৯৮৭-৮৮, ১৯৮৮-৮৯ এবং ১৯৮৯-৯০ (২৮-২-১৯৯০) সালে মোট কতজন বেকার যুবককে রাজ্যের বিভিন্ন কর্মবিনিয়োগ কেন্দ্রের মাধ্যমে ঋণ দেওয়া হয়েছে?

শ্রম বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

আর্থিক বছর অনুযায়ী নথিভুক্ত বেকারদের জন্য স্ব-নিযুক্তি প্রকল্পে (সেসরু) আর্থিক সহায়তা ঋণ প্রাপকের সংখ্যা নিম্নরূপ :—

আর্থিক বছর	ঋণ প্রাপকের সংখ্যা
১৯৮৭-৮৮	১৯,৩৬১
১৯৮৮-৮৯	১৯,৩৮৭
১৯৮৯-৯০ (২৮-২-১৯৯০ পর্যন্ত)	২১২

Traffic Jam in Calcutta

74. (Admitted question No. **739.**) **Shri Saugata Roy** : Will the Minister-in-charge of the Transport Department be pleased to state—

(a) if it is a fact that the city of Calcutta is being faced with increasing traffic jams ; and

(b) if so, steps taken by the Government to remedy the same ?

Minister-in-charge of the Transport Department :

(a) In order to reduce the traffic jam, multi-directional steps have been initiated as indicated below ;

(1) Extension of the existing road network by adding new roads, widening of roads, dereservation of tram, track etc.

(2) Improvement of the road geometrics to increase road space by resectioning of the existing road sections and widening and improvement of certain roads.

(3) Improvement of road Junctions to carry more traffic.

(4) Separation of pedestrian and vehicular traffic at critical locations to increase the traffic flows, construction of pedestrian walkovers etc. subway.

(5) Construction of bus terminals.

(6) Removal of road side parking.

(7) Radical traffic management measures like one-way system has been introduced. Re-routing of buses in the heavily congested places like Esplanade, B.B.D. Bag has also been made to ensure smooth flow of traffic.

Performance of the Urdu Academy

75. (Admitted question No. **749.**) **Shri Sultan Ahmed** : In inviting a reference to the reply to starred question No. *803 (Admitted question No. *2697) given in the House on this 11th May, 1989, will the Minister-in-charge of the Education (Higher) Department be pleased to state—

(a) the performance of the Urdu Academy of the State during the period from 1st February, 1989 to 31st January, 1990 in the following fields—

(i) the number of authors/artists rewarded/honoured ;

(ii) the number of persons trained in Urdu Type;

(iii) the number of Urdu books published; and

(b) the progress so far achieved in Urdu Education?

Minister-in-charge of the Education (Higher) Department :

(a) (i) 35 persons (33 authors of book and 2 professors), (ii) 6 persons, (iii) 39 books.

(b) Details of the progress so far achieved in Urdu Education are given below :—

(1) Establishment of Junior Basic Teachers Training Centre.

(2) Establishment of seperate Urdu Classes in Sakhawat Memorial School.

(3) Payment of Scholarship to 360 students every year.

(4) Special Prizes to the students securing highest marks in Urdu in Madhyamik, Higher Secondary, BA and MA Examinations.

(5) Preparation and Printing of Text Books for classes III to VI.

(6) Preparation and Publication of 23 text books for classes V to XII. 17 more books are under preparation.

(7) Establishment of Urdu Trainning Centre for non-Urdu speaking persons.

পশ্চিমবঙ্গে কৃষিপ্রযুক্তি সহায়কের সংখ্যা

৭৬। (অনুমোদিত প্রশ্ন নং ৮২৩।) **শ্রী সুশান্ত ঘোষ :** কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) বর্তমানে, পশ্চিম বাংলার কৃষিপ্রযুক্তি সহায়কের সংখ্যা কত;

(খ) ১৯৮৯-এর ৩১শে ডিসেম্বর তারিখ পর্যন্ত সময়ে কতগুলি পদ খালি ছিল; এবং

(গ) পদগুলি পূরণের জন্য সরকার কোনও ব্যবস্থা গ্রহণ করেছেন কিনা;

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) কৃষিপ্রযুক্তি সহায়কের মোট পদের সংখ্যা ৪৭৫৮।

(খ) ঐ সময়ে মোট খালি পদের সংখ্যা ছিল ২৮৬।

(গ) জেলাগুলিতে খালি পদ সংক্রান্ত সম্পূর্ণ তথ্য জানতে চাওয়া হয়েছে। সব তথ্য একত্রিত হলে তবেই পদ পূরণের ব্যবস্থা নেওয়া হবে।

Unofficial Publication of the Voter list

77. (Admitted question No. **907.**) **Shri Saugata Roy :** Will the Minister-in-charge of the Local Government and Urban Development Department be pleased to state—

(a) whether the State Government has received reports that the Voters' Lists for the ensuing Calcutta Municipal Corporation Elections were found in the office of a certain political party even before they were officially published,

(b) whether such report are correct,

(c) if so, how these Voters' Lists were leaked out?

Minister-in-charge of the Local Government and Urban Development Department :

(a) No.

(b) The question does not arise.

(c) The question does not arise.

হুগলি জেলায় বালু ব্যবসায়িদের প্রদত্ত রয়্যালটি

৭৮। (অনুমোদিত প্রশ্ন নং ৯৩৩।) **শ্রী বিনোদ দাশ :** ভূমি ও ভূমিসংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হুগলি জেলায় বালু ব্যবসায়িরা সরকারের রয়্যালটি দেন কিনা;

(খ) 'ক' প্রশ্নের উত্তর 'হ্যাঁ' হলে ১৯৮৭-৮৮ এবং ১৯৮৮-৮৯ সালে সরকারি তহবিলে কত টাকা রয়্যালটি জমা পড়েছে; এবং

(গ) রয়্যালটি বৃদ্ধির জন্য সরকারের কোনও সুনির্দিষ্ট পরিকল্পনা আছে কিনা?

ভূমি ও ভূমি সংস্কার বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ।

(খ) ১৯৮৭-৮৮ সালে ৮,৬৮,২৬৯.৬৭ টাকা, ১৯৮৮-৮৯ সালে ১১,৫০,৪৩৩.১০ টাকা।

(গ) হ্যাঁ, সরকারি প্রাপ্য আদায় বাড়াবা জন্য সব রকমের ব্যবস্থা নেওয়া হচ্ছে।

দুর্ঘটনায় মৃত্যুতে আর্থিক সাহায্যদান

৭৯। (অনুমোদিত প্রশ্ন নং ৯৪২।) **শ্রী হিমাংশু কুঙর :** ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে ১৯৮৯ সালের জানুয়ারি মাস হইতে ১৯৯০ সালের জানুয়ারি মাস পর্যন্ত সময়ে কতজন আকস্মিক দুর্ঘটনায় (সর্পাঘাত, জলডুবি, বজ্রাঘাত, ইত্যাদি) মারা যাওয়ায় আর্থিক সাহায্য পাইয়াছে; এবং

(খ) তন্মধ্যে ঐ সময়ে মেদিনীপুর জেলার সদর মহকুমায় (১) নারী ও (২) পুরুষের সংখ্যা কত?

ত্রাণ ও কল্যাণ (ত্রাণ) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ঐ সময়ে প্রাকৃতিক ও অন্যান্য কারণে মারা যাওয়ায় ১,১৩২ জন আর্থিক সাহায্য পাইয়াছেন।

(খ) (১) নারী ২০ জন ও (২) পুরুষ ৫ জন।

জিলা পরিষদগুলির হিসাব পরীক্ষা

৮০। (অনুমোদিত প্রশ্ন নং ৯৯৪।) **শ্রী সুব্রত মুখার্জি ঃ** পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাবেন কি, রাজ্যের ১৬টি জিলা পরিষদের ১৯৭৭-৭৮ সাল হইতে ১০০ কোটি টাকার হিসাব পাওয়ার জন্য পঞ্চায়েত দপ্তর ও রাজ্য সরকার কি কি ব্যবস্থা গ্রহণ করেছেন?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

জিলা পরিষদগুলির হিসাব পরীক্ষণ সি. এ. জি-র আওতায় পড়ে। ১৯৭৭-৭৮ সাল হইতে সর্বশেষ সি. এ. জি রির্পোটে ১০০ কোটি টাকার হিসাব পাওয়া যাইতেছে না এইরূপ কোনও মন্তব্য নাই। এ ব্যাপারে আরও বিশদ তথ্য দিলে অনুসন্ধান করা যাইতে পারে।

বীরভূম জেলার কয়েকটি মৌজায় জলসেচের ব্যবস্থা

৮১। (অনুমোদিত প্রশ্ন নং ১০৭৮।) **শ্রী শশাঙ্কশেখর মণ্ডল ঃ** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বীরভূম জেলার ময়ূরাক্ষী-দ্বারকা মূল খালের ৭নং ও ৮নং এলাকার (নিধগরা বাজার গ্রামের খালে) মাহাপুর, নোপাড়া, জয়সিংপুর, রেজুরি, ফুলির ডাঙ্গা, তারাপুর, পাইকপাড়া, নুরুদ্দিপুর, নবগ্রাম প্রভৃতি মৌজা খরিপ মরশুমে জল পায় না—এরূপ কোনও সংবাদ সরকারের নিকট আছে কিনা; এবং

(খ) থাকিলে, সরকার ঐ সম্পর্কে কোনও ব্যবস্থা গ্রহণ করিয়াছেন কিনা?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) না।

(খ) প্রশ্ন ওঠে না। প্রসঙ্গত উল্লেখ্য যে, ঐ এলাকায় নোপাড়া এবং ফুলির ডাঙ্গা নামে কোনও মৌজা নাই এবং পাইকপাড়া মৌজা শেষ প্রান্তে অবস্থিত বলিয়া জল পাইতে অসুবিধার সৃষ্টি হয়।

কৃষি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় :

(ক) এগ্রিকালচারাল মার্কেটিং বোর্ড বলে কোনও সংস্থা নেই। সংস্থার নাম স্টেট মার্কেটিং বোর্ড। মার্কেট লিংক বোর্ডের জন্য অর্থ মঞ্জুর করে এগ্রিকালচার ডিপার্টমেন্ট। হুগলি জেলায় ১৯৮৯-৯০ আর্থিক বৎসরে দুইটি রাস্তার জন্য অর্থ মঞ্জুর করা হয়েছে।

(খ) রাস্তা দুইটি, (১) চাঁপাডাঙ্গা থেকে পিয়াসারা রোড (ওল্ড বেনারস রোড) এবং (২) কানাবদী ধানকল মোড় থেকে পরমানন্দপুর। প্রথমটির জন্য ৯৮,৩৩৬ টাকা এবং দ্বিতীয়টির জন্য ৩,৭১,০০০ টাকা মঞ্জুর করা হয়েছে।

(গ) চাঁপাডাঙ্গা থেকে পিয়াসারা রোড (ওল্ড বেনারস রোড) এবং কানাবদী ধানকল মোড় থেকে পরমানন্দপুর।

(ঘ) না।

(ঙ) ১৯৮৯-৯০ আর্থিক বৎসরে কোনও টাকা ধরা হয়নি।

পশ্চিমবঙ্গে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মীদের পেনসন

৮৪। (অনুমোদিত প্রশ্ন নং ১১৭০।) **শ্রী সাধন চট্টোপাধ্যায় :** শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মীদের পেনসন ব্যবস্থা প্রবর্তিত হয় কোন সালে;

(খ) ঐ সময় পেনসন দানের বিধি তথা বেতনের কত অংশ পেনসন হিসাবে দেওয়া হ'ত;

(গ) তদনুযায়ী কত সংখ্যক শিক্ষক ও শিক্ষাকর্মী পেনসন পেয়েছেন;

(ঘ) পরবর্তীকালে প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মীদের পেনসন বিধির কোনও পরিবর্তন করা হয়েছে কিনা; এবং

(ঙ) হয়ে থাকলে, কি কি সুযোগ সুবিধা তাঁরা পেয়েছেন?

শিক্ষা (প্রাথমিক ও মাধ্যমিক) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) প্রাথমিক শিক্ষকদের পেনসন ব্যবস্থা চালু হয় ১-৪-১৯৬৮ থেকে। মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মীদের জন্য এই ব্যবস্থা চালু হয় ১-৪-১৯৬৬ থেকে।

(খ) ঐ সময়ে কর্মজীবনের শেষ ৩৬ মাসের গড় মাসিক বেতনের এক চতুর্থাংশ সর্বোচ্চ পেনসন হিসাবে দেওয়া হতো। বেতন বলতে বেসিক পে ও স্পেশাল পে (যদি থাকত)-র সমষ্টিকে ধরা হতো।

(গ) মহাগাণনিকের তথ্য অনুযায়ী ১,৫৭৯ জন প্রাথমিক শিক্ষক এবং ৪,৮০০ জন মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী উক্ত বিধি অনুসারে পেনসন পেয়েছেন।

(ঘ) হ্যাঁ, পরিবর্তন করা হয়েছে।

(ঙ) বর্তমানের পেনসনের হার বাড়িয়ে কর্মজীবনের শেষ মাসের বেতনের ৫০ শতাংশ করা

হয়েছে। সকলের জন্য গ্রাচুয়িটি ও পারিবারিক পেনসনের ব্যবস্থা করা হয়েছে। পেনসন কম্যুটেসনের সুযোগ দেওয়া হয়েছে।

বিভিন্ন জেলে বন্দীদের প্রাপ্য খাদ্য ও সুযোগ সুবিধা

৮৫। (অনুমোদিত প্রশ্ন নং **১১৯৬**) **শ্রী রামপদ মাণ্ডি ঃ** স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলে বন্দীদের জন্য দৈনিক মাথাপিছু কি পরিমাণ খাদ্য বরাদ্দ করা হয়; এবং

(খ) উক্ত বন্দীরা আর কি কি সুযোগ সুবিধা পাইয়া থাকেন?

স্বরাষ্ট্র (কারা) বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) পশ্চিমবঙ্গের জেলবন্দীদের দৈনিক মাথাপিছু খাদ্য বরাদ্দের পরিমাণ নিম্নরূপ ঃ—

চাল—মাথাপিছু প্রতিদিন ৪০০ গ্রাম

গম—মাথাপিছু প্রতিদিন ৩০০ গ্রাম

সব্জি—মাথাপিছু প্রতিদিন ২৩৩ গ্রাম

ডাল—মাথাপিছু প্রতিদিন ১৪৬ গ্রাম

তেল—মাথাপিছু প্রতিদিন ১৮.১২৫ গ্রাম

লবণ—মাথাপিছু প্রতিদিন ২৫.৩৭৫ গ্রাম

মাছ/মাংস—মাথাপিছু প্রতি একদিন অন্তর ২৯.০০ গ্রাম

অসুস্থ, পঙ্গু ও ওজন-হ্রাসপ্রাপ্ত বন্দীদের ক্ষেত্রে চিকিৎসকের পরামর্শ অনুযায়ী প্রতিদিনের খাদ্য বরাদ্দ ছাড়াও অতিরিক্ত মাছ, মাংস, ডিম, দুধ, ফল ইত্যাদি দেওয়া হয়।

(খ) বন্দীরা নিম্নবর্ণিত সুযোগ-সুবিধাগুলি ভোগ করিয়া থাকেন ঃ—

(১) বিনামূল্যে খবরের কাগজ।

(২) বই এবং সাপ্তাহিক/মাসিক পত্রিকা।

(৩) অনেকে একসাথে রেডিও শোনা।

(৪) দূরদর্শন দেখা ও শোনা।

(৫) ক্যারম বোর্ড, দাবা ইত্যাদি খেলা।

(৬) ফুটবল, ভলিবল, কবাডি ইত্যাদি খেলা।

(৭) সপ্তাহে একবার আত্মীয় স্বজন, বন্ধুবান্ধব এবং উকিলের সাথে সাক্ষাৎকার, চিঠিপত্র দেওয়া ইত্যাদি সুবিধা।

(৮) কেন্দ্রীয় কারা, বিশেষ কারা এবং জেলা কারার ক্ষেত্রে বন্দীরা কারা শিক্ষকের অধীনে প্রাথমিক শিক্ষা গ্রহণের সুযোগ।

চা বাগিচার কর্মীদের পঞ্চায়েত আইনের সুযোগ

৮৬। (অনুমোদিত প্রশ্ন নং ১২২৭।) **শ্রী অসিতকুমার মাল :** পঞ্চায়েত বিভাগের মন্ত্রী মহোদয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, উত্তরবঙ্গের ডুয়ার্স অঞ্চলের চা বাগিচার বিস্তীর্ণ এলাকায় কর্মরত আদিবাসী ও অন্যান্য শ্রমিকরা পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইন, ১৯৭৩-এর সমস্ত সুযোগ হইতে বঞ্চিত;

(খ) সত্য হইলে, উক্ত অঞ্চলের বাসিন্দাদের ঐ আইনের সুযোগ দেবার কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(গ) থাকিলে, কতদিনের মধ্যে তাহা কার্যকরী করা হইবে?

পঞ্চায়েত বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) হ্যাঁ, ইহা সত্য যে, চা বাগানের এলাকাগুলি পশ্চিমবঙ্গ পঞ্চায়েত আইনের আওতা বহির্ভূত।

(খ) বর্তমানে কোনও পরিকল্পনা নেই।

(গ) প্রশ্ন ওঠে না।

হিজলি টাইডেল ক্যানেল

৮৭। (অনুমোদিত প্রশ্ন নং ১২৪৯।) **শ্রী শক্তিপ্রসাদ বল :** সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয় অনুগ্রহ করে উত্তর দেবেন কি—

(ক) হিজলি টাইডেল ক্যানেল খননের কোনও পরিকল্পনা সরকারের আছে কিনা;

(খ) থাকলে, উহা (১) কবে নাগাদ শুরু করা হবে, (২) কবে নাগাদ শেষ হবে বলে আশা করা যায়; এবং

(গ) ঐ প্রকল্পের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

সেচ ও জলপথ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী :

(ক) না।

(খ) এবং

(গ) প্রশ্ন ওঠে না।

প্রতিবন্ধীর সংখ্যা

৮৮। (অনুমোদিত প্রশ্ন নং ১৪৫৭।) **শ্রী রাজকুমার মণ্ডল :** ত্রাণ ও কল্যাণ বিভাগের

মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাবেন কি—

(ক) পশ্চিমবঙ্গে মোট কতজন প্রতিবন্ধী আছে (তার মধ্যে কতজন অন্ধ);

(খ) উক্ত প্রতিবন্ধীদের মধ্যে কতজন (১) মহিলা ও (২) পুরুষ; এবং

(গ) প্রতিবন্ধীদের উন্নতির জন্য সরকারের কি কি পরিকল্পনা আছে?

ত্রাণ ও কল্যাণ (কল্যাণ) বিভাগের মন্ত্রী ঃ

(ক) আপাতত কোনও প্রমাণিত তথ্য নেই।

(খ) এটা কোনও সমীক্ষা থেকে পাওয়া যায়নি।

(গ) সংলগ্ন তালিকায় দেওয়া হল।

প্রতিবন্ধীদের উন্নতির জন্য সরকারের বিভিন্ন প্রকল্প আছে। এই প্রকল্পগুলিকে (ক) আবাসিক প্রকল্প এবং (খ) প্রতিষ্ঠান বহির্ভূত বা অনাবাসিক প্রকল্প—এভাবে ভাগ করা যেতে পারে।

(ক) **আবাসিক প্রকল্প ঃ** এই প্রকল্পে ভরণপোষণ, শিক্ষা ও পুনর্বাসনের উদ্দেশ্যে নিম্নলিখিত আবাসগুলিতে প্রতিবন্ধীদের গ্রহণ ও রক্ষণাবেক্ষণ করা হয় ঃ

(১) অন্ধ বিদ্যালয়, কোচবিহার—আসন সংখ্যা ৫০। সরকারি আদেশে এখানে অন্ধ শিশুদের গ্রহণ করা হয় এবং শিক্ষা দেওয়া হয়;

(২) মূক ও বধির বিদ্যালয়, রায়গঞ্জ, পশ্চিম দিনাজপুর—আসন সংখ্যা ১০০ (বালক ও বালিকা উভয়ের জন্য)। এই আবাসে সরকারি ও শিশু আদালতের আদেশে শিশুদের গ্রহণ করা হয় এবং পুনর্বাসনের উদ্দেশ্যে শিক্ষা দেওয়া হয়।

উপরোক্ত সরকারি আবাস ছাড়া যে সব বে-সরকারি প্রতিষ্ঠানের উদ্যোগে ও সরকারি অর্থানুকূল্যে প্রতিবন্ধীদের শিক্ষা ও পুনর্বাসনের কর্মসূচি রূপায়িত হচ্ছে তার মধ্যে বিশেষ উল্লেখযোগ্য হলো 'ব্লাইণ্ড বয়েজ অ্যাকাডেমি'; রামকৃষ্ণ মিশন, নরেন্দ্রপুর, দক্ষিন ২৪-পরগনা; দুগানির চন্দনগরের 'প্রবর্তক সংঘের' জড়বুদ্ধি শিশুদের জন্য আবাস (হোম ফর মেন্টালি রিটার্ডেড চিলড্রেন); ২০ নং হরিনাথ দে রোড, কলকাতা-৯-এর 'বোধিপীঠ' (জড়বুদ্ধিদের জন্য); প্রভৃতি।

(খ) **প্রতিষ্ঠান বহির্ভূত বা অনাবাসিক প্রকল্প ঃ** কৃত্রিম অঙ্গ-প্রত্যঙ্গ ও যন্ত্রাদি বিতরণ প্রকল্প—এই প্রকল্পে তিন শ্রেণীর প্রতিবন্ধী কৃত্রিম অঙ্গ-প্রত্যঙ্গাদি ও যন্ত্রাদির সুযোগ-সুবিধা পেয়ে থাকেন—(১) দৃষ্টিহীন, (২) অস্থি সংক্রান্ত প্রতিবন্ধী ও (৩) বধির।

নিম্নলিখিত বিষয়গুলি এই প্রকল্পের আওতাধীন—

(ক) কৃত্রিম অঙ্গ-প্রত্যঙ্গাদি, ক্রাচ, হস্তচালিত তিন চাকার সাইকেল ইত্যাদি (অস্থি-সংক্রান্ত প্রতিবন্ধীদের জন্য);

(খ) হারমোনিয়াম, ব্রেইল বই, চলাফেরা করার জন্য লাঠি ইত্যাদি (অন্ধদের জন্য);

(গ) শ্রবণযন্ত্র (বধিরদের জন্য);

(ঘ) সেলাই মেশিন (প্রতিবন্ধীদের আত্মনির্ভরতার জন্য)।

প্রতিবন্ধী ছাত্র/ছাত্রীদের জন্য মাসিক বৃত্তি প্রকল্প : স্বীকৃত বিদ্যালয়ে অষ্টম শ্রেণী পর্যন্ত পাঠরত প্রতিবন্ধী ছাত্র-ছাত্রীদের ১-৪-১৯৯০ থেকে মাসিক ৬০ টাকা হিসাবে বৃত্তি দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

অর্থনৈতিক পুনর্বাসন প্রকল্প : এই প্রকল্পে সাবালক প্রতিবন্ধীদের স্বাবলম্বী করার জন্য এককালীন ১০০০ টাকা বা তার অংশবিশেষ অনুমোদন করা হয়ে থাকে যাতে ক্ষুদ্র ব্যবসায়ের জিনিসপত্র বা যন্ত্রাদি কেনা যায়।

অক্ষম ভাতা প্রকল্প : পশ্চিমবঙ্গ সরকার ১৯৭৪ সালে অক্ষম ভাতা প্রকল্প চালু করেন। পশ্চিমবঙ্গে কমপক্ষে ১০ বছর বসবাসকারি এবং মেডিকেল বোর্ড কর্তৃক ঘোষিত অক্ষম ব্যক্তিই এই ভাতা পেতে পারেন। দশ বছরের কম বয়স্ক বালক-বালিকারা আজন্ম পশ্চিমবঙ্গে বাস করলে এই ভাতার অধিকারি হবেন। মাসিক আয় ৫০ টাকার উর্দ্ধে হলে তিনি বা পেশাদার ভিখারি। এই প্রকল্পে ভাতা পাবার অধিকারি হবেন না। বর্তমানে মাসিক ১০০ টাকা হিসাবে অক্ষম ভাতা দেওয়া হয়।

জেলা পূনর্বাসন কেন্দ্র (ডিস্ট্রিক্ট রিহাবিলিটেশন সেন্ট্রার) : প্রতিটি মূক ও বধির, দৃষ্টিহীন ও পঙ্গুর সামঞ্জস্যপূর্ণ ও সম্পূর্ণ পুনর্বাসনের উদ্দেশ্যে কেন্দ্রীয় সরকার রাজ্যসরকারের সহযোগিতায় প্রতি জেলায় জেলা পুনর্বাসন কেন্দ্রের পরিকল্পনা নিয়েছেন। এই পরিকল্পনায় প্রাথমিক পদক্ষেপ হিসাবে মেদিনীপুর জেলায় খড়্গপুরে একটি জেলা পূনর্বাসন কেন্দ্র স্থাপন করা হয়েছে।

প্রাথমিক পর্যায়ে শালবনী ও কেশিয়াড়ি প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রের আওতায় অধিবাসীদের মধ্যে প্রতিবন্ধী সম্পর্কে চেতনাবৃদ্ধি, প্রতিবন্ধী প্রতিরোধ যথাসময়ে খুঁজে বার করা, প্রতিবন্ধীর পিতামাতাকে পরামর্শ দান, কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গের সাহায্যে প্রতিবন্ধকতার মোকাবিলা করা, প্রতিবন্ধীদের শিক্ষাদান ও কারিগরী শিক্ষা প্রদান, কর্মে নিয়োগের ব্যাপারে পরামর্শদান ও কর্মে নিয়োগ করা প্রভৃতি উদ্দেশ্যে এই কেন্দ্র কাজ করছে।

এছাড়া কয়েক শ্রেণীর প্রতিবন্ধীদের জন্য ট্রামে/বাসে বিনা ভাড়ায় ভ্রমণের সুবিধা দেওয়া হয়েছে। সরকারি শতকরা ২ শতাংশ পদ প্রতিবন্ধীদের জন্য সংরক্ষিত আছে। প্রতিবন্ধীদের জন্য বিশেষ নিয়োগ কেন্দ্র স্থাপন করা হয়েছে।

কেন্দ্রীয় ও রাজ্য সরকারের বিভিন্ন বিভাগ প্রতিবন্ধীদের জন্য যে সব সুযোগ সুবিধা চালু করেছে তাদের মধ্যে সমন্বয় সাধন করা এবং চাকরির ক্ষেত্রে পদ সংরক্ষণ, ব্যাঙ্ক ঋণের সুবিধা ও অন্যান্য প্রকল্পের সুবিধা যাতে প্রতিবন্ধীদের কাছে পৌঁছয় সেদিকে লক্ষ্য রাখার উদ্দেশ্যে জেলাস্তরে গঠিত সমন্বয় কমিটি দায়িত্ব পালনে সচেষ্ট রয়েছে।

গ্রামাঞ্চলে প্রতিবন্ধীদের পুনর্বাসনের ব্যাপারে সচেতনতা সৃষ্টির জন্য এবং প্রতিবন্ধীদের চিকিৎসার সুযোগ সুবিধা বাড়াতে কয়েকটি জেলায় শিবিরের আয়োজন করা হয়েছে। এসব

শিবিরের মাধ্যমে প্রায় ২,১২৫ জন প্রতিবন্ধীকে নানাভাবে সাহায্য করা হয়েছে। এছাড়া বিভিন্ন জেলায় যেসব প্রতিবন্ধী শিবিরে যোগদান করেন, তাঁদের পরীক্ষার পর সুপারিশ অনুযায়ী কৃত্রিম অঙ্গপ্রত্যঙ্গ ও সহায়ক যন্ত্রাদি বিতরণের জন্য নিম্নলিখিত জেলাগুলিতে শিবিরের আয়োজন করা হয় ঃ

মালদহ—৩টি

মুর্শিদাবাদ—২টি

বাঁকুড়া—১টি

পুরুলিয়া—১টি

জলপাইগুড়ি—১টি

পশ্চিম দিনাজপুর—৩টি

এইসব শিবিরে মোট ২,৬০০ জন প্রতিবন্ধী উপকৃত হন।

প্রতিবন্ধীদের জন্য পরিচিতিপত্র ঃ প্রতিবন্ধীদের জন্য বিশেষ পরিচিতিপত্র দেওয়ার সিদ্ধান্ত সম্বলিত আদেশনামা সরকারিভাবে প্রকাশিত হয়েছে। আগামী কয়েক মাসের মধ্যেই পরিচিতিপত্র প্রতিবন্ধীদের দেওয়ার ব্যবস্থা হচ্ছে।

পশ্চিমবঙ্গে মোট প্রতিবন্ধীর সংখ্যা ঃ আপাতত কোনও প্রমাণিত তথ্য না থাকলেও ভারত সরকারের নমুনা সমীক্ষা অনুযায়ী (১৯৮৪) পশ্চিমবঙ্গে মোট ১২.৫ লক্ষের মতো (আনুমানিক) প্রতিবন্ধী আছেন। তার মধ্যে অন্ধ প্রতিবন্ধীর সংখ্যা ৫ (পাঁচ) লক্ষের মতো।

বই প্রকাশে আর্থিক সহায়তা

৮৯। (অনুমোদিত প্রশ্ন নং ১৫৬৮।) **শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ** তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৮৯-৯০ আর্থিক বছরে কতজন প্রবীন বা নবীন লেখকের বই প্রকাশে সহায়তার জন্য রাজ্য সরকার অর্থ বরাদ্দ করেছেন; এবং

(খ) বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত?

তথ্য ও সংস্কৃতি বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী ঃ

(ক) ৭০ জন, তবে প্রবীন বা নবীন হিসাব রাখা হয় না।

(খ) ২,৯৬,০০০ টাকা। (প্রথম কিস্তির অনুদান)

বুনো হাতির দ্বারা নষ্ট ফসলের জন্য আর্থিক অনুদান বৃদ্ধির প্রস্তাব

৯০। (অনুমোদিত প্রশ্ন নং ১২০১।) **শ্রী রামপদ মাণ্ডি ঃ** বন বিভাগের মন্ত্রী মহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি, পশ্চিমবঙ্গে বুনো হাতির দ্বারা কৃষকদের নষ্ট ফসলের জন্য আর্থিক অনুদান বৃদ্ধি করার কোনও প্রস্তাব সরকারের নিকট আছে কিনা?

বন বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী : বুনো হাতির দ্বারা ফসল নষ্টের জন্য আর্থিক অনুদানের হার সম্প্রতি বৃদ্ধি করা হয়েছে।

Adjournment Motion

Today I have received two notices of adjournment motion from Dr. Manas Bhunia and Shri Sudip Bandyopadhyay, both on the subject of acute power crisis in the state. On 17.4.90, Dr. Manas Bhunia tabled a notice of adjournment motion on the subject of acute power crisis in the State. The present notices have been tabled in some amended form. According to practice notice of an adjournment motion cannot be amended from day to day as now situations in respect of the same matter arise. Moreover, detailed discussion on the subject was held on the House when demand for grant on power was voted. I, therefore, do not accept both the notices. They are out of order.

Calling Attention

Mr. Speaker : I have received 3 notices of Calling Attention, namely :-

1.	Alleged shortage of kerosene Oil and food grains resulting in inconvenience in public distribution system	:	Dr. Manas Bhunia
2.	Wide spread load shedding in the State on 7.5.90	:	Shri Mannan Hossain and Shri Saugata Roy
3.	Alleged suspension of a Lecturer of Education, Calcutta University for giving illegal mark to a candidate	:	Shri Gobinda Chandra Naskar

I have selected the notice of Dr. Manas Bhunia on the subject of alleged shortage of Kerosene oil and food grains resulting inconvenience in public distribution system.

The Minister-in-charge may please make a statement to-day, if possible or give a date.

Shri Abdul Quiyom Molla : On 11.5.90, Sir.

POINT OF INFORMATION

শ্রী সুভাষ নস্কর : স্যার, অন এ পয়েন্ট অফ ইনফরমেশন, আজকে রাজ্যের শিক্ষক এবং অশিক্ষক কর্মচারী (প্রাথমিক এবং মাধ্যমিক) কয়েক হাজার এসপ্ল্যানেড ইস্টে সমবেত হয়েছেন। দীর্ঘদিন ধরে ৬৫ বছর বয়সের যে দাবিতে তাঁরা আন্দোলন শুরু করেছেন সেই আন্দোলন গত কয়েকদিন ধরে অব্যাহত আছে। সারা বাংলার শিক্ষক এবং অশিক্ষক কর্মচারীরা আজকে রাজ্যের মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর কাছে তাঁদের দাবিপত্র পেশ করতে এসেছেন।

আমি আপনার মাধ্যমে অনুরোধ করবো, মাননীয় মুখ্যমন্ত্রী তথা এখানকার শিক্ষা মন্ত্রী যেন ঐ সমাবেশে উপস্থিত হয়ে তাঁদের দাবিপত্র গ্রহণ করেন এবং শিক্ষকদের উদ্দেশ্যে তাঁদের যে ব্যবস্থা দীর্ঘদিন ধরে ৬৫ বছর বয়সের যে অর্জিত অধিকার সে অধিকার থেকে তারা বঞ্চিত হতে চলেছে সেই সম্পর্কে সুস্পষ্ট মতামত ব্যক্ত করেন, এই অনুরোধ আমি মাননীয় মুখ্যমন্ত্রী এবং মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে রাখছি।

(ভয়েজ ফ্রর্ম দি কংগ্রেস-আই বেঞ্চ : আমরা এটা সমর্থন করছি।)

MENTION CASES

শ্রী সৌগত রায় : স্যার, গতকাল আপনার অনুমতি নিয়ে মাননীয় সদস্য শ্রী ননীকর মহাশয় এই হাউসে ঘোষণা করেছিলেন যে, হাওড়া পৌর নির্বাচনে বি. জে. পি. কংগ্রেসের চেয়ে বেশি ভোট পেয়েছে। এটা ভুল তথ্য ছিল। মাননীয় ননীকর মহাশয়ের না জেনে এ কথা ঘোষণা করা উচিত হয় নি। এভাবে হাউসকে মিসলিড করা ঠিক নয়। আমি আশা করি আপনি এটা কারেকশন করার কথা বলবেন।

(গোলমাল)

মিঃ স্পিকার : মাননীয় সুমন্ত হীরা, মাননীয় সৌগত বাবু বলতে চাইছেন ইট ইজ মোর গ্লোরিয়াস বিটুইন সেকেণ্ড এন্ড থার্ড পজিসন। কেন থার্ড পজিসন করছেন ওনাকে এটা বললেন না?

শ্রী দেবপ্রসার সরকার : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ে আমি এখানে সংশ্লিষ্ট মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, গতকাল ভোর থেকে একেবারে অর্ধেক রাত্রি পর্যন্ত কলকাতা সহ রাজ্যের সর্বত্র ভয়াবহ লোডশেডিং হয়েছিল এবং এর ফলে কলকাতার ট্রাম এবং শহরতলীতে ট্রেণ বিপর্যস্ত হয়ে পড়ে। এই লোড-শেডিংয়ের দাপট থেকে হাসপাতালও রেহাই পায় নি। আনন্দবাজার পত্রিকাতে ৩ ঘন্টা লোডশেডিং ছিল আজকে কাগজে সর্বত্র তার ছবি বেরিয়েছে। এন. আর. এস. হাসপাতালে দীর্ঘক্ষণ লোডশেডিংয়ের ফলে খুবই অসুবিধা দেখা দিয়েছে। কলকাতার রাস্তায় আলো না জ্বলার ফলে যান চলাচলেও বিঘ্ন হয়েছে। হাওড়া সাব-ওয়েতে লোড শেডিং হওয়ায় মারাত্মক অবস্থা হয়েছিল। আমরা আশা করেছিলাম যে এই রকম লোডশেডিং হয়ে গেল বিদ্যুৎ মন্ত্রী আজকে হাউসে উপস্থিত থেকে এর একটা সঙ্গত কৈফিয়ত দেবেন। আমি দাবি করছি মাননীয় বিদ্যুৎ মন্ত্রী মহাশয় হাউসে উপস্থিত হয়ে এর একটা কৈফিয়ত দিন।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস : মাননীয় স্পিকার মহাশয়, আপনি দেখেছেন যেখানে ভারতবর্ষের সাম্প্রদায়িক স্থায়িত্ব অব্যাহত রাখার জন্য কেন্দ্রীয় সরকার কোনও এক শঙ্করাচার্যকে গ্রেপ্তার করলেন, এবং আমরা আশ্চর্য হচ্ছি পশ্চিমবঙ্গ থেকে অনেকেই বজরংবলীর দলে নেমে পড়েছেন। আমরা আশ্চর্য হচ্ছি কংগ্রেসের মধ্যেও বহু মৌলবাদী কিভাবে কাজ করছে। ওদের মিছিল এবং পথসভায় মাননীয় দেওকী নন্দন পোদ্দার, শ্রী সুব্রত মুখার্জি মহাশয়ও নেমে পড়েছেন। স্পিকার মহাশয় ভয়ানক সর্বনাশের কথা পশ্চিমবঙ্গের রাজনৈতিক দলগুলির একটা ঐতিহ্য আছে এবং এখানে বজরংবলীদের স্থান নেই। দেখা যাচ্ছে কংগ্রেসের লোকেরা

জনসাধারণের মধ্যে ঢুকতে না পেরে বজরংবলী হয়ে মানুষের মধ্যে ঢোকার চেষ্টা করছেন। কংগ্রেসের মধ্যে এমন লোক রয়েছে কেউ হিন্দু সাম্প্রদায়িকতাবাদে আবার কেঁউ ইসলাম সাম্প্রদায়িকতাবাদে সমর্থন করে যাচ্ছেন, এই রকম হত্রভঙ্গ অবস্থা হয়েছে। এই হচ্ছে অবস্থা। তারা পরিকল্পিতভাবে চেষ্টা করছেন যাতে পশ্চিমবঙ্গে একটা ভয়ঙ্কর পরিস্থিতি সৃষ্টি করা যায়। আমি ইতিমধ্যে দেখেছি, কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে হুশিয়ার করে দিয়ে বলেছেন যে, সর্বত্র সাম্প্রদায়িক হাঙ্গামা বাধাবার চেষ্টা হচ্ছে। তার সবচেয়ে বড় প্রমান হচ্ছে ....

(নয়েজ অ্যাণ্ড ইন্টারাপশন)

[2-10 – 2-20 P.M.]

শ্রী সুব্রত মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উনি যা বলছেন সেটা পাগলের প্রলাপ। ঘটনা সেরকম ঘটেনি। এতে ধর্মের কোনও ব্যাপার নেই। জয়ন্তবাবু যা বললেন, বাস্তবের সঙ্গে তার কোনও মিল নেই। কোথা থেকে পেলেন এসব জানি না। যেভাবে উনি 'বজরংবলী' বলছেন সেটা রুচিহীন কথাবার্তা। মৌলবাদীদের কোনও পার্ট নেই সেখানে সেটা শান্তিপূর্ণভাবেই হয়েছে। বিশ্ব হিন্দু পরিষদ-এইভাবে হয়নি। বন্ধটা নাগরিকরাই করেছেন একটি বিশেষ দাবির ভিত্তিতে। বিনা বিচারে আটকের বিরুদ্ধে সেটা হয়েছে, হিন্দু বলে বা মুসলিম বলে তা হয়নি। আজকে এইভাবে যদি শাহী ইমামকে গ্রেপ্তার করা হয় তাহলে তার প্রতিবাদে যদি মিছিল বের হয় তাতেও আমি থাকবো। দ্বারকার শঙ্করচার্যকে বিনা বিচারে গ্রেপ্তার করেছেন উত্তর প্রদেশ সরকার এবং তার প্রতিবাদে বড়বাজার বন্ধ হয়েছে। পশ্চিমবঙ্গে এবং ভারতবর্ষের অন্যান্য জায়গায়ও বন্ধ হয়েছে। আমরা বিনা বিচারে আটকের বিরুদ্ধে প্রতিবাদ করেছি। শঙ্করাচার্যকে কিছু লোক বিশ্বাস করেন এবং সেই বিশ্বাস রাখার কাজটা শান্তিপূর্ণভাবে হচ্ছে, কি হচ্ছে না সেটাই দেখা দরকার। আর মিছিল করে তাঁরা যদি কাটরার বড় মসজিদের কাছে যেতেন তাহলেও কথা ছিল। কাজেই এই ধরণের আপত্তিকর কথা না বলাই ভাল। গতকাল অত্যন্ত শান্তিপূর্ণভাবে বন্ধ পালিত হয়েছে। কাজেই এইসব রুচিহীন কথাবার্তা বলা ঠিক নয়, কারণ যত বেশি রুচিহীন কথাবার্তা বলবেন মৌলবাদীরা ততবেশি আস্কারা পাবে। এই কিছুদিন আগে একটি দীর্ঘদিনের মন্দির যখন মেয়র ভেঙ্গে দিয়েছিলেন সেখানেও আমি এবং সুদীপ ব্যানার্জি গিয়েছিলাম এবং তার জন্যও বামফ্রন্টের পক্ষ থেকে আপত্তি জানানো হয়েছিল। কিন্তু দীর্ঘদিনের যেসব মন্দির রয়েছে সেগুলো থাক, নতুন মন্দির হলে সেগুলো তুলে দিন। সেখানে ঐ ৩৫-৪০ বছরের পুরনো মন্দিরটি ভাঙ্গার কি দরকার ছিল? স্বভাবতই নাম করে জয়ন্তবাবু যা বলেছেন, দেওকিদার নাম করে যা বলেছেন, সেটা এক্সপাঞ্জ করুন।

শ্রী মানবেন্দ্র মুখার্জি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে প্রসঙ্গ নিয়ে জয়ন্তবাবু বা সুব্রতবাবু আলোচনা করলেন বা কারা কালকে বড়বাজার বন্ধ ডেকেছিলেন সেটা আমার বলবার বিষয় নয়। আমার বক্তব্য হল, শঙ্করাচার্য যে কাজ করতে চাইছেন সে ব্যাপারে উত্তর প্রদেশ সরকার মনে করেছিলেন যে, সেটা ঠিক হচ্ছে না। লোকসভায় দাঁড়িয়ে বামপন্থী দল, জনতা পার্টি এবং কংগ্রেস (আই) দল উত্তর প্রদেশ সরকারের এই সাহসী কাজের প্রশংসা করেছেন। ধর্মের নামে মানুষের মধ্যে বিভেদ তৈরি করার একটা কাজ যেই করুক না কেন, উত্তর প্রদেশের সরকার এই ক্ষেত্রে একটা বলিষ্ঠ ভূমিকা নিয়েছেন। এটা আমাদের বামফ্রন্টের বক্তব্য

শুধু নয়, এই কথা জাতীয় কংগ্রেসের যিনি প্রধান রাজীব গান্ধী, তিনিও এই বক্তব্য রেখেছেন। আমার বক্তব্য হচ্ছে, যেখানে রাজীব গান্ধী এটাকে সমর্থন করেছেন, সেখানে এখানকার দু'জন কংগ্রেস এম. এল. এ. ওখানে চলে গেলেন, একসাথে প্রতিবাদ করলেন। এই ভাবেই তো কংগ্রেস দল এই জায়গায় গেছে। আপনাদের নেতারা এক কথা বলছেন, আর আপনারা অন্য এক কাজ করছেন। যাইহোক, প্রশ্নটা হচ্ছে এই যে, যে কাজ করতে ওখানে ওঁরা গিয়েছিলেন আর আপনারা সেই কাজে সমর্থন করতে গিয়েছিলেন কিনা? আপনি এখানে দাঁড়িয়ে খোলাখুলি বলুন, ওখানে বাবরি মসজিদ ভেঙে রাম জন্মভূমি হোক এই কথা আপনি বলেন কিনা? আপনার দল কিন্তু এইকথা বলেনা। এই কথা বলছি এই জন্য যে এই কাজ করতে গিয়ে একজন গ্রেপ্তার হলেন এবং তারজন্য এখানে বন্ধ পালন করা হলো আর সেই বন্ধে আপনি এবং আর একজন বিধায়ক সমর্থন করতে চলে গেলেন। আমি এই ক্ষেত্রে খুব সহানুভূতির সঙ্গে সৌগতবাবুর বিষয়টি বিবেচনা করতে চাই। তিনি ধর্ম-নিরপেক্ষতার কথা বলতে গিয়ে লাঞ্ছিত হয়েছিলেন। সৌগতবাবু, আপনি বলুন, আমরা সেদিনের সেই লাঞ্ছনার ব্যাপারে সবাই মিলে উদ্বেগ প্রকাশ করেছিলাম—আপনার দলের যাঁরা সেদিন ওখানে দাঁড়িয়ে আপনাকে লাঞ্ছিত করেছিলেন, রাম জন্মভূমি পুনরুদ্ধার সমিতি এবং বড় বাজার ব্যবসায়ী সমিতির সাথে আপনাদের দলের লোক আপনাকে লাঞ্ছিত করেছিল, এই জিনিস যদি আপনার দলের লোক করে তাহলে আপনি দলকে ঠেকাবেন কি করে? তারা যদি ভোটের আশায় ঐ প্রতিবাদকারী লোকেদের সাথে মিলে বন্ধ সমর্থন করেন তাহলে আপনি তাকে কি করে রুখবেন? এই জিনিস নতুন কিছু নয় আপনাদেরই দলের আর একজন বিধায়ক সতীপূজায় অংশগ্রহণ করেছিলেন এবং ইতিমধ্যে তিনি অধীকৃত হয়েছেন। সেই একই জায়গায় দাঁড়িয়ে আবার ঐই কাজ আপনারা করেছেন। মুখে ধর্মনিরপেক্ষতার কথা বলবেন আর শঙ্করাচার্য্যের গ্রেপ্তারের বিরুদ্ধে প্রতিবাদ করবেন, সবার আগে গিয়ে মিছিল করবেন, এর পরে আর ধর্মনিরপেক্ষতার কথা বলবেন না। সৌগতবাবুর সঙ্গে আর এক টেবিলে বসবেন না। তিনি অন্তত একটা জায়গায় দাঁড়িয়ে ধর্মনিরপেক্ষতার কথা বলতে পেরেছেন। সুব্রতবাবু আপনার মতো রাজনীতিকের জন্য করুণা হয়। আপনি পশ্চিমবাংলার রাজনীতির কলঙ্ক। আপনি ভোট পাবার জন্য হিন্দু সাম্প্রদায়িক শক্তির সাথে মিছিল করেছেন। আপনার মতো কলঙ্ক পশ্চিমবাংলার রাজনীতি থেকে যত তাড়াতাড়ি শেষ হয় ততই মঙ্গল। আমি এই সুযোগে সৌগতবাবুকে অভিনন্দন জানাই, কারণ তিনি সাহস করে অন্তত নিজের দলের কথা মাথায় রেখে ধর্ম-নিরপেক্ষতার কথা বলেছেন।

শ্রী সুব্রত মুখার্জি : স্যার, অন এ পার্সোন্যাল এক্সপ্লানেশন। স্যার, আমি ওঁর কথার একটু ব্যাখ্যা করে দিই। সতীপূজার মধ্যে কোনটাকে আমরা সমর্থন করি সেটা আপনি একটু জানুন। কিছুই তো জানবেন না, লেখাপড়া করবেন না, শুনুন, আপনি এখানে সবে এসেছেন। অনেককিছুই জানেন না। সতীদাহ বলে যেটা প্রচার করা হয় তার বিরুদ্ধে প্রতিবাদ না করার কোনও কারণ নেই। কিন্তু সতীপূজাটা আমরা পশ্চিমবঙ্গের মানুষও করে থাকি—যেমন, দুর্গা সতী, বেহুলা সতী। এই রকম ৪টি সতী পূজা ছাড়া ৫জনের পূজা হয় না। এসব তো আপনি জানেন না, এগুলো আপনার মার্ক্সবাদে নেই। আন্তর্জাতিক ক্ষেত্রে মার্ক্সবাদ উঠে চলে যাচ্ছে আর আপনারা এখানে সেই মার্ক্সবাদ করছেন। যাইহোক, শুনুন, আমরা যেটা করি

সেটা জনগণকে সঙ্গে নিয়েই করি।

[2-20 – 2-30 P.M.]

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় অধ্যক্ষ মহাশয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে এই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে সারা ভারতবর্ষে পেট্রোলিয়াম শিল্পের সঙ্গে যুক্ত কর্মচারী এবং টেকনিক্যাল স্টাফরা আজকে তাদের ন্যায়সঙ্গত দাবি-দাওয়া নিয়ে আন্দোলন শুরু করেছেন। আমি দেখলাম প্রভাতি সংবাদপত্রে বেরিয়েছে কেন্দ্রের বামফ্রন্টের বন্ধু সরকার, কেন্দ্রের মোর্চা সরকার এই স্ট্রাইক বানচাল করার জন্যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে 'এসমা' চালু করেছেন এদের বিরুদ্ধে, যাতে করে কর্মচারীরা তাদের ন্যয়সঙ্গত দাবি-দাওয়া নিয়ে আন্দোলন না করতে পারেন। আমার প্রশ্ন এই সরকার এই বিষয়ে নীরব কেন এবং আমাদের মুখ্যমন্ত্রী সব জেনেও নীরব কেন? আমরা জানি বামফ্রন্ট সরকার বিশেষ করে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি শ্রমিক দরদী। এককালে আপনারাই কেন্দ্রীয় সরকারের আনীত এই 'এসমার' তীব্র সমালোচনা করেছিলেন। আজকে এই সি পি এম নীরব কেন? আজকে এই সভা থেকে সর্বদলীয় ভাবে একটা প্রস্তাব নেওয়া হোক যাতে এটা বন্ধ করা হয়।

শ্রী লক্ষ্মণচন্দ্র শেঠ : মাননীয় স্পিকার মহাশয়, বিগত কেন্দ্রীয় সরকার কতগুলি কালাকানুন পেশ করেছিলেন শ্রমিকদের বিরুদ্ধে। শ্রমিকদের বিরুদ্ধে এই বিল পাশ করার জন্যে আমরা প্রতিবাদ করেছিলাম। রাষ্ট্রীয় মোর্চা সরকারও তৈল শিল্পের সঙ্গে যুক্ত যেসব ইঞ্জিনিয়ার, অফিসার ধর্মঘট করেছেন, তাদের সেই ধর্মঘট ভাঙ্গার জন্য ওই 'এসমা' আইন চালু করেছেন। কংগ্রেসিরা যে আইন তৈরি করেছিল অত্যন্ত দুঃখের বিষয় আজকে তারাও সেই আইন অনুসরণ করেছেন। কিন্তু সৌভাগ্যের বিষয় যে, লোকসভার সদস্যরা এতে কেন্দ্রীয় পেট্রোলিয়াম মন্ত্রী গুরুপদ স্বামীকে অনুরোধ করেন এবং তিনি আশ্বাস দিয়েছেন যে এই আইনটা ধর্মঘটকে ভাঙ্গবার জন্য করা হয়েছে। তবে অত্যাবশ্যকীয় দ্রব্য সরবরাহের ক্ষেত্রে এই আইন প্রয়োগ করবেন। তথাপি আমি মনে করি এর প্রতিবাদ করা দরকার। আমরা রাষ্ট্রীয় মোর্চাকে সমর্থন করি ঠিকই কিন্তু কেন্দ্রীয় সরকার যদি অধিকারে হস্তক্ষেপ করে তাহলে আমরা তার প্রতিবাদ করবোই। আমরা জানি কিছু প্রতিক্রিয়াশীল দল তারা চক্রান্ত করছে এই আন্দোলনকে ভাঙ্গার জন্যে। কিন্তু আমরা অত্যন্ত খুশী এবং আনন্দিত যে, কেন্দ্রীয় শ্রমমন্ত্রী রাম বিলাশ পাশোয়ান কংগ্রেসি আমলে যে শিল্প বিরোধের কুখ্যাত আইন লোকসভায় আনার চেষ্টা করেছিলেন এবং রাজ্য সভায় এনেছিলেন, সেই আইনকে বর্তমানে কেন্দ্রীয় শ্রমিকদের বিরোধী বিল বলে প্রত্যাহার করে নিয়েছেন। কিন্তু তা সত্ত্বেও তেল শিল্পের সঙ্গে যুক্ত যেসব ইঞ্জিনিয়র এবং অফিসাররা ধর্মঘট করছেন তাদের ধর্মঘট ভাঙ্গার জন্য যে পদক্ষেপ নেওয়ার কথা হচ্ছে তার প্রতিবাদ আমাদের করতেই হবে।

শ্রী মান্নান হোসেন : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং নগর উন্নয়ন মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। মুর্শিদাবাদ জেলা অনেক পুরনো, এখানে ১ লক্ষের বেশি মানুষ বাস করে। মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়ের জায়গা। তিনি বহরমপুরের লোক। নির্বাচনের আগে তাঁকে প্রশ্ন করেছিলাম যে, এই বহরমপুরে সওদা থেকে গুড়াবাজার যেটি একমাত্র মূল রাস্তা, সেই রাস্তাটি অত্যন্ত ছোট, সেই রাস্তা তৈরি করার জন্য সুপারিশ

করেছিলাম। রাস্তাটিতে সকাল দশটার পর থেকে যানজটে ভর্তি হয়ে যায়। মাননীয় মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়কে বহুবার প্রশ্ন করেছিলাম যে এই বাইপাস রাস্তাটি করার জন্য এবং তিনিও আশ্বাস দিয়েছিলেন যে ওই বাই পাস রাস্তাটি স্থাপন করা হবে। কিন্তু এই প্রশ্নোত্তর দেওয়া সত্ত্বেও বহরমপুরের রাস্তাটি তৈরি হয় নি এবং যে অসুবিধা ছিল তা থাকছেই। আমি আপনার মাধ্যমে মাননীয় পূর্তমন্ত্রী এবং নগর উন্নয়ন মন্ত্রীকে অনুরোধ করছি ওই বাই পাসের রাস্তাটি যাতে হয় তার ব্যবস্থা করুন।

শ্রী সুধন রাহা ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, তিস্তার সেচ প্রকল্প ভারতের যতগুলি জাতীয় প্রকল্প হয়েছে তার মধ্যে অন্যতম। এই সেচ প্রকল্পকে কার্যে রূপায়িত করার জন্য কেন্দ্রীয় সরকারের কাছ থেকে বারবার অর্থ চেয়েও আজ পর্যন্ত পাওয়া গিয়েছে মাত্র ৫ কোটি টাকা। পশ্চিমবাংলার বামফ্রন্ট সরকার নিজস্ব উদ্যোগে এই প্রকল্প রূপায়িত করার চেষ্টা করছেন এটা যে প্রশংসনীয় উদ্যোগ এই বিষয়ে কোনও সন্দেহ নেই। কিন্তু ইতিমধ্যে তিস্তার বামতীরে খাল খননের জন্য যে প্রকল্প রচিত হয়েছে সেখান থেকে ৬ কি. মি. খাল খনন করতে হবে রিজার্ভ ফরেস্টের শালবনের ভিতর দিয়ে, কিন্তু সেখানে করার জন্য কেন্দ্রীয় সরকারের বা সেন্ট্রাল গভর্নমেন্টের পারমিট পাওয়া যায় না। অথচ ডাউন স্ট্রিমের ১১ কি. মি. খালের মধ্যে ১১.৫ কি. মি.-র জন্য টেণ্ডার ক্যান্সেল করা হয়েছিল। আমরা পরবর্তীকালে দেখলাম সুপারিনটেনডিং ইঞ্জিনিয়র রিটায়ারমেন্টের আগে একটা ওয়ার্ক অর্ডার দিয়ে গেলেন, কিন্তু অসুবিধা হচ্ছে ঐ এলাকায় অনেকগুলি কৃষকের বাড়ি আছে সেগুলি সরাতে হবে, সেইজন্য এখন পর্যন্ত সমস্ত জমি অ্যাকুইজিশন হয়নি। অথচ খাল খননের জন্য ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে। যেহেতু ৯ই মার্চ তারিখে ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে তার ফলে এখন কন্ট্রাকটাররা কম্পেনসেশন দাবি করছে, এর আগে কন্ট্রাক্টাররা মামলা করে ৬০ লক্ষ টাকা কম্পেনসেশন দাবি করে পেয়ে গিয়েছে। এই ভাবে বিপুল পরিমানে জনগনের অর্থের অপচয় হচ্ছে। ডাউন স্ট্রিমের খাল খনন হওয়ায় সেটা এক থেকে দেড় বছরের মধ্যে ভর্তি হয়ে যাবে। তখন আবার সেটার জন্য এক্সকাভেশনের দরকার হবে। এই ব্যাপারটি আমি মাননীয় সেচ মন্ত্রীর ও সেচ দপ্তরের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সত্যরঞ্জন বাপুলি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, সাম্প্রদায়িক সম্প্রীতি নিয়ে দেশের যে পরিস্থিতি উদ্ভব হয়েছে তা নিয়ে আমাদের বিধানসভার মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস এবং অন্যান্য সদস্যরা বক্তব্য রেখেছেন। আমি আপনাদেরকে এই বিষয়ে অত্যন্ত গুরুত্বপূর্ণভাবে বিবেচনা করার জন্য বলব। সাম্প্রদায়িক সম্প্রীতি নষ্ট হয়ে গিয়েছে লোকসভা নির্বাচনের সময়, মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টি নিজেদের ভোটের জন্য যেখানে মুসলিম এলাকা সেখানে গিয়ে বলেছে বাবরি মাসজিদ নিয়ে, যেখানে মন্দিরের কথা উঠেছে সেখানে গিয়ে বলেছে রাজীব গান্ধী শিলানাস করতে দেয়নি। তার চেয়েও বড় কথা কালকে সমুদ্র গড়ে মুখ্যমন্ত্রী সভা করেছেন সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষা করার জন্য সাম্প্রদায়িকতার বিরুদ্ধে। কিন্তু দুঃখের বিষয় মুখ্যমন্ত্রী আজও কিন্তু সেখানে বি. জে. পি. যে সাম্প্রদায়িক দল এটা কিন্তু বলছেন না। আজকে সাম্প্রদায়িক সম্প্রীতির নামে মিটিং করে নিজের সরকারের গুনগান করে যারা সাম্প্রদায়িকতা ছড়াচ্ছে তাদের চিহ্নিত করে সমর্থন করে, কেন্দ্রের বন্ধু সরকারকে বাঁচি[illegible] রাখা হয়েছে। আজকে বি. জে. পি.-র সঙ্গে যখন বন্ধুপ্রাণ সম্পর্ক তাদের আছে, সুতরাং

সাম্প্রদায়িক সম্প্রীতির জন্য যদি গ্রেপ্তার করতে হয় তাহলে মুখ্যমন্ত্রীকে গ্রেপ্তার করতে হয়।

শ্রী যতীন চক্রবর্তী ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমরা মে ডেতে আমাদের বন্ধু সরকারের কাছ থেকে একটা উপহার পেয়েছি। গমের দাম ৩৩ পয়সা বেড়েছে। আবার দেখলাম আজকের কাগজে যে কথা মানস ভূঁইয়া মহাশয় বললেন, আমিও বলছি যে অয়েল ম্যানরা একটা ধর্মঘট করতে চলেছে, যারা অয়েল ম্যান সেই শিল্পে কাজ করে তাদের বিরুদ্ধে আজকে আমাদের বন্ধু সরকার কি রকমের বন্ধু সরকার বুঝতে পারছি না—এসমা প্রয়োগ করেছে। যখন কংগ্রেস পক্ষ থেকে প্রথম এসমা করেছিল তখন বামফ্রন্ট সরকারের পক্ষ থেকে আমাদের মুখ্যমন্ত্রী ঘোষণা করেছিলেন যে আমরা এই পশ্চিমবঙ্গে এসমা চালু হতে দেব না। এবারেও আমরা চাই, যে বামফ্রন্টের পক্ষ থেকে ঘোষণা করা হোক কিন্তু মাননীয় মুখ্যমন্ত্রী এর বিরুদ্ধে কিছু বললেন না। যে এই এসমা যদি পশ্চিমবাংলায় চালু করতে চায় তা আমরা কিছুতেই হতে দেবো না। আজকে এই কথা আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করছি যে বন্ধু সরকারের বিরুদ্ধে যদি প্রয়োজন হয় তাহলে আমরা আন্দোলন করবো যেমন যখন জিনিসপত্রের দাম বাড়াতে আমরা সারা ভারতবর্ষ জুড়ে আন্দোলন করেছি। আজকে এসমার বিরুদ্ধে আমরা ঠিক করেছি আমাদের সংগঠনের পক্ষ থেকে ঐক্যবদ্ধ ভাবে লড়তে হবে। ইউ. টি. ইউ. সির পক্ষ থেকে, সিটুর পক্ষ থেকে আমরা ঠিক করেছি যে এর বিরুদ্ধে, এসমার বিরুদ্ধে, বন্ধু সরকারের বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে আন্দোলোন করবো।

[2-30 – 2-40 P.M.]

শ্রী তুহিন সামন্ত ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী জ্যোতিবাবুর দৃষ্টি আকর্ষণ করতে চাই। কয়েকদিন আগেও বলেছি যে তিনি অনেকগুলি দপ্তরের ভারে ভারাক্রান্ত। উচ্চশিক্ষা দপ্তর না দেখতে পারার ফলে উচ্চশিক্ষা দপ্তরে নৈরাজ্য চলছে। এর একটা প্রকৃষ্ট উদাহরণ দিই। দক্ষিণ বাঁকুড়ার খাতরা মহা-বিদ্যালয়, এই কলেজটিকে অনেক কষ্টে করা হয়েছে। কিন্তু রিসেন্ট মাস ২/৩ হলো, এই কলেজে একটা গভর্নিং বডি আছে, এই গভর্নিং বডিকে দখল করবার জন্য একটা ইস্যু করা হয়। সেখানে কিছু ক্যাজুয়াল কর্মীকে ডি.ও. বলেন যে আপনাদের স্থায়ীকরণ করা হবে। রাইটার্স বিল্ডিং থেকে কয়েকজনের নাম যায়, তাঁরা রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত। স্থায়ীকরণের পর আমরা দেখতে পাচ্ছি ডি. ওয়াই. এফ. আই. এর ছেলেরা কলেজ চত্বরে ঢুকে, প্রফেসারদের অসম্মান করতে শুরু করে। উচ্চশিক্ষা ক্ষেত্রে একটা নৈরাজ্যের অবস্থা সৃস্টি হয়েছে। প্রণব হাজরা গভর্নিং বডি থেকে পদত্যাগ করেছেন। কলেজ কর্তৃপক্ষ এস. ডি. ও. থেকে শুরু করে পুলিশ অফিসারদের সাহায্য নেন, তাঁরা থানায় ডায়েরি করেন। এই ব্যাপারে আমি কুখ্যাত সমাজবিরোধীদের গ্রেপ্তারের দাবি জানাচ্ছি। শিক্ষাক্ষেত্রে এই রকম একটা নৈরাজ্য চলছে।

শ্রী ক্ষিতিরঞ্জন মণ্ডল ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে সেচ, পূর্ত ও সুন্দরবন উন্নয়ন বিভাগের মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সুন্দরবন এলাকার উত্তরাংশে হাড়োয়া, মিনাখাঁ, সন্দেশখালি এলাকা কলকাতা ও উত্তর বসিরহাট ২৪ পরগনার সদর বারাসাত থেকে বেশি দূরে নয়। কিন্তু বিদ্যাধরী নদী, তার শাখা-প্রশাখা কলকাতা ও শহরতলীর নিকাশি খালগুলো দ্বারা বিচ্ছিন্ন ও যোগাযোগ ব্যবস্থা অত্যন্ত শোচনীয় ও অবহেলিত

দীর্ঘদিন ধরে। শ্রম ও আয়াস সাধ্য। এমন অবস্থায় বিদ্যাধরীর উপর বোয়ালঘাটা, হাড়োয়া, মালঞ্চ, বুড়ি নদীর উপর স্লুইস গেট এবং কৃষ্ণপুর খাল বা ভাঙ্গড় কাটা খালের সুখের লক গেট এর উপর সেতু হলে যোগাযোগের অত্যন্ত সুবিধা হয়—যেদিকেই যাওয়া যাক অন্তত গড়ে ৩০/৪০ কিলোমিটার পথ বাঁচে, সময় ও বাঁচে। এই ব্যাপারে উক্ত দপ্তরগুলির ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয়দের দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী সুদীপ বন্দ্যোপাধ্যায় : মাননীয় স্পিকার মহাশয়, আমার কাছে একটা সংবাদপত্র আছে, যার নাম যুগের ডাক, এখানে দুটো ক্যাপশন দেওয়া আছে। সদন প্রশাসক মন্ত্রীর নাম ভাঙ্গাচ্ছেন আর দু খানা গাড়ি, বাগান বাড়ি। তথ্য ও সংস্কৃতি দপ্তরের একজন আধিকারিক আছেন, যাঁকে নিয়ে একটা ছড়া মুখে মুখে ঘুরতো যে সরকারি গাড়ি বাগান বাড়ি। স্যার এই সংবাদপত্রে তথ্য দপ্তর সম্বন্ধে কিছু সুনির্দিষ্ট অভিযোগ তোলা হয়েছে, ফলে এই দপ্তর গত ১ বছর ধরে বিজ্ঞাপন দেওয়া বন্ধ করে দিয়েছে। তথ্য দপ্তরের মন্ত্রী জানেন, সরকারি গাড়ি সল্ট লেকে অভিসারে যায়। এই সংবাদপত্র নানা রকম সংবাদ প্রকাশ করবার চেষ্টা করেছেন। ১৯৮৮ সালের মে মাস থেকে সরকারি বিজ্ঞাপন দেওয়া বিনা নোটিসে বন্ধ করে দিয়েছে। যেহেতু তথ্য দপ্তরের বিরুদ্ধে কিছু কথা লেখা আছে। আমাদের কথা বড় বড় সংবাদপত্রে বিজ্ঞাপন না দেওয়া সম্পর্কে আমরা আলোচনা করি, কিন্তু ছোট সংবাদপত্রের আজ নাভিশ্বাস উঠছে। এরা যদি জেলায় জেলায় সরকারের ও সি. পি. এমের তাবেদারি না করে তাহলে বিজ্ঞাপন থেকে তাদের বঞ্চিত করা হচ্ছে। আমি স্যার দাবি করছি, সরকারি বিজ্ঞাপন দেওয়ার ক্ষেত্রে এই হাউসের মধ্যে দাঁড়িয়ে সরকারের একটা স্পষ্ট নীতি ঘোষণা করা উচিত। কারণ মন্ত্রীর লোকজনের মর্জিমাফিক সরকারি বিজ্ঞাপন কখনো নির্ভরশীল হতে পারে না। গণশক্তি পত্রিকা পাঁচগুণ বেশি বিজ্ঞাপন পাবে। স্টেট্‌সম্যানের সঙ্গে তুলনা করে, আনন্দবাজার-এর সঙ্গে তুলনা করে গণশক্তি সমান বিজ্ঞাপন পাবে, এটা চলতে পারে না। স্যার, তাই আমি দাবি করছি, তথ্য দপ্তর থেকে বিজ্ঞাপন দেওয়ার সুস্পষ্ট একটা নীতি ঘোষণা করা হোক।

শ্রী নির্মল দাস : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের সরকারের যে প্রতিশ্রুতি সেই প্রতিশ্রুতি অনিয়ম এবং বিভিন্ন বিভাগে ও প্রশাসনে যে অনিয়ম চলছে এটা বামফ্রন্টের নীতি বিরুদ্ধ ও অত্যন্ত দুর্ভাগ্যজনক। আমি আপনার মাধ্যমে বিভাগীয় মন্ত্রীর কাছে আবেদন করছি, বন বিভাগের কিছু কর্মচারী যারা দীর্ঘ ৭-৮ বছর ধরে কাজকর্ম করছেন, তাঁদের ছাটাই করা হবে বলে নোটিশ দেওয়া হয়েছে। জলপাইগুড়ি জেলার কিছু ডিভিশনে এই জিনিসটা আমরা লক্ষ্য করছি। দীর্ঘদিন মাষ্টারমশাইরা ৬৫ বছর চাকরির সুযোগ পাচ্ছেন, কিন্তু বর্তমানে সেটা ৬০ বছর করা হচ্ছে। কিন্তু বামফ্রন্ট সরকারের প্রতিশ্রুতি ছিল, তারা অর্জিত অধিকার রক্ষা করবে এবং সাম্প্রসারণ করবে। কিন্তু প্রকৃতপক্ষে হরণের চেষ্টা করা হচ্ছে, তাই আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রী এবং শিক্ষামন্ত্রীর কাছে জানাচ্ছি, যাতে বামফ্রন্ট সরকারের প্রতিশ্রুতি রক্ষা হয় এবং শিক্ষকরা যাতে ৬৫ বছরের চাকরির সুযোগ পায় সেটা দেখবেন।

শ্রী অশোক ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, ভয়াবহ লোডশেডিংয়ের জন্য পশ্চিমবাংলার জনগণ এক চরম দুর্বিসহ অবস্থার মধ্যে কাটাচ্ছেন। আপনি জানেন এই লোডশেডিং-এর জন্য হাওড়ার সাবওয়ে, ট্রাম এবং হাসপাতালে অপারেশন বন্ধ হয়ে যাচ্ছে। ঠিক এই অবস্থায়

হাওড়ায় নতুন করে একটা সমস্যা দেখা দিয়েছে, হাওড়ায় গত কয়েক মাস যাবৎ ট্রান্সফর্মার বিস্ফোরণ হচ্ছে এবং আপনি দেখেছেন যে সংবাদপত্রে খবর বেরিয়েছিল যে ট্রান্সফর্মার বিস্ফোরনে কয়েকজন মারা গিয়েছে। গত পরশু দিনও একটা ট্রান্সফর্মার বিস্ফোরণ ঘটেছে। একদিকে লোডশেডিং-এর দাপট ও অন্যদিকে ট্রান্সফর্মার বিস্ফোরণ। স্যার হাওড়ার এত বেশি লোডশেডিং হচ্ছে, যে আলো নেই বললেই চলে। বিদ্যুৎমন্ত্রীকে তো দেখাই যায় না, কালকে ১০ মিনিটের জন্য তার মুখ টি. ভি. তে দেখা গিয়েছিল, সুইচ অন্ করছে। বিদ্যুৎ সমস্যা পশ্চিমবাংলায় কি অবস্থায় গিয়েছে, সেটা বলার জন্য বিদ্যুৎমন্ত্রীকে অনুরোধ করছি। তা নাহলে জ্যোতিবাবুর উচিত এই অপদার্থ মন্ত্রীর হাত থেকে দপ্তর কেড়ে নেওয়া। আমি এই হাউসে দাঁড়িয়ে বলব বিদ্যুৎ অবস্থা আজ অত্যন্ত খারাপ অবস্থায় গিয়ে পৌঁচেছে।

শ্রী জাহাঙ্গীর করিম : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের এই সেশনে আমরা লক্ষ্য করছি, বিরোধী পক্ষের সদস্যরা কেন্দ্রীয় সরকারকে বন্ধু সরকার বলছে এবং বলছে পশ্চিমবঙ্গ সরকারের বন্ধু সরকার হচ্ছে কেন্দ্রীয় সরকার—এই রকম কথা তারা বলছে। আমরা কোনও সরকারের তোষামোদ করার জন্য বন্ধু সরকার বলছি না, পশ্চিমবঙ্গের জনগণের স্বার্থে হলদিয়া, বক্রেশ্বরের মতো গুরুত্বপূর্ণ প্রকল্পের জন্য বন্ধু সরকার বলছি। আমরা বলছি পশ্চিমবঙ্গের কয়েকজন অসাধু ব্যবসায়ী নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম ক্রমান্বয়ে বৃদ্ধি ঘটাচ্ছে, মাননীয় মুখ্যমন্ত্রীর সহযোগিতায় কেন্দ্রীয় সরকারকে এই ব্যাপারে একটা কঠোর ব্যবস্থা গ্রহণ করার জন্য বলুন যাতে করে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য বৃদ্ধি রোধ করা যেতে পারে।

[2-40 – 2-50 P.M.]

শ্রী সুশান্ত ঘোষ : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা বিষয়ে পশ্চিমবঙ্গ সরকারের বিভাগীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এর আগেও গত ২/৩ বছর ধরে বিষয়টা বিধান সভায় উত্থাপন করেছি যে আমাদের রাজ্যে রাণিগঞ্জ থেকে মেদিনীপুর পর্যন্ত যে রাজ্য সড়ক আছে এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ, সারা দক্ষিণ ভারতের সঙ্গে পশ্চিমবঙ্গের যোগাযোগ এই সড়ক রক্ষা করছে। যদি এটাকে জাতীয় সড়কে রূপান্তরিত না করা হয় তাহলে ভীষণ অসুবিধার সম্মুখীন হতে হবে। কারণ, এই সড়ক দিয়ে প্রতিদিন হাজার হাজার লরি, বাস যাতায়াত করছে। আমি জানতে পারলাম দিল্লী থেকে একটা সার্ভে টিম এসেছিল, সেই সার্ভে টিমের রিপোর্টটি আমরা এখনও জানতে পারিনি। এটাকে জাতীয় সড়কে রূপান্তরিত করার জন্য মন্ত্রী মহাশয় প্রয়োজনীয় পদক্ষেপ নিন এই আবেদন জানাচ্ছি।

শ্রী জয়কেশ মুখার্জি : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফত মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। শিয়ালদহ-ডানকুনি, হাওড়া-ডানকুনি দিয়ে যে রেল গাড়ি চলে তার যাত্রীরা দারুনভাবে বিক্ষুব্ধ এবং যে কোনও সময়ে একটা বিশৃঙ্খল অবস্থা দেখা দিতে পারে। তারা দীর্ঘকাল ধরে ট্রেন বাড়াবার জন্য বলছে এবং এই বিষয়ে অনেকবার দৃষ্টি আকর্ষণ করেছেন। আমি দু একটা উদাহরণ দিই। বিকালে দারুণ ভিড় হয় গাড়িতে, অথচ সেই সময় ৩-১৫ মিঃ থেকে ৫-১৫ মিঃ পর্যন্ত ২ ঘন্টা শিয়ালদহ থেকে কোনও গাড়ি যায় না। তারপর ৬-০৮ মিঃ থেকে ৭-২০ মিঃ পর্যন্ত কোনও ট্রেন নেই। ৭-২০ মিঃ থেকে ৮-

৩০ মিঃ পর্যন্ত কোনও ট্রেন নেই। ৮-৩০ মিঃ থেকে ১০-২০ মিঃ পর্যন্ত কোনও ট্রেন নেই। এমনি করে হাওড়া-বর্ধমান কর্ডে একই অবস্থা। যাত্রীরা বারে বারে দাবি করেছেন, বিভিন্ন রকমের ডেপুটেশন দিচ্ছে, মিটিং মিছিল করছেন, প্রস্তাব পাঠাচ্ছেন, কিন্তু কর্তৃপক্ষের কোনও সাড়া পাচ্ছেন না। ডি আর এম বলেছিলেন ট্রেন বাড়ানো যায় কিনা দেখবেন। কিন্তু আমাদের এম পি অমল দত্তকে বলে দিয়েছেন ট্রেন বাড়ানো যাবে না। অবস্থা খুব খারাপ, যেকোনও সময় বিশৃঙ্খলা দেখা দিতে পারে। মুখ্যমন্ত্রী এই বিষয় নিয়ে কেন্দ্রীয় সরকারের সঙ্গে কথা বলুন, না হলে খুব খারাপ অবস্থা এসে যাবে।

শ্রী নিতাইচরণ আদক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে একটা গুরুত্বপূর্ণ বিষয়ে স্বাস্থ্য মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বিষয়টা হচ্ছে হাওড়া জেলার বাগনান থানার বাইনান গ্রাম পঞ্চায়েতে যে উপ-স্বাস্থ্য কেন্দ্র আছে সেই উপ-স্বাস্থ্য কেন্দ্রের সমস্ত কোয়ার্টারগুলি লোকেরা জোর করে দখল করে দীর্ঘদিন যাবত রয়েছে এবং এই বিষয়ে বার বার বলেছি যে যারা জোর করে দখল করে রয়েছে তাদের সেই ঘর থেকে বের করে দেওয়া হোক। কিন্তু এখনও পর্যন্ত কোনও কার্যকর ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে না। আমি আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের কাছে জানাচ্ছি তিনি যেন এই বিষয়টা দেখে ঘরগুলি খালি করার ব্যবস্থা করেন। আর এই সমস্ত স্বাস্থ্য কেন্দ্র সংলগ্ন জায়গাগুলিও দখল করে আছে, সেগুলিও খালি করার ব্যবস্থা করুন এই আবেদন আমি তাঁর কাছে রাখছি।

শ্রী রাজকুমার মণ্ডল : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। ই. এস. আই. স্কীমের মাধ্যমে যে সমস্ত শ্রমিক এবং তাদের পোষ্যরা চিকিৎসার সুযোগ পাচ্ছে তার আই. পি. সংখ্যা হচ্ছে বছরে ৯ লক্ষ ২০ হাজার এবং পোষ্যর সংখ্যা হচ্ছে ৪০ লক্ষ ৮৫ হাজার। এই বিরাট সংখ্যক শ্রমিক এবং পোষ্যর চিকিৎসার দায়িত্ব যাদের উপর ন্যস্ত আছে তাদের গাফিলতির কথা আমি আপনার মাধ্যমে শ্রমমন্ত্রীর কাছে তুলে ধরতে চাই। চিকিৎসার জন্য যুক্ত সার্ভিস ডিসপেনসারি ডাক্তার, প্যানেল ডাক্তার, ডাক্তার, নার্স, হসপিটালের অন্যান্য স্টাফরা কেউ'ই যথা সময়ে আসছে না। ডিসপেনসারি ডাক্তাররা সময় মতো আসছে না। ফলে চিকিৎসার কাজ খুবই ব্যাহত হচ্ছে। এই বিষয়ে উপযুক্ত ব্যবস্থা নেবার জন্য আমি মাননীয় শ্রমমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রীমতী অপরাজিতা গোপ্পী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয় বলে আমি তাঁর দৃষ্টিতে আনছি। আপনি জানেন কুচবিহার শহরে রাজবাড়ি সংলগ্ন এলাকায় নতুন পল্লী আছে। এই নতুন পল্লীর পাট্টা নিয়ে দীর্ঘদিন ধরে আন্দোলন চলছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই নতুন পল্লী এলাকাটি আমার কেন্দ্রের মধ্যে পড়ে। মহারাজার যারা কর্মচারী ছিলেন—কুচবিহার স্টেট পশ্চিমবঙ্গের সঙ্গে মার্জ হয়ে যাবার পরে কর্মচারিদের টাকা পয়সা বাকি পড়ার জন্য মহারাজা নিজের কর্মচারিদের ঐ এলাকাটি রেজিস্ট্রি করে দেন। ওখানে ৪০০ পরিবার বাস করেন। বামফ্রন্ট সরকার আজ পর্যন্ত সেই জমিগুলির পাট্টা দেন নি। এই নিয়ে সেখানে আন্দোলন চলছে। এই জমিগুলি নিয়ে কুচবিহারের সাধারণ মানুষের মধ্যে প্রচণ্ড ক্ষোভ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, হঠাৎ সেদিন সেরিকালচার অফিসার সেখানে গিয়ে একজনের বসত-বাটী দখল করবার চেষ্টা করে। এই নিয়ে সেখানে প্রচণ্ড গণ্ডগোলের সৃষ্টি হয়। যাদের জমি, তারা এটা নিয়ে হাইকোর্টে যান এবং হাইকোর্ট থেকে ইনজাংশন জারি করা

হয়। আমার কথা হচ্ছে এই, দীর্ঘদিন ধরে এই জমিগুলি নিয়ে ৪০০ পরিবারের সঙ্গে বামফ্রন্ট সরকারের সংঘর্ষ চলছে। আমি মনে করি যে, কাউকে উচ্ছেদ করার নীতি বামফ্রন্ট সরকারের নয়। আমি তাই মাননীয় ভূমি রাজস্ব মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলছি যে, এই পাট্টা নিয়ে দীর্ঘদিন ধরে একটা যে গোলযোগ চলছে তার অবসান কল্পে আপনি একটা ব্যবস্থা গ্রহণ করুন।

শ্রী শান্তশ্রী চট্টোপাধ্যায় : মাননীয় অধ্যক্ষ মহোদয়, কেন্দ্রীয় সরকারের চাকরিতে যারা নিয়োগ হচ্ছে—এই রকম কিছু প্রার্থী চাকরিতে যোগদানের পূর্বে কিছু অসুবিধা হয়রানির সম্মুখীন হয়েছে। স্যার, আপনি নিজে'ও ভাল করেই জানেন এবং হাউসের মাননীয় সদস্যরা'ও জানেন যে, ভেরিফিকেশন রোল ফিল আপ করার সময় এম. পি., এম. এল. এ. গেজেটেড অফিসারদের সই করলেই চলত। ইদানীংকালে দেখা যাচ্ছে সেন্ট্রাল পাবলিক ওয়ার্কস ডিপার্টমেন্ট অনেক রকম শর্তের কথা বলছেন। সেখানে বলা হচ্ছে, Officer of the Superintending Engg. (Co-ord), Co-ordination Circle. No. 8/Co-ord OWL/102/90/ 1448 dt. 4.4.1990, Production of a Certificate of character in the enclosed form duly attasted by the District Magistrate, S.D.M.'s or their superiors along with their court seal therein. কোনও প্রার্থী যখন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট, এস. ডি. ও.র কাছে যাচ্ছে, তিনি তখন তাদের বলছেন এম. এল. এ., চেয়ারম্যানের সই নিয়ে আসুন। একটা ভেরিফিকেশন রোল ফিল আপ করার জন্য ক্যান্ডিডেটদের কয়েকবার করে ঘুরতে হচ্ছে। এটা কেন হচ্ছে আমি বুঝতে পারছি না। রাজ্যের ছেলেরা কি চাকরি পাবে না? তাদের কেন এই হয়রানির সম্মুখীন হতে হবে? স্যার, আপনি'ও বিধানসভার সদস্য, আপনার কেন্দ্রে নিশ্চয় আপনাকে'ও এই সমস্যা ফেস করতে হয়। আমি তাই এই ব্যাপারটি আপনাকে দেখবার জন্য অনুরোধ করছি এবং এই হয়রানি যাতে বন্ধ হয় সেই ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ জানাচ্ছি।

[2-50 – 3-30 P.M.] (including adjournment)

শ্রী সুহৃদ বসুমল্লিক : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় ভূমি ও ভূমি রাজস্ব মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আপনি জানেন গত বছর আমাদের এখান থেকে একটি অল পার্টি ডেলিগেশন দিল্লীতে গিয়েছিল আসানসোল শিল্পাঞ্চলে ধ্বস নিরসনের জন্য। কিন্তু স্যার, আমাদের কাছে সংবাদ আছে যে ইসকো কারখানা যে জমির উপর রয়েছে এবং সেখানে যে আধুনিকীকরণের কাজকর্ম শুরু হওয়ার কথা সেই ইসকো ফ্যাক্টরির ভেতরে কয়লা উত্তোলন করা হচ্ছে। সেখানে লং ওয়াল প্রজেক্ট ই. সি. এল. কর্তৃপক্ষ যেটা নিয়েছেন সেখানে আমাদের আশঙ্কা আসানসোল এবং তার পার্শ্ববর্তী শহরগুলি আগামী ৫ থেকে ১০ বছরের মধ্যে ধ্বসে পড়বে। সেখানে একটা ভয়াবহ পরিস্থিতির সৃষ্টি হয়েছে। অবিলম্বে এই লং ওয়াল পদ্ধতিতে কয়লা উত্তোলন করার বিরুদ্ধে মাননীয় মন্ত্রী মহাশয় ব্যবস্থা অবলম্বন করুন।

শ্রী সূর্য চক্রবর্তী : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। স্যার, আমরা জানি, আমাদের এই রাজ্যে বামফ্রন্ট সরকার রাজ্যের পিছিয়ে

পড়া সম্প্রদায়ের মানুষদের জন্য অনেক কল্যাণমূলক কাজকর্ম করছেন। বিশেষ করে সেখানে তফসিলি আদিবাসী সম্প্রদায়ের মানুষদের লেখাপড়া, বসবাস এবং জীবনযাপনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি নজর দিয়েছেন। এই প্রসঙ্গে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলব, তাদের পঠন-পাঠনের ক্ষেত্রে বাংলা হরফে অলচিকি ভাষায় যদি লেখাপড়ার ব্যবস্থা করা হয় তাহলে তাদের পক্ষে সুবিধা হবে। তাদের পক্ষ থেকে এই দাবিও উত্থাপন করা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার অনুরোধ, এই রাজ্যে যাতে আদিবাসী সম্প্রদায়ের মানুষদের শিক্ষার জন্য বাংলা হরফে অলচিকি ভাষার ব্যবস্থা করা হয় তারজন্য উপযুক্ত ব্যবস্থা অবলম্বন করুন।

Programme for election of the Committees

Mr. Speaker : The programme of election to the (1) Public Accounts Committee (2) Committee on Estimates (3) Committee on Public Undertakings (4) Committee on the Welfare of Scheduled Castes and Scheduled Tribes is as follows :

(a) Last date and hour for filing nomination by 3.00 p.m. on 10.5.90

(b) Scrutiny of nomination papers at 12.00 noon on 12.5.90

(c) Last date of withdrawal by 3.00 p.m. on 14.5.90

(d) Date of poll, if necessary, between 11.00 a.m. and 3.00 p.m. on 16.5.90

Members are requested to note the changes.

Now, Shri Gobinda Chandra Naskar.

MENTION CASES

শ্রী গোবিন্দচন্দ্র নস্কর : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন, মে মাস থেকে বিভিন্ন স্কুলে পঠন-পাঠন শুরু হয়েছে বা নতুন সেশন শুরু হয়েছে। কিন্তু স্যার, দুঃখের বিষয় হচ্ছে, কলেজস্ট্রিট পাড়াতে ছাত্র ছাত্রীদের নিউ সেশনের বইপত্র ঠিকমতোন পাওয়া যাচ্ছে না। বিশ্বস্তসূত্রে আমরা জানতে পেরেছি যে বুক বাইণ্ডার অ্যাসোসিয়েশনের সঙ্গে পাবলিশারদের গণ্ডগোল চলছে ফলে এই অবস্থার সৃষ্টি হয়েছে। বহু দূর দূরান্তর থেকে গার্জেনরা কলেজ স্ট্রিটে এসে তাদের ছেলেমেয়েদের জন্য ঠিকমতোন বইপত্র পাচ্ছেন না ফলে তাদের অসুবিধা হচ্ছে। বিশেষ করে লারনিং ইংলিশ বলে বইটি পাওয়া যাচ্ছে না। এই লারনিং ইংলিশ বইটি পাওয়া যাচ্ছে না অথচ তার নোট বই টি ৭০ টাকায় কালোবাজারে বিক্রি হচ্ছে। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন যে এই নোট বই-এর প্রয়োজন হবে না। মাননীয় শিক্ষামন্ত্রীর কাছে আমার দাবি, অনতিবিলম্বে যাতে সমস্ত বইপত্র ছাত্রছাত্রীরা ঠিকমতোন কলেজস্ট্রীট থেকে সংগ্রহ করতে পারেন তার ব্যবস্থা করুন।

শ্রী প্রবুদ্ধ লাহা : মাননীয় অধ্যক্ষ মহাশয়, একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার

মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। স্যার, আপনি জানেন যে আসানসোলে একটি টি. ভি. ট্রান্সমিশান সেন্টার রয়েছে এবং কংগ্রেসের সময় এই সেন্টারটি তৈরি হয়। এই সেন্টারটি তৈরি হবার ফলে আসানসোল এবং তার পাশের বাঁকুড়া, বীরভূম, পুরুলিয়ার অনেক মানুষ দূরদর্শনের প্রোগ্রাম দেখতে পান। মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে আমার অনুরোধ, তিনি কেন্দ্রীয় তথ্যমন্ত্রী শ্রী পি. উপেন্দ্রের সঙ্গে কথা বলে ব্যবস্থা করুন যাতে আসানসোলের মানুষরা টি. ভি.'র দ্বিতীয় চ্যানেলের প্রোগ্রাম দেখতে পান সেইজন্য দ্বিতীয় চ্যানেলকে এর সঙ্গে যুক্ত করা হোক। এখন আসানসোল, পুরুলিয়া এবং বাঁকুড়ার বহু মানুষ কলকাতা টি. ভি'র দ্বিতীয় চ্যানেলের ভালো ভালো অনুষ্ঠান দেখতে পাচ্ছেন না। কেন্দ্রে এখন আপনাদের বন্ধু সরকার কাজেই তাদের বলে এই ব্যবস্থা যাতে করা যায় সেটা আপনি দেখুন।

শ্রী শিবপ্রসাদ মালিক ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ে আপনার মাধ্যমে এই সভার দৃষ্টি আকর্ষণ করছি। কেন্দ্রীয় সরকার তৈল শিল্পের সঙ্গে যুক্ত শ্রমিকদের বিরুদ্ধে 'এসমা' জারী করেছেন। কেন্দ্রীয় রাষ্ট্র মোর্চা তাদের নির্বাচনী প্রতিশ্রুতি ভেঙ্গে পূর্বতন কংগ্রেস সরকারের মতো শ্রমিকের স্বার্থ বিরোধী কালাকানুন আমদানি করেছেন। আমি এর তীব্র বিরোধিতা করছি। এই শ্রমিক স্বার্থ বিরোধী কানা কানুন যাতে প্রত্যাহার করা হয় তার জন্য এই বিধানসভা থেকে প্রস্তাব গ্রহণ করার জন্য আমি আবেদন করছি।

শ্রী সৌগত রায় ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গে পুলিশে যে প্রচণ্ড গোলযোগ দেখা দিয়েছে সেই ব্যাপারে মাননীয় মুখ্যমন্ত্রী তথা স্বরাষ্ট্র মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি হয়ত দেখেছেন যে যিনি আই. পি. এস. অফিসারস অ্যাসোসিয়েশনের সম্পাদক, স্পেশাল ইনটেলিজেন্স ব্রাঞ্চের একজন ডি. আই. জি, তিনি পুলিশ অ্যাসোসিয়েশনের সম্পাদকের পদ থেকে পদত্যাগ করেছেন। সেই পদত্যাগের চিঠি প্রকাশ হয়ে পড়েছে এবং এই নিয়ে একটা তুমুল আলোড়নের সৃষ্টি হয়েছে। শোনা গেছে যে রাজ্য পুলিশের ডি. আই. জি তাকে এই ব্যাপারটা প্রত্যাহার করার জন্য বলেছেন। কিন্তু সেই সম্পাদক, এই ডি. আই. জি ভদ্রলোক একটা বিতর্কের সৃষ্টি করেছেন। তিনি যখন ডি. সি. ছিলেন তখনও এই পুলিশ কমিশনারের বিরুদ্ধে লিখেছেন। তিনি রাজ্য সরকারের বিরুদ্ধে কয়েকটি নির্দ্দিষ্ট অভিযোগ করেছেন। তিনি বলেছেন, এই রাজ্য সরকার আই. পি. এস. অফিসারদের যে পারফরম্যান্স রিপোর্ট সেটা দিল্লীতে ঠিক সময় মতো পাঠাচ্ছেন না। তার ফলে পশ্চিমবঙ্গের আই. পি. এস. অফিসাররা যে ডেপুটেশনে যাবেন তার সুযোগ তারা পাচ্ছে না এবং যখন তারা ডেপুটেশানে যাচ্ছেন না তখন তাদের সিনিওরিটি কনসিডার হচ্ছে না। এই ভদ্রলোক বলেছেন যে পুলিশের লোয়ার লেভেলে কন্সট্যাবল থেকে এস. আই পর্যন্ত প্রমোশনের ক্ষেত্রে বিরাট স্ট্যাগনেশন দেখা দিয়েছে এবং তার ফলে তাদের মনোবল ভেঙ্গে যাচ্ছে। কাজেই এই বিষয়টি দেখার জন্য আমি আপনার মাধ্যমে মাননীয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি।

শ্রী রাইচরণ মাঝি ঃ মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমি আমার মেয়ের গলায় যন্ত্রনা হওয়ার জন্য এস. এস. কে. এম হাসপাতালে দেখাতে নিয়ে যাই। সেখানে ৮-৪৫ মিনিটের সময়ে একটা টিকিট করি এবং সেটা জমা দেই। বেলা হয়ে যাচ্ছে দেখে আমি প্রায় ১০-৪৫ মিনিটের সময়ে আমি একজন ডাক্তারকে আমার পরিচয় দিয়ে বলি যে আমাকে অ্যাসেম্বলিতে যেতে হবে একটু তাড়াতাড়ি করে দেখে দিন। টিকিটটা আর একজনের কাছে

জমা ছিল, তার নাম হচ্ছে ডাঃ রঞ্জিত কুমার মল্লিক। তারপরে ডাক্তারবাবু আমাকে বলেন যে আপনি টিকিটটা চেয়ে আনুন। আমি টিকিটটা চাইতে গেলাম এবং আমার পরিচয় দিলাম। তিনি আমাকে বললেন যে লাইনে দাঁড়ান যখন ডাকা হবে তখন নেবেন। আমি তখন আবার ডাক্তারবাবুর কাছে গিয়ে বললাম যে আমাকে লাইনে দাঁড়াতে বলছেন। তখন তিনি বাধ্য হয়ে নিজে উঠে গিয়ে টিকিটটা নিয়ে আসেন এবং আমার মেয়েকে দেখেন। এটা সবচেয়ে বেদনা-দায়ক ব্যাপার যে আমি একজন এম. এল. এ. হিসাবে পরিচয় দেবার পরেও ডাঃ রঞ্জিত কুমার মল্লিক কি করে আমাকে বললেন, দাঁড়িয়ে থাকুন, অপেক্ষা করুন, ডাক পড়লে নেবেন। এখানে স্বাস্থ্য মন্ত্রী আছেন, আমি আশা করবো যে তিনি বিষয়টি তদন্ত করে জানাবেন এবং উপযুক্ত ব্যবস্থা নেবেন।

মিঃ স্পিকার : আমি আজকে জিরো আওয়ারের ১৬টি নোটিশ পেয়েছি। আমার হাতে সময় নেই কাজেই জিরো আওয়ার হবেনা। আমি সদস্যদের আবার বিবেচনা করার জন্য বলছি। এই ভাবে চলবে না, ১৬টা, ১২টা করে নোটিশ আসবে, এটা হতে পারে না। এখন বিরতি। হাউস আবার বসবে ৩.৩০ মিনিটে।

(At this stage the House adjourment till 3.30 p.m.)

(After Adjournment)

[3-30 – 3-40 P.M.]

VOTING ON DEMAND FOR GRANTS

Mr. Deputy Speaker : There is one cut motion on Demand No. 66, two cut motions on Demand No. 68 and two cut motions on Demand No. 67. All the cut motions are in order and taken as moved except the second portion of the cut motion of Shri Apurbalal Majumdar on Demand No. 66 i.e. "and also the failure of the Government to draw up effective schemes for flood control which has become chronic in certain areas of some districts of the State" does not relate to this demand. So, it is out of order.

Demand No. 66

Shri Apurbalal Majumdar : Sir, I beg to move that the amount of Demand be reduced by Rs. 100/-.

Demand No. 68

Shri Saugata Roy : Sir, I beg to move that the amount
Shri Apurbalal Majumdar : of Demand be reduced by Rs. 100/-

Demand No. 67

Shri Saugata Roy : Sir, I beg to move that the amount
Shri Apurbalal Majumdar : of Demand be reduced by Rs. 100/-

শ্রী অমর ব্যানার্জি : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মেজর ইরিগেশন এবং মাইনর ইরিগেশন মন্ত্রীরা যে ব্যয় বরাদ্দ এই সভার কাছে রেখেছেন, আমি তার বিরোধিতা করে

আম্যদের যে কাট মোশনগুলো আছে, সেইগুলোকে সমর্থন করে কিছু বক্তব্য রাখছি। মাননীয় মন্ত্রী মহাশয়, মেজর ইরিগেশন এবং মাইনর ইরিগেশনের মাধ্যমে পশ্চিমবাংলায় কমাণ্ড এলাকা, সেচ সেবিত এলাকা কতটা করতে পারবেন, তার একটা আলোক চিত্র তুলে ধরেছেন। বলা হয়েছে ৬১.১০ লক্ষ হেক্টার-এ সেচ সম্ভব, তার মধ্যে এবার ২৪ লক্ষ ১০ হাজার হেক্টার বড় এবং মাঝারি সেচ এলাকায় আনতে চাইছেন। গতবারে বলেছেন প্রায় ৪০ লক্ষ হেক্টর সেচ এলাকার বিস্তার ঘটাতে পারেন। উপর দিকে মাইনর ইরিগেশনে বলা হয়েছে এক লক্ষ হেক্টরে সেচ সম্ভাব্যতা সৃষ্টি করেছেন। মোট ৮৭.৮৫ লক্ষ হেক্টরের মধ্যে আমরা ৬২ শতাংশ সেচ করতে পারবো। আমাদের পশ্চিমবঙ্গের সেচ দপ্তরে যারা দায়িত্বে ছিলেন, যেমন শ্রদ্ধেয় অজয় মুখার্জি বলুন, পরবর্তী কালে বরকত গনি খাঁন চৌধুরী, প্রভাস রায়, বিশ্বনাথ বাবু, তারপর ননী বাবু, তারপর কানাই বাবু, এখন কামাখ্যা বাবু নূতন এসেছেন, এরা সকলে গ্রামবাংলার মানুষ, সেখানকার প্রতিনিধিত্ব করেন, উনারা সব নদী মাতৃক এলাকার মধ্যে থেকে এসেছেন, স্বাভাবিক ওঁদের চেষ্টায় পশ্চিমবাংলায় সেইভাবে এগোতে পারেনি, সেচ সেবিত এলাকায় বিশেষ সম্ভব করতে পারেন নি। এখনও পশ্চিমবাংলার অনেক এলাকাকে বৃষ্টির জলের উপর নির্ভর করতে হয়। কংগ্রেস আমলের কথা ছেড়ে দিন। আপনারা বলেন কংগ্রেস আমলে কিছু হয়নি। ১৩ বছরে আপনারা সেচ সেবিত এলাকা খুব বেশি বৃদ্ধি প্রাপ্ত করতে পারেন নি। মন্ত্রীর ব্যক্তিগত ক্ষমতা, দক্ষতা এবং সততার ওপর একটা ডিপার্টমেন্টের সুচারুভাবে পরিচালিত হওয়াটা নির্ভর করে না। দুটোর মধ্যে তফাত আছে। ব্যক্তিগত জীবনে মন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় বা মন্ত্রী কামাখ্যানন্দন বাবু কতখানি সৎ এবং পরিচ্ছন্ন মানুষ, সেটাই বড় কথা নয়। মুশকিল হচ্ছে আমরা বেড়া দিই গাছ রক্ষা করবার জন্য, কিন্তু ইরিগেশন দপ্তর সেখানে গাছ রক্ষার জন্য যে বেড়া রয়েছে সেই বেড়াই সমস্ত কিছু খেয়ে নিচ্ছে। এ বিষয়ে ভুরি ভুরি নজির আছে, প্রমান আছে এবং সংবাদপত্রেও এ বিষয়ে অনেক কিছু বেরিয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আপনি জানেন এবং মাননীয় মন্ত্রী মহোদয়রাও জানেন যে, সেচ দপ্তরে কোটি কোটি টাকা নয় ছয় হচ্ছে। এর মূল কারণ হচ্ছে আমাদের যে পরিকাঠামো আছে, সেই পরিকাঠামোতে সুষ্ঠু পরিকল্পনা রচনা এবং রূপায়ণের অভাব রয়েছে। আমি গ্রাম বাংলার ছেলে, নদীর ধারে বাস করি, আমার জ্ঞানকাল থেকে আমি উলুবেড়িয়ায় বহু বন্যা ঘটতে দেখেছি, অ্যাফেক্টেড হয়েছি, আমি দেখেছি বন্যা প্রতিরোধ করার জন্য যে প্রিভেন্টিভ মেজার সেটা আমাদের সেচ দপ্তর ঠিক সময় মতো নেয় না। সেই জন্য আজকে স্যার, আমি আপনার মাধ্যমে এই হাউসকে তথা মাননীয় মন্ত্রী মহোদয়কে বলতে চাইছি যে, আমরা আজকে আনন্দিত সেচের মতো একটা গুরুত্বপূর্ণ বিষয় নিয়ে গভীর ভাবে চিন্তা ভাবনা করে সাবজেক্ট কমিটি তৈরি করা হয়েছে, সাবজেক্ট কমিটি ফর ইরিগেশন। এর জন্য এই হাউসকে এবং সরকারকে অভিনন্দন জানাচ্ছি। সেচ ব্যবস্থার সামগ্রিক স্বার্থের কথা বিবেচনা করে, সক্রিয়ভাবে ইরিগেশন দপ্তরকে পরিচালিত করবার জন্য কয়েকটি সুপারিশ সাবজেক্ট কমিটি দিয়েছে। স্যার, আমি আপনার কাছে বিনীত ভাবে এবং শ্রদ্ধার সঙ্গে বলতে চাই যে, সাবজেক্ট কমিটি যে যে বিষয়ে সুপারিশ করেছে সে সে বিষয়ে কোনও কথা আমি আজকে এই সভায় উপস্থাপিত করব না। নীতিগত প্রশ্নেই আমি তা করব না, কারণ আমি ঐ সাবজেক্ট কমিটির অন্যতম সদস্য। সাবজেক্ট কমিটি যে সমস্ত সুপারিশ ইরিগেশন দপ্তর সম্বন্ধে করেছে এবং যে-সমস্ত কথা বলেছে সে-সমস্ত কারো একার চিন্তা ভাবনা নয়, আমরা

যারা সদস্য আছি ওটাতে আমাদের সকলের কালেকটিভ রেসপনসিবিলিটি আছে। আমরা সকল সদস্য যৌথ দায়িত্ব নিয়ে যৌথভাবে ঐ সুপারিশ পেশ করেছি। অতএব সাবজেক্ট কমিটির সুপারিশের ধার-কাছ দিয়েও আমি যাব না। সেচ খাতের আমাদের যে তিনটি বাজেট বই এই সভায় পেশ করা হয়েছে সেই তিনটি বাজেট বই'ই আমি সমস্তটা পড়েছি। এর মধ্যে আমি দেখেছি যে, মোটামুটি তিনটি বিষয়ের ওপর বেশি গুরুত্ব দেওয়া হচ্ছে। একটা কি, না বন্যা প্রতিরোধ এবং ভূমি-ক্ষয় রোধ, আর একটা হচ্ছে নিকাশি ব্যবস্থা জোরদার করা এবং শেষ যেটা সেটা হচ্ছে সেচ সেবিত এলাকা বৃদ্ধি করা। বেশি করে কমাণ্ড এলাকা যাতে সৃষ্টি হতে পারে তার জন্য চেষ্টা করা। কিন্তু আমাদের ইরিগেশন দপ্তরগুলির যে পরিকাঠামো, তা দিয়ে কোনওটাই সঠিকভাবে করা সম্ভব হচ্ছে না। ইরিগেশন দপ্তরের দুর্নীতির কথা আমি বার বার বলেছি। আমি বার বার এই বিধানসভায় মেনশন করেছি। আমি মেনশন করেছি এবং বিভিন্ন সংবাদপত্রেও বিভিন্ন ঘটনা বেরিয়েছে যে, ইরিগেশন দপ্তরে কোটি কোটি টাকা নয়-ছয় হয়ে যাচ্ছে। আমরা প্রতি বছরই দেখছি যে, এই দপ্তর বর্ষার আগে গ্রীষ্মকালে ভাল ভাবে ইরিগেশন বাঁধ মেরামত করে না। অথচ আমরা দেখলাম গত বছর হাওড়ার কোথাও কিছু নেই, বন্যার কোনও পূর্বাভাষ নেই, চিহ্ন নেই, বন্যা প্রতিরোধের জন্য টেণ্ডার ডেকে কাজ শুরু হয়ে গেল। আগের বছরও একটুও বন্যা হয় নি। হাওড়ার ইরিগেশন ডিভিশন আগাম বন্যার চিন্তা ভাবনা করে কয়েক কোটি টাকা কন্ট্রাক্টরদের হাতে তুলে দিলেন, তাদের বিভিন্ন ধরণের কন্ট্রাক্ট পাইয়ে দিলেন। অথচ আসল কাজের কাজ সেখানে কিছুই হয় নি। এই ভাবে পাইয়ে দেবার রাজনীতি হচ্ছে। অথচ আমরা দেখছি মুর্শিদাবাদ মালদহ জেলায় বন্যা এবং ভূমি ক্ষয়ের জন্য বছরের পর বছর ব্যাপক ক্ষয়-ক্ষতি হচ্ছে। আমরা ফারাক্কা ব্যারেজ বড় করে ড্যাম তৈরি করতে পারি কিনা এবং যদি না পারি ফিডার ক্যানেল অন্তত বেশি করে তৈরি করার চেষ্টা করতে হবে। ফিডার ক্যানেল জল নিকাশি ব্যবস্থা করতে পারে। তিস্তা প্রকল্পের মধ্যে আমি যেতে চাই না। তবে তিস্তা আজকে আমাদের ভরসা, আমাদের প্রত্যাশা। আপনারা বলেন, তিস্তার ব্যাপার নিয়ে বিগত কেন্দ্রীয় সরকার আপনাদের বঞ্চনা করেছেন। এবারে নতুন সরকার এসেছে। এই সেদিন বাজেট বক্তৃতা করতে গিয়ে আপনাদের একজন মন্ত্রী বললেন যে, বর্তমানের নতুন কেন্দ্রীয় সরকার তিস্তা ব্যারেজের জন্য ১০ কোটি টাকা দিয়েছেন। কিন্তু আমি জানি তিস্তা ব্যারেজের জন্য ১০ কোটি টাকা এখনো আসে নি।

[3-40 – 3-50 P.M.]

১০ কোটি টাকা আসলে সমস্ত সদস্যদের সঙ্গে আমিও খুশী হতাম, যদি তিস্তা প্রকল্পের জন্য ১০ কোটি টাকা দেয়। এখনও পর্যন্ত সেই টাকা আসেনি, তবে চেষ্টা চলছে, মাননীয় মন্ত্রী মহাশয় নিজে উদ্যোগ নিয়েছেন, পশ্চিমবঙ্গ সরকার উদ্যোগ নিয়েছেন, টাকা আনা দরকার। কেন্দ্রীয় সরকার বড় কথা নয়, আমাদের ভৌগলিক যে অবস্থান তাতে বড় বড় জলাধার আমরা তৈরি করতে পারিনি। স্বাভাবিকভাবেই আপার ইণ্ডিয়ার যে জল সেই জল আমাদের দিকে চলে আসছে, সিকিমের জল, ভূটানের জল প্লাবনের মতোন আসে এবং এসে মুর্শিদাবাদ, মালদা প্রভৃতি গঙ্গার তীরবর্তী যেসব এলাকা রয়েছে সেগুলি প্লাবিত করে দিয়ে চলে যায়, কারণ আমরা জলাধার তৈরি করতে পারিনি। সুতরাং কেন্দ্রীয় সরকারকে এই ব্যাপারে উদ্যোগ নিতে হবে। পশ্চিমবঙ্গে পারমানেন্ট বন্যা রোধ করার জন্য এতদিন কেন্দ্রীয়

সরকার কোনও ব্যবস্থা নেয়নি। এটা খারাপ এবং নেয়নি বলেই নির্বাচনে হেরে গেছে। এবার নতুন কেন্দ্রীয় সরকার এসেছেন। তাদের কাছে দাবি থাকবে পশ্চিমবঙ্গকে চিরকালের জন্য গঙ্গার গ্রাস থেকে মালদা মুর্শিদাবাদ জেলাকে বাঁচানোর জন্য কেন্দ্রীয় সরকারকে ব্যবস্থা নিতে হবে। গ্রামের পর গ্রাম গঙ্গার গ্রাসে শেষ হয়ে যাচ্ছে। হাজার হাজার মানুষ ঘর ছাড়া হয়ে যাচ্ছে, এদের বাঁচাতে হবে। তিস্তার কথা আমি ছেড়ে দিলাম, এবার আমি হাওড়া ও হুগলি জেলার বন্যার কথায় আসি। হাওড়া এবং হুগলিতে যে বন্যা হয় তার মূল কারণ হচ্ছে জল নিকাশী ব্যবস্থা ঠিক না হওয়ার জন্য। আমি আগেও বলেছি, হাওড়া, বর্ধমান, বীরভূমের উপর দিকে যে জল সেই জল হাওড়া দিয়ে চলে যায়। নিকাশি ব্যবস্থা এখনও পর্যন্ত আমরা সঠিকভাবে করতে পারলাম না। আমরা রাজাপুর ক্যানেল তৈরি করতে পারলাম না। মাননীয় মন্ত্রী মহাশয় রাজাপুর ক্যানেল স্কীম তৈরি করেছিলেন এবং তা কেন্দ্রীয় সরকারের কাছে অনুমোদনের জন্য পাঠিয়েছিলেন, আমি জানি না সেটা কতদূর কি হয়েছে? রাজাপুর ক্যানেল দিয়ে কেঁদুয়া প্রোজেক্টের মাধ্যমে রূপনারায়নের জল বেরিয়ে যাওয়ার কথা, কিন্তু সেই জল বেরিয়ে যেতে পারে না। কেঁদুয়া প্রোজেক্টের জন্য গতবারে টাকা রাখা হয়নি, কিন্তু এবার টাকা রাখা হয়েছে। আমি আগেও বলেছিলাম, আবার বলি মাননীয় মন্ত্রী মহাশয়কে, কেঁদুয়া প্রজেক্টের ব্যাপারে আমরা মন্দির তৈরি করলাম, বিশাল দেব বিগ্রহ প্রতিষ্ঠা করলাম কিন্তু দেবতার প্রাণ প্রতিষ্ঠা করতে পারলাম না। কেঁদুয়া প্রজেক্টের জন্য বড় স্লুইজ গেট তৈরি করেছি কিন্তু তার জন্য খাল কাটিনি, যে খাল দিয়ে জল গিয়ে জমিকে উর্বর করবে, হাওড়া, আমতা, উদয়নারায়নপুর, হুগলিকে জল সেচের প্লাবন আনবে সেই ব্যবস্থা করতে পারিনি। তবে এবারে মাননীয় মন্ত্রী মহাশয় বাজেট বরাদ্দ রেখেছেন কেঁদুয়া প্রোজেক্টের জন্য ২৫ কোটি টাকা, যদিও এই টাকা অল্প, আরও বাড়ানো দরকার। এবারে উলুবেড়িয়ার ভাঙনের কথা আসি। উলুবেড়িয়াতে গতবারে যে ভাঙন হয়ে গেল সেই ভাঙনের জন্য দপ্তর থেকে ৯ লক্ষ টাকার মতোন খরচা করলো। আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি মাননীয় মন্ত্রী মহাশয়কে, সেই ৯ লক্ষ টাকার যে কাজ হল সেই কাজ পরবর্তীকালে যদি কোনও অফিসারকে আপনি সেখানে পাঠিয়ে তদন্ত করেন তাহলে দেখবেন, যে কাজ আপনার দপ্তর করে রেখেছিলেন তার থেকে আরো ৪ ফুট, সাড়ে ৪ ফুট নেমে চলে গেছে। ওখানে এক্সপার্ট কমিটি যে সুপারিশ করেছিলেন সেই সুপারিশ অনুযায়ী কাজ করার আবেদন আমি আপনার কাছে করবো। মুর্শিদাবাদ, মালদার যে ভাঙন সেই ভাঙন মাঝে মাঝেই হয়ে থাকে এখন ওখানকার মানুষেরা এতে অভ্যস্থ হয়ে গেছেন। আমি আগেই বলেছিলাম উলুবেড়িয়াতে যদি কোনও প্রাকৃতিক বিপর্যয় না হতো তাহলে ওখানকার প্রাকৃতিক অবস্থান এতই ভাল হতো যে কলকাতা জব চানর্কের না হয়ে, উলুবেড়িয়াতে জব চানর্ক কলকাতা প্রতিষ্ঠা করতেন। উলুবেড়িয়ার এই প্রাকৃতিক বিপর্যয়ের ফলে বর্তমানে ২৪টি দোকান ঘর এবং আশেপাশের ৯টি বাড়ি পরিত্যক্ত হয়ে গেল। তারা অন্য জায়গায় গিয়ে ব্যবস্থা করছে। উলুবেড়িয়ার ভাঙ্গনের ব্যাপারে আপনার উদ্যোগ রয়েছে। আপনি গত বারে বলেছিলেন এক্সপার্ট কমিটি যা সুপারিশ করবেন আপনি সেই সুপারিশ অনুযায়ী কাজ করবেন, সেই কাজ যাতে তাড়াতাড়ি শুরু হয় আপনার মাধ্যমে মাননীয় সেচমন্ত্রী মহাশয়ের কাছে আমি সেই কথা নিবেদন করতে চাই। আমি আর একটি কথা বলি, আমাদের পশ্চিমবঙ্গে সুবর্ণরেখা বাঁধ প্রকল্প একটি বড় স্কীম, আপনি জানেন এই সুবর্ণরেখা স্কীমের জন্য এবারে ৮ কোটি টাকার সংস্থান রাখা

হয়েছে, তাতে কি হবে? বিহার সুবর্ণরেখা বাঁধের কাজ কমপ্লিট করে দিয়েছে, আমরা পারিনি। আমাদের হাতে বড় প্রোজেক্ট সুবর্ণরেখা, সেই সুবর্ণরেখা ২২৬ কোটি টাকার প্রকল্প, বিহার নিজের পার্ট শেষ করে দিয়েছে, আমরা করতে পারিনি, সুবর্ণরেখা কি মাত্র ৮ কোটি টাকায় কমপ্লিট করা যায়? সুবর্ণরেখা যেখানে ২২৬ কোটি টাকার প্রকল্প, সেখানে মাত্র ৮ কোটি টাকা রেখেছেন। সেজন্য আমি বলব যে, সুবর্ণরেখা মেদিনীপুর জেলার বিশাল এলাকাকে আমরা সেচ সেবিত এলাকা হিসাবে ঘোষণা করতে পারতাম, মেদিনীপুরের কৃষক বন্ধুরা সুবর্ণরেখা প্রকল্পের দ্বারা জীবন ধারণের মানোন্নয়ন করতে পারত কিন্তু আমরা সেখানে ব্যর্থ হয়েছি, ওখানে শুধু টাচ করে যাওয়া হচ্ছে। এবারে ৮ কোটি টাকা রেখেছেন। তারপর ময়ূরাক্ষী সেচ প্রকল্পের কথা বলি, ময়ূরাক্ষী বীরভূম জেলার বেশিরভাগ এলাকা কভার করছে, ময়ূরাক্ষী থেকে বক্রেশ্বর প্রকল্পে প্রায় ৬৭ কিউসেক জল ময়ূরাক্ষী প্রকল্প থেকে যাবে, স্বাভাবিকভাবে যদি ময়ূরাক্ষী প্রকল্প থেকে প্রতিদিন অত জল বক্রেশ্বরে দিতে হয় তাহলে বীরভূমের মানুষের কাছে জলের যে কি ক্রাইসিস দেখা দেবে, সেজন্য বিকল্প যে ব্যবস্থা ছিল সেটা হল বক্রেশ্বরে যে নদী ছিল তার উপর আমাদের ব্যবস্থা করার দরকার ছিল অথবা আলাদা করে মাইনর ইরিগেশনে এক্সট্রা নূতন ডিপ টিউবওয়েলের ব্যবস্থা করা যায় কিনা সেগুলি দেখার জন্য আমি মাননীয় মন্ত্রী কামাখ্যা বাবুর কাছে অনুরোধ করছি। উনি কংসাবতী জলাধার প্রকল্পের কথা বলেছেন, আপার কংসাবতীর কাজ বিহার কমপ্লিট করে ফেলেছে। আপনাদের কংসাবতী প্রকল্পের জন্য ১১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রেখেছেন, এতে কি হবে? আমি জানিনা এ ব্যাপারে কেন মাত্র ১১ কোটি টাকা বরাদ্দের প্রস্তাব রাখা হয়েছে, যেখানে কংসাবতী প্রকল্পের জন্য আরও বেশি টাকা বরাদ্দ হওয়ার দরকার ছিল। আমি ইরিগেশন দপ্তরের কতকগুলি বিশেষ দিকের প্রতি দৃষ্টি দিতে বলছি। বিশেষ করে মাইনর ইরিগেশন দপ্তরের মন্ত্রী মহাশয় উপস্থিত রয়েছেন, আমি তাঁকে বলছি, আমাদের হুগলি এবং রূপনারায়ন নদীর কথা। হুগলি নদীর ধারে গ্রাউণ্ড ওয়াটার বেশি করে ব্যবহার করবেন না। এক্সপার্টরা বলেছেন, সে বিষয়ে মানসবাবু আপনাদের পরে বুঝিয়ে বলবেন। নদীর ভিতরের জল বিশেষ করে হুগলি নদীর মিঠে জল যা আসছে সেগুলি নদীর ধারে ধারে এক ভেন্ট ২ ভেন্ট করে স্লুইশ গেট করতে পারা যেত মাইনর ইরিগেশন দপ্তরের মাধ্যমে তাহলে হুগলি, মেদিনীপুর এবং হাওড়ার বিস্তীর্ণ এলাকা সেচসেবিত এলাকা হিসাবে পাওয়া যেত। হুগলি নদীর ধারে ধারে যে সব জনবসতি এবং সেচ এলাকা রয়েছে, হুগলি নদীর জল ব্যবহারের চেষ্টা করি এবং জলটাকে আরও বেশি ব্যবহার করতে পারি—আজকে ডিপ টিউবওয়েল, মাইনর ইরিগেশন ইত্যাদির নানারকম কাজকর্ম আছে ইলেকট্রিফিকেশনের ব্যাপার আছে যা অনেক সময় পাওয়া যায় না সেই জায়গায় হুগলির মিঠে জল সেচে পৌঁছে গিতে পারতাম ১,২ ভেন্ট করে নদীর ধারে ধারে স্লুইশ গেট করতে পারতাম তাহলে ওখানকার কৃষকদের মনে আশার সঞ্চার হতে পারত।

[3-50 – 4-10 P.M.]

আপনার দপ্তর ওয়াল্ড ব্যাঙ্কের কাছ থেকে সহায়তা হিসাবে ১৫৬ কোটি টাকা পেয়েছে। এই ১৫৬ কোটি টাকাটা সপ্তম পরিকল্পনার যোজনাকাল—১৯৮৫ থেকে ১৯৯০ সালের মধ্যে ক্রিয়ার করবার কথা ছিল। আপনার দপ্তর থেকে বলা হয় যে, যেহেতু ওয়াল্ড ব্যাঙ্কের টাকা

সেহেতু টেণ্ডার ডাকতে হয়। কিন্তু এটা ফ্যাক্ট নয়। আপনাদের যে দপ্তর আছে তাদের মধ্যে সমন্বয়সাধন করতে ১১ লক্ষ ৮৮ হাজার টাকা খরচ করে দিলেন। এই যে ১৫৬ কোটি টাকা, সেক্ষেত্রে দাম বাড়বার ফলে স্কীমের খরচও বেড়ে যেতে পারে এবং তারজন্য হয়ত বিশ্ব ব্যাঙ্ক থেকে টাকা চেয়ে নিয়ে আসবেন। এর আগে ক্ষুদ্র সেচমন্ত্রীর অবর্তমানে মুখ্যমন্ত্রী বলেছিলেন; তিনি স্বীকার করেছেন যে, এই দপ্তর কাজ করতে পারেনি। আপনাকে বুঝতে হবে, যেখানে ১২০০ হেভি ডিপ টিউবওয়েল হবার কথা সেখানে হাত দেওয়া হয়েছে মাত্র ২০০টিতে। ২০০টায় যা হাত দেওয়া হয়েছে তারও পুরোটা করতে পারেননি। ইলেকট্রিক কানেকশন কাকে দেবেন? আপনার দপ্তর ইতিমধ্যে ৭ কোটি টাকার মতো ইলেকট্রিক ডিপার্টমেন্টকে দিয়ে রেখেছে কানেকশনের জন্য, কিন্তু সেটাও হয়নি। ৪০০ টি মিডিয়াম ডিপ টিউবওয়েল বসাবার কথা আছে। ১৮০০ সাবমার্জড টিউবওয়েলের মধ্যে মাত্র ৩০০টিতে হাত দেওয়া হয়েছে। সেজন্যই বলছি যে, ক্ষুদ্র সেচ দপ্তর টাকা পেয়েছে, কিন্তু কাজ করতে পারছে না। ওয়াল্ড ব্যাঙ্কের টাকাটা আপনারা ইউটিলাইজ করতে পারছেন না। এটা আপনার দপ্তরের অক্ষমতা। ওদিকে মুখ্যমন্ত্রী বলে দিলেন যে, আরো ১ লক্ষ একর জমি সেচসেবিত হবার সম্ভাবনা রয়েছে। কিন্তু সেটা ঐসব স্কীমগুলি করলে তো হবে, শুধু বলে দিলেই তো সেটা হবে না। কাজেই সেদিকে নিশ্চয়ই নজর দেবেন। আজকে ওয়াল্ড ব্যাঙ্কের টাকার পুরোটা যাতে সময়ের মধ্যে ইউটিলাইজ করতে পারেন তারজন্য নজর দিতে হবে। তারপর রূপনারায়ণের ব্যাপারে একটি কথা বলি। এ-ব্যাপারে আপনার প্রশংসা করছি প্রম্পট অ্যাকশন নেবার জন্য। কল্যাণপুর বিধানসভা কেন্দ্রের কয়েকটি গ্রামের ১২৪ থেকে ১২৬টি বাড়ি নদীগর্ভে বিলিন হয়ে গেল। সেখানে ডেপুটেশন দিয়ে বলেছি যে, প্রিভেনটিভ মেজার গ্রহণ করুন। সেখানে টেম্পুরারি মেজার হিসাবে কিছু কাজ করেছিলেন। আমাদের এই সভার অন্যতম মাননীয় সদস্য নিতাইবাবু এই ব্যাপারে হাউসে মেনশনও করেছিলেন। আপনার ডিপার্টমেন্ট বলছে যে, সেখানে কাজ হচ্ছে এবং গ্রামগুলি রক্ষা পাবে। কিন্তু আমার কাছে যতদূর খবর আছে তাতে সেখানে যে বাড়িগুলি অক্ষত অবস্থায় রয়েছে সেগুলো রক্ষা করা যাবে না এবং কাজ যা হচ্ছে সেটা অন্য জায়গায় হচ্ছে। ডিপার্টমেন্টের যদি মনে হয় যে বাড়িগুলিকে রক্ষা করা যাবে না তাহলে সেইভাবে নোটিশ দেওয়া হোক। কিন্তু কাজটা অন্য জায়গায় শুরু হয়েছে এবং কাজের ক্ষেত্রেও অপ্রতুলতা রয়েছে। কাজের গুরুত্ব অনুযায়ী টাকা বরাদ্দ হচ্ছে না। আপনার দপ্তরের সঙ্গে মাইনর ইরিগেশনের সঙ্গে বিশেষ করে কৃষি দপ্তর এবং বিদ্যুৎ দপ্তরের কাজে একটা সমন্বয়সাধন করার দরকার আছে, নইলে আপনি কাজ করতে চাইলেও করতে পারবেন না। কোনও জায়গায় আপনি হয়ত ডিপ-টিউবওয়েল করবেন, কোনও জায়গায় হয়ত আর. এল. আই করবেন, বিদ্যুতের জন্য সমস্ত স্কীমগুলো কিন্তু বানচাল হয়ে যাবে। আপনি মাঝে মাঝে তাদের সঙ্গে বৈঠক করুন। তাদের সাথে সমন্বয় করার কথা আমি সেজন্য আপনাকে বিশেষ ভাবে বলবো। এই কথা বলে আমাদের যে কাট-মোশনগুলো রয়েছে সেগুলোকে সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী শুভেন্দু চৌধুরী ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে মাননীয় সেচমন্ত্রী যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করেছেন এবং ক্ষুদ্রসেচ দপ্তরের যে ব্যয়-বরাদ্দের দাবি পেশ করে তাকে আমি পুরোপুরি সমর্থন করছি এবং সাথে সাথে বিরোধীদের আনা কাট মোশনগুলোর বিরোধিতা

করছি। আমার আগের বক্তা অমরবাবু তাঁর বক্তব্য রাখতে গিয়ে পুরানো দিনের সেচ মন্ত্রীদের কথা, আপনার কথা বলেছেন। আপনারা চেষ্টা করেছেন, কিন্তু ইরিগেশনের টাকা দিয়ে সমস্ত কাজগুলো করে উঠতে পারেন নি এই কথা তিনি বলেছেন। আমি সবিনয়ে বলতে চাই পুরানো দিনের সেচমন্ত্রীদের কথা বলতে গিয়ে তিনি ওঁদের দলের একজনের কথা বলেছেন, যাঁর নাম করেছেন, মালদহ জেলার সেই সেচমন্ত্রীকে আমরা সকলেই জানি, তবুও তাঁর কথা একটু বলতে হচ্ছে। আপনারা যে টাকা দিয়েছেন সেটাকে ইরিগেশনের মধ্যে বরাদ্দ করার চেষ্টা করেছিলেন, উনি সেচের কাজ না করে সুইমিং পুল করেছিলেন শহরের বুকে, পার্ক করেছিলেন, উনি ইরিগেশনের টাকাগুলোকে নিয়ে তছনছ করেছিলেন। তাই আমাদের সেচমন্ত্রীর সাথে যখন তাঁর নামটা যোগ করা হয়, তখন প্রতিবাদ জানাতে হয়, তাই আমি এখানে প্রতিবাদ জানালাম। আমি প্রথমে সেচমন্ত্রীকে ধন্যবাদ জানাচ্ছি ৯০-৯১ সালে যে পরিমাণ অর্থ পাওয়া যাচ্ছে তা দিয়ে পূর্বের সেচ সৃষ্টিকে সমৃদ্ধ করে নতুন করে সেচ সামর্থকে সুহায্য করে বন্যাপ্রবন এলাকায় বন্যার বিরুদ্ধে ও ভূমিক্ষয়'এর রোধ করার চেষ্টা করছেন, মানুষের ক্লেশ লাঘব করার চেষ্টা করছেন এবং যে কাজগুলো সম্ভব সেই কাজ সেচ দপ্তরের টাকা দিয়ে, অর্থ বরাদ্দ করে নিষ্পন্ন করার চেষ্টা করছেন, সেজন্য আপনাকে ধন্যবাদ জানাচ্ছি। গত বছরে ১৯৯০ সালে ৪০ হাজার হেক্টর এলাকায় সেচ প্রসার করতে চেয়েছিলেন। আপনি সেখানে বললেন ১৩.৪৫ হাজার হেক্টর এলাকা যুক্ত হবে। বললেন ৪০ হাজার হেক্টর নয়। ৯০-৯১ সালে সেচ সমৃদ্ধি সৃষ্টি ধার্য করেছেন ২৬ হাজার হেক্টর। অর্থাৎ ৮৮-৮৯ সালে যেখানে ১২.৩৯ হাজার হেক্টর সেচ সামর্থ সৃষ্টি হয়েছে তার সঙ্গে কিছুটা যোগ করে মাইনর ইরিগেশনে আরও কিছুটা সেচ সামর্থ সৃষ্টি করতে, সেচের প্রচার ঘটাবার চেষ্টা করেছেন। এটা আপনার তহবিল এর ভেতর থেকেই চেষ্টা করেছেন সেজন্য আপনাকে সাধুবাদ জানাচ্ছি।

[4-00 – 4-10 P.M.]

কংসাবতী প্রজেক্ট আধুনিকীকরণের কথা বলেছেন। এর আধুনিকীকরণ করতে গেলে ৩১১.০৭ কোটি টাকার দরকার কিন্তু আপনি ব্যয় অনুমোদনের ক্ষেত্রে বলেছেন যে টেকনিক্যাল অ্যাডভাইসারি কমিটি যেটা অনুমোদন করেছে সেটাকে সেন্ট্রাল এনভায়রেনমেন্ট কমিটির অনুমোদনের অপেক্ষায় আছে। সেখানে মাত্র ৩ কোটি টাকা এইবারের বাজেট প্রস্তাবে রেখেছেন। সুতরাং ৩১১.০৭ কোটি টাকার জায়গায় মাত্র ৩ কোটি টাকাতে খুব একটা কাজ হবে বলে মনে হয় না। এই টাকাটা যাতে আরো একটু বেশি করা যায় তারজন্য বিশ্ব ব্যাঙ্কের কাছ থেকে বা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আনার ব্যবস্থা করা যায় তাহলে এই কংসাবতী প্রকল্প আধুনিকীকরণ করতে পারবেন। আমি নতুন করে মনে করে দিতে চাই যে, পুরুলিয়া এবং বাঁকুড়া এর দ্বারা খুব উপকৃত হবে। সুতরাং কংসাবতীর ইমিডিয়েট আধুনিকীকরণ করার দরকার। মাননীয় সেচমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে, অ্যাসুরেন্স কমিটিতে পুরুলিয়া এবং বাঁকুড়ার কতগুলো সেচ প্রকল্প নিয়ে আলোচনা করতে গিয়ে দেখেছি যে, অনেকগুলো কাজ এখনো পেণ্ডিং হয়ে পড়ে আছে। কোনও জায়গায় জমি পাওয়া যাচ্ছে না, কোথাও বা ল্যাণ্ড অ্যাকুইজিশন হচ্ছে না ইত্যাদি অনেকগুলো কারণে সেখানে কাজ হয় নি। এগুলো তরান্বিত করার জন্য আবেদন করছি। খরাপ্রবণ এলাকায় সেচের প্রকাশ ঘটুক এই

আবেদন আমি আপনার কাছে রাখছি। ময়ূরাক্ষী সেচ প্রকল্পের মেরামতির জন্য ১ কোটি টাকা রেখেছেন, আমার মনে হয় এই টাকা প্রয়োজনের তুলনায় খুবই অপ্রতুল। এই টাকাটা বাড়ালে খুব ভালো হয়। বীরভূম প্রভৃতি জায়গায় এখন হাইটাইম সেচের, এখন খরার সময়, এরপর বৃষ্টি নামবে। ঠিক তখনই কিন্তু কাজগুলো আরম্ভ হবে। এই ব্যাপারে একটু দৃষ্টি দেওয়ার দরকার আছে। এই ব্যাপারে পঞ্চায়েতকে ইনভলভ করা দরকার এবং ইনভলভ করে সুপারভিসন করার দরকার আছে। আমি আমার জেলায় মালদহতে লক্ষ্য করেছি যে, ফারাক্কার বর্ষার সময়ে বন্যার তাণ্ডবলীলাতে বাঁধ ভেঙ্গে যায় এবং বিভিন্ন জায়গায় ইরোশান হয়েছিল। কিন্তু একে নিয়ন্ত্রণ না করে ঠিক বর্ষার সময়ে মেরামতির কাজ ধরা হবে। ঠিক তখনই ঠিকাদার এবং রাজ্য সরকারের কিছু কিছু ইঞ্জিনিয়র, সব ইঞ্জিনিয়র নয়, এদের যোগসাজসে দিনের বেলা বোল্ডার বসানো হচ্ছে এবং রাতের বেলা সেই বোল্ডার তুলে দেওয়া হচ্ছে। আবার দিনের বেলা সেই বোল্ডার লাগানো হচ্ছে। এইদিকে আপনাকে একটু নজর দিতে হবে। ডি. ভি. সি. সম্পর্কে বলতে চাই যে, ডি. ভি. সির একটা বিরাট ভূমিকা আছে। আপনার ৭ লক্ষ হেক্টর জমিতে টারগেট ছিল, কিন্তু মাত্র ৩ লক্ষ ৩৩ হাজার হেক্টর জমিকে সেচের আওতায় আনতে সক্ষম হয়েছেন। রূপনারায়ন, মুণ্ডেশ্বরী নদীগর্ভে বালি জমি গেছে। এই ব্যাপারে সাবজেক্ট কমিটির রেকমেণ্ডেশনে বলা হয়েছিল কিন্তু তথাপি আমি বলছি এই বালি জমে যাওয়ার জন্যে জমির জল ধারণের ক্ষমতা হ্রাস পাচ্ছে। ডি. ভি. সির দ্বারা বর্দ্ধমান, বীরভূম উপকৃত হয়। কিন্তু এখানে বালি জমে যাওয়ায় জল সংরক্ষণ করতে পারছে না। এই ব্যাপারে একটু দৃষ্টি দেওয়ার দরকার আছে। মাইথন এবং পাঞ্চেৎ এই দুটো বাঁধকে উঁচু করার দরকার। জল ধারণ করে যাতে জল নিচের দিকে নেমে আসে সেইদিকে নজর দিতে হবে। জল ধারণের ক্ষমতা যাতে বাড়ে সেইদিকে নজর দিতে হবে। তারপরে আপনার কেলেঘাই নদীর সাংঘাতিক অবস্থা। এরজন্য ৫ লক্ষ টাকা ধরা হয়েছে, কিন্তু এটা প্রয়োজনের তুলনায় খুবই কম। সুবর্ণরেখার বাঁধ প্রকল্প এটা যে কেন রাখা হচ্ছে প্রতিবারে—এখন পর্যন্ত এ ব্যাপারে সেন্ট্রাল এনভায়রনমেন্ট-র কাছ থেকে কোনও ক্লিয়ারেন্স পাওয়া যায়নি। এর আগের বারে এর জন্য ৮ কোটি টাকা রাখা হয়েছিল, এই বছরেও ৮ কোটি টাকা রাখা হয়েছে। তার আগের বছরে আড়াই কোটি টাকা রাখা হয়েছিল, প্রতি বছরই টাকা রাখা হচ্ছে, কিন্তু সেন্ট্রাল এনভায়রনমেন্ট ক্লিয়ারেন্স পাওয়া যাচ্ছে না ফলে সেখানে কাজে কোনও হাতও দেওয়া যাচ্ছে না। এটার জন্য তো নমিনাল টাকা রাখলেই হয়। অথবা এটার জন্য টাকা না রেখে অন্য জায়গায় ব্যয় করলে ভাল হয়। এবারে আমার মরণ বাঁচনের প্রশ্ন তিস্তার ব্যারেজ প্রকল্প নিয়ে বলতে চাই যেটা আমরা উত্তর বালার মানুষ হিসাবে দাবি করতে পারি। তিস্তার জল এটা তো আমাদের সর্বরীর প্রতীক্ষা হয়ে রয়েছে। আমরা মালদা ওয়েস্ট দিনাজপুরের মানুষ, আমরা তিস্তার জল পেলে বাঁচি। উত্তরবঙ্গে ব্যারেজ হবে, আমরা জল পাব, এই আশা নিয়ে বসে আছি, কিন্তু জল আর আসে না। কারণ তিস্তা বোধ হয় শেষ হয়না। এটার জন্য কেন্দ্রীয় সরকার ৫ কোটি টাকা দিয়েছিল—বিগত দিনের সরকার এবারে ১০ কোটি টাকা পাওয়া যাবে। প্রথমবার, প্রথম পর্য্যায়ের উপ পর্য্যায়ে এটা ব্যায়িত হয়। এই ব্যাপারে আপনি কিছুদিন আগে অ্যাসেম্বলির ফ্লোরে উত্তরও দিয়েছিলেন নবম পরিকল্পনার প্রথম ভাগে, প্রথম পর্য্যায়ে, প্রথম উপ পর্য্যায়ে এই পরিকল্পনাটি শেষ হবে। কিন্তু আমরা জানিনা মালদার মানুষ কবে জল পাব, সর্বরীর প্রতীক্ষারও অবসার হয়েছিল, কিন্তু কবে যে

এটা শেষ হবে আমরা জানিনা। তাই আমি বলছি আপনি যখন তিস্তার জল দিতে পারবেন না তখন সেখানে টাঙ্গান রিভার ভ্যালি প্রজেক্টের কথা চিন্তা করুন। টাঙ্গান রিভার ভ্যালি প্রোজেক্ট যখন কেন্দ্রীয় মন্ত্রী ছিলেন গণিখান চৌধুরী তখন তিনি ঘোষণা করেছিলেন টাঙ্গান ভ্যালি ইরিগেশন-র কাজ হবেই হবে। কিন্তু কাজটা যে কেন হল না বুঝতে পারছি না। আমরা ভেবেছিলাম তিস্তার জল পাব—টাঙ্গান ও পূর্ণভাবার জল পাব, কিন্তু টাঙ্গান পরিকল্পনাটিও শেষ হল না, তিস্তার জলও আসল না। তাই টাঙ্গান ভ্যালি প্রজেক্টের কথা আমি চিন্তা করতে বলছি এবং এটাকে আপনি আপনার ব্যয়-বরাদ্দের দাবির ভিতরে ইনক্লুশান করার জন্য আমি অনুরোধ করছি। এবারে ফারাক্কা ব্যারেজের কথা বলি—বন্যা প্রতিরোধের কথা বলি, ফারাক্কার অসুবিধা মালদা, মুর্শিদাবাদের কাছে অভিশাপ। যখন এটা প্রথম হয়েছিল তখন পশ্চিমবঙ্গবাসী এবং বিহারের লোকেরা এর জন্য তখন উল্লসিত হয়েছিল, আমরা মালদাবাসীরাও উল্লসিত হয়েছিলাম। ফারাক্কার ৭০ বর্গ কি. মি. আজকে গঙ্গার তলায় তলিয়ে গিয়েছে। বিলাইমাড়ী ও মহানন্দাটোলার বিস্তীর্ণ অঞ্চল নদীগর্ভে তলিয়ে গিয়েছে। বন্যার সময় যখন রাত্রে বৃষ্টি হয় তখন মালদা শহরের মানুষ বিস্তীর্ণ এলাকার মানুষেরা ভয়ে কাঁপে, কখন ময়নাপুর ভেঙে যাবে তখন সমস্ত শহর জলপ্লাবিত হয়ে যাবে। দ্বিতীয়ত হচ্ছে ভূতনি এলাকার ৪টি গ্রাম পঞ্চায়েত যেটা সার্কেল এমবাঙ্কমেন্ট দিয়ে ঘেরা সেটাও ভেঙে গেলে মুহূর্তের মধ্যে জলের তলায় ৪টি গ্রাম পঞ্চায়েত তলিয়ে যাবে, তাই আপনাকে এটার প্রতি দৃষ্টি দেবার জন্য বলছি।

[4-10 – 4-20 P.M.]

কারণ বিগত দিনের কেন্দ্রীয় সরকার, যদিও কেন্দ্রে মন্ত্রী ওখানে ছিলেন, তিনি ১৯৮১ সালে সেটাকে গ্রহণ করেছিলেন। কেন্দ্রীয় সরকারের তত্ত্বাবধানে তাকে কিন্তু ১৯৮৬ সালে ছেড়ে দেওয়া হয়েছে। আবার ১৯৮১ সালে যখন প্রীতম সিং কমিটি তৈরি হয়েছিল, তার যে সুপারিশ সেই অনুসারে ছকের সঙ্গে কাজ করবার জন্য অনুরোধ করছি। এটার জন্য সেন্ট্রাল গভর্নমেন্ট এর সি. ডব্লু. বি. আর. এস. কে যেটা রেফার করা হয়েছে ফারাক্কা ব্যারেজ অথরিটিকে সেই ড্রাফ্‌ট রিপোর্ট স্যাংশন করে ইমিডিয়েট ইমপ্লিমেন্টশন করবার জন্য বলছি। সেখানে যাঁরা ফারাক্কা ব্যারেজ অথরিটিকে চাপ দিয়ে যাতে করে ভূতনী, ময়নাপুরে এই কাজটা করবার জন্য অনুরোধ করছি। ফারাক্কা ব্যারেজ অথরিটি, বর্ষার সময় ২৫ লক্ষ কিউসেক জল যেখান দিয়ে প্রবাহিত হয় ফিডার ক্যানেল দিয়ে সেখানে কুড়ি হাজার কিউসেক জল সেখান দিয়ে যায় এবং যার ফলে পারপাসটা সার্ভ হয় না। আমরা দেখেছি কিছুদিন আগে এন. টি. পি. সি. তারা সুখা মরশুমে জল নিয়ে গোলমাল বেঁধে যায়। তাই জলের প্রবাহ যাতে বাড়তে পারে তার জন্য ব্যবস্থা নেওয়া দরকার। আপনি নিশ্চয় ভালো করে জানেন, উপর দিয়ে জল যাওয়ার সময় নিচের দিকে জল আসে না। বাঁধ দিয়ে জলটাকে আটকে দেওয়া হচ্ছে। এই আবেদন আমি রাখছি যাতে জলটাকে আনতে পারা যায়। আর যে স্পিলড চেকিং এমব্যাঙ্কমেন্ট হয়েছে সেখানে বন্যা নিয়ন্ত্রণের জন্য ফারাক্কা ডাউনে ২৫ কি. মি. স্পিলড চেকিং এমব্যাঙ্কমেন্ট আছে। কিন্তু এটা কোনও কাজে লাগেনা। মহানন্দা এমব্যাঙ্কমেন্ট কাজে লাগে না। যদি এখানে স্পিলড চেকিং এমব্যাঙ্কমেন্ট লাগিয়ে দেওয়া যায় তাহলে জলের প্রবাহ বেড়ে যায়। মহানন্দা এমব্যাঙ্কমেন্টের সাথে লাগিয়ে দেবার জন্য বলছি।

বাংলাদেশের জল চলে আসছে এবং মহানন্দার ভেতর প্রবেশ করে এবং ডুবে যাওয়ার আশঙ্কা থেকে যায়। স্পিলড চেকিং এমব্যাঙ্কমেন্ট যোগ করে দেবার জন্য অনুরোধ করছি। আর কয়েকটি আবেদন করবো, সেটা হচ্ছে, মালদা জেলার দুটো সেচ প্রকল্পের কথা বলছি, গাজন, বামনখোলা লিফট ইরিগেশন স্কীমের কাজ আছে, পাম্প এবং অন্যান্য মেশিন কেনা পড়ে আছে, সেগুলি কোনও কাজে লাগেনা। যদি আপনার দপ্তর কাজ না করতে পারে তাহলে অন্য দপ্তরকে নিয়েওতো কাজ করাতে পারেন। কয়েক কোটি টাকার প্রজেক্ট আছে। ইউজলেস হয়ে পড়ে আছে। আলাল লিফট ইরিগেশন স্কীম সেও পাওয়ারের অভাবে পড়ে আছে। পাওয়ার কানেকশন পেলে ভালোভাবে চলতে পারে। এগুলো দেখবার জন্য অনুরোধ করছি। আর একটি বিষয়, যেটা সাবজেক্ট কমিটির রেকমেণ্ডেশন ছিলো, আমরা দেখছি ৭৮ লক্ষ টাকা নন-প্ল্যানে মাইনে দেবার জন্য ব্যয় করা হয়েছে, কোনও কাজ নেই। এটা যদি ঠিক করে দেখা যায় তাহলে কাজটা হবে এবং লোকগুলিকে কাজে লাগানো যেতে পারে। শুধু বসিয়ে ৭৮ লক্ষ টাকা দিতে হয়েছে। বোরো বাঁধের কথা বলছি, টাকাগুলো যদৃচ্ছাভাবে ব্যবহৃত হচ্ছে, যদৃচ্ছভাবে বাঁধ তৈরি হচ্ছে। পরিকল্পনা করে বাঁধগুলি তৈরি করে না। আমি আমার কনস্টিটিউয়েন্সির একটা উদাহরণ দিই, বোরো বাঁধ প্রতি বছর তৈরি হচ্ছে, আর প্রতি বছরই ভাঙ্গছে। একবার যদি পাকাপাকিভাবে করা যায় তাহলে প্রতি বছর ব্যাপকভাবে টাকা ব্যয় হবে না। সেই জন্য আপনার কাছে আমি এই সাজেশনটা রাখলাম এবং এটাকে রূপায়িত করার জন্য আমি আপনার কাছে আবেদন জানাচ্ছি। আমি আমার এলাকার আরেকটা কথা বলি—লক্ষ্মীপুর ড্রেনেজ স্কীমে এই ফারাক্কা বাঁধের জন্য একটা সমস্যা সৃষ্টি হয়েছে। মালদহ শহরে এইজন্য বৃষ্টির পরেই খুব জল জমে যায়। ১০ বছর আগে অর্থাৎ ১৯৮১-৮২ সালে লক্ষ্মীপুর ড্রেনেজ স্কীমের উদ্বোধন হয়েছিল আর ১০ বছর পর সেটার কাজ আরম্ভ হচ্ছে। যাই হোক, আমি আপনার বাজেটকে পূর্ণ সমর্থন করছি এবং আমি যে সাজেশনগুলি রাখলাম, সেগুলির প্রতি দৃষ্টি দেবার জন্য আবেদন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

শ্রী সৌগত রায় : স্যার, আমি এই সেচ ও বন্যা নিয়ন্ত্রণ দপ্তরের বাজেট বরাদ্দের উপর বলতে উঠে নীতিগতভাবে এই বাজেটের বিরোধিতা করছি এবং আমাদের কাট মোশনের সমর্থন করছি। সেচ দপ্তরের যিনি মন্ত্রী তিনি ব্যক্তিগত ভাবে সজ্জন এবং সৎ বলে পরিচিত এবং তার কাজ করার ইচ্ছাও আছে। আমরা তার কাছে আশা করেছিলাম। যে সেচের ব্যাপারে নতুন দৃষ্টিভঙ্গী ও নতুন আউটলুক তাঁর বক্তৃতার মধ্যে থাকবে। কিন্তু তার বাজেট বক্তৃতার মধ্যে আমরা সেটা পাইনি, সেইজন্য আমি এই প্রসঙ্গে দু-একটি কথা বলতে চাই। আপনি দেখেছেন পশ্চিমবাংলার সেচ দপ্তরে বেশিরভাগ টাকাটাই খরচ হয়ে যায় পরিকল্পনা বর্হিভূত খাতে, যেমন—৩১২ কোটি টাকার মধ্যে ২১৭ কোটি টাকা নন-প্ল্যান এক্সপেণ্ডিচারে এবং ৯০ কোটি টাকা মাত্র প্ল্যান এক্সপেণ্ডিচারে এবং তার মধ্যে ৫৫ কোটি হচ্ছে ইরিগেশনে ও ৩৫ কোটি হচ্ছে ফ্লাড কন্ট্রোল। আজ বড় বড় প্রকল্পগুলি নিয়ে সারা পৃথিবীতে ভাবনা-চিন্তা হচ্ছে। আপনি জানেন স্যার, বড় রিভার প্রকল্প তিস্তার চিন্তা যেমন এসেছিল, যেমন—মেঘনাদ সাহা ডি. ভি. সি-র পরিকল্পনা দিয়েছিল এবং সেটা একটা জাইগেনটিক প্রকল্প হয়েছিল। আজকে এটা একটা কমন সমস্যা, যে কষ্ট বেনিফিট রেসিও যে পরিমাণে

বাড়ছে, তাতে বড় সেচগুলি তাড়াতাড়ি শেষ না করলে খরচ প্রচুর বেড়ে যায়। ডি. ভি. সি-র ক্ষেত্রে এটা আমরা দেখেছি। এছাড়া ডি. ভি. সি-র সৃষ্ট বন্যা প্রতি বছর আছে এবং এটা পশ্চিমবাংলার মানুষের কাছে একটা সমস্যা। যখন মাইথন থেকে বেশি জল ছেড়ে দেওয়া হয় তখন হুগলি ওবং হাওড়ার একটা বিরাট অঞ্চল দামোদরের জলে ভেসে যায়, এটা প্রতি বছরই আমরা দেখে আসছি। মন্ত্রী মহাশয় যে ইরিগেশন বাজেট এখানে পেশ করেছেন, তাতে দেখলাম না তিনি এই বড় প্রকল্প সম্বন্ধে কিছু ভাবছেন। উপরন্তু আমরা যেটা দেখলাম, সেটা হচ্ছে এই সেচ দপ্তরের বাজেটে মন্ত্রী মহাশয় তিস্তা ভিত্তিক ও প্রচার কেন্দ্রিক একটা বক্তব্য রাখার চেষ্টা করেছেন। তিস্তা একটা বড় প্রকল্প হলেও এর মাধ্যমে সব সমস্যার সমাধান হয়ে যাবে বা হলদিয়া তৈরি হলেই সব সমস্যার সমাধান হয়ে যাবে এরকম মনে করার কোনও কারণ নেই। তিস্তা প্রকল্প উত্তরবঙ্গের একটা গুরুত্বপূর্ণ প্রকল্প এটা ঠিক বা হলদিয়া একটা গুরুত্বপূর্ণ প্রকল্প এটাও ঠিক, কিন্তু তার মানে এই নয় যে এর দ্বারা সব সমস্যার সমাধান হয়ে যাবে। কনসেপ্ট হচ্ছে স্মলেস্ট বিউটিফুল। মাননীয় মন্ত্রী মহাশয় নিশ্চয় জানেন, বন্যা নিয়ন্ত্রণের জন্য কে. এল. রায় গঙ্গা-কাবেরী পরিকল্পনা দিয়েছিল, দক্ষিণ ভারতের নদীগুলিতে বছরে দুটি মাস জল থাকে, আর উত্তর ভারতের জল যাতে দক্ষিণ ভারতে দিয়ে দেওয়া যায় সেই পরিকল্পনা করা হয়েছিল, কিন্তু এটা এত বেশি টাকার প্রকল্প সে কথা এখন আমাদের ভাবতে হচ্ছে।

[4-20 – 4-30 P.M.]

সেজন্য একটা বড় প্রকল্প ছিল যার গার্ল্যাণ্ড ক্যানেল প্রোজেক্ট, নেপালের যে নদীগুলি আসছে নেপালের সঙ্গে কোলাবোরেশনে একটা মালার মতো ক্যানেল তৈরি হবে। গঙ্গা কাবেরী প্রকল্প, গার্ল্যাণ্ড ক্যানেল প্রোজেক্ট এত বেশি ক্যাপিট্যা-ইনটেনসিভ যে আমাদের ছোটখাট ঠেকা দিয়ে ইরিগেশন ডিপার্টমেন্টের কাজ চালাতে হচ্ছে। মন্ত্রী মহাশয়কে এই সীমাবদ্ধতার মধ্যে কাজ করতে হচ্ছে, এর বাইরে উনি এখন পর্যন্ত বেরুতে পারছেন না। তাছাড়া আপনি জানেন ড্যাম, ব্যারেজ যখন করি তখন এনভায়রনমেন্টাল একটা ব্যাপার এসে গেছে। আপনি দেখেছেন যে তেহেরি ড্যাম নিয়ে পুরো তেহেরি শহর ডুবে যাবে বলে সেখানে আন্দোলন হচ্ছে। নর্মদা ভ্যালি নিয়ে এখন আম্তে বাবা আন্দোলনে নেমেছেন। কেরালায় সাইলেন্ট ভ্যালি প্রোজেক্ট সেখানে আন্দোলনের ফলে বন্ধ হয়ে আছে। তিস্তা প্রকল্পে ওতলাবাড়ি অঞ্চলে প্রচুর বনাঞ্চল নষ্ট হবে, এই এনভায়রনমেন্টাল অ্যাসপেক্টের দিকে যথেষ্ট নজর দেওয়া হয়নি। আমার মনে হয় মন্ত্রী মহাশয় এই ব্যাপারে নতুন করে ভাববেন। এখন পশ্চিমবঙ্গে যে প্রকল্পগুলি আছে সেই প্রকল্পগুলির মধ্যে বড় প্রকল্প প্রায় কমপ্লিটেড দামোদর ভ্যালি কর্পোরেশন, তিলপাড়া ব্যারেজ সহ ময়ূরাক্ষী প্রকল্প এবং মুকুটমনিপুরে কংসাবতী প্রকল্প। কংসাবতী প্রকল্প এখনও বাকি আছে, এই বছরে ১১ কোটি টাকা দেওয়া হচ্ছে। কিন্তু যেটায় গুরুত্ব আরো বেশি দেওয়ার দরকার ছিল এই পুরো ইরিগেশন বাজেটে সেটা আমার মনে হয় বড় ড্যাম, ব্যারেজ করার দিকে নয়, ড্রেনেজ স্কীম করার দিকে গুরুত্ব আরও বেশি দেওয়ার দরকার ছিল। কংগ্রেস আমলে দুবদা বেসিন ড্রেনেজ স্কীম সম্পূর্ণ করেছিল, কিন্তু সাম্প্রতিককালে যে ড্রেনেজ স্কীম নেওয়া হয়েছে ঘিয়া, কুন্তি, যমুনা, এই ধরণের কিছু ড্রেনেজ স্কীম এখনও রয়েছে, সেই ড্রেনেজ স্কীমগুলির কাজ বড় আস্তে আস্তে এগোচ্ছে। নিম্ন দামোদর যে স্কীম নেওয়া হয়েছে গড়চুমুকে গেট হয়েছে, কিন্তু এখনও পর্যন্ত নিম্ন দামোদর প্রকল্প সম্পূর্ণ হয়নি।

আমার মনে হয় ড্রেনেজ স্কীমগুলিতে আমাদের বেশি দৃষ্টি দেওয়া দরকার। একটা সর্ট টাইমের জন্য ফ্লাড হয় লোকে জানে, লোকে মেনে নিচ্ছে যে ফ্লাড হবে, বিশেষ করে সারা পশ্চিমবঙ্গে নদীর বেড আস্তে আস্তেপলি পড়ে উঁচু হয়ে যাচ্ছে, তার ফলে যখন জলের রাশ আসে তখন বন্যা হয়, তারপর সেই জলের রাশ যখন চলে যায় তখন বন্যাও চলে যায়। লোকের ঘরবাড়ী ডুবে যায়, প্রতি বছর রিলিফ ডিস্ট্রিবিউশন হয়, এটা লোকে জীবনের অংশ হিসাবে মেনে নিয়েছে। আজকে ভাবা দরকার আছে এক একটা এলাকা চিহ্নিত করে মানুষকে বন্যা থেকে বাঁচাবার রাস্তা তৈরি করতে পারি কিনা। আমার মনে হয় ইরিগেশন দপ্তরের এই ব্যাপারে যথেষ্ট দৃষ্টি দেওয়া দরকার। তিস্তা প্রকল্পকে আমরা সমর্থন করি এবং তিস্তা প্রকল্পে এর আগে কেন্দ্রীয় সরকার টাকা দেননি এটা আমাদের ইরিগেশন মিনিস্টার বার বার বলেছেন। তিস্তা প্রকল্পের মাত্র কাজ হয়ে গেছে ৪টি ব্যারেজের—তিস্তা, মহানন্দা, ডাহুক এবং মহানন্দা অ্যাকুইডাক্ট সম্পূর্ণ হয়ে গেছে, এই বছরে রাজ্য সরকার ২০ কোটি টাকা বরাদ্দ করেছেন। কিন্তু মন্ত্রী মহাশয়কে বিশেষ করে দেখতে বলি তাঁর সততা এবং সুনাম আছে বলে যে শিলিগুড়িতে একটা নিও রিচ ক্লাস তৈরি হয়েছে যেটা হচ্ছে কন্ট্রাক্টর ক্লাস। তিস্তা প্রকল্পে টাকা খরচ হচ্ছে, কিন্তু কতটা অ্যাকচুয়্যাল ইউটিলাইজেশন হচ্ছে সেটা সার্ভে করা দরকার। তার কারণ তিস্তা প্রকল্প সম্পর্কে বিভাগীয় দুর্নীতির অভিযোগ আছে, ওখানকার চিফ ইঞ্জিনিয়র সম্পর্কে ভিজিলেন্সে অভিযোগ আছে। এক শ্রেণীর বাঙালী কন্ট্রাক্টর কাঁচা পয়সা করেছে, এই রকম ক্লাস শিলিগুড়িতে ভর্তি হয়ে গেছে। প্রকল্প হোক, কিন্তু প্রকল্প হলে মানুষের কাছে জল পৌঁছাতে হবে। সেটা না হয়ে যদি ঐ প্রকল্প শুধু কন্ট্রাক্টরদের লাভের জন্য হয় তাহলে বড় দুঃখের ব্যাপার হবে। আমরা আশা করেছিলাম এই বছর আরো কিছু বেশি টাকা এই তিস্তা প্রকল্পে পাওয়া যাবে। এখনো পর্যন্ত ১০ কোটি টাকা কেন্দ্রীয় সরকার দেবেন বলেছেন। কিন্তু সেই ১০ কোটি টাকা দেবার ফার্ম কমিটমেন্ট এখনো পর্যন্ত কেন্দ্রীয় ইরিগেশন ডিপার্টমেন্টের বাজেটে দেখিনি। আমি আশা করি মাননীয় মন্ত্রী এই ব্যাপারে আমাদের একটু আশ্বস্ত করবেন। আর একটি সমস্যার কথা মাননীয় কৃষিমন্ত্রী কমলবাবু সেদিন বিধানসভায় উল্লেখ করেছেন। সেটা হচ্ছে বোল্ডারের ব্যাপার। উত্তরবঙ্গে নদীগুলি ভেঙ্গে যাচ্ছে। এই নদীগুলিতে বাঁধ দেবার জন্য বোল্ডারগুলি নিয়ে যেতে হয়। জঙ্গল থেকে এইগুলি নিয়ে যাবার জন্য এনভাইরনমেন্ট ডিপার্টমেন্টের ক্লিয়ারেন্স লাগে। কমলবাবু সেদিন বললেন এনভায়রনমেন্ট ডিপার্টমেন্টের ক্লিয়ারেন্স প্রায় দু বছর ধরে আটকে আছে। তার ফলে উত্তরবঙ্গের বন্যা নিয়ন্ত্রণ স্কীম, ফ্লাড কন্ট্রোল মেজার সম্পূর্ণ ভাবে আটকে আছে। আজকে কেন্দ্রে নতুন বন্ধু সরকার এসেছে। আমি আশা করি দেবুবাবু কেন্দ্রীয় সরকারের সঙ্গে যোগাযোগ করে চেষ্টা করে এই ফ্লাড কন্ট্রোল মেজারের জন্য বোল্ডারগুলি দেওয়ার ব্যাপারটা করিয়ে আনতে পারবেন। আমরা আশা করেছিলাম এই বাজেটের কোথাও হয়ত ফারাক্কা ব্যারেজের কথাটা উল্লেখ থাকবে। তার কারণ, এই ফারাক্কা ব্যারেজ নিয়ে অনেক মানুষের অনেক রকম জনশ্রুতি আছে এবং এই নিয়ে অনেক আলোচনা হয়েছে। কিন্তু সত্যি কথাটা হল এই যে, ফারাক্কা ব্যারেজ যে উদ্দেশ্য নিয়ে তৈরি হয়েছিল সেটা পূর্ণ হচ্ছে না। ফারাক্কা ব্যারেজ নিয়ে প্রথম গ্যানজেস ওয়াটার এগ্রিমেন্ট হল ১৯৭৭ সালে এবং বাবু জগজীবন রাম তখন মন্ত্রী ছিলেন। আমার বেশ মনে আছে, আমি তখন পার্লামেন্টে বলেছিলাম জনতা সরকারের এই চুক্তি হচ্ছে কলকাতা বন্দরের মৃত্যু চুক্তি। ফারাক্কা ব্যারেজ দিয়ে যথেষ্ট জল গঙ্গা, ভাগিরথীতে

প্রবাহিত না হলে কলকাতা বন্দর বাঁচবে না। এই চুক্তি প্রবর্তন দরকার। এটা বাংলাদেশে কম জল-এর প্রবলেম নয়। প্রতি বছরই বেশি জলে বাংলাদেশ ডুবে যায়। রাজনৈতিক কারণে ওরা গঙ্গার জল দাবি করে, অথচ গঙ্গার জল রোজই কমে যাচ্ছে এবং কলকাতা বন্দর রোজই একটু একটু করে মৃত্যুর দিকে এগিয়ে যাচ্ছে। কিন্তু পশ্চিমবঙ্গ থেকে এই দাবি কেন করা হবে না, কনসিসটেন্টলি ফর অগমেনটেশন অব ওয়াটার সাপ্লাইজ থ্রু গ্যাঞ্জেস? বামফ্রন্ট সরকার ক্ষমতায় আসার পরে এই চুক্তি প্রথম হয়েছে এবং এই দাবি বামফ্রন্টের পক্ষ থেকে যথেষ্ট ভাবে করা হয়নি। কলকাতা বন্দরকে বাঁচানোই ছিল ফারাক্কা ব্যারেজের মূল কথা। সেটা কেন হল না, এটা আমরা বুঝতে পারছি না। এই প্রসঙ্গে আখরিগঞ্জ এবং অন্যান্য জায়গায় গঙ্গার ভাঙন সম্পর্কে মাননীয় সদস্য শুভেন্দু চৌধুরী বললেন। ফারাক্কা ব্যারেজের জন্য গঙ্গার ভাঙন সৃষ্টি হয়েছে, এটা অবৈজ্ঞানিক কথা। পদ্মার একূল ভাঙ্গে, ওকূল গড়ে, এটা হচ্ছে ঐতিহাসিক ব্যাপার। ফারাক্কা ব্যারেজ ১৯৭২ সালে কমিশন্ড হয়েছে। তার আগে'ও গঙ্গা ভাঙনের সমস্যা ছিল। কিন্তু আজকে সমস্যা হয়ে দাঁড়িয়েছে মুর্শিদাবাদের এবং এই গঙ্গার ভাঙন মুর্শিদাবাদের লালগোলা, ভগবানগোলা, আখরিগঞ্জ এলাকার একটা ভয়াবহ সমস্যা হয়ে দাঁড়িয়েছে। প্রতি বছরই মন্ত্রীর উপর এই বিষয়ে চাপ পড়ে। কেননা, উনি ঐ জেলার লোক। কিছু কিছু ইমিডিয়েট প্যালিয়েটিভ মেজার ওঁর নিতে হয়। কিন্তু আমরা মনে করি না যে, এই গঙ্গার ভাঙন শুধু একা ইরিগেশন দপ্তরের সমস্যা এবং আমরা এও মনে করি না যে, গঙ্গার ভাঙন একমাত্র মুর্শিদাবাদের সমস্যা এবং একমাত্র মন্ত্রী দেবব্রতবাবুর সমস্যা। আমরা এই সমস্যাটিকে অনেক বড় সমস্যা বলে মনে করি। এই গঙ্গা ভাঙনের ব্যাপারটি স্টাডি করে পারমানেন্ট মেজার নেবার ব্যবস্থা করতে হবে। এই বছর আর এক মাসপরেই বর্ষা এসে যাবে। ৭ই জুন বর্ষা আসছে। তার আগেই কিছু মেজার নিতে হবে। প্যালিয়েটিভ মেজারের বাইরে সেই মেজার যাবে বলে আমরা মনে করি না। কিন্তু আগামী বছর কেন্দ্রীয় সাহায্য নিয়ে বিশেষ করে মুর্শিদাবাদের পুরো বাঁধের ক্ষেত্রে যাতে বড় উদ্যোগ নেওয়া হয় এটা মন্ত্রীকে দেখতে হবে। গঙ্গা ফ্লাড কন্ট্রোল কমিশন আছে। পাটনায় তাদের হেড কোয়ার্টার। দিল্লীতে ১০ কোটি টাকার উপর একটা প্রোগ্রাম হচ্ছে সেন্ট্রাল ওয়াটার বোর্ডের, ইরিগেশন মিনিস্ট্রির তত্ত্বাবধানে। সেখানে এই গঙ্গা ভাঙ্গন সম্পর্কে একটা কমপ্রিহেনসিভ প্রজেক্ট যদি আমরা করতে না পারি তাহলে মুর্শিদাবাদের আখরিগঞ্জ, ধুলিয়ান যেমন গঙ্গা বক্ষে চলে যাচ্ছে তেমনি মুর্শিদাবাদের বাকি অংশটা'ও ভাঙনের মুখে চলে যাবে। মুর্শিদাবাদের ব্যাপক অংশে আজকে ভাঙন চলছে। এক জায়গায় বোল্ডার ফেললে হয়ত টেম্পোরারি নদীর কোর্স পাল্টাতে পারে, কিন্তু শেষ পর্যন্ত কোনও সমস্যারই সমাধান হবে না। ফারাক্কা ব্যারেজ নিয়ে এর আগে বার বার আমরা দিল্লী গিয়েছিলাম। ফারাক্কা ব্যারেজ দিয়ে আরো বেশি করে গঙ্গার জল চাই এবং গঙ্গার ভাঙন রোধে কেন্দ্রীয় সাহায্যের প্রকল্প চাই।

[4-30 – 4-40 P.M.]

এ নিয়ে উনি কেন্দ্রীয় সরকারের কাছে দাবি করুন। মাননীয় মন্ত্রী মহাশয়ের সঙ্গে এ ব্যাপারে আমরা সম্পূর্ণ ভাবে গলা মেলাব, তার সঙ্গে সায় দেব। মাননীয় সদস্যরা নিশ্চয় ইরিগেশন দপ্তরের যে সাবজেক্ট কমিটি হয়েছিল তার রিপোর্টটি দেখেছেন। সেই রিপোর্টের যেটা

সবচেয়ে গুরুত্বপূর্ণ ব্যাপার সেটা হচ্ছে এই দপ্তরের ত্রুটি সম্পর্কে তারা বলেছেন। একটা ব্যাপার শুভেন্দুবাবু উল্লেখ করছিলেন, কেলেঘাই-এর ব্যাপার যে মাত্র ৫ লক্ষ টাকা দেওয়া হয়েছে। এটাতে মেদিনীপুরের সবং, পটাশপুর ইত্যাদি জায়গা অ্যাফেক্টেড হয়, সে দিকে যথেষ্ট দৃষ্টি দেওয়া হয়নি। তারপর যেটা সবচেয়ে বড় ব্যাপার, শুভেন্দুবাবুও উল্লেখ করেছেন, সুবর্ণরেখা প্রোজেক্টের কথা। এই সুবর্ণরেখা প্রোজেক্ট হচ্ছে বাংলা, বিহার, উড়িষ্যার ট্রাই-জাংশন, বিরাট একটা এলাকার সেচের জল তারা দিতে পারে। এই সুবর্ণরেখা প্রোজেক্টের এখনও এনভায়রনমেন্টাল ক্লিয়ারেন্স পাওয়া যায়নি। এ পর্যন্ত উনি ৮ কোটি টাকা সুবর্ণরেখার জন্য ধরেছেন, গতবার ছিল ২ কোটি টাকা। কি অপটিমিজমে এই ৮ কোটি টাকা ধরেছেন জানি না। অথচ এই কাজটা দ্রুত হওয়া দরকার। তার কারণ, বিহারে চাণ্ডিল ড্যামের কাজ কমপ্লিট করেছেন। চাণ্ডিল ড্যাম থেকে সুবর্ণরেখা দিয়ে যখন জল ছাড়বে তখন গোপিবল্লভপুর, কুটিঘাট ভেসে যাবে। এর ফলে সেখানে একটা বিরাট বিপর্যয়ের সৃষ্টি হবে। আমি তাই বলতে চাই যে বিষয়টা যদি এতই গুরুত্বপূর্ণ হয় তাহলে এটা এতদিন পড়ে আছে কেন, এটা কমপ্লিট হচ্ছে না কেন? শুধুমাত্র এনভায়রনমেন্টাল ক্লিয়ারেন্সের জন্য এতবড় একটা প্রজেক্ট পড়ে থাকবে যা আটকে থাকবে এটা খুব একটা আনন্দের বিষয় নয়। আমি আর একটি বিষয় মাননীয় মন্ত্রী মহাশয়কে বলব, আমাদের যেটা বড় সমস্যা বা প্রবলেম সেটা হচ্ছে, এই যে সমস্ত বড় রিভার ভ্যালি প্রজেক্ট আছে সেখান থেকে যে জল আসে এটা প্রিসিয়াস কমডিটিস আজকের দিনে কৃষকদের কাছে। ডি. ভি. সি. দুদিন জল ছাড়তে দেরি করলে বোরো চাষীরা হাহাকার করে। উইন্টার ক্রপ, সেটা very highly dependent on irrigation. সেই উইন্টার ক্রপে তারা অনেক সময় জল পায়না। আমরা দেখেছি, পশ্চিমবঙ্গে এখনও পর্যন্ত যে তিনটি বড় প্রজেক্ট আছে এবং নতুন প্রজেক্ট যা হচ্ছে তার সাইড লাইনিং করা যায়নি। সারা পৃথিবীতে আজ এ ব্যাপারে অনেক নতুন নতুন টেকনলজি বার হয়েছে সেটা দেখা দরকার। কি ভাবে এই উইন্টার ক্রপ নষ্ট হয় সেটা আমি দেখেছি। বিশেষ করে কংসাবতী প্রোজেক্টে দেখছিলাম যে বাঁকুড়া, পুরুলিয়ায় সেখানে আস্তে আস্তে ফিল্ড চ্যানেলে যখন আসছে তাতে বিরাট পরিমানে জল সিপেজে নষ্ট হয়ে যাচ্ছে। কাজেই আমরা যখন প্রজেক্ট করবো তখন এই সিপেজের প্রবলেমের দিকে দৃষ্টি দেওয়া দরকার। আমরা বলি, আমাদের এই পশ্চিমবঙ্গে এখনও জলের অভাব নেই কিন্তু আস্তে আস্তে এই জলের অভাব আসবে। এরজন্য যদি আগে থেকে আমরা নিজেদের প্রস্তুত না করি তাহলে আমরা ভবিষ্যতে বিরাট সঙ্কটের সম্মুখীন হব। মাননীয় মন্ত্রী মহাশয়কে তাই বলব, পশ্চিমবাংলায় বড় প্রোজেক্টের ক্ষেত্রে, ইরিগেশনের ক্ষেত্রে একটা নতুন পথ দেখান। আমরা জানি, মেঘনাদ সাহা, তাঁর উদ্যোগে রিভার রিসার্চ ইনসটিটিউট হয়েছিল এবং প্রথমে ডি. ভি. সির সঙ্গে যুক্ত ছিলেন। সেখানে কপিল ভট্টাচার্য থেকে শুরু করে দেশের বড় বড় ইঞ্জিনিয়ররা আমাদের এই পশ্চিমবঙ্গের লোক। কাজেই আমরা কেন ইরিগেশনের ক্ষেত্রে ব্যাপকভাবে পিছিয়ে থাকবো সেটা দেখা দরকার। মন্ত্রী মহাশয়ের দপ্তরে আর একটা বড় ব্যাপার আছে। সুন্দরবনের এমব্যাঙ্কমেন্টগুলি ওঁর দপ্তরে লোকেরা রক্ষা করেন। সুন্দরবনের লার্জ জোনে খালের উপরে বাঁধ দিয়ে লোকেরা কোনও রকমে জমি রক্ষা করছে। একটা টাইডল ওয়েভ এলে সব বাঁধ ভেঙ্গে দেয় এবং ইরিগেশন ডিপার্টমেন্টকে আবার কিছু খরচ করতে হয়। বাঁধ ভেঙ্গে গেলে সেখানে নোনা জল ঢুকে যায় এবং তার ফলে সেখানে আর কিছু চাষ করতে পারেনা, ফলে কৃষকের সর্বনাশ

হয়ে যায়। আর মিষ্টি জল হলে তাদের লাভ হয়। এটা আগেকার দিনে কৃষকরা মেনে নিত। কিন্তু সুন্দরবনের এই মেনটেনেন্স অব এমব্যাঙ্কমেন্ট, এটা বরাবরই আমাদের মাননীয় সেচ মন্ত্রীর দপ্তরের অধীনে। আমরা বরাবরই দেখছি যে এগুলি যখন করা হয় তখন শর্ট টাইম টেণ্ডার দিয়ে করা হয় এবং যে প্রসেসে এগুলি রিপেয়ার করা হয় তাতে এগুলি সাফিসিয়েন্টলি স্ট্রং হয়না। আমরা দেখছি যে এখানে একটা কন্ট্রাক্টর কালচার গড়ে উঠেছে। এই কন্ট্রাক্টর কালচারটা কি? এটা হচ্ছে, এই কন্ট্রাক্টররা এমন ভাবে এই জিনিসগুলি তৈরি করার চেষ্টা করে যাতে প্রতি বছরই কিছু রিপেয়ার করে তারা কিছু টাকা পেতে পারে। সেটা বস্তাই বলুন, এমব্যাঙ্কমেন্টই বলুন আর বড় প্রজেক্টই বলুন, সব ক্ষেত্রে তারা এই ভাবে কাজ করেন। We must have to get away from this contractors culture. ইরিগেশন এবং পি. ডব্লু. ডি-এই দুটো দপ্তর যাদের নিজেদের ইঞ্জিনিয়র আছে, যথেষ্ট মেকানিজম আছে এগুলিকে স্ট্রং করার জন্য। কাজেই এই দপ্তরগুলি কেন এই কন্ট্রাকটর কালচারের হাত থেকে মুক্তি পাবেনা? এটা আমাদের অত্যন্ত গুরুত্ব দিয়ে ভাবা দরকার।

এরপরে আমি এখানে মেজর ইরিগেশন সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। পশ্চিমবঙ্গে ইরিগেশনের যে প্রোটেনসিয়ালিটি আছে সেটা আমরা পুরোপুরি কাজে লাগাতে পারিনি। আমাদের ৬১.১০ লক্ষ হেক্টর জমির যে ইরিগেশন প্রোটেনসিয়ালিটি আছে সেটা আমরা পুরোপুরি ইউটিলাইজ করতে পারিনি। আমি যদি ভুল করে না থাকি তাহলে দেখবো যে পশ্চিমবঙ্গে আমাদের কংগ্রেস আমলে ২২ পারসেন্ট জমির টোটাল এরিয়া ইরিগেটেড হয়েছে। কিন্তু এই ১৩ বছরে কি হয়েছে আমি জানিনা। আমি ইকনমিক রিভিউ খুলে দেখছিলাম যে কত পারসেন্ট কি হয়েছে। মেজর ইরিগেশনে আমাদের টোটাল যে এক্সপেকটেড প্রোটেনসিয়ালিটি আছে সেটাতে আমরা পৌছাতে পারিনি। অ্যাকচ্যুয়াল স্ট্যাটিসটিকটা আমি পাচ্ছি না যে এক্সজাক্টলি কতটা কি হয়েছে। আপনারাতো নতুন কোনও প্রজেক্ট করেন নি। শুধু তিস্তা দিয়ে শুরু করেছেন। মাননীয় মন্ত্রী মহাশয় এই সম্পর্কে উত্তর দেবেন যে স্ট্যাটিসটিক্যাল অ্যাপেনডিক্সয়ে কি আছে না আছে। কাজেই আশা করবো মেজর ইরিগেশনের প্রোটেনসিয়ালিটি বাড়াবার চেষ্টা করবেন। আমি আর দু'একটা কথা বলে শেষ করবো। মাইনর ইরিগেশন সম্পর্কে আমাদের মানস ভূঁইয়া বলবেন। তিনি গ্রাউণ্ড ওয়াটার সম্পর্কে এক্সপার্ট। আমি এখানে একটি কথা বলতে চাই। মহারাষ্ট্র থেকে যখন কেউ আমাদের এখানে আসে তখন তারা রাস্তার সারফেস ওয়াটার দেখে দুঃখ পায়। তারা বলে যে তোমাদের এখানে এত সারফেস ওয়াটার নষ্ট হচ্ছে। আপনি যদি ওয়েস্টার্ণ মহারাষ্ট্রে যান তাহলে দেখবেন যে সেখানে এক ড্রপ, এক ড্রপ করে পারকোলেশন ট্যাঙ্কে যে জল জমা হয় তাই দিয়ে তারা সুগার ক্যানের চাষ করছে। আর আমাদের এখানে মাইনর ইরিগেশনের কি ডেভেলপমেন্ট হয়েছে? মন্ত্রী মহাশয় বললেন যে ২০৭৪টি স্যালো এবং ক্লাস্টার টিউবয়েল খারাপ হয়ে আছে। মন্ত্রী মহাশয়ের আসার আগে এই বক্তৃতা বেরিয়ে গেছে। এই রিপোর্টে যা বলেছেন সেটা মাইনর ইরিগেশন দপ্তরের পক্ষে মারাত্মক। তিনি প্রথমে বলেছেন যে এস. এফ. পি. পি. has been failure. তার মানে এস. এফ. পি. পি প্রোগ্রাম সফল হয়নি। দ্বিতীয়তঃ আপনি শুনলে অবাক হয়ে যাবেন যে মাইনর ইরিগেশন স্কীম এইচ. ডি. টি. ডব্লিউ এবং এল. ডি. টি. ডব্লিউ-তে কাজ ঠিক মতো হয়নি। ইন্টারন্যাশান্যাল ডেভেলপমেন্ট এজেন্সির

টাকা দেওয়া সত্ত্বেও owing to a member of reasons, there was negligible activity during the first two years of the project. এখানে আর একবার ব্যাপক ভাবে ব্যর্থ হয়েছেন। লাস্টলি কমাণ্ড এরিয়া ডেভেলপমেন্টের ব্যাপারে সেখানে বলছেন, The progress of the scheme has not been upto the mark due to various constraints. স্যার, যেখানে জল আছে, সার্কেসে আছে, গ্রাউণ্ডে আছে, সেখানে আমরা কী দেখছি, বামফ্রন্ট সরকার আসার পর Minor irrigation has been neglacted. যে ক্লাসটার শ্যালো, ডিপ টিউবওয়েল এর স্ট্রাকচার, আমরা ১৯৭২ থেকে ৭৭ সাল পর্যন্ত করেছিলাম, That has not been looked after. ২ হাজার ৭৪টা টিউবওয়েল খারাপ হয়ে আছে, The state is passing through on acute shortage of electricity. So, our distribution is in restrictive measure. আমি আপনাকে বলবো, মন্ত্রী মহাশয়ের এই বক্তৃতায় আছে গ্রাউণ্ড ওয়াটার ইউটিলাইজেশনের ব্যাপারে উনি আইন আনবেন। আজকে আমাদের যা আছে সেইগুলোকে ভাল ভাবে ইউটিলাইজ করতে পারছেন না। আজকে গ্রাউণ্ড ওয়াটার প্ল্যানিং আরও কেয়ারফুলি করা দরকার। এই ব্যাপারে কোনও আইন আনলে আমরা সমর্থন জানাবো। এই বলে আমাদের কাট মোশনগুলোকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-40 – 4-50 P.M.]

শ্রী রবীন্দ্রনাথ মণ্ডল ঃ মিঃ ডেপুটি স্পিকার মহাশয়, অন এ পয়েন্ট অব ইনফর্মেশন, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয় আপনার মাধ্যমে সকলের দৃষ্টি আকর্ষণ করছি যেটা আজকে আমাদের রাজ্যে সবচেয়ে আলোচিত বিষয়, শুধু আমরা আলোচনা করছি না, সারা পশ্চিমবাংলার মানুষের মধ্যে একটা উৎসাহ সৃষ্টি হয়েছে, বিষয়টা হচ্ছে শিক্ষক মহাশয়দের ৬৫ বছর বয়স থেকে ৬০ বছর করা হয়েছে অবসর গ্রহণের বয়স। এই বয়স সম্পর্কে একটা তুমুল আলোচনা চলছিল, যেটা সরকার বিরোধী এবং এই বিষয়ে একটা মামলা চলছিল হাইকোর্টে। জাস্টিস কে. এম. ইউসুফের অধীনে যে মামলা চলছিল, সেখানে তিনি আজকে একটা রায় দিয়েছেন যে বামফ্রন্ট সরকার শিক্ষকদের বয়স সম্পর্কে যে নীতি গ্রহণ করেছেন এবং তাঁদের বিভিন্ন যে সুযোগ সুবিধা দিয়েছেন সেটাকে তিনি গ্রহণ করছেন এবং সেটাই তিনি বহাল রেখেছেন এবং বলেছেন ৬০ বছর সময় সীমা যেটা সরকার ঠিক করেছেন, এটা বহাল রইলো। শিক্ষকদের আবেদন খারিজ হয়ে গেল। আমি আপনার মাধ্যমে এই সভার কাছে জানাতে চাই, এই খবর পশ্চিমবাংলার জনগনের কাছে একটা গুরুত্বপূর্ণ খবর। এতে কংগ্রেস বন্ধুরা বিরূপ হতে পারেন, কিন্তু পশ্চিমবাংলার জনগন এই রায়ের ফলে আনন্দিত।

গোলমাল

শ্রী সত্যরঞ্জন মাহাতো ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ভারপ্রাপ্ত মন্ত্রী মাননীয় সেচ ও জলপথ বিভাগের তথা কৃষি (ক্ষুদ্র সেচ) বিভাগের মন্ত্রী ১৯৯০-৯১ সালের ব্যয় বরাদ্দ যা উপস্থাপিত করেছেন, তাকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে কয়েকটি কথা বলতে চাই। সেচ ও জলপথ বিভাগের জন্য বাজেটের পরিমান ৯০ কোটি টাকা, তার মধ্যে সেচ ক্ষেত্রের জন্য ৫৫ কোটি টাকা, বন্যা নিয়ন্ত্রণের জন্য ৩৫ কোটি টাকা,

আর কেন্দ্র প্রতিশ্রুতি দিয়েছেন ১০ কোটি টাকা। ক্ষুদ্র সেচ বিভাগের ভারপ্রাপ্ত মন্ত্রী মহাশয় ১৯৯০-৯১ সালের বার্ষিক যোজনায় ৫৫৬২.০০ লক্ষ টাকার প্রস্তাব ধরেছেন এবং ক্ষুদ্র সেচের দ্বারা অতিরিক্ত ১ লক্ষ হেক্টর জমিতে সেচের ব্যবস্থা হবে। ভূগর্ভস্থ জল থেকে .৭৫ লক্ষ হেক্টর অতিরিক্ত জমিতে সেচের ব্যবস্থা করা হবে এবং ভূপৃষ্ঠস্থ জল থেকে .২৫ লক্ষ হেক্টর অতিরিক্ত জমিতে সেচের ব্যবস্থা করা হবে। আমাদের পশ্চিমবঙ্গে চাষযোগ্য জমির পরিমাণ ৫৪.১৭ লক্ষ হেক্টর। যদিও রাজ্যের ভৌগলিক আয়তন ৮৭.৮৫ লক্ষ হেক্টর। উক্ত জমির মধ্যে সর্বাধিক ৪১.১০ লক্ষ হেক্টর জমিকে সেচের আওতায় আনা সম্ভব। এর মধ্যে মোট ২৩.১০ লক্ষ হেক্টর এলাকাকে বড় ও মাঝারি প্রকল্পের মাধ্যমে সেচের আওতায় আনা যেতে পারে। ক্ষুদ্র সেচের দ্বারা ৩৮ লক্ষ হেক্টর জমিতে সেচ হতে পারে, তার মধ্যে ২৫ লক্ষ হেক্টর হবে ভূগর্ভস্থ জল থেকে এবং ১৩ লক্ষ হেক্টর ভূপৃষ্ঠস্থ জল থেকে। এই ভাবে আমাদের বাজেটে সেচের জন্য বিভিন্ন রকম টাকা ধরা হয়েছে, আমাদের যে বৃহৎ সেচ প্রকল্পের কাজ গুলিতে হাত দেওয়া হচ্ছে সেগুলি হচ্ছে, কংসাবতী জলাধার প্রকল্প—কংসাবতী প্রকল্পের আধুনিকীকরণ, ময়ূরাক্ষী সেচ প্রকল্প, দামোদর উপত্যকা প্রকল্পের ব্যারেজ ও সেচ ব্যবস্থা, তিস্তা ব্যারেজ প্রকল্প এবং সুবর্ণরেখা বাঁধ প্রকল্প। গোটা পশ্চিমবঙ্গ জুড়ে এই সমস্ত বড় বড় সেচ প্রকল্প গুলি রয়েছে। অথচ আমাদের পুরুলিয়া জেলায় কোনও বৃহৎ সেচ প্রকল্প নেই। আমরা দীর্ঘ দিন ধরে আশা করে আছি আমাদের খরাপ্রবণ পুরুলিয়া জেলাকেও বৃহৎ সেচ প্রকল্পের আওতার মধ্যে আনা হবে। কিন্তু এখনো পর্যন্ত সেরকম কিছুই আমরা দেখছি না। এবিষয়ে অবিলম্বে আমাদের চিন্তা ভাবনা করা দরকার। আমরা আশা করেছিলাম এবারের বাজেটের মধ্যে আমাদের বিষয়ে কিছু উল্লেখ থাকবে, কিন্তু তা আমরা দেখতে পাচ্ছি না। আমার মনে হয় থাকা উচিত ছিল। আমাদের জেলায় বেশ কিছু মাঝারী এবং ক্ষুদ্র সেচ প্রকল্প রয়েছে। কিন্তু যা আছে তা খুবই সামান্য। আমাদের খরাপ্রবণ জেলা, ১৯৮২-৮৩ সালে প্রচণ্ড খরা হয়েছিল। সে সময়ে কিছু প্রকল্পের কাজ শুরু হয়েছিল, অথচ সেগুলির কাজ এখনও পর্যন্ত সম্পূর্ণ হয় নি।যেটা একটু আগে আমাদের মাননীয় সদস্য শুভেন্দু বাবু বললেন। আমাদের বিধানসভার অ্যাসিওরেন্স কমিটি ওখানে গিয়েছিলেন, তাঁরা দেখে এসেছেন টাকার অভাবে এবং জমি অধিগ্রহণের সমস্যার জন্য প্রকল্প গুলি রূপায়িত হচ্ছে না, কাজ বাকি রয়েছে। সেখানে ডিমু, কারিয়র, কয়রাবেয়া কাজ মোটেই তরান্বিত হচ্ছে না, সঠিকভাবে কাজ এগুচ্ছে না। এখানে অনেক কাজ বাকি আছে। আমাদের পুরুলিয়া জেলায় দীর্ঘ দিনের পুরোনো অনেক গুলি সেচ প্রকল্প আছে—রুপাই, সাহারজোড়—সেগুলিতে যে গেট গুলি আছে সেগুলি দীর্ঘ দিন ধরে মেরামত করা হয় নি বলে সেগুলি দিয়ে সারা বছর ধরে একনাগাড়ে জল বেরিয়ে যায় এবং সেই জল সেচের কোনও কাজে লাগে না। আমাদের ইঞ্জিনিয়ারদের ক্রটির জন্যই এই গেট গুলির সাহায্যে জল বন্ধ করা যায় না। বহু বার এবিষয়ে বিধানসভায় উল্লেখ করা সত্ত্বেও সেই গেট গুলিকে এখনো বন্ধ করা হয় নি, এখনো জল বেরিয়ে যাচ্ছে। ফলে আমাদের পুরুলিয়া জেলার বেশিরভাগ জমিই এক ফসলা জমি, সেই এক ফসলা জমিতে একবারও জল দিতে পারছি না। গম চাষ করে যে চাষীরা তারা গমের জন্য জল পায় না। এক দিকে জলের অভাবে ফসল নষ্ট হয়ে যাচ্ছে, অপর দিকে ঐভাবে জল নষ্ট হচ্ছে। কলকাতা থেকে ডুবুরি নিয়ে গিয়ে গেটগুলি খোলার ব্যবস্থা হয়েছে। তাও সেই ডুবুরিরা খুলতে পারেনি, পাইপলাইনের সাহায্যে সাইফুনের সাহায্যে জল তুলে

সেচের ব্যবস্থা করা হয়েছে। অবৈজ্ঞানিক প্রক্রিয়ার এবং ইঞ্জিনিয়ারদের ভুলত্রুটির জন্য গেটগুলি এইভাবে লাগানো হয়েছে। সুতরাং এই বিষয়ে নজর দিয়ে এই গেটগুলি মেরামত করে নতুনভাবে যাতে লাগানো যায় সেটা দেখবেন। যে সমস্ত সেচ প্রকল্পগুলো অসম্পূর্ণ আছে সে ব্যাপারে বিশেষভাবে নজর দেবেন। কাড়িয়র, ডিমুর, কয়রাবেড়া প্রভৃতির ব্যাপারে আমাদের পার্টির পক্ষ থেকে ডেপুটেশন দিয়েছিলাম, কিন্তু কোনও ফল হয়নি, ঐ কাজগুলো ত্বরান্বিত হচ্ছে না। ১৯৭৬-৭৭ সালে পশ্চিমবঙ্গে মাননীয় সিদ্ধার্থ শঙ্কর রায় যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি পুরুলিয়াতে নলকূপ বসানো একেবারে বন্ধ করে দিলেন। তারপর ১৯৭৭ সালে যখন বামফ্রন্ট সরকার ক্ষমতায় এলেন তখন দেখা গেল পুরুলিয়াতে নলকূপ বসানো যাচ্ছে, প্রতিটি গ্রামে নলকূপ বসানো যাচ্ছে। এখন বামফ্রন্ট সরকার জানেন কি জানেন না, আমি জানি না, এই দপ্তরের মন্ত্রী মহাশয় জানেন কি জানেন না, আমি জানি না—এই সরকার বলেছেন ওখানে ডিপ-টিউবওয়েল হবে না, কিন্তু বেসরকারি মাধ্যমে ওখানে ডিপ-টিউবওয়েল হচ্ছে এবং হওয়া যে সম্ভব তার কয়েকটি প্রমান পাওয়া গেছে। ও. এস. ডি অফিসটা কলকাতায় হওয়ার জন্য সমস্ত কাজকর্মের ব্যাপারে আমাদের এখানে ছুটে আসতে হয়। এই ব্যাপারটা দেখা দরকার। বলে আমি মনে করি। এইসব প্রকল্পগুলির মাধ্যমে সত্যিই যাতে আমাদের জেলা সুযোগ-সুবিধা পায় তার জন্য বিশেষভাবে দৃষ্টি দিতে আমি মাননীয় মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। শুধু আমাদের জেলা নয়, বাঁকুড়া জেলাতেও যাতে সেচের ব্যবস্থা হয় তারজন্য আমি অনুরোধ জানিয়ে পুনরায় আপনার বাজেটকে সমর্থন জানিয়ে আমার বক্তব্য শেষ করছি।

[4-50 – 5-00 P.M.]

ডাঃ মানস ভুঁইয়া : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচ দপ্তরের দুইজন মাননীয় মন্ত্রী শ্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায় এবং শ্রী কামাখ্যানন্দন দাসমহাপাত্র মহাশয় যে ব্যয়-বরাদ্দ নিয়ে এসেছেন এবং সেই সম্বন্ধে যা বক্তব্য রেখেছেন আমি তার বিরোধিতা করছি। সরকারি দলের দুই বক্তার বক্তৃতা শুনলাম, বিশেষ করে প্রথম বক্তা, শুভেন্দুবাবু আমাদের কথাগুলিই বলার চেষ্টা করলেন কিন্তু রেখে ঢেকে। আমি যে কথাটা বলছিলাম সেটা হচ্ছে, সেচ দপ্তরের মূলত যেটা অভাব সেটা হচ্ছে একটা বৈজ্ঞানিক, বর্তমান পরিস্থিতি-ভিত্তিক একটা ডায়নমিক রোলের অভাব দেখা যাচ্ছে। কতকগুলি প্রকল্পের স্থিতাবস্থা বজায় রেখে, অন-গোয়িং প্রজেক্ট সামনে রেখে আর মাথাভারী প্রশাসনের উপর যে সমস্ত সরকারি বন্ধুরা আছেন এই দপ্তরের সঙ্গে যুক্ত তাদের বেতন মেটাবার জন্য আজকে পশ্চিমবঙ্গের ৬ কোটি মানুষকে ট্যাক্স গুনতে হচ্ছে, কেন্দ্রের সাহায্য এবং রাজ্যসরকারের কোষাগার থেকে অর্থ বিনিয়োগ করা হচ্ছে। অথচ প্রতি বছরই ভয়ঙ্কর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে। অথচ মূলত কনসেন্টটা পরিবর্তন করার কোনও দৃষ্টিভঙ্গি সেচ দপ্তরের বাজেট-এর মধ্যে নেই। একথা কেন বললাম? পশ্চিমবঙ্গে মূলত যে সমস্যাগুলি যেগুলি নিয়ে প্রতি বছর আলোচনা হচ্ছে—আমি প্রথমেই বলি, ফ্লাড কনট্রোল প্রোগ্রামে টাকা দিচ্ছেন না, কম দিচ্ছেন। ইরিগেশন প্রজেক্টে টাকা দিচ্ছেন, আমরা যদি পর্যালোচনা করি তাহলে দেখবো ষষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনা থেকে দেখতে পাই পশ্চিমবঙ্গে ফ্লাড কনট্রোল প্রোগ্রামে ২৬৪ কোটি টাকা সর্টফল। কেন হবে? প্রতিটি ক্ষেত্রে আপনি সর্টটার্ম বেনিফিট টেম্পোরারি বেনিফিট দিচ্ছেন। বন্যা হলে, বাঁধ ভাঙলে মানুষ বাঁচলো কি মরলো

তা দেখার দরকার নেই, অফিসারদের ডাকলেন, কন্ট্রাক্টরদের ডাকলেন ৫০/৫০ বাটোয়ারা হয়ে গেল। কোথায় বিল যাচ্ছে, কি হচ্ছে, ভয়ানক দুর্নীতি বাসা বেঁধেছে। সেচ দপ্তরে একেবারে ঘুঘুর বাসা হয়েছে। মাননীয় মন্ত্রী মহাশয় সৎ কিন্তু তাঁর দপ্তরের অধীনে কন্ট্রাক্টারদের ঘুঘুর বাসায় যদি হাত দিতে পারেন তাহলে কিছু হতে পারে। এই দপ্তরকে পদ্ধতিগতভাবে নূতন কাজের মূল্যায়ন করে নূতন গতিবেগ নিতে হবে। আমি জানি, আপনি কিছু কিছু শুরু করেছেন, কি হচ্ছে বলবেন। দুটো স্কীমের কথা আপনি স্বীকার করেছেন—যে স্কীমগুলি নিয়েছেন এবং নেবার চেষ্টা করছেন—আমি মেম্বার ছিলাম, রিপোর্ট নিয়ে বেশি কথা আমি বলতে চাই না, যেটুকু না করলে নয়, সেটুকু বলছি। একটা পরিকল্পনা গ্রহণ করতে হবে। আপনি জানেন পশ্চিমবঙ্গে মরশুমের চাষটা তিনটি সেচ প্রকল্পের জলের উপর নির্ভর করে আছে। প্রতি অলটারনেট ইয়ারে সুখা হচ্ছে, কৃষি ফসল নষ্ট হচ্ছে। আমাদের পশ্চিমবঙ্গে কৃষিতে যে উন্নতিটা, হয়েছে সেটা হচ্ছে বোরো চাষের মরশুমে উচ্চ ফলনসীল ধানের ক্ষেত্রে মাইনর ইরিগেশন একটা ইমপরট্যান্ট রোল প্লে করতে পারে এবং করছে। সেখানে ৩টি বৃহৎ সেচ প্রকল্প বৃহৎ পরিকল্পনায় জল সরবরাহ করা হয়, সেটা একটা বৃহৎ ভূমিকা পালন করে। আমরা জায়গায় গিয়ে দেখেছি যে মাইনর ইরিগেশন ডিপার্টমেন্ট কয়েক বছর ধরে একটা ভয়ঙ্কর পর্য্যায়ে থমকে দাঁড়িয়ে আছে, কাজ এগোচ্ছে না। মাননীয় সৌগত বাবু বললেন একটি আইটেম ধরে, মাইনর ইরিগেশন, আর. এল. আই. রিভার লিফট ইরিগেশন টিল মার্চ ১৯৮৮ এই রাজ্যে ৩১৮০টি, আপনাকে তথ্য দিয়ে দেখাতে চাইছি, যে ৩১৮০টি ইনস্টল্ড ইরিগেশন পোটেনশিয়েল যা হওয়ার কথা ছিল তার ম্যাক্সিমাম ফিগার আমরা দেখিয়েছি। আমরা বলেছি যে এত ইরিগেশন পোটেনশিয়েল দরকার কিন্তু ইন রিয়ালিটি একটা প্রকাশ পেয়েছে—ওখানকার অডিট টিম যে সমস্ত কথাবার্তা বলেছেন— অনেক ইরিগেশন পোটেনশিয়েল, আণ্ডার ইউটিলাইজড, আন ইউটিলাইজড অবস্থায় থাকে, এগুলি কাজে লাগছে না। শুনলে অবাক হবেন যে এই স্কীমগুলি করতে ১৫৩.৯৯ লাখ টাকা খরচ হয়েছিল, আর ৫ থেকে ১০ বছর ধরে আনস্যুটেবল সাইট অফ দি লোকেশন, থেফট অফ ইকুইপমেন্ট, চেঞ্জ অফ রিভার কোর্স ইরোসন অফ মেজর রিভার ব্যাঙ্কস এবং লোকাল ডিসপিউটের জন্য কয়েক শো আর. এল. আই. পড়ে আছে, কাজে লাগছে না। মানুষের প্রয়োজনে লাগছে না। কিন্তু আমরা তথ্য এবং রেখা চিত্রে সেই সমস্ত ফিগার দিচ্ছি এত আর. এল. আই. ইরিগেশন পোটেনশিয়েল এত অবধি গেছে। মালদা, মুর্শিদাবাদ ও বর্ধমান ৩টি জেলায় সার্ভে হয়েছিল আপনি জানেন। আপনি পিটিসন কমিটির চেয়ারম্যান ছিলেন, আপনার রিপোর্ট আছে, সেই ফাইনডিংস রিপোর্টে আছে। কিছু ব্যবস্থা হয়েছে কিন্তু দেখা যাচ্ছে ৭৫ লক্ষ টাকা একস্ট্রা খরচ করতে হচ্ছে। কারণটা হচ্ছে যে পাম্পগুলি ইলেকট্রিফিকেশন হয়েছিল, সেই ইলেকট্রিফিকেশন চুরি হয়ে গেছে, মালপত্র পড়ে আছে। ৫ বছর ধরে ইলেকট্রিক দপ্তরের সঙ্গে যোগাযোগ করে আর. এল. আই. পাম্প সেটস রি-ইলেকট্রিফিকেশনের সময় হচ্ছে না। এই দপ্তরে এত মাথাভারী প্রশাসন। সেখানে তেল দিয়ে চালানো হচ্ছে। ডিজেলের জন্য লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে। নামে, আর. এল. আই. ৩ লক্ষ শ্যালো, এত হাজার ডিপ টিউবওয়েল এত ইরিগেশন পোটেনশিয়েল পড়ে গেছে। দপ্তরের অফিসারদের জেলা পরিষদের হাতে বন্দী হওয়ার ফলে ক্ষমতা বিকেন্দ্রীকরণের জায়গায় এত কেন্দ্রীভূত হচ্ছে যে ভাল ভাল ইঞ্জিনিয়রদের সদিচ্ছা থাকা সত্ত্বেও টেকনিক্যাল সমন্বয়ের অভাবে তাঁরা পরিকল্পনা মতো কাজ করতে

পারছেন না। আপনার সেচ দপ্তর ৭ কোটি টাকা বিদ্যুৎ দপ্তরকে দিয়ে রেখেছে এনার্জাইজেশনের জন্য।

[5-00 – 5-10 P.M.]

কিন্তু যেখানে গতকাল সারা কলকাতাসহ গোটা পশ্চিমবঙ্গ অন্ধকারে ডুবে গেল সেখানে সেই বিদ্যুৎ হৃতভাগ্যদের এনার্জাইজেশন অফ দি শ্যালো টিউবওয়েল অ্যাণ্ড ডিপ টিউবওয়েলের জন্য ব্যবহৃত হবে এটা আমাদের আশা করা সম্ভব নয়। বিভাগীয় মন্ত্রী নতুন এসেছেন, তাঁকে এ-বিষয়ে নজর দিতে হবে। আমরা বলছি, ক্ষুদ্র সেচের ইরিগেশন পোটেনশিয়াল যদি বাড়িয়ে দিতে পারি তাহলে কৃষি উৎপাদনের ক্ষেত্রে আমরা বৈপ্লবিক ভূমিকা ভারতবর্ষের বুকে পালন করতে পারবো, কিন্তু সেই জায়গাতে একটা ভয়ঙ্কর প্রশ্ন এসে যাচ্ছে। আমি সেই জায়গাটা কোট করবো। আণ্ডার গ্রাউণ্ড ওয়াটার নিয়ে আমাদের ভাবনা-চিন্তা করতে হচ্ছে। কারণ গত কয়েক বছর ধরে ইরিগেশন পোটেনশিয়াল বাড়াবার জন্য সেচের স্বার্থে যে বিপদজনক পদক্ষেপ নিয়েছেন যা স্বাভাবিক ভাবে ওয়াটার ফেমিন সৃষ্টি করবে। এক্ষেত্রে আমরা সারফেস ওয়াটার ইউটিলাইজেশনের দিকে বেশি নজর দিচ্ছি না। যদি নদীর প্রবাহকে ঠিক রেখে, রিজারভারগুলি ঠিকমতো মেনটেন করে আমরা যদি সারফেস ওয়াটারকে চাষের কাজে বেশি করে ব্যবহার না করি, যদি ক্ষুদ্র সেচের অধীনে আণ্ডার গ্রাউণ্ড ওয়াটারের উপর নির্ভরশিলতা বাড়িয়ে দিই, তাহলে পশ্চিমবঙ্গে শীঘ্রই জলের দুর্ভিক্ষ দেখা দেবে। ১৯৮৯ সালে পশ্চিমবঙ্গের কয়েকটি জেলা কি সাংঘাতিক জল-দুর্ভিক্ষের সম্মুখীন হয়েছিল সে বিষয়ে অভিজ্ঞতা আমাদের আছে। এ বিষয়ে মাননীয় মন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই, প্রবলেম অফ ওয়াটার রিসোর্সেস ডিউরিং ড্রাই সিজন—এই যে সমস্যা দেখা যাচ্ছে পশ্চিমবঙ্গে, এ-সম্পর্কে প্রয়াত কানাই ভৌমিক মহাশয় কয়েকদিন আগে একটি স্টেটমেন্ট করেছিলেন। তিনি বলেছিলেন Water famine occurs during long continuous dry spell. Its scarcity is now an annual phenomenon. During April-May '89 West Bengal witnessed severe water scarcity in several districts when a large number of domestic tubewells and wells failed to yield water, tanks/ponds become dry and shallow irrigation tubewells particularly those fitted with centrifugal pumps could not draw water from the sub-surface due to lowering of water level/piezometric head. এটা একটা ছোট ফেমিন। এ-বিষয়ে সেন্ট্রাল ওয়াটার কমিশন কি বলেছেন, ফোর্ট ফাউণ্ডেশন কি বলেছেন? আপনি পড়েছেন নিশ্চয়ই সেটা? তাঁরা এক ভয়ঙ্কর কথা বলেছেন। বলেছেন আগামী ২০০১ সালের মধ্যে সারা ভারতবর্ষে ওয়াটার ফেমিন হতে পারে এবং পশ্চিমবঙ্গে সেটা বিপদজনক ভাবে হতে পারে কারণ এখানে আণ্ডার গ্রাউণ্ড ওয়াটার ইউটিলাইজ করা হচ্ছে বাই ইনডিসক্রিমিনেশন ইউজ অফ শ্যালো টিউবওয়েল, ইরিগেশনের কাজে। এটা একটা ভয়ঙ্কর কথা। কাজেই মন্ত্রী মহাশয়কে এ ব্যাপারে চিন্তা-ভাবনা করতে হবে। এ বিষয়ে যদি এখনই ভাবনা চিন্তা না করা হয় তাহলে দেখা যাবে, আগামী দিনে দেশ এক ভয়ঙ্কর পরিস্থিতির সম্মুখীন হয়েছে। এখনই দেখা যাচ্ছে, প্রতি খরার মরশুমে বোরো চাষের সময় ১০ ফুট, ১২ ফুট করে মাটি কেটে মেশিন নামাতে হয় এবং আণ্ডার গ্রাউণ্ড ওয়াটার নেমে যায় ৩৫-৪০ ফুট। এই ক্ষেত্রে পুরুলিয়ার কথা বলা যেতে পারে। ক্ষুদ্রসেচের ব্যাপারে ক্ষুদ্রসেচ দপ্তর কেন যে তৎপরতার

পরিচয় দিতে পারছেন না তা জানিনা—আধিভৌতিক কোনও রহস্য যে রয়েছে তা জানিনা? আমি বারেবারে বলছি যে পুরুলিয়া এবং বাঁকুড়াতে আণ্ডার গ্রাউণ্ড ওয়াটার পাওয়া যাবে। অথচ বলা হচ্ছে যে ওখানে শ্যালো টিউবওয়েল এবং ডিপ-টিউবওয়েল পোতা যাবে না। আমরা বাস্তব অভিজ্ঞতায় দেখছি সেখানে বেসরকারী সংস্থা পুরুলিয়াতে ডিপ-টিউবওয়েল বসিয়েছে। কতকগুলো স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান পানীয় জল এবং সেচের কাজে যদি জল দিতে পারে, তাহলে সেচ দপ্তরের কোন সেই মাতব্বর ইঞ্জিনিয়ার রয়েছেন যিনি বলছেন যে ওখানে জল পাওয়া যাবে না? পশ্চিমবঙ্গের অবহেলিত ঐ প্রান্তে এত বৈজ্ঞানিক উন্নতি সত্ত্বেও বলছেন জল দেওয়া যাবে না? কেন সেখানে জল দেওয়া যাবে না, কোন সেই অফিসার সেচ দপ্তরের মধ্যে রয়েছেন যিনি এই কথা বলছেন? আমরা দেখছি যে বিধানসভার ভেতরে কি বাইরে পরিকল্পনা মাফিক যেভাবে গুরুত্ব দিয়ে এই ব্যাপারে তৎপর হওয়া উচিত তা এই দপ্তর দেখাতে পারছে না। কেন্দ্রীয় সরকারের টেকনোলজি মিশন এই ব্যাপারে এগিয়ে এসেছিলেন এবং প্রাক্তন প্রধানমন্ত্রী রাজীব গান্ধী বিশেষ পরিকল্পনা মাফিক ভারতবর্ষের মধ্যে এই ধরণের অবহেলিত প্রত্যন্ত গ্রামগুলিতে, বিশেষ করে যেখানে শ্যালাইনিটি প্রবলেম আছে সেখানে বিশেষ গুরুত্ব দিয়েছিলেন। টেকনোলজি মিশন এখানে এসে টেস্ট করে দেখেছেন, তাঁরা বলেছেন যে এখানে জল পাওয়া যেতে পারে। অথচ পুরুলিয়া, বাঁকুড়া, মেদিনীপুরের ঝাড়গ্রাম ক্ষুদ্রসেচের ব্যাপারে অবহেলিত রয়েছে। এই জায়গাগুলিকে মাননীয় মন্ত্রী মহাশয়ের ভাবনা-চিন্তা করে দেখার প্রয়োজন আছে। তা না করে শুধুমাত্র এই সংখ্যাতত্ত্ব নিয়ে গর্ব করার কিছু নেই। সরকারি ক্ষেত্রে শ্যালো টিউবওয়েল আছে তিন লক্ষের উপরে এই বলে তিনি দাবি করেছেন। কিন্তু এর শতকরা ৭০ ভাগ ব্যক্তিগত উদ্যোগে পশ্চিমবঙ্গের মানুষ করেছেন। এতে সরকারের ক্রেডিট কতটা? পিটিশন কমিটি কি হিসাব দিয়েছেন? রিপোর্টের মধ্যে পিটিশন কমিটি বলেছেন যে ৪৫ ভাগ টিউবওয়েল ডিফাঙ্কট হয়ে পড়ে আছে। কোনও জায়গায় একটা তার লাগালে চলে অথচ পাঁচ বছর ধরে তা লাগানো হচ্ছে না। কোনও জায়গায় একটা পাইপ লাগালে চলে, কিন্তু চার বছর ধরে তা লাগানো হচ্ছে না। বামফ্রন্টের মধ্যে মারামারি করতে গিয়ে বিশ্বব্যাঙ্কের এডেড প্রকল্প কত বছর পিছিয়ে গেল জানিনা? কামাখ্যাবাবু তাঁর স্বকীয় দৃষ্টিভঙ্গীতে কতটা এগিয়ে যেতে পারবেন জানিনা? এখানে সেন্ট্রালি স্পনসর্ড মাইনর ইরিগেশন একটা স্কীম আছে, যেটাতে কেন্দ্রীয় সরকার, রাজ্য সরকার এবং ব্যাঙ্ক এই তিনটি সংখ্যা মিলে এই রাজ্যের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের সেচের সুবিধার জন্য টাকা দেবার কথা, এই বাবদ গত বছরে ১৮ কোটি টাকা বরাদ্দ হয়েছিল। কিন্তু এই দপ্তর ১৮ কোটি টাকার মধ্যে মাত্র ১২ কোটি টাকা খরচ করতে পেরেছে। প্রশ্ন হচ্ছে ৬ কোটি টাকা করতে পারলো না কেন? পশ্চিমবঙ্গের ক্ষুদ্র ও প্রান্তিক চাষীরা এই কারণে সাফার করবে কেন? আপনাকে এই প্রশ্নের উত্তর এখানে দিতে হবে। এই জায়গাগুলিকে ক্ষুদ্র সেচ মন্ত্রীকে দেখার জন্য অনুরোধ জানাই। তিনি সমগ্র বিষয়টিকে ডায়নামিক বিষয় হিসাবে দেখুন, তিনি যেন শাসকদলের বন্দী মন্ত্রী না হয়ে যান। কানাইবাবু স্বর্গে গেছেন। তাঁর নিজের বিধানসভা কেন্দ্র দাঁতনে ডিপ-টিউবওয়েলের জন্য সাইট সিলেকশন করাতে পারেন নি, পিছিয়ে গেছেন। মার্ক্সবাদী পার্টির বাধায় তিনি পিছিয়ে গেছেন। বিভিন্ন জায়গায় জেলা পরিষদ, পঞ্চায়েত সমিতি এবং পঞ্চায়েতগুলিতে মার্ক্সবাদী কমিউনিস্ট পার্টির শক্ত দড়ির বাঁধনে আপনি কতটা এগোতে পারবেন তা আমি জানিনা। আপনি উদ্যোগ নিচ্ছেন, ভালো কথা, আমরা চাই

আপনি এগিয়ে যান। আমরা দেখছি মেজর ইরিগেশন প্রজেক্টে তিস্তা তিস্তা করে কয়েক বছর ধরে সাইন বোর্ড ঝুলে রয়েছে। আমি এখানে প্রতি বছরই বলছি, আমি গত ৬ বছর ধরে বলছি যে এই অবস্থা চলছে দক্ষিণ বঙ্গে। এটা কোনও প্যারোকালিজম বা সেকটেরিয়াল অ্যাটিচিউড নয়, সাউথ বেঙ্গলকে আপনার দপ্তর নেগলেক্ট করছেন।

[5-10 – 5-20 P.M.]

তিস্তা একটা রাজনৈতিক সাইন বোর্ড টাঙ্গিয়ে ফায়দা তোলা হচ্ছে। বিগত কেন্দ্রীয় সরকার ৫ কোটি টাকা দিয়েছে এবং এই কেন্দ্রীয় সরকার কিছু বেশি টাকা দেবেন। মাননীয় দেবব্রতবাবু সঠিকভাবেই এরজন্য আন্দোলন করেছেন এবং এই ব্যাপারে তাঁর দৃষ্টিভঙ্গী স্বচ্ছ, তাঁকে আমি সমর্থন করি। কিন্তু তিস্তা সাইন বোর্ড টাঙ্গালেই তো হবে না, সাউথ বেঙ্গলের সমস্ত ইরিগেশন প্রজেক্টগুলো আজকে নেগলেকটেড। বিগত ১০-১২ বছর ধরে আপনাদের দক্ষিণ বঙ্গের প্রতি অবহেলার জন্যে বীজগুলো পচে যাচ্ছে এবং নিরীহ মানুষ অসহায় হয়ে বন্যার কবল থেকে রক্ষার জন্য ত্রাণ চাইছে। আর সঙ্গে ত্রাণ দপ্তরের মন্ত্রী শ্রীমতী ছায়া বেরা বলছেন আমি এসে গেছি, তোমাদের ত্রিপল ইত্যাদি সব দেবো। এটাই তো বামফ্রন্ট সরকারের সুযোগ। বাঁধ মেরামত করবো না, সিলটিং করবো না, কেবল বন্যা এলেই ত্রাণ নিয়ে ছুটবো এবং ভোটের ফায়দা লুঠবেন, এইতো হচ্ছে আপনাদের রাজনীতি। শুধু তিস্তা সাইন বোর্ড লাগালেই চলবে না। ষষ্ঠ পরিকল্পনা এবং সপ্তম পরিকল্পনা শেষ হয়ে গেলো আমি দায়িত্ব নিয়ে অভিযোগ করছি যে, এরমধ্যে বিগত ১০ বছরে ফ্লাড কন্ট্রোল প্রোগ্রাম পশ্চিমবঙ্গে চূড়ান্তভাবে অবহেলিত। চূড়ান্ত অবহেলার জন্যে অভিশাপ জনগণের উপর বর্ষেছে। আপনারা টাকার শর্টফলের জন্য পরিকল্পনা ঠিকমতো রূপায়ণ করতে পারেন নি। তারজন্য দক্ষিণবঙ্গের মানুষেরা আজকে বন্যার সময়ে অসহায় অবস্থায় থাকতে হয়। আপনাদেরই কৃতকর্মের ফলে সপ্তম পরিকল্পনা শেষ হয়ে গেলো অষ্টম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষ হতে চললো কিন্তু সেই অভিশাপের ক্ষত চিহ্নিত হয়ে পশ্চিমবঙ্গে বয়ে যাচ্ছে। কেলেঘাই, কলাপেশ্বরী নদী নিয়ে আপনাদেরই দলের লোক বলেছেন। এই দুটি নদীর জন্য বন্যার সময় কি ভয়াবহ রূপ নেয় সেকথা জানেন। খরার সময়ে এই নদী শুকিয়ে যায় কিন্তু বর্ষা আরম্ভ হলেই এ এক ভয়াবহ রূপ ধারণ করে। আর ঠিক সেই সময়ে কিছু অফিসার এবং কন্ট্রাক্টররা মিলে ফায়দা লুঠতে থাকেন। মাননীয় সেচমন্ত্রী আজ অবধি এই দুটি নদীর জন্য ৫ লক্ষ টাকা দিয়েছেন কিন্তু পটাশপুর, পিংলা, সবং, ভগবানপুরের সেই একই অবস্থা হয়ে দাঁড়ায় বর্ষা এলেই। সেখানে বন্যা নিয়ন্ত্রণ না হওয়ার ফলে লক্ষ লক্ষ মানুষ নিশ্চিহ্ন হয়ে যাচ্ছে। আর যে টাকা আসছে খরচের জন্য, তা আপনার দপ্তরের অফিসারদের বেতন দিতেই বেরিয়ে যাচ্ছে। বাদবাকী টাকা কন্ট্রাক্টারদের পকেটে ঢুকছে। আসলে এই দপ্তরটা একটা মধুচক্রের আড্ডাখানায় পরিণত হয়েছে। আমার মনে হয় কমিটি রিপোর্টে যেটা বলা হয়েছে তার দিকে গুরুত্ব দিতে হবে। এই রিপোর্ট অনুযায়ী অবহেলিত যে সেচ দপ্তর চলছে, সেই অবহেলিত সেচ প্রকল্পকে সার্থকভাবে রূপায়ণ করতে হবে এবং সঙ্গে সঙ্গে বন্যা নিয়ন্ত্রণ কর্মসূচিকেও সমান গুরুত্ব দিতে হবে। আসলে ফিফটি ফিফটিভাবে না চালালে পশ্চিমবঙ্গকে বাঁচানো যাবে না। এই ব্যবস্থা না করলে প্রতি বছর বন্যার জ্বলেই গ্রামকে গ্রাম ভেসে যাবে মানুষের ফসল নষ্ট হয়ে যাবে চাষের কোনও উন্নতি হবে না। সুতরাং এই সেচ ব্যবস্থা এবং বন্যা নিয়ন্ত্রণের দিকে

বিশেষ দৃষ্টি দেওয়া দরকার। শুধুমাত্র টেম্পোরারি কিছু বেনিফিট দেওয়ার নামে গত কয়েক বছরে কন্ট্রাক্টরদের পকেট ভর্তি করা হচ্ছে। এইভাবে একটা বিরাট মধুচক্র তৈরি হয়েছে। আরেকটি গুরুত্বপূর্ণ বিষয়ে জানাচ্ছি। আপনি জানেন যে, জমিদারি এমব্যাঙ্কমেন্ট বাঁধ, পুরনো কালের জমিদারদের যে এমব্যাঙ্কমেন্ট বাঁধ ছিল সেগুলো একেবারে শুকিয়ে গেছে। মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা, হাওড়ার একটা পার্টে এবং এই ৩টে জেলায় লোকেরা মাথায় হাত দিয়ে বসে আছে। ওই নদীর বাঁধগুলো দিয়ে ওই গ্রামগুলিকে এবং ওই এলাকাগুলিকে রক্ষা করা যেতো। কিন্তু জমিদারী উচ্ছেদের পরে জমিদারী বাঁধগুলোতে আজ ১০-১২ বছর ধরে একটা জমিদারী বাঁধে এক ঝুড়িও মাটি পড়েনি। জমিদারী বাঁধগুলো যে গ্রামগুলো রক্ষা করতো সেইদিক দিয়ে একেবারে নিশ্চিহ্ন হয়ে গেছে। সেই দিকে মাননীয় মন্ত্রীকে একটু বিশেষভাবে দৃষ্টি দিতে বলছি কারণ এই জমিদারী এমব্যাঙ্কমেন্টগুলোর দ্বারা মেদিনীপুর, দক্ষিণ ২৪ পরগনা এবং হাওড়ার একটা অংশের মানুষ বিশেষভাবে উপকৃত হতেন। সেচদপ্তর এটা দেখে, কিন্তু কয়েক বছর ধরে সেচ দপ্তর নাকি ইজারা দিয়েছেন পঞ্চায়েতকে। অথচ পঞ্চায়েতে কোনও টাকা সেখানে দেওয়া হচ্ছে না। আজ ১২ বছর ধরে এই জিনিস হচ্ছে, তাই আমি এই ব্যাপারে দায়িত্ব নিয়ে বলছি সেখানে এক ঝড়া মাটিও ফেলা হয়নি। এটা কেন হবে? এই ব্যাপারে দায়িত্ব কে নেবে এটা মন্ত্রী মহাশয়কে পরিষ্কার করে বলতে হবে। তা যদি না হয় তাহলে পশ্চিমবাংলার যে দুরাবস্থা সেটা দূর হবেনা। আমি শেষে বলব আগামী দিনে সেচ দপ্তরের দৃষ্টিভঙ্গিটাকে পরিবর্তন করা দরকার। শুধু তিস্তার সাইন বোর্ড ঝুলিয়ে ১০ বছরের রাজনৈতিক দাবিকে থামিয়ে দিলে চলবে না, সেইজন্য আপনাকে দক্ষিণবঙ্গের দিকে তাকাতে বলব এবং অনুরোধ করব যে জলের দূর্ভিক্ষ বা ওয়াটার ফেমিন সৃষ্টি হবে তার জন্য আণ্ডারগ্রাউণ্ড ওয়াটার ইউটিলাইজেশন বন্ধ করুন, ইনস্টলেশন বন্ধ করুন। এবং সঙ্গে সঙ্গে বর্তমান কাঠামোয় যে প্রেজেন্ট স্ট্রাকচার রয়েছে রিভার লিফট ইরিগেশন রয়েছে, শ্যালো টিউবওয়েল রয়েছে সেইগুলিকে কতটুকু কাজে লাগাচ্ছে জলটাকে নষ্ট না করে সঠিকভাবে ইরিগেশন পোটেনশিয়াল অ্যাণ্ড প্রিজার্ভ করে সেটা দেখা দরকার। এ ছাড়াও বলব আপনি বিদ্যুৎ-র সঙ্গে একটা হেস্তনেস্ত করুন, বিদ্যুৎ দপ্তর থেকে নোটিশ দিয়ে বলছে লোককে শ্যালো টিউবওয়েল চালাতে হবে রাত্রেতে। একজন গ্রামের কৃষক সে সারাদিন পরিশ্রম করে রাত্রে বিশ্রাম করতে যাবে, সেই সময়তে বিদ্যুৎ সেক্রেটারি বলছে তোমাকে রাত্রিবেলায় শ্যালো টিউবওয়েল চালাতে হবে। ৭ কোটি টাকা দিয়ে রেখেছে এই সেচ দপ্তর কিন্তু কত দিনের মধ্যে বিদ্যুৎ পাওয়া যাবে এবং তার যে এনারজাইজেশন হবে সেটা সঠিক ভাবে না হলে কাজটা হবে না। এখানে আমি যেটা বলতে চাই রিক্রুটমেন্ট অ্যামাউন্ট অফ এনারজাইজেশনটা ঠিক করতে হবে। এ ছাড়াও বলব আপনারা সারফেস ওয়াটারকে কাজে লাগান, ওয়েস্টেজ সারফেস ওয়াটার কমান। এই দৃষ্টিভঙ্গীটা যদি পরিবর্তন না করেন তাহলে সেচ দপ্তর চলবে না, ফ্লাড কন্ট্রোল করতে হবে, রিজারভার ক্যাপাসিটি, আণ্ডারগ্রাউণ্ড ওয়াটার ব্যবহার বন্ধ করতে হবে। তাই আপনাদেরকে এর পদ্ধতি পাল্টাতে হবে, এবং পাল্টালে ইরিগেশনের পোটেনশিয়াল ফিগার কাজকর্ম পশ্চিমবাংলায় বাড়তে পারে। না হলে বিভিন্ন ফসল নষ্ট হবে, সত্যিকারের কোনও অগ্রগতি হবে না। আমি আমাদের কাট মোশনগুলিকে সমর্থন করে এখানেই বক্তব্য শেষ করছি।

শ্রী জয়ন্তকুমার বিশ্বাস ঃ মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, আজকের বিতর্কে প্রবেশের আগে আমি মাননীয় সেচমন্ত্রী দেবব্রত বন্দ্যোপাধ্যায়কে বিগত দিনের একটি কথা স্মরণ করিয়ে দিতে চাই। কারণ আমার রাজনীতিতে আসা তাকে দেখেই এবং আমরা যখন স্কুলে ছাত্র ছিলাম তখন মাননীয় দেবব্রত বন্দোপাধ্যায় আমাদের যে ক্লাস নিতেন সেই ক্লাসের পলিটিকাল ক্লাসে, ক্লাস নেবার সময় একটা ধনবাদী রাষ্ট্র ব্যবস্থায় মন্ত্রীর কি ভূমিকা হতে পারে সেই সম্পর্কে তিনি বারবার লেনিনের উদ্ধৃতি দিতেন এবং তিনি বলতেন দেয়ার টাক্স মানে মন্ত্রীদের কে Their task is to whitewash the capitalism and fool the people by making promises after promices and advising them to wait, আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই তার বাজেট বিবৃতির মধ্যে যেগুলি ইতিবাচক কর্মসূচীর কথা যা রেখেছেন ঠিক ১৩ বছরের মন্ত্রীত্বে ভারতবর্ষের ধনবাদীর বিরুদ্ধে যে সংগ্রাম সেই সংগ্রামকে কতখানি অগ্রসর করে নিয়ে যেতে পেরেছেন সেই প্রসঙ্গে দু একটি কথা উল্লেখ করছি। সময় আমার সংক্ষিপ্ত সেজন্য বিতর্ক কয়েকটি নির্দিষ্ট জায়গায় সীমাবদ্ধ রাখব, আমরা এটা জানি যে পশ্চিমবাংলা জিওঅর্থলজিকালের অর্থ জলের কতকগুলি নিজস্ব সামঞ্জস্য আছে।

[5-20 – 5-30 P.M.]

এবং পৌণঃপুণিকভাবে যে সমস্যাগুলি আমাদের সামনে দাঁড়িয়ে যেমন বন্যা, ভূমিক্ষয়, বাঁধনির্মাণ, জল-নিকাশি সমস্যা এইগুলি আমরা পৌণঃপুণিকভাবে দেখতে চাই। প্রতি দু(২) বছর বাদে বাদে বড় ধরণের ফ্লাড পশ্চিমবাংলায় হয়। ১৯৫৬ সালে হয়েছে, ১৯৫৯ সালে হয়েছে, ১৯৭৮ সালে হয়েছে বিভিন্ন সময় হয়েছে। সেচের খাতে যে ব্যয়বরাদ্দ হয় আপনি যা উল্লেখ করেছেন এখানে, বেশিদূর যেতে হবে না, ১৯৮৯-৯০ সালে আপনার প্ল্যান বাজেটে ছিলো ৮০ কোটি টাকা আর ১৯৯০-৯১ সালে সেটা বেড়ে হয়েছে ৯০ কোটি টাকা। অর্থাৎ ১০ কোটি টাকা বেড়েছে। প্ল্যান বাজেটে হচ্ছে এই টাকা। এই টাকার মধ্যেই কাজগুলি করা হবে। আপনি একটুও প্রতিবাদ করলেন না, করতে পারলেন না। আমি ব্যক্তিগতভাবে মনে করি বিদ্যুতের পর পশ্চিমবাংলায় সেচের প্রয়োজন, কারণ সেচের উন্নতি হলে পশ্চিমবাংলায় আর্থিক সম্প্রসারণ ঘটবে, অর্থনৈতিক বুনিয়াদ দৃঢ় হবে। সেইজন্য সেচের ওপর জোর দেওয়া দরকার। আপনি এখানে জোরের সঙ্গে কথা বলতে পারলেন না যে সেচের সঙ্গে কৃষিকে যুক্ত করা হবে, যার ফলে হচ্ছে কি; প্রতি বছর বাজেট বরাদ্দ কমছে। এবারে টাকার অঙ্ক অনেক কম। প্রাইস লেভেলে অর্থাৎ মূল্যস্তর যেভাবে বেড়েছে বরাদ্দ সেইভাবে বাড়েনি। এর মধ্যে দাঁড়িয়ে কাজ করতে হবে। এটা হচ্ছে ঘটনা। না হলে সমালোচনার সম্মুখীন হতে হবে। কারণ আপনার দপ্তর আমলাতন্ত্র। একটা দেশে ক্ষমতা দখল করা যায় ভোটের মধ্যে দিয়ে কিছুটা আর একটা জোর করে দখল করা যায়। পেছনে যে আমলাতন্ত্র তাঁদের সমালোচনা কাজ করে যায়। খুব কঠিন কাজ। আপনার দপ্তরের যে কাজগুলি সেগুলি টেণ্ডার করে করা হয়, টেণ্ডার কখন হয় যখন ভরাগঙ্গা, ভরানদী তখন হয়। অ্যান্টি ইরোসান ওয়ার্কের কাজ হচ্ছে না। বারবার নদীর জল বাড়ছে। ফলে বন্যা হচ্ছে। বন্যার ফলে বোল্ডার, টোল্ডার সব জলে ভেসে গেলো, ব্যাস কাজও হয়ে গেলো। একদম অদৃশ।। সব কিছুই শেষ হয়ে গেলো। এটা প্রতি বছরই হচ্ছে। এখানে আপনার যে অফিসার, ইঞ্জিনিয়ররা আছেন, তাঁরা সময় মতো কাজ করেন না। আপনি সেই জায়গায় দৃঢ়হস্ত হতে পারলেন না। ফেটো, অ্যাসেটো

এইসবে আমলাতন্ত্রের প্রাধান্য। শুধু আর না দপ্তরে নয়, এই ফেটো এবং অ্যাসেটোদের হাতে মন্ত্রী ক্রীড়নক। ফেটো, আসেটো এইসব সংগঠনগুলি নিয়ন্ত্রণ করছে যার ফলে হচ্ছে কি—প্রতি বছরই বিপুল পরিমাণ টাকার অপচয় হচ্ছে। আমি এটা বলবো না দুর্নীতি, অপচয় হচ্ছে। কোনো কন্ট্রোল নেই। আপনি দৃঢ়হস্ত হতে পারলেন না। আপনি যে পরিমাণ আদর্শবাদী সেই পরিমাণ বাস্তববাদী হতে পারলেন না। মানুষের যে প্রত্যাশা সেটা পূরণ হয়েছে? মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেচ সম্প্রসারণ হয়েছে? আপনি তো পরিসংখ্যান দিয়েছেন বিবৃতির মধ্যে দিয়ে। পশ্চিমবাংলায় সেচ সম্প্রসারণ এবং ক্ষুদ্রসেচ কি পরিমাণ বেড়েছে? কিছুই বাড়েনি। যার ফলে এই দপ্তর যে ভূমিকা গ্রহণ করতে পারতো, সেই ভূমিকা গ্রহণ করতে পারেনি। মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এর পর তো কেন্দ্র বিরোধী লড়াই আছে, যদিও সেটা এখন অনেকটা নিষ্প্রভ হয়ে গেছে। আগের মতোন উচ্চকণ্ঠ নয়। তিস্তাতে ফিফটি ফিফটি টাকা দেবার কথা ছিল, ভাকরা-নাঙ্গাল তো কেন্দ্রীয় সরকারের টাকায় হয়েছে। সে ক্ষেত্রে নামমাত্র টাকা দেওয়া হয়েছে। কোশ্চেন আওয়ারের সময় দেখেছি। সেই জায়গায় রাজ্য সরকারের পক্ষে মেরুদণ্ড খাড়া করে বলা সম্ভব হবে? বন্ধু সরকার, বন্ধু এমনই বন্ধু যে সব দাবী যাচ্ছে কোনওটাই মানতে পারছেন না। তবু মন্দের ভালো। আমাদের সমর্থন করে যেতে হবে। মুর্শিদাবাদের ভাঙ্গনের কথা বারবার উল্লেখ করা হয়েছে, এই ভাঙ্গনের ফলে বাউণ্ডারী কমে যাচ্ছে। পূর্বতন সরকারও দায়িত্ব গ্রহণ করেননি, বর্তমান সরকারের কাছে লেখালেখি করেছেন কিন্তু কেনো জবাব পাওয়া যাচ্ছে না। এটা কি বলা যেতে পারে না, যে তারা নিজেদের প্রয়োজনে বন্ধু। এই সমস্ত আমাদের বহন করতে হবে এবং পশ্চিমবাংলার মানুষ আপনার দপ্তর থেকে কতটুকু পাবে সেই প্রত্যাশা থাকবে। এর বিরুদ্ধে গণ আন্দোলন গড়ে উঠবে না, মানুষ বিদ্রোহ হয়ে উঠবে না, এতো হতে পারেনা। এবার আমাকে ইঞ্জিনিয়ারদের কথায় আসতে হয়। ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী প্রয়াত কানাই ভৌমিক খুব ভালো মানুষ ছিলেন। একটা ঘটনার কথা আমি উল্লেখ করি—একজন সাধারণ কর্মচারীর স্ত্রীর ক্যানসার হয়েছিল এবং মন্ত্রীকে সব জানানো হয়েছিল এবং তিনি তিন বার লিখলেন সেই কর্মচারীকে ট্রান্সফার করে দেওয়া হোক, কিন্তু হ'ল না। মন্ত্রী বার বার লিখলেন, বারবার বললেন, কিন্তু মন্ত্রী লাল ফিতের বাধন ছাড়াতে পারেননি। প্রয়াত কানাই ভৌমিক তিনি অত্যন্ত শ্রদ্ধেয় মানুষ তিনি বারবার বলা সত্ত্বেও ইঞ্জিনিয়ররা সেটা হতে দিলেন না। সেই লোকটার স্ত্রী মারা গেছে, তারপর থেকে আমি আর আপনার দপ্তরে যাই না। এই হচ্ছে সব মন্ত্রীদের ক্ষমতা, সব ঠুঁটো জগন্নাথ, এটাকে আপনি আমলাতন্ত্র বলবেন না? শ্রদ্ধেয় কানাই ভৌমিক তাঁকে আমি কোনোদিন কড়া কথা বলিনি, তাঁকে আমি শ্রদ্ধা করতাম, কিন্তু তাঁকে নস্যাৎ করা হয়েছে, তাঁকে উপেক্ষা করা হয়েছে। আর মাননীয় দেবব্রত বন্দ্যোপাধ্যায় মহাশয়ের দপ্তরের চিফ ইঞ্জিনিয়াররা সব কলকাতায় থাকে। তিস্তার মত একটা প্রকল্প, যেটা ভারতবর্ষের দ্বিতীয় বৃহত্তম প্রকল্প, আর তার চিফ ইঞ্জিনিয়াররা সব কলকাতায় থাকবেন। তাদের এত মেধা যে এখান থেকে সমস্ত হিসাব-নিকাশ করে কাজ পরিচালনা করবেন। আর সুবর্ণরেখা প্রকল্প, আর একটা বড় প্রকল্প, তার হেডকোয়াটার বা অফিস মেদিনীপুরে হবে না, সেখানে তারা যাবেন না। আবার ঐ পুরুলিয়াতে যে সমস্ত মাঝারি শিল্প আছে সেগুলির ক্ষেত্রেও সব একই অবস্থা। অদ্ভুত সব প্রতিভাবান বিশ্বকর্মা, আর এই বিশ্বকর্মাদের পরামর্শে আপনার চলা এবং তার ফলে আজকে আমাদের এই অবস্থা। মাননীয় দেব্রবত বন্দ্যোপাধ্যায়, আমার গুরু দ্রোণাচার্য, তিনি শরশয্যায়

আছেন, সেইজন্য তাকে আমার প্রশ্ন এবং যে কথাটা পার্টি ক্লাস নেওয়ার সময় তিনি বলতেন, যে এই ব্যবস্থায় মন্ত্রীর কি ভূমিকা হতেপারে এবং সেই সম্পর্কে তিনি লেনিনের একটা কথা প্রায়ই বলতেন। তিনি বলতেন Their task is to whitewash the capitalism and fool the people by making promises after promises and advising them to wait, wait and wait. লেনিনের এই সত্য কথাটি আদৌ সত্য কিনা এবং তিনি সেই কথায় আজও অভ্রান্ত আছেন কিনা, এই কটা কথা আপনার জবাবি ভাষণের সময় পেলে আনন্দিত হব। কারণ আপনাকে দেখেই আমি রাজনীতিতে এসেছি। আপনার বাজেট বরাদ্দকে প্রথা মাফিক সমর্থন করতে হয় এবং সমর্থন করে আমি আমার বক্তব্য শেষ করছি।

শ্রী প্রবোধ পুরোকায়েত ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ ও জলপথ বিভাগের মন্ত্রী এবং ক্ষুদ্র সেচ মন্ত্রী যে ব্যায়-বরাদ্দ উপস্থিত করেছেন, আমি সে সম্পর্কে কয়েকটি কথা বলতে চাই। আমাদের পশ্চিমবাংলা কৃষি অর্থনীতির উপর নির্ভরশীল এবং সেই কৃষি অর্থনীতির মূল শক্তি হচ্ছে সেচ। কিন্তু আমরা দেখছি, যে মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস তার দলের মন্ত্রীর সমালোচনা করলেন, আমিও সেই একই কথা বলব, যে ১৩ বছরে বামফ্রন্ট শাসনে এই সেচ বিভাগ আমাদের পশ্চিমবঙ্গে একটা পঙ্গু দপ্তরে পরিণত হয়েছে এবং এই দপ্তর দুর্নীতিতে ভর্তি। আমাদের পশ্চিমবঙ্গে সেচের ক্ষেত্রে একটা সমস্যা আছে এবং প্রতি বছর আমাদের খরা ও বন্যা লেগেই আছে। সেই খরা ও বন্যাকে নিয়ন্ত্রণ করবার ক্ষেত্রে আজকে সেচ দপ্তর সম্পূর্ণ ব্যর্থ হয়েছে। আমরা দেখি যে নদীগুলি প্রায়ই বৃদ্ধ হয়ে পড়েছে, নদীগুলি থেকে পলি তোলা হচ্ছে না এবং সেই পলি জমতে জমতে আজকে জঙ্গল ও চড়ার সৃষ্টি হয়েছে। নদীর গতিপথ পরিবর্তন হচ্ছে ও ভূমিক্ষয় হচ্ছে। আমাদের যে নদী বাঁধগুলি আছে, সেগুলি মেরামতির অভাবে প্রতি বছর ভেঙ্গে নদী জলোচ্ছ্বাসে জনজীবন বিপর্যস্ত হচ্ছে। এর ফলে লক্ষ লক্ষ, কোটি কোটি টাকা ক্ষয়ক্ষতি হচ্ছে, কৃষি ব্যবস্থা বিপর্যস্ত হচ্ছে। এইরকম একটা সমস্যা সঙ্কুল অবস্থায় আমাদের সেচ দপ্তর চলছে। এইসব অবস্থার জন্য সেচ দপ্তরের যে ভূমিকা থাকা দরকার বা কাজ করার জন্য যে টাকার প্রয়োজন, সেই প্রয়োজনীয় অর্থ বরাদ্দ এই বিভাগ করতে পারেননি।

[5-30 – 5-40 P.M.]

দেবব্রত বাবু সজ্জন ব্যক্তি হতে পারেন, তাঁর সততা নিষ্ঠা থাকতে পারে, তাঁর আন্তরিকতা থাকতে পারে, কিন্তু তাঁর দপ্তর সম্পূর্ণ ব্যর্থ। একদিকে অর্থের যোগান নেই, অপরদিকে একটু আগে যেকথা উঠল যে সেচ দপ্তর আমলাতন্ত্র পরিপূর্ণ ভাবে নিয়ন্ত্রণ করছে তার উপর বিভিন্ন সংগঠনের কর্মচারিদের নিয়ন্ত্রনের মধ্যে সেচ দপ্তর চলছে, যার জন্য আমরা দেখি তাঁর দপ্তর থেকে যে সমস্ত বড় বড় প্রকল্প গ্রহণ করা হয়েছে সেই প্রকল্পগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন করা যাচ্ছে না। সেখানে তিনি বলবেন যে অর্থের অভাব। অর্থের অভাব আছে সেকথা ঠিক, কিন্তু যে সমস্যা আমাদের আছে তাতে অর্থের সঙ্কুলান তিনি কেন করতে পারছেন না তার জবাব তাঁকেই দিতে হবে। আমরা পশ্চিমবঙ্গের মানুষ চাই প্রকল্পগুলি নির্দিষ্ট সময়ে সম্পন্ন হোক, তার মধ্য দিয়ে কৃষির উন্নতি ঘটুক, জন জীবনের উন্নতি ঘটুক, কিন্তু তা দেখতে পাচ্ছি না। আমাদের পশ্চিমবঙ্গে মাননীয় স্পিকার মহাশয় যে সাবজেক্ট

কমিটি নিয়োগ করেছেন বিভিন্ন দপ্তরের ক্ষেত্রে বিশেষ করে সেচ দপ্তর সম্পর্কে তাঁরা বলছেন প্রত্যেক বছর বাজেটে এমন কতকগুলি প্রকল্প গ্রহণ করা হয়ে থাকে যেগুলি বাস্তবে কার্যকর হয়ে উঠে না। ১৯৬৭ সালে আমি যখন বিধান সভার সদস্য হয়ে আসি তখন জালাবেড়িয়া ড্রেনেজ স্কীমের কথা শুনেছি, ১৯৯০ সালে সেই জালাবেড়িয়া ড্রেনেজ স্কীমের নাম আছে কিন্তু তার বাস্তবতা কোনও জায়গায় নেই। বাজেটে এই রকম স্কীম দেওয়া হয় কিন্তু বাস্তবে তার কোনও কার্যকারিতা দেখি না। আপনার আর্থিক সংকুলানের যেমন ক্ষমতা সেই ক্ষমতার মধ্যে দাঁড়িয়ে আপনি নির্দিষ্ট প্রকল্পগুলি গ্রহণ করুন এবং টাইম বাউণ্ড করে সেগুলি সম্পন্ন করুন, তাহলেই কাজগুলি কিছুটা হবে বলে আমি মনে করি। এখানে দেখা যাচ্ছে ট্যাঙ্ক ইমপ্রুভমেন্ট স্কীম, মাইনর ইরিগেশন, লোয়ার দামোদর কনস্ট্রাকশন ডিভিসন এবং মেজর ইরিগেশনে আপনার কর্মচারী উদ্বৃত্ত, এখানে তাদের কাজ নেই। এমনভাবে আপনার ডিপার্টমেন্টকে সাজাতে হবে যেখানে উদ্বৃত্ত কর্মচারী আছে সেই কর্মচারিদের যে জায়গায় কাজ আছে সেখানে লাগাতে হবে। কিন্তু তা আপনি করতে পারছেন না, অথচ সেচ দপ্তরের দায়িত্বে আপনি বসে আছেন। আমরা দেখতে পাই কতকগুলি নদী প্রকল্প দীর্ঘদিন ধরে আছে অথচ সেই নদীগুলি ভয়াবহ রূপ ধারণ করছে। যেমন মেদিনীপুর জেলার কেলেঘাই নদীতে বন্যা প্রতি বছর হয় এবং সেই বন্যার ফলে ব্যাপক এলাকার মানুষ গৃহহারা হয়, প্রচুর শস্যহানি হয়। মেদিনীপুর জেলার অন্যান্য সদস্যরা এই কেলেঘাই নদী সম্পর্কে বলেন, আপনার সেখানে যে অর্থ বরাদ্দ আছে সেই অর্থ বরাদ্দ সাবজেক্ট কমিটির রেকমেণ্ডেশন অনুসারে যথাযথভাবে ব্যয় করেন না। যদিও সেই অর্থের পরিমান কম, এবারেও অর্থ ধরেছেন, এতবড় প্রকল্প কার্যকরী হলে ভয়াবহ বন্যার হাত থেকে মানুষ বাঁচবে, কৃষির উন্নতি ঘটবে, অথচ সেখানে নামমাত্র অর্থ ধরা হয়েছে। জিনিসপত্রের দাম যেভাবে বাড়ছে তাতে এই বরাদ্দকৃত অর্থে যে কাজ করার কথা তা যদি নির্দিষ্ট সময়ে না করা হয় তাহলে বরাদ্দকৃত অর্থ অনেক পরিমানে বেড়ে যাবে এবং সেই কাজ সম্পূর্ণ হবে না। অনুরূপভাবে সুবর্ণরেখা, তিস্তার কথা উল্লেখ করেছেন। তিস্তা একটা বড় পরিকল্পনা। এটা বাস্তবে রূপ নিলে উত্তরবাংলার বিস্তীর্ণ এলাকায় কৃষির উন্নতি ঘটবে, বন্যা নিয়ন্ত্রণ হবে। এই তিস্তার ব্যাপারে আমরা এখান থেকে অনেক প্রস্তাব গ্রহণ করেছি। কেন্দ্রীয় সরকারের কাছে অর্থের দাবি নিয়ে এখান থেকে প্রতিনিধিদল গেছে। তিস্তা প্রকল্পের সঙ্গে পশ্চিমবাংলার অন্যান্য প্রকল্প বিশেষ করে দক্ষিণ বঙ্গের প্রকল্পগুলিকে বাস্তবে রূপ দেওয়া যাচ্ছে না। এখানে আর. এল. আই. স্কীম নিয়ে প্রশ্ন উঠেছে। পশ্চিমবঙ্গে কত আর. এল. আই. আছে সেটা আপনি বলবেন। এর মধ্যে কতকগুলি স্কীম বাস্তবায়িত হয়েছে সেই হিসাব আমাদের কাছে নেই। দেখা যাচ্ছে বহু জায়গায় যন্ত্রপাতি পড়ে আছে, মেকানিক নেই। মেকানিকের অভাবে এই স্কীম চালু করা যাচ্ছে না, বছরের পর বছর পড়ে আছে। সব লোহা লক্কড় ধ্বংস হয়ে যাচ্ছে। এই আর. এল. আই. স্কীমগুলি কার্যকরী হলে কৃষি ক্ষেত্রে সাধারণ মানুষের অনেক সুরাহা হ'ত এবং সাধারণ মানুষ এর সুযোগ নিতে পারত। আবার অনেক জায়গায় দেখা যাচ্ছে আর. এল. আই. স্কীম আছে, কিন্তু বিদ্যুতের সংযোগ নেই। মাননীয় সদস্যরা এই বিষয়টি বিভিন্ন সময়ে উল্লেখ করেছেন। ১৩ বছরে আপনারা কিছুই করতে পারেন নি। বামফ্রন্ট সরকার কৃষির অগ্রগতির কথা বলেন, চাষ বাসের উন্নতি ঘটেছে বলেন। ফসলের উৎপাদন বেড়েছে উল্লেখ করেন। কিন্তু এই আর. এল. আই. স্কীমগুলি সম্পূর্ণভাবে চালু করতে পারেন নি। আবার যেগুলি আছে সেখানে বিদ্যুৎ

সংযোগ করে দিতে পারেন নি। ফলে চাষীরা মার খাচ্ছে। নদীর জল ডি. ভি. সি. থেকে দেবার কথা। তারা'ও নির্দিষ্ট সময়ে দিতে পারে নি। ড্যামের জল ছেড়ে চাষের উন্নয়নের কথা বলা হয়। আমরা অনেক সময় দেখছি ড্যামের জল ঠিক সময়ে না ছাড়ার জন্য চাষীরা এই জল নিয়ে আন্দোলন করলে তাদের উপর গুলি চালানো হচ্ছে এবং এই ভাবে গুলি চালিয়ে মানুষকে হত্যা করা হয়েছে। এই ঘটনা বামফ্রন্ট সরকারের আমলে হয়েছে। আমরা লক্ষ্য করে দেখছি যে, মাটির তলার ভূগর্ভস্থ জলরাশিকে যথেচ্ছ ভাবে ব্যবহার করার ফলে ভয়াবহ অবস্থার সৃষ্টি হচ্ছে। উপরের অফুরন্ত জলরাশিকে সংরক্ষন করে কাজে লাগাতে সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছে এই বামফ্রন্ট সরকার। এই ক্ষেত্রে বামফ্রন্ট কার্যকরী পদক্ষেপ নিতে পারেনি। নদীগুলির জলকে ধরে রাখার ব্যবস্থা আপনারা করতে পারেন নি। নদীগুলিকে গভীর করে এই জল ধরে রাখা যায় এবং জলাধার সৃষ্টি করা যায় এবং পরবর্তীকালে আর. এল. আই. দিয়ে সেচের ব্যবস্থা করা যায়। এই ক্ষেত্রেও আপনারা ব্যর্থ হয়েছেন। এই ভূগর্ভস্থ জলের পরিপূর্ণ সার্ভে হওয়া দরকার। পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম এবং মেদিনীপুরের এক অংশ খরা প্রবন এলাকা। সেখানে পানীয় জলের তীব্র অভাব আছে। সরকারি বিভাগের ইঞ্জিনিয়াররা বলছেন ওখানে ভূগর্ভস্থ জলরাশি না থাকার ফলে ডিপ টিউবওয়েল দিয়ে জল তোলা যাবে না। অথচ দেখা যাচ্ছে বিভিন্ন স্বেচ্ছাসেবী সংগঠন মাটির নিচে থেকে ঐসব এলাকায় গভীর নলকূপ বসিয়ে পানীয় জল তুলছে। সরকারি তরফে কেন এই জিনিস হচ্ছে না সেটা একটু বিশেষ ভাবে জানা দরকার। এই প্রশ্নের উত্তর মাননীয় মন্ত্রীকে দিতে হবে। বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা যেখানে জল তুলছে সেখানে সরকার কেন ব্যর্থ হচ্ছে, এটা আমাদের জানা দরকার। সুন্দরবন এলাকায় বড় বড় প্রকল্প আছে। অর্থাভাবে এই প্রকল্পগুলিকে আপনি কার্যকরী করতে পারছেন না। সুন্দরবন এলাকায় অসংখ্য নদী বাঁধ আছে। কৃষির উন্নতির জন্য সেখানে ড্রেনেজ ব্যবস্থা আজ'ও আপনি ঠিকমতোভাবে গড়ে তুলতে পারেন নি। বহু জায়গায় ড্রেনেজের অভাবে অতি বর্ষণে জমির ফসল নষ্ট হয়ে যাচ্ছে, ঘর বাড়ি ভেঙ্গে যাচ্ছে, গরীব মানুষের জীবন, জীবিকা শেষ হয়ে যাচ্ছে। আপনাদের ১৩ বছরের রাজত্বে আপনারা এই ড্রেনেজ ব্যবস্থাকে ঠিক মতো করে গড়ে তুলতে পারলেন না। সুন্দরবন এলাকায় হাজার হাজার মাইল নদী বাঁধ আছে। সেখানে এক ঝুড়ি মাটি'ও দিতে পারেন নি। বর্ষা আসন্ন, নদী বাঁধগুলি ভয়ঙ্কর রূপ নিয়েছে। নোনা জলে সব ধ্বসে যাচ্ছে। বিভাগ থেকে নদী বাঁধ সারাবার চেষ্টা করেন নি। সুন্দরবন এলাকার নদী বাঁধগুলি অবিলম্বে মেরামত করার দাবি জানাচ্ছি। তা নাহলে আসন্ন বর্ষায় এইগুলি আরো ভয়ঙ্কর রূপ নেবে এবং জনসাধারণ সর্বশান্ত হবে। এই কথা বলে বাজেটের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-40 – 5-50 P.M.]

শ্রী সুব্রত মখার্জি ঃ অন এ পয়েন্ট অব ইনফরমেশন, স্যার, এখানে এখন প্রবীরবাবু আছেন, আমরা দেখছি গতকাল থেকে ভয়ঙ্কর রকম ভাবে লোডশেডিং হচ্ছে এবং আজকেও তা চলছে। উনি এখানে আছেন, আপনি ওঁকে একটা বিবৃতি দিতে বলুন এবং জানাতে বলুন যে কেন এরকম হচ্ছে। সংবাদপত্রের অফিসে পর্যন্ত লোডশেডিং চলছে। স্যার, আপনি ওঁকে কিছু বলতে বলুন।

(গোলমাল)

Mr. Deputy Speaker : Several Congress(I) Members rose to speak. (Noise) Please take your seat.

শ্রী শক্তিপ্রদাস বল ঃ স্যার, আপনি ওদের একটু চুপ করতে বলুন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজ এই সভায় সেচ এবং ক্ষুদ্র সেচ দপ্তরের যে ব্যয়বরাদ্দ পেশ করা হয়েছে তা সমর্থন করে আমি কয়েকটি কথা বলছি।

(গোলমাল)

(একাধিক কংগ্রেসসদস্য একসঙ্গে দাঁড়িয়ে উঠে বলতে থাকেন।)

স্যার, এখানে বিরোধীদলের মাননীয় সদস্যরা যে বক্তব্য রেখেছেন এবং যে সমস্ত কাটমোশন এনেছেন তার সম্পূর্ণ বিরোধিতা করে এবং এই বাজেটকে সমর্থন করে কয়েকটি কথা বলতে চাই। স্যার, পশ্চিমবাংলার বিধানসভার বিরোধীপক্ষের সদস্যরা এমন একটা ভাব দেখাচ্ছেন যে মনে হচ্ছে সব গেল গেল ভাব। কিন্তু তাদের ভাবতে বলি, আজকে যে উন্নতি পশ্চিমবাংলার কৃষি ব্যবস্থায় এসেছে তার জন্য মূলত কেউ যদি সাফল্য দাবি করতে পারে সে হচ্ছে ক্ষুদ্রসেচ দপ্তর।

(গোলমাল)

(একাধিক কংগ্রেস সদস্য একসঙ্গে বলতে থাকেন।)

স্যার, বিরোধীরা যা বলছিলেন তাতে মনে হচ্ছিল যেন ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা একেবারে ঢালাও ভাবে এসেছিল এবং সেই টাকায় কাজ হয়নি। তাদের ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকার নিয়মটা জানা দরকার। ওরা দীর্ঘদিন সরকারে ছিলেন।

(গোলমাল)

সৌগতবাবু, আপনারা যখন বলবেন তখন আমরাও চিৎকার করে আপনাদের বসিয়ে দেব একথাটা মনে রাখবেন। একটা কথাও বলতে দেবনা।

(গোলমাল)

ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকার নিয়মটা জানা দরকার। এটা একটা স্কীম এবং এটা বুঝে নিয়ে কাজ করতে কিছুটা ডিলে হতে পারে। ওয়ার্ল্ড ব্যাঙ্ক থেকে যে টাকা দেওয়া হয়েছে সেটা প্রপার ইউটিলাইজ হয়েছে কি না? ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায় যে শ্যালো টিউবওয়েল হয়েছে, আমার কাছে যেটুকু হিসাব আছে তাতে আমি বলতে পারি যে ১৮ শত শ্যালো টিউবওয়েল ইতিমধ্যে ড্রিল করা হয়েছে এবং মিডিয়াম ডিপ টিউবওয়েল ৪৫০টি হয়েছে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকায়। ওরা যে সব বক্তব্য রেখেছেন, ওদের বক্তব্যের ভাবটা এই রকম যে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা নিয়ে আমরা খরচ করতে পারিনি সেটা ফেরত চলে গেছে। ওদের সময়ে যারা সরকারে ছিলেন তারা ইনফ্রাস্ট্রাকচারকে নষ্ট করেছেন। ১৯৭২-৭৩ সালে যে টিউবওয়েল ওরা করেছিলেন তার বেশির ভাগ টিউবওয়েল অকেজো হয়ে ছিল। ওরা ভুল পরিকল্পনা করে এগুলি করেছিলেন। আজকে ওয়ার্ল্ড ব্যাঙ্কের টাকা পাবার পরে ৭ম পরিকল্পনায় যে টাকা দিয়েছে, সেই টাকার ৩৮ লক্ষ হেক্টর জমিতে জলসেচ করার যে টোটাল টার্গেট ছিল সেখানে

আমাদের অ্যাচিভমেন্ট হচ্ছে ২৫.২২ লক্ষ হেক্টর। আমরা যদি হিসাব করি তাহলে দেখবো যে সেই টার্গেটের প্রায় কাছে আমরা চলে এসেছি। প্রত্যেক বছরে ওয়াল্ড ব্যাঙ্কের টাকার হিসাব নিলে দেখা যাবে যে কি খরচ করা হয়েছে। ১৯৮৭-৮৮ সালে প্রায় ৭ কোটি ২৯ লক্ষ টাকা খরচ করা হয়েছে মাইনর ইরিগেশনে। ১৯৮৮-৮৯ সালে ১২ কোটি ৯ লক্ষ টাকা খরচ করা হয়েছে। অর্থাৎ ১৯ থেকে ২০ কোটি টাকার মতো খরচ হয়েছে। কাজেই খরচ হয়নি তাতো নয়। ক্রটি-বিচ্যুতি থাকতে পারে, আমলাতন্ত্রের বাধা আছে, ফাইলের লাল ফিতার বাঁধন আছে, এগুলি সত্ত্বেও আজকে সেচ দপ্তর মাইনর ইরিগেশনের কাজ করে চলেছেন। পশ্চিমবঙ্গে কৃষি ক্ষেত্রে যেটুকু উন্নয়নের সুযোগ এনে দিয়েছে তার জন্য দাবি করতে পারে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার-এর ক্ষুদ্র সেচ দপ্তর। কাজেই এগুলি আমাদের ভাবতে হবে। বিরোধী পক্ষের সদস্য, মানস ভূঁইয়া, তিনি বললেন যে রিভার লিফ্ট পাম্পগুলি সব নষ্ট হয়ে গেছে। আমি তাকে বলতে চাই যে কিছু কিছু টেকনিক্যাল ডিফেক্ট থাকতে পারে, কিন্তু যে কাজ হয়েছে সেটাতো বাস্তব। আজকে এই ব্যাপারে আমি একমত যে আণ্ডার গ্রাউণ্ড ওয়াটার সম্পর্কে আমাদের আরো সতর্ক হতে হবে এবং এই সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা করতে হবে। তা যদি না করি তাহলে এই ওয়াটার-এর ক্রাইসিস দেখা দিতে পারে। সারফেস ওয়াটার সম্পর্কে একটা কথা আমরা বারে বারে শুনছি। কেউ কেউ বলছেন যে সারফেস ওয়াটার কি ভাবে রেস্টোর্ড করা যায়। আবার এক্সপার্টদের বলতে শুনেছি যে সারফেস ওয়াটার যেখানে একসেস আছে তাকে মাটির নিচে নামিয়ে দেওয়া যায় সেই রকম যন্ত্রপাতি এসেছে। কাজেই এগুলি করা যায় কিনা সেগুলি আমাদের ভাবতে হবে। মাইনর ইরিগেশন সিসটেমে এমন কোনও ব্যাপার হয়নি যে ওয়াল্ড ব্যাঙ্কের টাক নষ্ট হয়ে গেছে। আমি একথা বলবো যে ক্ষুদ্র সেচ দপ্তরের কিছু বাস্তবধর্মী পরিকল্পনা নেওয়া দরকার। এটা না ভাবলে চলবে না। আজকে গ্রামীণ কৃষি উন্নয়নের একমাত্র মাধ্যম হচ্ছে মাইনর ইরিগেশন। কাজেই মাইনর ইরিগেশন সম্পর্কে আমাদের সদা সতর্ক থাকতে হবে। মাননীয় সেচ মন্ত্রী মহাশয়কে আমি এখানে ২/১টি কথা বলবো সুবর্ণরেখা ব্যারেজ সম্পর্কে। এখানে চিফ ইঞ্জিনিয়র হয়ে যিনি আসেন, তিনি ৬ মাস অন্তর বদলী হয়ে যান। এটা ঠিক যে সুবর্ণ রেখা প্রজেক্টের অফিসটা মেদিনীপুরে কিন্তু সুবর্ণ রেখা পরিকল্পনাকে যে ভাবে চালিয়ে নিয়ে যাওয়া হচ্ছে তাতে মনে হচ্ছে এটার যেন সিক ইণ্ডাস্ট্রির মতো পলিও ব্যাধি হয়েছে। এটার জন্য মাননীয় সেচ মন্ত্রীর কাছে দাবি করব, এ বিষয়ে বাস্তবধর্মী দৃষ্টি ভঙ্গী নিয়ে ব্যবস্থা গ্রহণ করুন। কেলেঘাই পরিকল্পনা ১৯৮৭ সালে গ্রহণ করা হয়েছিল, কিন্তু এখনও পর্যন্ত কিছু হয়নি, মাত্র ৫ লক্ষ টাকায় কিছু হয় না যে ভাবে প্রাইস লেভেল বেড়েছে। আমি বলবো কেলেঘাই পরিকল্পনাকে বাস্তবধর্মী করুন। কাজে হাত দিন। এই বলে এই বাজেটকে সমর্থন জানিয়ে এবং বিরোধীদের কাটমোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[5-50 – 6-00 P.M.]

শ্রী তোয়াব আলি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় সেচ দপ্তরের জন্য যে ব্যয় বরাদ্দ এখানে পেশ করেছেন, আমি তাকে পূর্ণ সমর্থন জানিয়ে আমার বক্তব্য রাখছি এবং কংগ্রেসিদের তরফ থেকে যে কাট মোশন এসেছে, তার বিরোধিতা করছি। আমি বলতে চাই মাননীয় সদস্য সৌগত রায় বললেন মানস বাবু সেচ সম্পর্কে

বিশেষজ্ঞ, তিনি বাজেটের উপর বিশদ ভাবে আলোচনা করবেন। আমি বলি, কংগ্রেসি আমলের চিত্র কি ছিল, ১৯৭২ থেকে ১৯৭৭ সাল পর্যন্ত ৩ হাজার ৩৪২টি শ্যালো টিউবওয়েল করা হয়েছিল, কিন্তু চালু করার পর তার সংখ্যা হচ্ছে ৩৫৬টি। ১৯৭৪ সাল থেকে ৭৭ সাল পর্যন্ত ৬৩০টি শ্যালো টিউবওয়েল খারাপ হয়েছিল, তার কারণ অনেক জায়গায় শ্যালো টিউবওয়েল পুঁততে গিয়ে, যেখানে ৪০০ ফুট পোঁতার কথা, সেখানে ১০০ ফুট পুঁতে কাজ শেষ করে দেওয়া হয়েছিল, ফলে আজকে আমরা এই চিত্র দেখছি। সৌগত বাবু বলেছেন ক্ষুদ্র সেচের উপর জোর দেওয়া উচিত। বামফ্রন্ট ক্ষুদ্র সেচের উপর জোর দিয়েছে বলেই আজকে তার উপকার আজকে আমরা পাচ্ছি, তার প্রতিফলন আমরা দেখতে পাচ্ছি। আগে ক্ষেত মজুররা যেখানে বছরে দুই মাস কাজ পেতো, এখন সেখানে ৬/৮ মাস তারা কাজ পায়। খাদ্যোৎপাদন না বাড়লে এই জিনিস ঘটে না। মানস বাবু আর. এল. আই. সম্পর্কে বললেন। সেখানে দেখা যাচ্ছে ৩ হাজার ২০৮টি আর. এল. আই. বর্তমানে রয়েছে, তার মধ্যে মাত্র ৩০০টি খারাপ হয়েছে। অর্থাৎ ১০ পার্সেন্টের কম চালু নেই। ডিপ টিউবওয়েল ৯৭৯টি, তার মধ্যে মাত্র ২৮৫টি চালু নেই, অর্থাৎ ৩৫ পার্সেন্টের কম চালু নেই। এটাই হচ্ছে সেচ ব্যবস্থা সম্পর্কে আমার বক্তব্য। এবার আমি কেন্দ্রীয় সরকারের একটা রিপোর্ট সম্পর্কে বলি। ১৯৮৭ সালের কেন্দ্রীয় সরকারের যে রিপোর্ট তাতে কী দেখা যাচ্ছে, সেচ সম্ভাবনা এলাকা, তার মধ্যে পাঞ্জাব ৭৪.৭০ ভাগ, যা সৃষ্টি করতে পেরেছে, পশ্চিমবাংলা ৫৩.৮ ভাগ করতে পেরেছে, সেই জায়গায় বিহার ৫.৯২ করতে পেরেছে। এটা কেন্দ্রীয় সরকারের জল সম্পদ দপ্তরের রিপোর্ট থেকে বলছি। সেই রিপোর্টে বলছে বিহারের অবস্থা খুব খারাপ। পশ্চিমবাংলার এদিক থেকে অনেক অগ্রগতি হয়েছে। আপনারা বললেন মুর্শিদাবাদ জেলা কৃষি প্রধান জেলা। ওখানে সেচের অনেক সুযোগ আছে কিন্তু কিছু করা হয়নি। আপনারা যে রিপোর্ট বললেন, তার সঙ্গে কিন্তু আসল রিপোর্ট মিলছে না। ১৯৭২ সাল থেকে ১৯৭৭ সাল পর্যন্ত সাত্তার সাহেব এ দপ্তরের মন্ত্রী ছিলেন, তিনি নাকি অনেক কাজ করে গেছেন। ১৯৭৩ সাল থেকে ১৯৭৭ সাল পর্যত ঐ জেলাতে সেচ সেবিত এলাকা ছিল ১৩ হাজার ২৪ হেক্টর, ১৯৮৫-৮৬ সালে সেটা বেড়ে হলো ২৬ হাজার ৮২ হেক্টর। এই ক্ষুদ্র সেচ পরিকল্পনা বামফ্রন্টের আমলে প্রকৃত ভাবে হয়েছে বলেই সেখানে সেচ সেবিত এলাকা বেড়েছে এবং কৃষি উৎপাদন ঐ জেলায় বেড়েছে। এই অবস্থার মধ্যে আমি এই কথা বলতে চাই মুর্শিদাবাদ জেলা কৃষি প্রধান জেলা, ঐ জেলাতে ক্ষুদ্র সেচ বেড়েছে, বিভিন্ন সরকারি পরিকল্পনার মাধ্যমে এই জিনিস ঘটেছে। তবে আমি একটা কথা বলতে চাই, ময়ূরাক্ষী থেকে ঐ জেলা যে জলপায়, এটা শেষ সীমান্তের জল, সেই জন্য সব সময় জল পাওয়া যায় না। আবার শুনছি বক্রেশ্বর তাপ বিদ্যুৎ প্রকল্প হলে সেই জল সম্পূর্ণ ভাবে আমরা পাবো না। স্বাভাবিক ভাবে মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে আমার আবেদন, এই ময়ূরাক্ষীর জল, যা আমরা আর পাবো না, এর একটা বিকল্প চিন্তা যেন আপনি করেন। দ্বিতীয়ত যে কথাটা আমি বলতে চাই, বিরোধী পক্ষের সদস্যরা মুর্শিদাবাদ জেলার গঙ্গা ভাঙ্গনের সমস্যা নিয়ে অনেক বড় বড় কথা বললেন, কিন্তু ওঁরা ভুলে গেলেন যে, আমরা এই বিধানসভা থেকে কেন্দ্রের তৎকালীন প্রধানমন্ত্রী রাজীব গান্ধীর কাছে শুধু আবেদন করতে গিয়েছিলাম, শুধু আমাদের সমস্যার কথা বলতে গিয়েছিলাম, কিন্তু তাঁর তা শোনার পর্যন্ত সময় হয় নি। তারপরেও আজকে ওঁরা গঙ্গার ভাঙ্গন নিয়ে কথা বলছেন। ওঁরা বলছেন,

ফারাক্কা ফিডার ক্যানেলের জন্য ভাঙন নয়। কিন্তু আমরা দেখছি ফারাক্কা ফিডার ক্যানেল হবার পর থেকে গঙ্গার ভাঙন তরান্বিত হয়েছে। তৎকালীন কেন্দ্রীয় সরকার সে বিষয়ে কোনও ব্যবস্থা করেন নি। ফলে ধুলিয়ান পর্যন্ত বিস্তীর্ণ অঞ্চল গঙ্গার ভাঙনে বিধ্বস্ত। বামফ্রন্ট সরকার সীমিত ক্ষমতার মধ্যে দিয়েও ভাঙন রোধের জন্য বেশ কিছু ব্যবস্থা করেছেন এবং কিছুটা সফলও হয়েছেন। কিন্তু একথা ঠিক যে, যে পরিমাণ টাকার প্রয়োজন তা বামফ্রন্ট সরকারের পক্ষে ব্যয় করা কখনই সম্ভব নয়। কোনও রাজ্য সরকারের পক্ষেই সম্ভব নয়। গঙ্গার ভাঙনে মুর্শিদাবাদ এবং নদীয়া জেলার অস্তিত্ব বিপন্ন হয়ে পড়েছে। অথচ পূর্বতন কেন্দ্রীয় সরকার দীর্ঘ দিন ধরে আমাদের কোনও কথা শোনেন নি এবং কোনও ব্যবস্থাও গ্রহণ করেন নি। এখন ওঁরা বন্ধু সরকারের কথা বলছেন। হ্যাঁ, বন্ধু সরকার এবং আমরা আমাদের বন্ধু সরকারের কাছে আবেদন করছি। আমরা জানি বর্তমান কেন্দ্রীয় সরকার অর্থনৈতিক সঙ্কটের মধ্যে আছেন। ওঁরা অর্থ ভাণ্ডার, তহবিল বিদেশের কাছে বিকিয়ে দিয়ে গেছেন, অর্থনৈতিক ব্যবস্থা ভেঙ্গে চুরমার করে দিয়ে গেছেন। এই রকম অবস্থায় বন্ধু সরকার পরিচালিত হচ্ছে। তবুও আমরা আমাদের বন্ধু সরকারের কাছে প্রত্যাশা করি। কিন্তু একথা আমি ওঁদের বলি যে, ওঁরা বিগত দিনে গঙ্গার ভাঙন রোধের জন্য কোনও রকম উদ্যোগ গ্রহণ করেন নি, কোনও রকম সংগ্রাম করেন নি। আমরা অতীতে যেমন করেছি, তেমনি আজকেও সংগ্রাম করছি এবং যত দিন না ভাঙন রোধ সম্ভব হবে তত দিন করে যাব। ওঁরা আজকে আমাদের এই সংগ্রামকে সমর্থন করছেন। ইতিপূর্বে কখনই করেন নি, এখন নতুন ভাবে সমর্থন করছেন। কেন করছেন তা আমরা জানি। এটা মোটেই ওঁদের শুভ-বুদ্ধির উন্মেষ নয়, ওঁরা কেবল মাত্র রাজনৈতিক ফয়দা তোলার জন্য ঐসব কথা বলছেন। মাননীয় মন্ত্রী মহাশয় নিজে মুর্শিদাবাদ জেলার লোক, তিনি গঙ্গার ভাঙন প্রতিরোধের জন্য আপ্রান চেষ্টা চালাচ্ছেন এবং সেকথা আমার পূর্ববর্তী বক্তারা বলেছেন, বিশেষ করে মাননীয় সদস্য জয়ন্ত বিশ্বাস মহাশয় বলেছেন যে, ভাঙন রোধের ক্ষেত্রে যে টাকা বরাদ্দ করা হচ্ছে সেই টাকা খুবই অপ্রতুল। আমি বলছি শুধু টাকা অপ্রতুলই নয়, সেই অপ্রতুল টাকা সঠিক ভাবে ব্যবহারের ক্ষেত্রেও ত্রুটি আছে। ফলে আমরা দেখছি আখেরিগঞ্জের ভাঙন রোধের এখনও পর্যন্ত ৫০% কাজ হল না। না হওয়ার মূল কারণ হচ্ছে ওখানে অফিসার এবং কন্ট্রাক্টরদের মধ্যে একটা মধুচক্র গড়ে উঠেছে। নির্দিষ্ট কয়েকটি কন্ট্রাক্টর সমস্ত কাজ করবে, অন্য কোনও কন্ট্রাক্টর কোনও কাজ পাবে না। তারা অফিসারদের হাত করে নিয়েছে। এর ফলে ভাঙন রোধের জন্য যে টাকা বরাদ্দ করা হচ্ছে সেই টাকার সদ্ব্যবহার হচ্ছে না। সেই জন্য আমি মন্ত্রী মহাশয়কে বলছি অফিসার এবং কন্ট্রাক্টরদের মধ্যে যে মধু-চক্র গড়ে উঠেছে সেটা ভাঙা দরকার এবং যে সমস্ত অফিসার এই দুর্নীতির সঙ্গে যুক্ত আছে তাদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা দরকার। আখেরি-গঞ্জের কাজের ব্যাপারে যে সমস্ত দুর্নীতির অভিযোগ উঠেছে সে সমস্তর ভিজিলেন্স হওয়া দরকার। সরকার জনগণের স্বার্থে টাকার বরাদ্দ করছেন, অথচ কিছু অফিসার এবং কন্ট্রাক্টর সেই সমস্ত টাকা লুঠেপুটে খাচ্ছে এবং সরকারের ভাবমূর্তি নষ্ট হচ্ছে। এটা চলতে দেওয়া উচিত নয়। তাই আমি মন্ত্রী মহাশয়ের কাছে আবেদন করছি, তিনি এ বিষয়ে তদন্ত করুন এবং ভাঙন-রোধের পরিকল্পনাকে বাস্তবায়িত করুন। এখানে বোল্ডারের সমস্যার কথা বলা হচ্ছে। আমার মনে হয় কন্ট্রাক্টররা যে টেণ্ডার দিয়েছিল সেই টেণ্ডারের টাকার অ্যামাউন্ট বাড়াবার জন্যই ইচ্ছে করে বোল্ডার সমস্যার সৃষ্টি করছে। এ বিষয়ে আমি

মাননীয় মন্ত্রী মহাশয়কে ভালভাবে খোঁজ নিতে বলছি। যদি তা তিনি নেন তাহলে এই যে সমস্যার সৃষ্টি হয়েছে এই সমস্যার সমাধান হতে পারে। আমি আশা করব মন্ত্রী মহাশয় এদিকে নজর দেবেন। এই কথা বলে, বাজেটকে পূর্ণ সমর্থন করে বিরোধীদের কাট মোশনের বিরোধিতা করে আমি আমার বক্তব্য শেষ করছি।

[6-00 – 6-10 P.M.]

শ্রী কুমুদরঞ্জন বিশ্বাস : মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সেচ দপ্তরের মাননীয় মন্ত্রী মহাশয় যে ব্যয়-বরাদ্দের প্রস্তাব এখানে রেখেছেন আমি তাকে সম্পূর্ণ সমর্থন করি এবং বিরোধী পক্ষের সদস্যরা যে কাটমোশনগুলি এনেছেন তার বিরোধিতা করে আমি কয়েকটি কথা বলতে চাই। মাননীয় সেচ মন্ত্রী তার দপ্তরের যে সম্পদের কথা বিশেষ করে জল সম্পদের কথা বলতে চেয়েছেন যেটা তার দপ্তরের অন্তর্ভুক্ত বিষয়বস্তু হচ্ছে জল, সেই জল হচ্ছে অমূল্য সম্পদ মানুষের জীবনের ন্যায়। জলের উৎস কোথায় অনুসন্ধান করে সেই উৎস সৃষ্টি করে জলকে সংরক্ষন করে মানুষের কল্যাণে, জীব-জগতের কল্যাণে, বৃক্ষ উদ্ভিদ জগতের কল্যাণে এই শিল্প, বিদ্যুৎ জলপ্রপাত প্রভৃতি মঙ্গলকর কাজে ব্যয় করা হচ্ছে এই দপ্তরের প্রধান কাজ। পশ্চিমবাংলায় যে পরিমান বর্ষা হয় তার থেকে আমরা জল সংরক্ষন করি আবার পাহাড় পর্বত থেকে যে জল আসে আমাদের বিভিন্ন নদী-নালায় যেটা উত্তর থেকে দক্ষিণে চলে গেছে, সেই নদ-নদীতে বেশিরভাগ জলই মিষ্টি জল প্রবাহিত। কেবলমাত্র দক্ষিণের নদীগুলি বাদে সমস্ত নদীর জলই মিষ্টি জল। মাননীয় মন্ত্রী মহাশয় এই সমস্ত নদীতে বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছেন। সেই প্রকল্পের জন্য বর্তমান আর্থিক বৎসরে অষ্টম যোজনার প্রথম বৎসরে অর্থাৎ ১৯৯০-৯১ সালের যোজনা খাতে ৯০ কোটি টাকা বরাদ্দ রেখেছেন। এই ৯০ কোটি টাকার মধ্যে ৫৫ কোটি টাকা সেচ খাতে রেখেছেন আর ৩৫ কোটি টাকা রেখেছেন বন্যা, বাঁধ এবং ভাঙন প্রতিরোধ করার জন্য। আপনার একটা লক্ষ্য মাত্রা আছে, সেচ প্রবাহ সৃষ্টি করার জন্য প্রতিবৎসর আপনি এলাকা বাড়িয়ে চলেছেন। ১৯৮৯-৯০ সালের তুলনায় সেচ বরাদ্দ ১০ কোটি টাকা বাড়িয়ে ৯০ কোটি টাকা রেখেছেন। ফলে ১৯৯০-৯১ সালে সপ্তম পরিকল্পনার শেষে আপনি যে এলাকা সেচ-সেবিত করবেন তা হয়ে দাঁড়াবে ১২.৫২ লক্ষ হেক্টর, বড় এবং মাঝারি প্রকল্পকে আপনি সেচের আওতায় আনতে সক্ষম হবেন। ১৯৯০-৯১ আর্থিক বছরে আপনার কাছে মাত্র ২৬ হাজার হেক্টর এলাকা ছিল। এ ছাড়া ক্ষুদ্র সেচের মাধ্যমে সেচ এলাকাতেও প্রতি বছর বৃদ্ধি করার যে প্রকল্প ক্ষুদ্র সেচ দপ্তরের মন্ত্রী মহাশয় রেখেছেন তাতে প্রতি বছর আমরা লক্ষ্য করছি যে বিভিন্ন নদীতে যেমন কংসাবতী জলাধার, ময়ূরাক্ষী জলাধার, দামোদর জলাধার, তিস্তা ব্যারেজ প্রকল্প সুবর্ণরেখা বাঁধ প্রকল্প প্রতি বছর সেচ এলাকার পরিমাণ আপনার বিভাগ বাড়িয়ে চলেছেন। আমি মনে করি আপনার বিভাগ যথেষ্ট তৎপর হলে প্রতি বছর সেচ এলাকা বাড়িয়ে যেতে পারবে এবং মানুষের প্রভূত মঙ্গল সাধন করতে পারবে। মাঝারি সেচ প্রকল্পের কাজ পুরুলিয়া, বাঁকুড়া, বীরভূম ১৮টি সেচ প্রকল্পের কাজ চলছে সেগুলি দ্রুত নিষ্পত্তি করার জন্য যে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে তার জন্য ১৯৯০-৯১ সালে ৪ কোটি ৮৩ লক্ষ টাকার বরাদ্দ রেখেছেন। এই সমস্ত সেচ প্রকল্পের জন্য মাননীয় মন্ত্রী মহাশয় যে বিশেষ চিন্তা ঐ বরাদ্দের জন্য আমি তাঁকে প্রশংসা না করে থাকতে পারি না। আমি এই কারণে, এই সমস্ত কথা

বলার পরে আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে বলব আমরা দক্ষিণ বঙ্গের মানুষ, বিশেষত আমি ২৪ পরগনার মানুষ আমাদের উত্তর ২৪ পরগনা বা দক্ষিণ ২৪ পরগনার কোনও নদীতে কোনও ক্ষুদ্র সেচ পরিকল্পনা গ্রহণ করা হয় নি। একবার শোনা গিয়েছিল আদিগঙ্গা দক্ষিণ ২৪ পরগনা সেখানে সেচ প্রকল্প গ্রহণ করা হবে, কিন্তু পরিবেশ দপ্তরের বাধায় সেটা কার্যে পরিণত হতে পারল না। আমি এটা দেখার জন্য মন্ত্রী মহাশয়কে অনুরোধ করছি। আমাদের উত্তর ২৪ পরগনার বহু শহরের জল এই ড্রেনেজ খালের মধ্যে দিয়ে প্রবাহিত হয়, সেটা ময়লা জল হলেও সেচের উপযোগী। এই ড্রেনেজের সাথে ইরিগেশনের নানারকম আইনের সমন্বয় করে যদি এই জল চাষের ক্ষেত্রে দেওয়া যায় তাহলে বহু জমি ফসলের উপযোগী হয়। আমি আরও বলতে চাই উত্তর ২৪ পরগনার বিলবল্লীতে বাংলাদেশের জল ওখানকার জমির ক্ষতি করে। এখানে যদি সেচ প্রকল্প গ্রহণ করা হয় বিলবল্লীর জল সংরক্ষণ করা হয় তাহলে বহু জমি দোফসলী হতে পারে। মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি সেদিকে নজর দিতে অনুরোধ করছি। আমাদের সুন্দরবনের কথা কিছু বলতে চাই। সুন্দরবন সমুদ্রের নিকটবর্তী স্থান। এখানে বাঁধ দিয়ে নোনাজলকে রোধ করতে হয়। এখানকার স্লুইশ গেট, নিকাশি খাল গুলি সংস্কার করার একান্ত দরকার। এখানে নোনা জলের বাঁধ যদি ভেঙ্গে যায় তাহলে আমাদের এক ফসলী সুন্দরবনের ফসল নষ্ট হয়ে যায় দুবার ফসল করার কোনও উপায় থাকে না। সেই কারণে ঐসমস্ত বাঁধ যদি আরো উন্নত ধরণের পরিকল্পনা নিয়ে করা যায় তারজন্য মাননীয় মন্ত্রীর কাছে প্রস্তাব রাখছি। কেন্দ্রীয় সরকারের সহায়তা নিয়ে আজকে সুন্দরবন অঞ্চলে বসবাসকারী মানুষদের রক্ষা করবার ব্যবস্থা করবেন এই অনুরোধ জানাচ্ছি। ক্ষুদ্র সেচের কিছু কিছু কাজ সন্দেশখালি অঞ্চলে করেছেন ক্ষুদ্র সেচ দপ্তর সেখানে চেষ্টা করছেন বিদ্যুতায়িত এলাকায় ডিপ টিউবওয়েলের সাহায্যে সেচের ব্যবস্থা করতে। এ ব্যাপারে অনুসন্ধান চলছে। আমি ক্ষুদ্র সেচ মন্ত্রীকে অনুরোধ করবো, উত্তর ও দক্ষিণ ২৪-পরগনার সুন্দরবন এলাকায় এই পরীক্ষা-নিরিক্ষার কাজটা ত্বরান্বিত করুন। সেখানকার স্লুইস গেটগুলি মেরামত করা একান্ত ভাবে দরকার, কারণ স্লুইস গেটগুলি মেরামত না করবার ফলে অনেক সময় বিপদ দেখা দিচ্ছে। ঐ স্লুইস গেট ভেঙ্গে নোনা জল ঢুকে অনেক সময় সুন্দরবনের এক ফসলী জমির ফসল নষ্ট করে দিচ্ছে। তাই এই স্লুইস গেটগুলি মেরামতের অনুরোধ রেখে বাজেট বরাদ্দকে আন্তরিক ভাবে সমর্থন করে এবং কাট মোশনের বিরোধিতা করে আমার বক্তব্য শেষ করছি।

[6-10 – 6-20 P.M.]

শ্রীমতী নিরুপমা চ্যাটার্জি ঃ মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সেচমন্ত্রী যে ব্যয়-বরাদ্দ এখানে রেখেছেন তাকে সমর্থন জানিয়ে কয়েকটি কথা বলতে চাই। আমাদের দেশ প্রায় ৪২ বছর হল স্বাধীন হয়েছে, কিন্তু স্বাধীনতার পর থেকে কেন্দ্রের কংগ্রেস সরকার সেচের মতো একটি গুরুত্বপূর্ণ বিভাগে যেসব পরিকল্পনাগুলি নিয়েছিলেন তাতে দেশের সমস্ত নদীনালা গুলিকে শেষ করে দেওয়া হয়েছে। গ্রামে একটি গল্প চালু আছে—গ্রামের এক জমিদার হাতীর পিঠে চেপে জমিদারী দেখতে যাচ্ছিলেন, কিন্তু পথে এমন একটি গেট পড়লো যার ভেতর দিয়ে হাতী রাজাকে নিয়ে পার হতে পারলো না। রাজাকে গেট পার করবার জন্য তখন কয়েকজন স্থির করলেন যে, রাজার মাথাটা কেটে পার করে দেওয়া হবে। তেমনি ভাবে